তাহাব পর, তাহাবা একচক্রাপুবীতে যাইয়া সেই সংবাদ জানাইল। তদনন্তব, বালক, বৃদ্ধ ও স্ত্রীলোকেব সহিত সেই সহস্র সহস্র নগরবাসী লোক বকরাক্ষসকে দেখিবার জন্য সেই নগবদ্বাবে উপস্থিত হইল ॥১২॥

তৎপবে, তাহারা সকলে মানুষেব অসাধ্য কার্য্য দেখিয়া বিস্ময়াপন্ন হইল এবং সকলে মিলিয়াই দেবার্চ্চনা কবিল ॥১৩॥

এবং পৃষ্টঃ স বহুশো বক্ষমাণশ্চ পাণ্ডবান্ ।
উবাচ নাগরান্ সর্ব্বানিদং বিপ্রর্ষভস্তদা ॥১৫॥
আজ্ঞাপিতং মামশনে রুদন্তং সহ বন্ধুভিঃ ।
দদর্শ ব্রাহ্মণঃ কশ্চিন্মন্ত্রসিদ্ধো মহামনাঃ ॥১৬॥
পবিপৃচ্ছ্য স মাং পূর্ব্বং পবিক্লেশং পুবস্য চ ।
অব্রবীদ্‌ব্রাহ্মণশ্রেষ্ঠো বিশ্বাস্য প্রহসন্নিব ॥১৭॥
প্রাপয়িষ্যাম্যহং তস্মা অন্নমেতদ্দুবাত্মনে ।
মন্নিমিত্তং ভয়ঞ্চাপি ন কার্য্যমিতি চাব্রবীৎ ॥১৮॥
স তদন্নমুপাদায় গতো বকবনং প্রতি ।
তেন নূনং ভবেদেতৎ কর্ম্ম লোকহিতং কৃতম্ ॥১৯॥

ভাবতকৌমুদী

এবমিতি। বক্ষমাণো লোকেভ্যো গোপযন্ ॥১৫॥
আজ্ঞাপিতমিতি। অশনে বাক্ষসভোজনবিষযে, বাজ্ঞা আজ্ঞাপিতম্ ॥১৬॥
পবীতি। পবিক্লেশং বাক্ষসকৃতং কষ্টম্। বিশ্বাস্য বাক্ষসাবধ্যত্ববিশ্বাসমুৎপাদ্য ॥১৭॥
প্রাপযিষ্যামীতি। তস্মৈ বকবাক্ষসায়। ন কার্য্যং যুষ্মাভির্ন কর্ত্তব্যম্ ॥১৮॥
স ইতি। স মন্ত্রসিদ্ধো ব্রাহ্মণঃ। নূনং নিশ্চিতম্ ॥১৯॥

ভাবতভাবদীপঃ

চৈতদ্রূপম্। আচচক্ষে ব্রাহ্মণ ইতি শেষঃ ॥৯॥ কল্যং প্রাতঃকালে ॥১০—১৫॥ আজ্ঞা-

তাহাব পব, তাহারা সকলেই হিসাব করিতে লাগিল যে, আজ রাক্ষসকে খাদ্য দিবাব পালা কাহার ছিল, তৎপবে তাহা ঠিক্ কবিযা আসিয়া তাহারা সেই ব্রাহ্মণকে জিজ্ঞাসা কবিল ॥১৪॥

তখন বহু লোকেই এই বিষয় জিজ্ঞাসা করায় সেই ব্রাহ্মণ পাণ্ডবগণকে গোপন বাখিযা সমস্ত নগববাসীকে এই কথা বলিলেন—॥১৫॥

"বাক্ষসেব খাদ্য সম্পাদন কবিবাব নিমিত্ত বাজা আমাকে আদেশ করিলে, আমি বন্ধুবর্গেব সহিত বোদন করিতেছিলাম, তখন মন্ত্রসিদ্ধ এবং উদারচেতা কোন ব্রাহ্মণ আমাকে দেখিয়াছিলেন ॥১৬॥

তখন তিনি প্রথমে আমার নিকট এই নগরেব উৎপাতের বিষয় জিজ্ঞাসা করিয়া, নিজের উপরে আমাদেব বিশ্বাস জন্মাইয়া হাসিতে হাসিতেই যেন বলিলেন—॥১৭॥

'আমি এই অন্ন সেই দুবাত্মা রাক্ষসেব নিকট লইয়া যাইব; আপনারা আমার জন্য কোন ভয় কবিবেন না' একথাও বলিলেন ॥১৮॥

ততস্তে ব্রাহ্মণাঃ সর্ব্বে ক্ষত্রিয়াশ্চ সুবিস্মিতাঃ।
বৈশ্যাঃ শূদ্রাশ্চ মুদিতাশ্চক্রুর্ব্রহ্মমহং তদা ॥২০॥

বৈশম্পায়ন উবাচ।

ততো জানপদাঃ সর্ব্ব আজগ্মুর্নগরং প্রতি।
তদদ্ভুততমং দৃষ্ট্বা পার্থাস্তত্রৈব চাবসন্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
বকবধে বকবধো নাম সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তত ইতি। ব্রহ্মমহং বকরাক্ষসঘাতিব্রাহ্মণোদ্দেশে তৎসম্মানায়োৎসবম্ ॥২০॥

তত ইতি। পার্থাঃ পাণ্ডবাঃ, তত্রৈব তদ্ব্রাহ্মণগৃহ এব ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি বকবধে সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

পিতং রাজকীয়ৈরিতি শেষঃ। অশনে রাক্ষসস্য ভোজনার্থম্ ॥১৬—১৭॥ ব্রহ্মমহং ব্রাহ্মণেন রাক্ষসো হত ইতি শ্রুত্বা ব্রাহ্মণানাং সুখার্থং মহমুৎসবং ব্রাহ্মণপূজনাদিকং চক্রুঃ ॥২০—২১॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৭॥

—:*:—

তিনি সেই অন্ন লইয়া বকবনে গিয়াছিলেন; নিশ্চয়ই তিনি এই লোকহিতকর কার্য্য করিয়া থাকিবেন" ॥১৯॥

তাহার পর, সেই সকল ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রেরা অত্যন্ত বিস্মিত ও আনন্দিত হইয়া তখনই সেই ব্রাহ্মণের উদ্দেশে উৎসব করিলেন ॥২০॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, দেশবাসীরা সকলে সেই বিশেষ আশ্চর্য্য ঘটনা দেখিয়া নগরে আসিল; আর, পাণ্ডবেরা সেই ব্রাহ্মণের বাড়ীতেই বাস করিতে লাগিলেন ॥২১॥

—:*:—

---

* '…দ্বিষষ্ট্যধিক…', '…চতুঃষষ্ট্যধিক…', '…অষ্টষষ্ট্যধিক…' ইতি পাঠান্তরম্।

অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

—০*০—

জনমেজয় উবাচ।

তে তথা পুরুষব্যাঘ্রা নিহত্য বকরাক্ষসম্।
অত ঊর্দ্ধং ততো ব্রহ্মন্! কিমকুর্ব্বত পাণ্ডবাঃ ॥১॥

বৈশম্পায়ন উবাচ।

তথৈব ন্যবসন্ রাজন্! নিহত্য বকরাক্ষসম্।
অধীয়ানাঃ পরং ব্রহ্ম ব্রাহ্মণস্য নিবেশনে ॥২॥
ততঃ কতিপয়াহস্য ব্রাহ্মণঃ সংশিতব্রতঃ।
প্রতিশ্রয়ার্থী তদ্বেশ্ম ব্রাহ্মণস্যাজগাম হ ॥৩॥
স সম্যক্ পূজয়িত্বা তং বিপ্রং বিপ্রর্ষভস্তদা।
দদৌ প্রতিশ্রয়ং তস্মৈ সদা সর্ব্বাতিথিব্রতঃ ॥৪॥
ততস্তে পাণ্ডবাঃ সর্ব্বে সহ কুন্ত্যা নরর্ষভাঃ।
উপাসাঞ্চক্রিরে বিপ্রং কথয়ন্তং কথাঃ শুভাঃ ॥৫॥

ভারতকৌমুদী

ত ইতি। সাক্ষাদ্ভীমেন হননেঽপি কৌশলোপদেশদ্বারা সর্ব্বেষামেব তৎকর্ত্তৃত্বম্ ॥১॥
তথেতি। ব্রহ্ম বেদম্। "বেদস্তত্ত্বং তপো ব্রহ্ম ব্রহ্মা বিপ্রঃ প্রজাপতিঃ" ইত্যমরঃ ॥২॥
তত ইতি। কতিপয়াহস্য অতিক্রমে। ব্রাহ্মণঃ অন্যঃ কশ্চিৎ। প্রতিশ্রয়ার্থী বাসার্থী ॥৩॥
স ইতি। স গৃহস্বামী। সর্ব্বেষ্বেব জনেষু অতিথিব্রতং যস্য সঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

তে তথা পুরুষব্যাঘ্রা ইতি ॥১॥ ব্রহ্ম উপনিষদং পরমত্যন্তমধীয়ানা ইতি সম্বন্ধঃ ॥২॥

জনমেজয় বলিলেন—"মহর্ষি বৈশম্পায়ন! পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবগণ সেইভাবে বকরাক্ষসকে বধ করিয়া, তাহার পর সেখানে কি করিলেন?" ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! পাণ্ডবগণ সেইভাবে বকরাক্ষসকে বধ করিয়া বিশেষভাবে বেদ অধ্যয়ন করিতে থাকিয়া, সেই ব্রাহ্মণের বাড়ীতেই বাস করিতে লাগিলেন ॥২॥

তাহার পর, কয়েক দিন অতীত হইলে, ব্রতচারী অপর কোন ব্রাহ্মণ কয়েকদিন অতিথিরূপে বাস করিবার জন্য সেই ব্রাহ্মণের বাড়ীতে আসিলেন ॥৩॥

তখন সর্ব্বদা সর্ব্বপ্রকার অতিথিরই আশ্রয়দাতা গৃহস্বামী সেই ব্রাহ্মণশ্রেষ্ঠ আগন্তুক ব্রাহ্মণের বিশেষ সম্মান করিয়া তাঁহাকে আশ্রয় দিলেন ॥৪॥

কথয়ামাস দেশাংশ্চ তীর্থানি সরিতস্তথা।
রাজ্ঞশ্চ বিবিধাশ্চর্য্যান্ দেশাংশ্চৈব পুরাণি চ ॥৬॥
স তত্রাকথয়দ্বিপ্রঃ কথান্তে জনমেজয়!।
পাঞ্চালেষ্বদ্ভুতাকারং যাজ্ঞসেন্যাঃ স্বয়ংবরম্ ॥৭॥
ধৃষ্টদ্যুম্নস্য চোৎপত্তিমুৎপত্তিঞ্চ শিখণ্ডিনঃ।
অযোনিজত্বং কৃষ্ণায়া দ্রুপদস্য মহামখে ॥৮॥
তদদ্ভুততমং শ্রুত্বা লোকে তস্য মহাত্মনঃ।
বিস্তরেণৈব পপ্রচ্ছুঃ কথান্তে পুরুষর্ষভাঃ ॥৯॥
পাণ্ডবা ঊচুঃ।
কথং দ্রুপদপুত্রস্য ধৃষ্টদ্যুম্নস্য পাবকাৎ।
বেদিমধ্যাচ্চ কৃষ্ণায়াঃ সম্ভবঃ কথমদ্ভুতঃ ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। উপাসাঞ্চক্রিরে শুশ্রূষিতবন্তঃ, বিপ্রম্ অতিথিভূতম্ ॥৫॥

কথয়ামাসেতি। বিবিধানি আশ্চর্য্যাণি চরিত্রেষু যেষাং তান্। দেশান্ তেষাং রাজ্যানি ॥৬॥

স ইতি। কথান্তে কথামধ্যে। পাঞ্চালেষু পাঞ্চালদেশে। যাজ্ঞসেন্যা দ্রৌপদ্যাঃ ॥৭॥

ধৃষ্টেতি। কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ। মহামখে মহাযজ্ঞে। অকথয়দিত্যনুকর্ষঃ ॥৮॥

তদিতি। তস্য দ্রুপদস্য। পুরুষর্ষভাঃ পাণ্ডবাঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

শংসিতব্রত ইতি তালব্যাদিদন্ত্যমধ্যপাঠে শংসা প্রশংসা সঞ্জাতা যস্য তচ্ছংসিতং ব্রতং যস্য সঃ প্রশস্তব্রত ইত্যর্থঃ। প্রতিশ্রয়ার্থী বাসার্থী ॥৩॥ অতিথিব্রতোঽতিথিপূজনৈকনিষ্ঠঃ ॥৪—৬॥

তদনন্তর, কুন্তীর সহিত পাণ্ডবেরা সকলেই সেই আগন্তুক ব্রাহ্মণের পরিচর্য্যা করিতে লাগিলেন; সে ব্রাহ্মণও নানাবিধ উপাখ্যান বলিতে থাকিলেন ॥৫॥

সেই আগন্তুক ব্রাহ্মণ অনেক দেশ, তীর্থ, নদী, নানাবিধ আশ্চর্য্য চরিত্রসম্পন্ন রাজগণ, তাঁহাদের রাজ্য ও রাজধানীর বিবর বলিতে থাকিলেন ॥৬॥

মহারাজ! তখন সেই ব্রাহ্মণ উপাখ্যানের মধ্যেই পাঞ্চালদেশে দ্রৌপদীর অদ্ভুত স্বয়ংবরবৃত্তান্ত বলিলেন ॥৭॥

আর, তিনি দ্রুপদ রাজার মহাযজ্ঞে ধৃষ্টদ্যুম্ন ও শিখণ্ডীর উৎপত্তি এবং দ্রৌপদীর অযোনি-জন্মের কথাও বলিলেন ॥৮॥

মহাত্মা দ্রুপদরাজার জগতের মধ্যে সেই অদ্ভুত যজ্ঞের বৃত্তান্ত শুনিয়া পাণ্ডবগণ কথার অবসরে বিস্তরক্রমে জিজ্ঞাসা করিলেন ॥৯॥

কথং দ্রোণান্মহেষ্বাসাৎ সর্ব্বাণ্যস্ত্রাণ্যশিক্ষত।
কথং বিপ্র! সখায়ৌ তৌ ভিন্নৌ কস্য কৃতেন বা ॥১১॥
বৈশম্পায়ন উবাচ।
এবং তৈশ্চোদিতো রাজন্! স বিপ্রঃ পুরুষর্ষভৈঃ।
কথযামাস তৎ সর্ব্বং দ্রোপদীসম্ভবং তদা ॥১২॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈযাসিক্যামাদিপর্ব্বণি
চৈত্ররথে অষ্টপঞ্চশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ভাবতকৌমুদী

কথমিতি। পাবকাদগ্নেঃ। এষাং নামানি পাণ্ডবৈঃ শ্রুতানীতি প্রশ্নসম্ভবঃ ॥১০॥
কথমিতি। তৌ দ্রোণদ্রুপদৌ, ভিন্নৌ বৈবং প্রাপ্তৌ, কস্য কতবস্য, কৃতেন কর্ম্মণা ॥১১॥
এবমিতি। তৈঃ পাণ্ডবৈঃ, চোদিতো বক্তুং প্রণোদিতঃ ॥১২॥
ইতি মহামহোপাধ্যায ভারতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভারতটীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যাযামাদিপর্ব্বণি চৈত্ররথে অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—ঃ*ঃ—

ভাবতভাবদীপঃ

যাজ্ঞসেন্যা দ্রৌপদ্যাঃ ॥৭—১০॥ হে বিপ্র। তৌ দ্রোণদ্রুপদৌ ভিন্নৌ বৈবং প্রাপ্তৌ ॥১১—১২॥
ইতি শ্রীমহাভাবতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভাবতভাবদীপে অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যাযঃ॥১৫৮॥

—ঃ*ঃ—

পাণ্ডবগণ বলিলেন—"দ্রুপদবাজাব পুত্র ধৃষ্টদ্যুম্নের যজ্ঞাগ্নি হইতে এবং দ্রৌপদীব যজ্ঞবেদি হইতে কি প্রকাবে সেই অদ্ভুত উৎপত্তি হইয়াছিল? ॥১০॥

ধৃষ্টদ্যুম্ন কি প্রকাবে মহাধনুর্দ্ধব দ্রোণের নিকট অস্ত্রশিক্ষা কবিলেন? কি প্রকাবেই বা দ্রোণ ও দ্রুপদ পবস্পব সখা হইযাছিলেন? আবাব কাহাব দোষেই বা তাঁহাবা পবস্পব শত্রু হইলেন?" ॥১১॥

বৈশম্পাযন বলিলেন—মহাবাজ! পাণ্ডবগণ এইরূপ জিজ্ঞাসা কবিলে, সেই ব্রাহ্মণ সেই সমস্ত বৃত্তান্ত এবং দ্রৌপদীব উৎপত্তিব বৃত্তান্ত বলিতে লাগিলেন ॥১২॥

—ঃ*ঃ—

* '...ত্রিষষ্ট্যধিক...', 'পঞ্চষষ্ট্যধিক...', '...উনাশীত্যধিক...' ইতি পাঠভেদাঃ।

ততঃ সমভবদ্‌দ্রোণঃ কুমারস্তস্য ধীমতঃ।
অধ্যগীষ্ট স বেদাংশ্চ বেদাঙ্গানি চ সর্ব্বশঃ ॥৫॥
ভরদ্বাজস্য তু সখা পৃষতো নাম পার্থিবঃ।
তস্যাপি দ্রুপদো নাম তদা সমভবৎ সুতঃ ॥৬॥
স নিত্যমাশ্রমং গত্বা দ্রোণেন সহ পার্ষতঃ।
চিক্রীড়াধ্যয়নঞ্চৈব চকার ক্ষত্রিয়র্ষভঃ ॥৭॥
ততস্তু পৃষতেঽতীতে স রাজা দ্রুপদোঽভবৎ।
দ্রোণোঽপি রামং শুশ্রাব দিৎসন্তং বসু সর্ব্বশঃ ॥৮॥
বনন্তু প্রস্থিতং রামং ভরদ্বাজসুতোঽব্রবীৎ।
আগতং বিত্তকামং মাং বিদ্ধি দ্রোণং দ্বিজোত্তম ! ॥৯॥

রাম উবাচ।

শরীরমাত্রমেবাদ্য ময়েদমবশেষিতম্।
অস্ত্রাণি বা শরীরং বা ব্রহ্মন্নেকতরং বৃণু ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। তস্য ভরদ্বাজস্য। অধ্যগীষ্ট অধীতবান্ ॥৫॥
ভরেতি। তস্য পৃষতস্যাপি। তদা ভরদ্বাজপুত্রজন্মকালে ॥৬॥
স ইতি। স দ্রুপদঃ। দ্রোণে জাততয়া দ্রোণাখ্যেন ভরদ্বাজপুত্রেণ ॥৭॥
তত ইতি। অতীতে মৃতে। সর্ব্বশঃ সর্ব্বম্, বসু ধনম্, দিৎসন্তং দাতুমিচ্ছন্তম্ ॥৮॥
বনমিতি। বিত্তকামং ধনার্থিনম্ ॥৯॥

তাহা হইতেই ভরদ্বাজের দ্রোণনামে একটী পুত্র জন্মিল ; সেই দ্রোণ সমস্ত বেদ ও বেদাঙ্গ অধ্যয়ন করিয়াছিলেন ॥৫॥

এ দিকে ভরদ্বাজের সখা পৃষতনামে এক রাজা ছিলেন ; তাঁহারও দ্রুপদ নামে একটী পুত্র সেই সময়েই জন্মিয়াছিল ॥৬॥

সেই দ্রুপদ প্রত্যহই ভরদ্বাজের আশ্রমে যাইয়া দ্রোণের সহিত খেলা করিতেন এবং অধ্যয়ন করিতেন ॥৭॥

তাহার পর, পৃষত পরলোকে গমন করিলে, দ্রুপদ রাজা হইলেন ; দ্রোণও শুনিলেন যে, পরশুরাম নিজের সমস্ত সম্পত্তি দান করিবার ইচ্ছা করিয়াছেন ॥৮॥

পরশুরাম বনে প্রস্থান করিতেছেন, এমন সময়ে যাইয়া দ্রোণ তাঁহাকে বলিলেন —"হে ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমি ধনার্থী হইয়া আসিয়াছি ; আমার নাম—'দ্রোণ' " ॥৯॥

(১০)…ব্রহ্মন্নেকতমং বৃণু।

দ্রুপদ উবাচ।

নাশ্রোত্রিয়ঃ শ্রোত্রিয়স্য নারথী রথিনঃ সখা।
নারাজা পার্থিবস্যাপি সখিপূর্ব্বং কিমিষ্যতে ॥১৫॥

ব্রাহ্মণ উবাচ।

স বিনিশ্চিত্য মনসা পাঞ্চাল্যং প্রতি বুদ্ধিমান্।
জগাম কুরুমুখ্যানাং নগরং নাগসাহ্বয়ম্ ॥১৬॥
তস্মৈ পৌত্রান্ সমাদায় বসূনি বিবিধানি চ।
প্রাপ্তায় প্রদদৌ ভীষ্মঃ শিষ্যান্ দ্রোণায় ধীমতে ॥১৭॥
দ্রোণঃ শিষ্যাংস্ততঃ সর্ব্বানিদং বচনমব্রবীৎ।
সমানীয় তু তান্ শিষ্যান্ দ্রুপদস্যাসুখায় বৈ ॥১৮॥
আচার্য্যবেতনং কিঞ্চিদ্ধৃদি যদ্বর্ত্ততে মম।
কৃতাস্ত্রৈস্তৎ প্রদেয়ং স্যাত্তদৃতং বদতানঘাঃ!।
সোহর্জ্জুনপ্রমুখৈরুক্তস্তথাস্ত্বিতি গুরুস্তদা ॥১৯॥

ভারতকৌমুদী

নেতি। শ্রোত্রিযস্য বেদজ্ঞব্রাহ্মণস্য। সখিপূর্ব্বং সখিত্বনিবন্ধনম্ ॥১৫॥

স ইতি। পাঞ্চাল্যং দ্রুপদং প্রতি, কর্ত্তব্যং বিনিশ্চিত্য ॥১৬॥

তস্মা ইতি। বসূনি ধনানি। প্রাপ্তায উপস্থিতায ॥১৭॥

দ্রোণ ইতি। অসুখায জযেন দুঃখোৎপাদনায ॥১৮॥

আচার্য্যেতি। আচার্য্যবেতনং শিক্ষকস্য শিক্ষাশুল্কম্। কৃতাস্ত্রৈর্মুমাভিঃ। ঋতং সত্যম্। ষট্পাদমিদং পদ্যম্ ॥১৯॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বং সখা ইতি সখিপূর্ব্বম্, বাল্যে কৃতং সখ্যং কিং কথমিষ্যতে প্রাজ্ঞৈঃ? ন কথমপীত্যর্থঃ। বালো হি মৌঢ্যাদতুল্যোনাপি সখ্যমিচ্ছতি, ন তু প্রাজ্ঞ ইতি ভাবঃ ॥১৫—১৬॥ সমাদায

দ্রুপদ বলিলেন—"অশ্রোত্রিয় শ্রোত্রিয়ের, অরথী রথীর এবং অরাজা রাজার সখা হয় না। (সে যাহা হউক), আপনি সখিত্বনিবন্ধন কি চাহিতেছেন?" ॥১৫॥

ব্রাহ্মণ বলিলেন—"বুদ্ধিমান্ দ্রোণ মনে মনে দ্রুপদের প্রতি কর্ত্তব্যনিশ্চয় করিয়া কৌরবদিগের রাজধানী হস্তিনায় গমন করিলেন ॥১৬॥

বুদ্ধিমান্ দ্রোণ উপস্থিত হইলে, ভীষ্ম তাঁহাকে নানাবিধ ধন দান করিয়া, তাঁহার নিকট আপন পৌত্রগণকে শিষ্যরূপে সমর্পণ করিলেন ॥১৭॥

তাহার পর, দ্রোণ সেই সকল শিষ্যকে নিকটে আনিয়া, দ্রুপদরাজার দুঃখ উৎপাদনের জন্য এই কথা বলিলেন—॥১৮॥

যদা চ পাণ্ডবাঃ সর্ব্বে কৃতাস্ত্রাঃ কৃতনিশ্চয়াঃ।
ততো দ্রোণোঽব্রবীদ্ভূয়ো বেতনার্থমিদং বচঃ ॥২০॥
পার্ষতো দ্রুপদো নাম ছত্রবত্যাং নরেশ্বরঃ।
তস্মাদাকৃষ্য তদ্রাজ্যং মম শীঘ্রং প্রদীয়তাম্ ॥২১॥
ততঃ পাণ্ডুসুতাঃ পঞ্চ নির্জ্জিত্য দ্রুপদং যুধি।
দ্রোণায় দর্শয়ামাসুর্বদ্ধা সসচিবং তদা ॥২২॥

দ্রোণ উবাচ।

প্রার্থয়ামি ত্বয়া সখ্যং পুনরেব নরাধিপ ! ।
অরাজা কিল নো রাজ্ঞঃ সখা ভবিতুমর্হতি ॥২৩॥
অতঃ প্রযতিতং রাজ্যে যজ্ঞসেন ! ত্বয়া সহ।
রাজাসি দক্ষিণে কূলে ভাগীরথ্যাহমুত্তরে ॥২৪॥

ভারতকৌমুদী

যদেতি। কৃতনিশ্চয়া দ্রোণাভীষ্টসম্পাদনে। ততস্তদা। বেতনার্থং গুরুদক্ষিণার্থম্ ॥২০॥
পার্ষত ইতি। পার্ষতঃ পৃষতপুত্রঃ। ছত্রবত্যাং তদাখ্যায়াং নগর্য্যাম্ ॥২১॥
তত ইতি। ধার্ত্তরাষ্ট্রাণাং তত্র পরাজিতত্বান্ন তেষামুপাদানম্ ॥২২॥
প্রেতি। ত্বয়া সার্দ্ধম্। অরাজেতি ত্বন্মতানুসারাদেবেতি ভাবঃ ॥২৩॥
অত ইতি। রাজ্যে রাজত্বকরণে। ভাগীরথ্যাহমিতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

হস্তে- গৃহীত্বা প্রদদৌ ॥১৭—২০॥ ছত্রবত্যামহিচ্ছত্রে ॥২১—২৩॥ রাজ্যে রাজ্যার্থম্, ত্বয়া

"হে নিষ্পাপ শিষ্যগণ ! আমার মনে যে শিক্ষকের বেতনের বিষয় রহিয়াছে, তোমরা অস্ত্রশিক্ষা করিয়া তাহা আমাকে দিবে, সত্য বল।" তখন অর্জ্জুনপ্রভৃতি শিষ্যগণ দ্রোণকে বলিলেন—"তাহাই হইবে" ॥১৯॥

তাহার পর, পাণ্ডবপ্রভৃতি শিষ্যগণ অস্ত্রশিক্ষা করিয়া যখন দ্রোণের অভীষ্ট পূরণের জন্য কৃতনিশ্চয় হইলেন ; তখন দ্রোণ আবার এই কথা বলিলেন—॥২০॥

"পৃষতের পুত্র দ্রুপদনামে এক ব্যক্তি ছত্রবতীর রাজা ; তোমরা সত্বর তাঁহার নিকট হইতে তাঁহার রাজ্য আনিয়া আমাকে দান কর" ॥২১॥

তাহার পর, পাণ্ডবগণ যুদ্ধে জয় করিয়া, মন্ত্রিগণের সহিত দ্রুপদকে বাঁধিয়া আনিয়া দ্রোণকে দেখাইলেন ॥২২॥

দ্রোণ বলিলেন—"রাজা ! আমি পুনরায় আপনার সখিত্ব প্রার্থনা করি ; অথচ (আপনার মতে) অরাজা রাজার সখা হইতে পারে না ॥২৩॥

ব্রাহ্মণ উবাচ।

এবমুক্তো হি পাঞ্চাল্যো ভারদ্বাজেন ধীমতা।
উবাচাস্ত্রবিদাং শ্রেষ্ঠং দ্রোণং ব্রাহ্মণসত্তমম্ ॥২৫॥
এবং ভবতু ভদ্রং তে ভারদ্বাজ! মহামতে!।
সখ্যং তদেব ভবতু শশ্বদ্যদভিমন্যসে ॥২৬॥
এবমন্যোন্যমুক্ত্বা তৌ কৃত্বা সখ্যমনুত্তমম্।
জগ্মতুর্দ্রোণপাঞ্চাল্যৌ যথাগতমরিন্দমৌ ॥২৭॥
অসৎকারঃ স তু মহান্ মুহূর্ত্তমপি তস্য তু।
নাপৈতি হৃদয়াদ্রাজ্ঞো দুর্ম্মনাঃ স কৃশোঽভবৎ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে দ্রৌপদীসম্ভবে ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। পাঞ্চাল্যো দ্রুপদঃ। ভরদ্বাজেন দ্রোণেন ॥২৫॥
এবমিতি। শশ্বৎ চিরস্থায়ি ॥২৬॥
এবমিতি। অনুত্তমং সৌজন্যালিঙ্গনাদিনা সর্ব্বোৎকৃষ্টম্ ॥২৭॥
অসদিতি। অসৎকারো রাজ্যহরণাদিনা দ্রোণকৃতোঽপকারঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

সহ সঙ্গম্যেতি শেষঃ। ভাগীরথ্যাহমিতি সন্ধিরার্ষঃ ॥২৪—২৬॥ উক্ত্বা বচনেনৈব সখ্যং কৃত্বা ন তু মনসা, ব্রাহ্মণস্যাদ্রোহিত্বেঽপি ক্ষত্রিয়স্য দীর্ঘদ্রোহিত্বাৎ ॥২৭॥ তদেবাহ—অসৎকার ইতি ॥২৮॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৯॥

অতএব আমি আপনার সহিত একত্র রাজত্ব করিবার জন্যই এই যত্ন করিয়াছি। আপনি গঙ্গার দক্ষিণ তীরে রাজা হইলেন; আর আমি তাহার উত্তর তীরে রাজা হইলাম” ॥২৪॥

ব্রাহ্মণ কহিলেন—“বুদ্ধিমান্ দ্রোণ এইরূপ বলিলে, পাঞ্চালরাজ দ্রুপদ অস্ত্রজ্ঞ-শ্রেষ্ঠ অথচ ব্রাহ্মণপ্রধান দ্রোণকে বলিলেন—॥২৫॥

“মহামতি দ্রোণ! আপনার মঙ্গল হউক, এইরূপই হউক; আপনার সহিত সেই সখিত্বই চিরস্থায়ী হউক, আপনি যাহা ইচ্ছা করিয়াছেন” ॥২৬॥

শত্রুজেতা দ্রোণ ও দ্রুপদ পরস্পর এইরূপ বলিয়া, উৎকৃষ্ট সখিত্ব স্থাপন করিয়া, যথাস্থানে চলিয়া গেলেন ॥২৭॥

---

* ‘...চতুঃষষ্ট্যধিক...’, ‘...ষট্‌ষষ্ট্যধিক...’, ‘...অশীত্যধিক...’ ইতি পাঠভেদাঃ।

ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ব্রাহ্মণ উবাচ।

অমর্ষাদ্দ্রুপদো রাজা কর্ম্মসিদ্ধান্ দ্বিজর্ষভান্।
অন্বিচ্ছন্ পরিচক্রাম ব্রাহ্মণাবসথান্ বহূন্ ॥১॥
পুত্রজন্ম পরীপ্সন্ বৈ শোকোপহতচেতনঃ।
নাস্তি শ্রেষ্ঠমপত্যং মে ইতি নিত্যমচিন্তয়ৎ ॥২॥
জাতান্ পুত্রান্ স নির্ব্বেদাদ্ধিগ্‌বন্ধূনিতি চাব্রবীৎ।
নিশ্বাসপরমশ্চাসীদ্‌দ্রোণং প্রতি চিকীর্ষয়া ॥৩॥
প্রভাবং বিনয়ং শিক্ষাং দ্রোণস্য চরিতানি চ।
ক্ষাত্রেণ চ বলেনাস্য চিন্তয়ন্নাধ্যগচ্ছত ॥৪॥

ভারতকৌমুদী

অমর্ষাদিতি। অমর্ষাৎ দ্রোণং প্রতি সঞ্চিতক্রোধাৎ। কর্ম্মসু প্রত্যক্ষফলসাধকযাগাদি-কার্য্যেষু সিদ্ধান্ প্রসিদ্ধান্। অন্বিচ্ছন্ মার্গযন্। ব্রাহ্মণানাম্ আবসথান্ আবাসান্ ॥১॥
পুত্রেতি। পরীপ্সন্ লব্ধুমিচ্ছন্। শ্রেষ্ঠমপত্যং দ্রোণপ্রতীকারসমর্থ উৎকৃষ্টপুত্রঃ ॥২॥
জাতানিতি। জাতান্ পূর্ব্বোৎপন্নান্। চিকীর্ষয়া প্রত্যপকারকরণেচ্ছয়া ॥৩॥
প্রভাবমিতি। ক্ষাত্রেণ বলেন, নাধ্যগচ্ছত পরাভবসম্ভাবনাং নাকরোৎ ॥৪॥

কিন্তু দ্রোণকৃত সেই গুরুতর অপকার মুহূর্ত্ত কালের জন্যও দ্রুপদ রাজার চিত্ত হইতে গেল না এবং তিনি বিষণ্ণচিত্ত থাকিয়া ক্রমে কৃশ হইতে লাগিলেন” ॥২৮॥

—ঃ*ঃ—

ব্রাহ্মণ বলিলেন—“দ্রুপদ রাজা দ্রোণের প্রতি ক্রোধবশতঃ যাগাদিকার্য্যে প্রসিদ্ধ ব্রাহ্মণগণের অন্বেষণ করিতে থাকিয়া বহুতর ব্রাহ্মণের বসতিস্থানে ভ্রমণ করিতে লাগিলেন ॥১॥

‘আমার উৎকৃষ্ট পুত্র নাই’ এইরূপ চিন্তা সর্ব্বদাই করিতে লাগিলেন এবং সেই শোকেই মুগ্ধপ্রায় হইয়া উৎকৃষ্ট পুত্র ইচ্ছা করিতে থাকিলেন ॥২॥

নির্ব্বেদবশতঃ পূর্ব্বজাত পুত্রগণকে এবং বন্ধুবর্গকে ধিক্কার দিতে লাগিলেন এবং দ্রোণের প্রতীকার করিবার ইচ্ছায় সর্ব্বদাই নিশ্বাসত্যাগ করিতে থাকিলেন ॥৩॥

---

(১) অমর্ষী দ্রুপদো রাজা…।

প্রতিকর্ত্তুং নবশ্রেষ্ঠো যতমানোঽপি ভাবত ।।
অভিতঃ সোঽথ কল্মাষীং গঙ্গাকূলে পবিভ্রমন্ ॥৫॥
ব্রাহ্মণাবসথং পুণ্যমাসসাদ মহীপতিঃ ।
তত্র নাস্রাতকঃ কশ্চিন্ন চাসীদব্রতী দ্বিজঃ ॥৬॥ (যুগ্মকম্)
তথৈব চ মহাভাগঃ সোঽপশ্যৎ সংশিতব্রতৌ ।
যাজোপযাজৌ ব্রহ্মর্ষী শাম্যন্তৌ পবমেষ্ঠিনৌ ॥৭॥
তারণে যুক্তরূপৌ তৌ ব্রাহ্মণাবৃষিসত্তমৌ ।
স তাবামন্ত্রয়ামাস সর্ব্বকামৈরতন্দ্রিতঃ ॥৮॥ (যুগ্মকম্)
বুদ্ধ্বা বলং তযোস্তত্র কনীয়াংসমুপহ্বরে ।
প্রপেদে চ্ছন্দয়ন্ কামৈরুপযাজং ধৃতব্রতম্ ॥৯॥

ভাবতকৌমুদী

প্রতীতি। কল্মাষীং কৃষ্ণবর্ণাং যমুনাম্, অভিতঃ সমীপে, গঙ্গাকূলে চ। অস্নাতকঃ অনিত্যস্নায়ী অব্রহ্মচাবী বা ॥৫—৬॥

তথেতি। যাজোপযাজৌ তদাখ্যৌ। শাম্যন্তৌ শমগুণান্বিতৌ, পরমেষ্ঠিনৌ সাক্ষাদ্-ব্রহ্মাণাবিব। তারণে লোকানাং বিপদ উদ্ধাবণে। সর্ব্বকামৈঃ সর্ব্বাভীষ্টদানাঙ্গীকাবৈঃ ॥৭—৮॥

বুদ্ধেতি। উপহ্বরে নির্জ্জনে। কামৈবভীষ্টদানাঙ্গীকারৈঃ, ছন্দযন্ প্রলোভযন্ ॥৯॥

ভাবতভাবদীপঃ

অমর্ষীতি ॥১—২॥ পুত্রান্ বন্ধূংশ্চ ধিগিত্যব্রবীদিত্যন্বযঃ ॥৩—৪॥ কল্মাষীং কৃষ্ণবর্ণাং যমুনামভিতঃ গঙ্গাকূলে চ পবিভ্রমন্, কল্মাষপাদস্য পুবীং কল্মাষীমভিতঃ সমীপে ইত্যন্যে ॥৫—৬॥ পরমে ব্রহ্মণি বেদে বা স্থাতুং শীলং যযোস্তৌ ॥৭॥ তাবণেয়ৌ কুমাবীপ্রভবৌ কর্ণবৎ কানীনৌ "তবণির্দ্ব্যর্ণৌ পুংসি কুমারীনৌকযোঃ স্ত্রিয়াম্" ইতি মেদিনী। সূর্য্যভক্তৌ বা,

---

কিন্তু দ্রোণেব প্রভাব, বিনয, শিক্ষা এবং চবিত্র চিন্তা কবিয়া, ক্ষত্রিযশক্তি দ্বাবা তাঁহাব পবাভবেব সম্ভাবনা কবিতে পাবিলেন না ॥৪॥

তাহাব পব, দ্রুপদ বাজা দ্রোণেব প্রতীকাব কবিবার জন্য চেষ্টা করিতে থাকিয়া, গঙ্গা ও যমুনাব উভয় তীবেই বিচবণ কবতঃ একটী পবিত্র ব্রাহ্মণবসতি পাইলেন ; সেখানে কোন ব্রাহ্মণই অব্রহ্মচাবী বা অব্রতী ছিলেন না ॥৫—৬॥

দ্রুপদ বাজা সেখানে বিচবণ কবিতে থাকিয়া যাজ ও উপযাজনামে দুইটী ব্রহ্মর্ষিকে দেখিতে পাইলেন ; তাঁহাবা ব্রতচাবী, শমগুণান্বিত, ব্রহ্মাব তুল্য প্রভাব-শালী এবং লোককে বিপদ হইতে উদ্ধাব কবিতে সমর্থ ছিলেন। আলস্যহীন দ্রুপদ বাজা সমস্ত অভীষ্ট দান কবিবাব অঙ্গীকাব কবিয়া যজ্ঞ কবিবাব জন্য তাঁহাদিগকে আহ্বান করিলেন ॥৭—৮॥

---

(৭) তথৈব নামহাভাগঃ… ।

পাদশুশ্রূষণে যুক্তঃ প্রিয়বাক্ সর্ব্বকামদঃ।
অর্চ্চয়িত্বা যথান্যায়মুপযাজমুবাচ সঃ ॥১০॥
যেন মে কর্ম্মণা ব্রহ্মন্! পুত্রঃ স্যাদ্‌দ্রোণমৃত্যবে।
উপযাজ! কৃতে তস্মিন্ গবাং দাতাস্মি তেঽর্ব্বুদম্ ॥১১॥
যদ্বা তেঽন্যদ্দ্বিজশ্রেষ্ঠ! মনসঃ সুপ্রিয়ং ভবেৎ।
সর্ব্বং তত্তে প্রদাতাঽহং নহি মেঽত্রাস্তি সংশয়ঃ ॥১২॥
ইত্যুক্তো নাহমিত্যেবং তমৃষিঃ প্রত্যভাষত।
আরাধয়িষ্যন্ দ্রুপদঃ স তং পর্য্যচরৎ পুনঃ ॥১৩॥
ততঃ সংবৎসরস্যান্তে দ্রুপদং স দ্বিজোত্তমঃ।
উপযাজোঽব্রবীৎ কালে রাজন্! মধুরয়া গিরা ॥১৪॥

ভারতকৌমুদী

পাদেতি। যুক্তো নিরতঃ। সর্ব্বকামদঃ সর্ব্বাভীষ্টদানাঙ্গীকারী। স দ্রুপদঃ ॥১০॥
যেনেতি। তস্মিন্ কর্ম্মণি। অর্ব্বুদং দশকোটীঃ। অধিকসংখ্যাপরমিদম্ ॥১১॥
যদিতি। সুপ্রিয়ম্ অতীবাভীষ্টম্। প্রদাতেতি তৃন্ ॥১২॥
ইতীতি। অহং ন তৎ করিষ্যামীতি শেষঃ। আরাধয়িষ্যন্ সন্তোষয়িষ্যন্ ॥১৩॥
তত ইতি। সংবৎসরস্যান্তে কাল ইতি সম্বন্ধঃ। হে রাজন্! রাজতুল্যাকৃতে। ॥১৪॥

ভারতভাবদীপঃ

ব্রাহ্মণৌ ব্রহ্মবিদৌ। ঋষিসত্তমৌ মন্ত্রদ্রষ্টৃষু শ্রেষ্ঠৌ ॥৮॥ উপহ্বরে একান্তে। প্রপেদে

সেখানে তাঁহাদের ক্ষমতা বুঝিতে পারিয়া, সমস্ত অভীষ্ট বস্তু দান করিবার অঙ্গীকারে প্রলোভন দেখাইয়া, ব্রতচারী কনিষ্ঠ উপযাজের শরণাপন্ন হইলেন ॥৯॥

তখন তিনি উপযাজের পাদসংবাহনে নিযুক্ত হইয়া, প্রিয় বাক্য বলিতে থাকিয়া সমস্ত অভীষ্ট বস্তু দান করিবার অঙ্গীকার করিয়া এবং যথানিয়মে সম্মান দেখাইয়া, উপযাজকে বলিলেন—॥১০॥

"ব্রহ্মর্ষি! যে কার্য্য দ্বারা দ্রোণবধের জন্য আমার পুত্র জন্মে, আপনি সেই কার্য্য করিলে, আপনাকে আমি বহুতর গরু দান করিব ॥১১॥

অথবা, হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! অন্য যে সকল বস্তু আপনার অত্যন্ত অভীষ্ট হইবে, সেই সকল বস্তুই আমি আপনাকে দান করিব; এ বিষয়ে কোন সন্দেহ নাই" ॥১২॥

দ্রুপদ এইরূপ বলিলে, উপযাজ তাঁহাকে বলিলেন—"আমি উহা করিব না"। তাহার পর, উপযাজকে সন্তুষ্ট করিবার জন্য দ্রুপদ পুনরায় তাঁহার পরিচর্য্যা করিতে লাগিলেন ॥১৩॥

তাহার পর, এক বৎসর অতীত হইলে, ব্রাহ্মণশ্রেষ্ঠ উপযাজ মধুর বাক্যে দ্রুপদকে বলিলেন—॥১৪॥

জ্যেষ্ঠো ভ্রাতা মমাগৃহ্লাদ্বিচরন্ গহনে বনে।
অপরিজ্ঞাতশৌচায়াং ভূমৌ নিপতিতং ফলম্ ॥১৫॥
তদপশ্যমহং ভ্রাতুরসাম্প্রতমনুব্রজন্।
বিমর্শং সঙ্করাদানে নায়ং কুর্য্যাৎ কদাচন ॥১৬॥
দৃষ্ট্বা ফলস্য নাপশ্যদ্দোষান্ পাপানুবন্ধকান্।
বিবিনক্তি ন শৌচং যঃ সোঽন্যত্রাপি কথং ভবেৎ ॥১৭॥
সংহিতাধ্যয়নং কুর্ব্বন্ বসন্ গুরুকুলে চ যঃ।
ভৈক্ষ্যমুৎসৃষ্টমন্যেষাং ভুঙ্‌ক্তে স্ম চ যদা তদা ॥১৮॥
কীর্ত্তয়ন্ গুণমন্নানামঘৃণী চ পুনঃ পুনঃ।
তং বৈ ফলার্থিনং মন্যে ভ্রাতরং তর্কচক্ষুষা ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

জ্যেষ্ঠ ইতি। ন পরিজ্ঞাতং শৌচং পবিত্রতা যস্যাস্তস্যাম্ ॥১৫॥

তদিতি। অনুব্রজন্নহম্, ভ্রাতুস্তৎ অসাম্প্রতং শৌচাশৌচপরিজ্ঞানাভাবাদযুক্তং ফলগ্রহণম্, অপশ্যম্। অতএবায়ং মম জ্যেষ্ঠভ্রাতা, কদাচনাপি, সঙ্করস্য শৌচাশৌচসঙ্কীর্ণবস্তুন আদানে, বিমর্শং বিচারং ন কুর্য্যাৎ। "যুক্তে দ্বে সাম্প্রতং স্থানে" ইত্যমরঃ ॥১৬॥

তত্র হেতুমাহ—দৃষ্ট্বেতি। পাপানুবন্ধকান্ পাপজনকান্, দোষান্ অশৌচরূপান্। বিবিনক্তি বিচারয়তি কথং ভবেৎ শৌচবিবেকীতি শেষঃ ॥১৭॥

হেত্বন্তরমাহ—সংহিতেতি। উৎসৃষ্টং পরিত্যক্তং ভুক্তাবশিষ্টমিত্যর্থঃ। ভৈক্ষ্যং ভিক্ষালব্ধমন্নম্। অঘৃণী উৎসৃষ্টেঽপি ঘৃণারহিতঃ। ফলার্থিনং যাজনাদিনা ধনার্থিনম্ ॥১৮—১৯॥

ভারতভাবদীপঃ

শরণং গতবান্ ॥৯—১০॥ তস্মিন্ কার্য্যে কৃতে সতি অর্ব্বুদং দশকোটীঃ দাতাস্মি দাস্যামি ॥১১—১৫॥ অসাম্প্রতম্ অযুক্তম্। অনুব্রজন্ অপশ্যম্, বিমর্শং বিচারম্, সঙ্করাদানে সঙ্করো দোষসম্পর্কঃ তদ্যুক্তবস্ত্বাদানে ॥১৬—১৭॥ উৎসৃষ্টম্ উচ্ছিষ্টম্ ॥১৮॥ অঘৃণী লজ্জাহীনঃ ॥১৯॥

"একদা আমার জ্যেষ্ঠ ভ্রাতা নিবিড় বনে বিচরণ করিতে থাকিয়া, ভূমির পবিত্রতা না জানিয়াই তাহাতে নিপতিত একটী ফল গ্রহণ করিয়াছিলেন ॥১৫॥

আমি পিছনে যাইতে যাইতে ভ্রাতার সেই অসঙ্গত কার্য্য দেখিয়াছিলাম; সুতরাং উনি কখনও পবিত্রতা বা অপবিত্রতাযুক্ত বস্তু গ্রহণ করিতে বিবেচনা করিবেন না ॥১৬॥

যিনি ফলটী দেখিয়াই তাহার পাপজনক দোষের কোন পর্য্যালোচনা করিয়াছিলেন না এবং তাহার পবিত্রতার বিষয়েও কোন বিবেচনা করিয়াছিলেন না, তিনি অন্য স্থানেই বা কেন তাহা করিবেন ॥১৭॥

আর যিনি গুরুগৃহে বাস করিবার সময়ে বেদপাঠ করিতেন, অথচ যখন

তং বৈ গচ্ছস্ব নৃপতে! স ত্বাং সংযাজয়িষ্যতি।
জুগুপ্সমানো নৃপতির্মনসেদং বিচিন্তয়ন্ ॥২০॥
উপযাজবচঃ শ্রুত্বা যাজস্যাশ্রমমভ্যগাৎ।
অভিসম্পূজ্য পূজার্হমথ যাজমুবাচ হ ॥২১॥ (যুগ্মকম্)
অযুতানি দদাম্যষ্টৌ গবাং যাজয় মাং বিভো!।
দ্রোণবৈরাভিসন্তপ্তং প্রহ্লাদয়িতুমর্হসি ॥২২॥
স হি ব্রহ্মবিদাং শ্রেষ্ঠো ব্রহ্মাস্ত্রে চাপ্যনুত্তমঃ।
তস্মাদ্‌দ্রোণঃ পরাজৈষ্ট মাং বৈ স সখিবিগ্রহে ॥২৩॥
ক্ষত্রিয়ো নাস্তি তস্যাস্যাং পৃথিব্যাং কশ্চিদগ্রণীঃ।
কৌরবাচার্য্যমুখ্যস্য ভারদ্বাজস্য ধীমতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তমিতি। উপযাজবচঃ শ্রুত্বা, ইদং যাজকার্য্যং বিচিন্তয়ন্, মনসা জুগুপ্সমানো যাজং নিন্দন্। পূজার্হং মুনিত্বাৎ পূজাযোগ্যম্ ॥২০—২১॥

অযুতানীতি। অত্রাপ্যযুতানীতি বহুসংখ্যাপরম্। প্রহ্লাদয়িতুমানন্দয়িতুম্ ॥২২॥

স ইতি। পরাজৈষ্ট পরাজিতবান্। সখ্যোরাবয়োর্বিগ্রহে যুদ্ধে ॥২৩॥

ভারতভাবদীপঃ

হে নৃপতে! তং গচ্ছ, হে স্ব। হে আত্মীয! মনসা ইদং যাজচরিতং জুগুপ্সমানো নিন্দন্, বিচিন্তয়ন্ স্বকার্য্যঞ্চেতি শেষঃ ॥২০—২১॥ অষ্টাবযুতানি দদানি "রিক্তপাণির্ন পশ্যেত রাজানং দেবতাং গুরুম্" ইতি স্মৃতেরুপায়নমাত্রমেতৎ, ন দক্ষিণা, অর্ব্বুদপ্রতিজ্ঞানাৎ ॥২২॥ পরাজৈষ্ট

তখন অন্যের উচ্ছিষ্ট ভিক্ষান্ন ভোজন করিতেন এবং ঘৃণাশূন্য হইয়া বার বার সেই অন্নের প্রশংসা করিতেন, সেই ভ্রাতাকে আমি তর্ক দ্বারা ধনলোভী বলিয়া মনে করি ॥১৮—১৯॥

অতএব রাজা। আপনি আমার সেই ভ্রাতার নিকট গমন করুন, তিনিই আপনাকে পুত্রার্থে যজ্ঞ করাইবেন।" দ্রুপদরাজা উপযাজের সেই কথা শুনিয়া যাজের কার্য্যের পর্য্যালোচনা করিয়া, মনে মনে তাঁহাকে নিন্দা করিতে থাকিয়া, তাঁহারই আশ্রমে গেলেন, তৎপরে তাঁহার পূজা করিয়া বলিলেন—॥২০—২১॥

"মহর্ষি। আপনি আমার যজ্ঞ করুন; আমি আপনাকে বহুতর গরু দান করিব। আমি দ্রোণের শত্রুতাচরণে বড়ই সন্তপ্ত হইয়াছি; আপনি আমাকে আনন্দিত করুন ॥২২॥

তিনি বেদজ্ঞের মধ্যেও শ্রেষ্ঠ, ব্রহ্মাস্ত্রেও সর্ব্বপ্রধান; তাহাতেই তিনি আমাকে যুদ্ধে পরাস্ত করিয়াছিলেন ॥২৩॥

দ্রোণস্য শরজালানি প্রাণিদেহহরাণি চ ।
ষড়রত্নি ধনুশ্চাস্য দৃশ্যতে পরমং মহৎ ॥২৫॥
স হি ব্রাহ্মণবেশেন ক্ষাত্রং বেগমসংশয়ম্ ।
প্রতিহন্তি মহেষ্বাসো ভারদ্বাজো মহামনাঃ ॥২৬॥
ক্ষত্রোচ্ছেদায় বিহিতো জামদগ্ন্য ইব স্থিতঃ ।
তস্য হ্যস্ত্রবলং ঘোরমপ্রধৃষ্যং নরৈর্ভুবি ॥২৭॥
ব্রাহ্মং সন্ধারয়ংস্তেজো হুতাহুতিরিবানলঃ ।
সমেত্য সংদহত্যাজৌ ক্ষাত্রং ব্রহ্মপুরঃসরঃ ॥২৮॥
ব্রহ্মক্ষত্রে চ বিহিতে ব্রাহ্মং তেজো বিশিষ্যতে ।
সোঽহং ক্ষত্রবলাদ্দীনো ব্রাহ্মং তেজঃ প্রপেদিবান্ ॥২৯॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয় ইতি। ভারদ্বাজস্য ভরদ্বাজাৎ, অগ্রণীঃ প্রধানঃ ॥২৪॥
দ্রোণস্যেতি। ষট্ অরত্নয়ো নিষ্কনিষ্ঠমুষ্টয়ঃ প্রমাণমস্যেতি ষডরত্নি ॥২৫॥
স ইতি। ব্রাহ্মণবেশেন ব্রাহ্মতেজসা। বেগং শক্তিনিবন্ধনম্ ॥২৬॥
ক্ষত্রেতি। বিহিতো বিধাত্রা। অপ্রধৃষ্যম্ অজয্যম্ ॥২৭॥
ব্রাহ্মমিতি। ব্রহ্ম ব্রাহ্মং তেজঃ পুরঃসরং যস্য তৎ ক্ষাত্রং তেজঃ, সমেত্য প্রাপ্য ॥২৮॥
ব্রহ্মেতি। ব্রহ্মক্ষত্রে তয়োস্তেজসী, বিহিতে বিধাত্রা। প্রপেদিবান্ আশ্রিতবান্ ॥২৯॥

ভারতভাবদীপঃ

পরাজিতবান্, "বিপরাভ্যাং জেঃ" ইতি তঙ্ ॥২৩॥ তস্য তস্মাৎ। অগ্রণীঃ শ্রেষ্ঠঃ ॥২৪—২৮॥ ব্রহ্মক্ষত্রে ইতি সার্দ্ধঃ শ্লোকঃ, চোঽপ্যর্থে, ব্রহ্মতেজঃসহিতক্ষত্রতেজসি দ্রোণগতে বিহিতে শ্রেষ্ঠে সত্যপি কেবলং ব্রাহ্মং ত্বদীযং বিশিষ্যতে ক্ষাত্রাদ্বলাৎ, অহং তু হীনো ব্রাহ্মবলেন।

কৌরবগণের অস্ত্রশিক্ষক ও বুদ্ধিমান্ সেই দ্রোণ অপেক্ষা প্রধান যোদ্ধা এই পৃথিবীতে কোন ক্ষত্রিয়ই নাই ॥২৪॥

দ্রোণের বাণসমূহ প্রাণিগণের দেহ হইতে প্রাণ হরণ করে এবং তাঁহার ধনুখানা ছয় অরত্নি প্রমাণ সুবৃহৎ ॥২৫॥

মহাধনুর্দ্ধর ও মহামনা সেই দ্রোণ নিশ্চয়ই ব্রাহ্ম তেজে ক্ষাত্র তেজ প্রতিহত করেন ॥২৬॥

বিধাতা তাঁহাকে পরশুরামের ন্যায় ক্ষত্রিয়ধ্বংসের জন্যই নির্ম্মাণ করিয়াছেন। সেই জন্যই তাঁহার অস্ত্রবল ভয়ঙ্কর এবং জগতে মনুষ্যের অজেয় ॥২৭॥

আহুতিপ্রাপ্ত অগ্নির ন্যায় তিনি ব্রাহ্ম তেজ ধারণ করেন এবং সেই ব্রাহ্মতেজকে অগ্রবর্ত্তী করিয়া, ক্ষাত্র তেজ ধারণপূর্ব্বক যুদ্ধে বিপক্ষ দিগকে দগ্ধ করেন ॥২৮॥

দ্রোণাদ্বিশিষ্টমাসাদ্য ভবন্তং ব্রহ্মবিত্তমম্।
দ্রোণান্তকমহং পুত্রং লভেয়ং যুধি দুর্জ্জয়ম্ ॥৩০॥
তৎ কর্ম্ম কুরু মে যাজ। বিতবাম্যর্বুদং গবাম্।
তথেত্যুক্ত্বা তু তং যাজো যাজ্যার্থমুপকল্পয়ৎ ॥৩১॥
গুর্ব্বর্থ ইতি চাকামমুপযাজমচোদয়ৎ।
যাজো দ্রোণবিনাশায় প্রতিজজ্ঞে তথা চ সঃ ॥৩২॥
ততস্তস্য নরেন্দ্রস্য উপযাজো মহাতপাঃ।
আচখ্যৌ কর্ম্ম বৈতানং তদা পুত্রফলায় বৈ ॥৩৩॥

ভারতকৌমুদী

দ্রোণাদিতি। বিশিষ্টং প্রধানম্, ব্রহ্মবিত্তমং বেদজ্ঞশ্রেষ্ঠম্ ॥৩০॥

তদিতি। যাজ্য এবার্থো বিষয়স্তম্, উপকল্পয়ৎ অঙ্গীকৃতবান্। অডভাব আর্ষঃ ॥৩১॥

গুর্ব্বিতি। গুর্ব্বর্থঃ পুত্রফলকযাগো দুষ্করঃ, ইতি হেতোঃ, অকামং তত্রানিচ্ছুমপি, উপযাজং তদাখ্যমনুজম্, অচোদয়ৎ তদ্‌যাগস্য দ্রব্যসম্ভারং বক্তুং প্রৈরয়ৎ স্বয়মসকলজ্ঞঃ ॥৩২॥

তত ইতি। বৈতানং শ্রৌতহোমং তদীয়দ্রব্যসম্ভারমিত্যর্থঃ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

ভীত ইতি পাঠে ব্রাহ্মাদ্বলাৎ ভীতো ব্রাহ্মং তেজঃ প্রপেদিবান্ শরণং কৃতবান্ ॥২৯—৩০॥ যেন পুত্রং লভেয়ং তৎকর্ম্ম কুরু, যাজ্যার্থং দ্রুপদস্যেষ্টসাধনং যাগমুপকল্পয়ৎ মনসা তৎপ্রয়োগং স্মৃতবান্, অডভাব আর্ষঃ ॥৩১॥ গুর্ব্বর্থো গুরুশ্চাসাবর্থশ্চেতি, অতিভাবোঽয়ং যৎ দ্রোণহন্তুঃ পুত্রস্যোৎপাদনম্, ইতি হেতোঃ উপযাজমকামমপ্যচোদয়ৎ উৎকল্পনে প্রেরিতবান্। "আত্মন্য-প্রত্যয়ং চেতঃ" ইতি ন্যায়েন উপযাজমপি নিশ্চয়ার্থং সংবাদিতবান্ ॥৩২॥ বৈতানং শ্রৌতাগ্নি

বিধাতা ব্রাহ্ম ও ক্ষাত্র—এই দুইটী তেজ সৃষ্টি করিয়াছেন; তাহার মধ্যে ব্রাহ্ম তেজই শ্রেষ্ঠ। সেই জন্যই আমি ক্ষাত্র তেজ থাকিতেও ভীত হইয়াই ব্রাহ্ম তেজের আশ্রয় লইয়াছি ॥২৯॥

দ্রোণ অপেক্ষা প্রধান বেদজ্ঞ আপনাকে পাইয়া আমি, যুদ্ধে দুর্জ্জয় ও দ্রোণহন্তা পুত্র লাভ করিব ॥৩০॥

মহর্ষি যাজ! আপনি আমার সেই যজ্ঞ করুন, আমি বহুতর গরু দক্ষিণা দিব।" "তাহাই হউক" এই কথা বলিয়া যাজ দ্রুপদকে যজমান বলিয়া স্বীকার করিয়াছিলেন ॥৩১॥

পুত্রযাগ অত্যন্ত দুষ্কর এইজন্য যাজ তাহার দ্রব্যসম্ভারের কথা বলিয়া দিবার জন্য উপযাজকে বলিলেন এবং দ্রোণবিনাশার্থ যজ্ঞ করিতে প্রতিশ্রুত হইলেন ॥৩২॥

স চ পুত্রো মহাবীর্য্যো মহাতেজা মহাবলঃ।
ইষ্যতে যদ্বিধো রাজন্! ভবিতা তে তথাবিধঃ ॥৩৪॥
ভারদ্বাজস্য হন্তারং সোঽভিসন্ধায় ভূপতিঃ।
আজহ্রে তত্তথা সর্ব্বং দ্রুপদঃ কর্ম্ম সিদ্ধয়ে ॥৩৫॥
যাজস্তু হবনস্যান্তে দেবীমাজ্ঞাপয়ত্তদা।
প্রৈহি মাং রাজ্ঞি! পৃষতি! মিথুনং ত্বামুপস্থিতম্ ॥৩৬॥

রাজ্ঞ্যুবাচ।

অবলিপ্তং মুখং ব্রহ্মন্! দিব্যান্ গন্ধান্ বিভর্ম্মি চ।
সুতার্থে নোপলব্ধাস্মি তিষ্ঠ যাজ! মম প্রিয়ে ॥৩৭॥

ভারতকৌমুদী

উপযাজোক্তিমনুবদতি—স ইতি। সযজ্ঞফলত্বেন ভাবী ॥৩৪॥
ভারেতি। হন্তারং পুত্রম্। আজহ্রে অনুষ্ঠিতবান্। সিদ্ধয়ে তাদৃশপুত্রনিষ্পত্তয়ে ॥৩৫॥
যাজ ইতি। হবনস্য হোমস্য। দেবীং দ্রুপদমহিষীম্। হে পৃষতি। তদাখ্যে। ॥৩৬॥
অবেতি। অবলিপ্তং লালাদিদূষিতম্। বিভর্ম্মি আধুনাপি ধারয়ামি। উভয়ত্রাপি

ভারতভাবদীপঃ

সাধ্যম্। আচখ্যৌ আখ্যাতবান্ ॥৩৩॥ স চেতি উপযাজ উবাচ ॥৩৪॥ বৈশম্পায়ন উবাচ। ভারদ্বাজস্যেতি। আজহ্রে কৃতবান্, কর্ম্মসিদ্ধয়ে কর্ম্মফলসিদ্ধ্যর্থম্ ॥৩৫॥ প্রৈহি প্রকর্ষেণ শীঘ্রমেহি, হবির্গ্রহীতুমিতি শেষঃ। পৃষতি পৃষতস্নুষে। ইত এব সম্বন্ধাৎ পুংযোগে ঙীষ্। অন্যে তু পার্ষতীতি পাঠং কল্পয়ন্তি ॥৩৬॥ অবলিপ্তং দূষিতং লালাদিনা অপ্রক্ষালিতত্বাদিতি ভাবঃ। "অবলেপস্তু গর্ব্বে স্যাল্লেপনে দূষণেঽপি চ" ইতি মেদিনী। গন্ধান্ অঙ্গরাগাদিজান্। অস্নাতাস্মীতি ভাবঃ। "যা দতো ধাবতে তস্যৈ শ্যাবদন্ যা স্নাতি তস্যা অপ্সু মা রুক" ইত্যাদ্যুক্ত্বা "তিস্রো রাত্রীর্ব্রতং চরেৎ" ইতি বিহিতৌ অস্পৃশ্যৌ অধর্ম্মাবেতৌ। তদেবাহ— নোপলব্ধাস্মি উপলব্ধুং স্প্রষ্টুং যোগ্যা নাস্মি। তস্মান্মলবদ্বাসসা ন সংবদেতেতি তয়া সহ সংবাদস্যাপি নিষেধাৎ, অতো হেতোঃ হে যাজ! মম প্রিয়ে ইষ্টে সুতার্থে সুতরূপে প্রযো-

---

তাহার পর, তখনই অত্যন্ত তপস্বী উপযাজ পুত্রলাভের জন্য দ্রুপদ রাজার নিকট পুত্রযাগের সমস্ত দ্রব্যের কথা বলিলেন (আরও বলিলেন যে,)—॥৩৩॥

"মহারাজ! আপনি যে প্রকার মহোৎসাহী, মহাপ্রতাপ ও মহাবল পুত্র লাভ করিবার ইচ্ছা করিতেছেন, আপনার সেই প্রকার পুত্রই হইবে" ॥৩৪॥

তদনন্তর, দ্রুপদ রাজা, দ্রোণহন্তা পুত্র লাভ করিবার ইচ্ছায় এবং তাহার সিদ্ধির জন্য যাজ ও উপযাজের উপদেশক্রমে সেই পুত্রযাগ সম্পন্ন করিলেন ॥৩৫॥

যাগ হইয়া গেলে, তখন যাজ দ্রুপদের মহিষীকে বলিলেন—"রাজ্ঞি! পৃষতি! আপনি আসুন, আপনার দুইটী সন্তান উপস্থিত হইয়াছে" ॥৩৬॥

যাজ উবাচ।

যাজেন শ্রপিতং হব্যমুপযাজাভিমন্ত্রিতম্।
কথং কামং ন সন্দধ্যাৎ সা ত্বং বিপ্রেহি তিষ্ঠ বা ॥৩৮॥

ব্রাহ্মণ উবাচ।

এবমুক্ত্বা তু যাজেন হুতে হবিষি সংস্কৃতে।
উত্তস্থৌ পাবকাত্তস্মাৎ কুমারো দেবসন্নিভঃ ॥৩৯॥
জ্বালাবর্ণো ঘোররূপঃ কিরীটী বর্ম্ম চোত্তমম্।
বিভ্রৎ সখড়্গঃ সশরো ধনুষ্মান্ বিনদন্ মুহুঃ ॥৪০॥ (যুগ্মকম্)
সোঽধ্যারোহদ্রথবরং তেন চ প্রযযৌ তদা।
ততঃ প্রণেদুঃ পাঞ্চালাঃ প্রহৃষ্টাঃ সাধু সাধ্বিতি ॥৪১॥

ভারতকৌমুদী

অস্নাতত্বাদিতি ভাবঃ। অতএব মম প্রিয়েঽপি সুতার্থে পুত্রবিষয়ে, ন উপলব্ধাস্মি হব্যং ন গ্রহীষ্যামি ॥৩৭॥

যাজেনেতি। শ্রপিতং পক্বম্। কামম্ অভীষ্টম্। সন্দধ্যাৎ জনয়েৎ ॥৩৮॥

এবমিতি। সংস্কৃতে অভিমন্ত্রিতে। জ্বালাবর্ণঃ অগ্নিশিখাবর্ণঃ ॥৩৯—৪০॥

স ইতি। স কুমারঃ। প্রণেদুঃ কোলাহলং চক্রুঃ ॥৪১॥

ভাবভাবদীপঃ

জনে তিষ্ঠ শুদ্ধিকালং প্রতীক্ষস্বেত্যর্থঃ ॥৩৭॥ শ্রপিতং পক্বম্, ক্ষেত্রং রেতঃসেকঞ্চ বিনা আবয়োঃ সামর্থ্যান্মিথুনমুৎপৎস্যত ইত্যর্থঃ। বিপ্রেহি দূরং বা গচ্ছ তিষ্ঠ বা। প্রয়োগবিধিস্তু

রাণী বলিলেন—"ব্রাহ্মণ! আমি এখনও মুখ প্রক্ষালন করি নাই এবং স্নান না করায় এখনও অঙ্গে তৈলের সুন্দর সৌরভ রহিয়াছে; অতএব যাজ! একটু অপেক্ষা করুন; পুত্র আমার প্রিয় হইলেও এখনই আমি হব্য গ্রহণ করিতে পারি না" ॥৩৭॥

যাজ বলিলেন—"যাজ পাক করিয়াছেন, উপযাজ অভিমন্ত্রিত করিয়াছেন; সুতরাং এই হবি কেন অভীষ্ট ফল জন্মাইবে না?। অতএব রাণি! আপনি আসুন বা থাকুন" ॥৩৮॥

ব্রাহ্মণ বলিলেন—"যাজ এইরূপ বলিয়া অভিমন্ত্রিত হবি অগ্নিতে নিক্ষেপ করিলে, তৎক্ষণাৎ অগ্নির ন্যায় উজ্জ্বলবর্ণ, ভয়ঙ্করাকৃতি এবং কিরীট, উত্তম বর্ম্ম, তরবারি, বাণ ও কার্ম্মুকধারী, দেবতার তুল্য একটী কুমার গর্জ্জন করিতে করিতে সেই অগ্নি হইতে উত্থিত হইল ॥৩৯—৪০॥

এবং তখনই সেই কুমার উৎকৃষ্ট রথে আরোহণ করিয়া গমন করিল। তাহাতে পাঞ্চালগণ আনন্দিত হইয়া সাধু সাধু বলিয়া কোলাহল করিল ॥৪১॥

হর্ষাবিষ্টাংস্ততশ্চৈতান্ নেয়ং সেহে বসুন্ধরা।
ভয়াপহো রাজপুত্রঃ পাঞ্চালানাং যশস্করঃ ॥৪২॥
রাজ্ঞঃ শোকাপহো জাত এষ দ্রোণবধায় বৈ।
ইত্যুবাচ মহদ্ভূতমদৃশ্যং খেচরং তদা ॥৪৩॥ (যুগ্মকম্)
কুমারী চাপি পাঞ্চালী বেদিমধ্যাৎ সমুত্থিতা।
সুভগা দর্শনীয়াঙ্গী স্বসিতায়তলোচনা ॥৪৪॥
শ্যামা পদ্মপলাশাক্ষী নীলকুঞ্চিতমূর্দ্ধজা।
তাম্র-তুঙ্গ-নখী সুভ্রূশ্চারুপীনপয়োধরা ॥৪৫॥
মানুষং বিগ্রহং কৃত্বা সাক্ষাদমরবর্ণিনী।
নীলোৎপলসমো গন্ধো যস্যাঃ ক্রোশাৎ প্রধাবিতঃ ॥৪৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

হর্ষেতি। এতান্ পাঞ্চালান্। ন সেহে ধারয়িতুং ন শশাক। রাজ্ঞো দ্রুপদস্য। ভূতং প্রাণী। তচ্চ স্বরগাম্ভীর্য্যাদনুমিতমিতি বোধ্যম্ ॥৪২—৪৩॥

কুমারীতি। কুমারী কাচিৎ কন্যা। সুভগা সুশ্রীকা। শোভনে অসিতে কৃষ্ণে আয়তে দীর্ঘে চ লোচনে যস্যাঃ সা। শ্যামা শ্যামবর্ণা। তাম্রাণি তুঙ্গানি উন্নতানি চ নখানি যস্যাঃ সা। বিগ্রহমাকৃতিম্। অমরবর্ণিনী দেবী ॥৪৪—৪৬॥

ভারতভাবদীপঃ

ন বিলম্বং সহতে ইত্যর্থঃ ॥৩৮—৪১॥ নেয়ং সেহে ন সোঢবতী, অযোনিজস্য ধৃষ্টদ্যুম্নস্য

তখন এই পৃথিবী হর্ষাবিষ্ট পাঞ্চালগণকে ধারণ করিতে অসমর্থ হইয়া উঠিলেন। আর, সেই সময়ে গগনচর অদৃশ্য এক মহাপ্রাণী এই কথা বলিল যে, "দ্রোণবধের জন্য উৎপন্ন এই রাজপুত্র পাঞ্চালগণের ভয় দূর করিবে এবং যশ জন্মাইবে, আবার রাজারও শোক নষ্ট করিবে" ॥৪২—৪৩॥

আর, যজ্ঞবেদির মধ্য হইতে একটী কন্যা উত্থিত হইল, তাহার নাম--'পাঞ্চালী', দেহের কান্তি মনোহর, অঙ্গ সকল সুদৃশ্য, নয়নযুগল সুন্দর, কৃষ্ণবর্ণ এবং সুদীর্ঘ, শরীরের বর্ণ শ্যাম, নয়নযুগল পদ্মপত্রের ন্যায়, কেশকলাপ কুঞ্চিত ও কৃষ্ণবর্ণ, নখসমূহ তাম্রবর্ণ ও উন্নত, ভ্রূযুগল মনোহর, আর স্তন দুইটী সুন্দর ও স্থূল, সুতরাং কোন দেবী যেন মানুষের আকৃতি ধারণ করিয়া আসিয়াছিলেন, আর তাহার অঙ্গের নীলোৎপলতুল্য গন্ধ এক ক্রোশের উপরেও যাইতেছিল ॥৪৪—৪৬॥

(৪৬)···ক্রোশাৎ প্রধাবতি, ক্রোশাৎ প্রবাতি বৈ।

যা বিভর্ত্তি পরং রূপং যস্যা নাস্ত্যুপমা ভুবি।
দেবদানবযক্ষাণামীপ্সিতা দেবরূপিণী ॥৪৭॥
তাঞ্চাপি জাতাং সুশ্রোণীং বাগুবাচাশরীরিণী।
সর্ব্বযোষিদ্বরা কৃষ্ণা নিনীষুঃ ক্ষত্রিয়ান্ ক্ষয়ম্ ॥৪৮॥
সুরকার্য্যমিয়ং কালে করিষ্যতি সুমধ্যমা।
অস্যা হেতোঃ কৌরবাণাং মহদুৎপৎস্যতে ভয়ম্ ॥৪৯॥
তচ্ছ্রুত্বা সর্ব্বপাঞ্চালাঃ প্রণেদুঃ সিংহসংঘবৎ।
ন চৈতান্ হর্ষসম্পূর্ণানিয়ং সেহে বসুন্ধরা ॥৫০॥
তৌ দৃষ্ট্বা পার্ষতী যাজং প্রপেদে বৈ সুতার্থিনী।
ন বৈ মদন্যাং জননীং জানীয়াতামিমাবিতি ॥৫১॥
তথেত্যুবাচ তাং যাজো রাজ্ঞঃ প্রিয়চিকীর্ষয়া।
তয়োশ্চ নামনী চক্রুর্দ্বিজাঃ সম্পূর্ণমানসাঃ ॥৫২॥

ভারতকৌমুদী

যেতি। পরমুৎকৃষ্টম্। ঈপ্সিতা স্পৃহ্যা। অতএব দেবেত্যাদৌ ষষ্ঠী ॥৪৭॥
তামিতি। সুশ্রোণীং শোভননিতম্বাম্। নিনীষুর্নেতুমিচ্ছুঃ ॥৪৮॥
সুরেতি। সুরকার্য্যং দুর্য্যোধনাদিধ্বংসরূপং দেবকার্য্যম্ ॥৪৯॥
তদিতি। প্রণেদুবানন্দকোলাহলং চক্রুঃ। সেহে ধারয়িতুং শশাক ॥৫০॥
তাবিতি। পার্ষতী পৃষতপুত্রদ্রুপদমহিষী। প্রপেদে প্রাপ্তা। ইতি বদন্তী সতী ॥৫১॥

আর, যে মনোহর রূপ ধারণ করিয়াছিল এবং জগতে যাহার উপমা ছিল না; সুতরাং সেই দেবরূপিণী কন্যাটী দেব, দানব ও যক্ষগণেরও অভীষ্ট ছিল ॥৪৭॥

সুন্দরনিতম্বা সেই কন্যাটী জন্মিলে পরও দৈববাণী হইয়াছিল যে, "এই কন্যাটীর নাম—'কৃষ্ণা' এবং এ সকল স্ত্রীলোকের শ্রেষ্ঠা আর এ ক্ষত্রিয়দিগের ধ্বংসের কারণ হইবে ॥৪৮॥

এই সুন্দরী যথাকালে দেবকার্য্য সম্পাদন করিবে: আর ইহার জন্যই কুরুবংশের গুরুতর ভয় আসিবে" ॥৪৯॥

সেই দৈববাণী শুনিয়া পাঞ্চালগণ সিংহসমূহের ন্যায় কোলাহল করিতে লাগিল। তখন এই পৃথিবী সেই আনন্দপূর্ণ পাঞ্চালগণকে ধারণ করিয়া রাখিতে পারিতেছিলেন না ॥৫০॥

এদিকে দ্রুপদরাজার মহিষী সেই কুমার ও কুমারীকে দেখিয়া, তাহাদিগকে পুত্র ও কন্যা করিবার ইচ্ছায় যাজের নিকট যাইয়া বলিলেন যে, "ইহারা যেন আমাকে ছাড়া অন্যকে জননী বলিয়া না জানে" ॥৫১॥

ধৃষ্টত্বাদতিধৃষ্টাচ্চ ধর্ম্মাদ্দ্যুম্নতবাদপি।
ধৃষ্টদ্যুম্নঃ কুমারোঽয়ং দ্রুপদস্য ভবত্বিতি ॥৫৩॥
কৃষ্ণেত্যেবাব্রুবন্ কৃষ্ণাং কৃষ্ণাভূৎ সা হি বর্ণতঃ।
তথা তন্মিথুনং জজ্ঞে দ্রুপদস্য মহামখে ॥৫৪॥
ধৃষ্টদ্যুম্নস্তু পাঞ্চাল্যমানীয় স্বং নিবেশনম্।
উপাকরোদস্ত্রহেতোর্ভারদ্বাজঃ প্রতাপবান্ ॥৫৫॥

ভারতকৌমুদী

তথেতি। তযোরুৎপন্নয়োঃ স্ত্রীপুরুষযোঃ। সম্পূর্ণমানসাঃ সফলমনোরথাঃ ॥৫২॥

ধৃষ্টত্বাদিতি। অতিধৃষ্টাৎ অত্যন্তাৎ, ধৃষ্টত্বাৎ ধর্ম্মাৎ প্রগল্ভত্বরূপগুণাৎ, দ্যুম্নতবাৎ প্রচুর-ধনলভ্যকবচকুণ্ডলাদিসাহিত্যেনৈবোৎপত্তেরপি চ হেতোঃ, অযং দ্রুপদস্য কুমারঃ, নাম্না ধৃষ্টদ্যুম্নো ভবতু, ইতি তে দ্বিজা উক্তবন্ত ইত্যর্থঃ। "হিরণ্যং দ্রবিণং দ্যুম্নমর্থ-রৈ-বিভবা অপি" ইত্যমরঃ ॥৫৩॥

কৃষ্ণেতি। কৃষ্ণাং শ্যামবর্ণামিমাং কন্যাম্, কৃষ্ণা ইত্যেব পূর্ব্বং দেবা অব্রুবন্, তথা বর্ণতশ্চ সা কৃষ্ণা, ইত্যেব হেতোঃ, সা নাম্নাপি কৃষ্ণাভূৎ। তৎ কৃষ্ণাধৃষ্টদ্যুম্নরূপম্ ॥৫৪॥

ধৃষ্টেতি। অস্ত্রহেতোঃ অস্ত্রশিক্ষাদানেনেত্যর্থঃ, উপাকরোৎ উপকৃতবান্ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

দুঃসহত্বাদিতি ভাবঃ ॥৪২—৪৫॥ অমরবর্ণিনী দেবকুমারী দুষ্টবধাযোগ্যতা দুর্গেত্যর্থঃ ॥৪৬—৫২॥ ধৃষ্টত্বাৎ প্রগল্ভত্বাৎ, "ধৃষ্ণুত্বাৎ" ইতি পাঠে পালনে শক্তত্বাৎ, অত্যন্তমমর্ষঃ শত্রুৎকর্ষাসহিষ্ণুত্বং তদ্বত্বাৎ। দ্যুম্নং বিত্তং তচ্চ বাজ্যাং বলমেব কবচকুণ্ডলাদিকং বা সহোৎ-পন্নং তদাদির্যস্য শস্ত্রাস্ত্রশৌর্য্যোৎসাহাদেঃ তৎ দ্যুম্নাদি, তস্যোৎসম্ভবাৎ উৎকর্ষেণোৎপত্তেশ্চ ॥৫৩—৫৪॥ উপাকরোদুপকৃতবান্, অস্ত্রহেতোঃ অস্ত্রদানেন হেতুনা, বাজ্যার্দ্ধস্য হৃতত্বাৎ

যাজও রাজার সন্তোষ জন্মাইবার ইচ্ছায় মহিষীকে বলিলেন যে, "তাহাই হইবে।" তৎপরে পূর্ণমনোরথ ব্রাহ্মণগণ তাহাদের নাম করণ করিলেন—॥৫২॥

"অত্যন্ত প্রগল্ভ হইয়াছে বলিয়া এবং বহুমূল্য কবচ ও কুণ্ডলপ্রভৃতির সহিতই উৎপন্ন হইয়াছে বলিয়া এই দ্রুপদরাজার পুত্রটীর নাম হউক—'ধৃষ্টদ্যুম্ন'" ॥৫৩॥

আর, দৈববাণী এই শ্যামাঙ্গীকে কৃষ্ণা বলিয়াছে এবং বর্ণেও এ শ্যামাই হইয়াছে; সুতরাং ইহার নাম হইল—'কৃষ্ণা'। দ্রুপদরাজার মহাযজ্ঞে সেই ভাবে সেই কুমার ও কুমারী জন্মিয়াছিল ॥৫৪॥

তাহার পর, প্রতাপশালী দ্রোণ দ্রুপদনন্দন ধৃষ্টদ্যুম্নকে আপন ভবনে আনয়ন করিয়া, অস্ত্রশিক্ষা দিয়া তাহার উপকার করিলেন ॥৫৫॥

---

(৫৩) ধৃষ্টত্বাদত্যমর্ষিত্বাদ্দ্যুম্নাদ্যুৎসম্ভবাদপি…।

অমোক্ষণীয়ং দৈবং হি ভাবি মত্বা মহামতিঃ।
তথা তৎ কৃতবান্ দ্রোণ আত্মকীর্ত্ত্যনুরক্ষণাৎ ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে দ্রৌপদীসম্ভবো নাম ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥*

—:*:—

একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা তু কৌন্তেয়াঃ শল্যবিদ্ধা ইবাভবন্।
সর্ব্বে চাস্বস্থমনসো বভূবুস্তে মহাবলাঃ ॥১॥
ততঃ কুন্তী সুতান্ দৃষ্ট্বা সর্ব্বাংস্তদ্গতচেতসঃ।
যুধিষ্ঠিরমুবাচেদং বচনং সত্যবাদিনী ॥২॥

ভারতকৌমুদী

নন্বাত্মবিনাশার্থমেব জাতস্য তথাত্বেন জ্ঞাতস্য চ ধৃষ্টদ্যুম্নস্য কথমস্ত্রশিক্ষাদানেনোপকারং কৃতবানিত্যাহ—অমোক্ষণীয়মিতি। অমোক্ষণীয়ম্ অনিবারণীয়ম্। আত্মকীর্ত্ত্যনুরক্ষণাৎ তদভিপ্রেত্যেত্যর্থঃ। অন্যথা ভয়েন নিবৃত্তিরিতি লোকাপবাদঃ স্যাদিতি ভাবঃ ॥৫৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

এতদিতি। শল্যবিদ্ধা ইবাভবন্, দ্রোণবধসম্ভাবনয়া উদ্বেগাতিশয়াদিতি ভাবঃ ॥১॥
তত ইতি। তদ্গতচেতসো দ্রোণবধাদিবিষয়কমনোবৃত্তীন্ ॥২॥

ভারতভাবদীপঃ

ভারতৈরোপাকরোৎ ॥৫৫॥ কীর্ত্ত্যনুরক্ষণাৎ অন্যথা দ্রোণো দ্বেষাৎ ভয়াচ্চ ন বিদ্যাং দত্তবানিত্যকীর্ত্তিঃ স্যাৎ ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬০॥

—:*:—

কারণ, অনিবার্য্য দৈব অবশ্যই হইবে ইহা ভাবিয়াই মহামতি দ্রোণ আপনার যশ অক্ষুণ্ণ রাখিবার জন্য সেই ভাবে তাহা করিয়াছিলেন ॥৫৬॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—এই উপাখ্যান শুনিয়া সেই মহাবীর পাণ্ডবেরা সকলেই শল্যবিদ্ধের ন্যায় হইলেন এবং অসুস্থচিত্ত হইয়া পড়িলেন ॥১॥

* '...পঞ্চষষ্ট্যধিক...', '...সপ্তষষ্ট্যধিক...', '...একাশীত্যধিক...' ইতি পাঠান্তরাণি।

কুন্ত্যুবাচ।

চিররাত্রোষিতাঃ স্মেহ ব্রাহ্মণস্য নিবেশন।
রমমাণাঃ পুরে রম্যে লব্ধভৈক্ষা মহাত্মনঃ ॥৩॥
যানীহ রমণীয়ানি বনান্যুপবনানি চ।
সর্ব্বাণি তানি দৃষ্টানি পুনঃ পুনররিন্দম। ॥৪॥
পুনর্দ্রষ্টুং হি তানীহ প্রীণয়ন্তি ন নস্তথা।
ভৈক্ষ্যঞ্চ ন তথা বীর। লভ্যতে কুরুনন্দন! ॥৫॥
তে বয়ং সাধু পঞ্চালান্ গচ্ছামো যদি মন্যসে।
অপূর্ব্বদর্শনং বীর। রমণীয়ং ভবিষ্যতি ॥৬॥
সুভিক্ষাশ্চৈব পাঞ্চালাঃ শ্রূয়ন্তে শত্রুকর্ষণ!।
যজ্ঞসেনশ্চ রাজাসৌ ব্রহ্মণ্য ইতি শুশ্রুম ॥৭॥

ভারতকৌমুদী

চিরেতি। চিররাত্রোষিতাশ্চিরস্থিতাঃ, "চিরায় চিররাত্রায়" ইত্যাদ্যমরঃ ॥৩॥
যানীতি। ইহ নগরে ॥৪॥
পুনরিতি। পুনর্দ্রষ্টুং প্রবৃত্তানিতি শেষঃ। নঃ অস্মান্। তথা পূর্ব্ববৎ ॥৫॥
ত ইতি। অপূর্ব্বাণাং পূর্ব্বমদৃষ্টানাং বনাদীনাং দর্শনম্ ॥৬॥

ভারতভাবদীপঃ

এতদিতি। "এতচ্ছ্রুত্বা তু কৌন্তেয়া" ইতি স্পষ্টার্থোঽধ্যায়ঃ ॥১—১১॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬১॥

—:*:—

তাহার পর, সত্যবাদিনী কুন্তী সকল পুত্রকেই সেই বিষয় ভাবিতে দেখিয়া যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন ॥২॥

কুন্তী বলিলেন—"যুধিষ্ঠির! আমরা এই মনোহর নগরে আনন্দে বিচরণ করতঃ ভিক্ষা লাভ করিতে থাকিয়া এই ব্রাহ্মণের বাড়ীতে দীর্ঘকাল থাকিলাম ॥৩॥

এখানে মনোহর যত বন বা উপবন আছে, সে সমস্তই আমরা বার বার দেখিয়াছি ॥৪॥

এখন আবার তাহাই দেখিতে প্রবৃত্ত হইলে, সেগুলি আমাদিগকে সেরূপ সন্তুষ্ট করিতে পারিবে না, বিশেষতঃ, এখন ভিক্ষাও সেরূপ পাওয়া যাইতেছে না ॥৫॥

অতএব যদি তোমার মত হয়, তবে চল, আমরা পঞ্চালদেশে যাই; সেখানে নূতন বস্তু দেখা ভালই হইবে ॥৬॥

একত্র চিরবাসশ্চ ক্ষমো ন চ মতো মম।
তে তত্র সাধু গচ্ছামো যদি ত্বাং পুত্র! মন্যসে ॥৮॥

যুধিষ্ঠির উবাচ।

ভবত্যা যন্মতং কার্য্যং তদস্মাকং পরং হিতম্।
অনুজাংস্তু ন জানামি গচ্ছেয়ুর্নেতি বা পুনঃ ॥৯॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কুন্তী ভীমসেনমর্জ্জুনং যমজৌ তথা।
উবাচ গমনং তে চ তথেত্যেবাব্রুবংস্তদা ॥১০॥
তত আমন্ত্র্য তং বিপ্রং কুন্তী রাজন্! সুতৈঃ সহ।
প্রতস্থে নগরীং রম্যাং দ্রুপদস্য মহাত্মনঃ ॥১১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে পাঞ্চালযাত্রা নামৈকষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥*

ভারতকৌমুদী

সুভিক্ষা ইতি। ব্রহ্মভ্যো ব্রাহ্মণেভ্যো হিত ইতি ব্রহ্মণ্যঃ ॥৭॥
একত্রেতি। ন ক্ষম উচিতঃ, অত্র প্রণযাকর্ষণেন কূপমণ্ডূকত্বাপাতাদিতি ভাবঃ ॥৮॥
ভবত্যা ইতি। যৎ কার্য্যং মতং কর্ত্তুমভিপ্রেতম্। গচ্ছেয়ুর্গন্তুমিচ্ছেযুঃ ॥৯॥
তত ইতি। যমজৌ নকুলসহদেবৌ ॥১০॥
তত ইতি। তং গৃহস্বামিনম্। প্রতস্থে প্রস্থানাযোদ্‌যোগং কৃতবতী ॥১১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযামাদিপর্ব্বণি চৈত্ররথে একষষ্ট্যধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

যুধিষ্ঠির! শুনিতে পাই যে, পাঞ্চালদেশে অনায়াসে ভিক্ষা পাওয়া যায় এবং সেই দ্রুপদ রাজা ব্রাহ্মণদের বিশেষ হিতকারী ॥৭॥

আর, এক জাযগায়ও দীর্ঘকাল থাকা উচিত বলিয়া আমি মনে করি না। অতএব আমরা সেই খানেই যাই, যদি তোমার মত হয়” ॥৮॥

যুধিষ্ঠির বলিলেন—“মা! আপনি যে কার্য্য করিবার ইচ্ছা করিযাছেন, তাহা আমাদের অত্যন্ত হিতকর, কিন্তু কনিষ্ঠ ভ্রাতারা যাইতে ইচ্ছা করিবে কি না জানি না” ॥৯॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, কুন্তী ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবের নিকটেও পাঞ্চালদেশে যাইবার কথা বলিলেন, তখন তাঁহারাও বলিলেন—“তাহাই হউক” ॥১০॥

---

* ‘…ষট্‌ষষ্ট্যধিক…’, ‘…অষ্টষষ্ট্যধিক…’, ‘…ত্র্যশীত্যধিক…’ ইতি পাঠভেদাঃ।

দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

বসৎসু তেষু প্রচ্ছন্নং পাণ্ডবেষু মহাত্মসু।
আজগামাথ তান্ দ্রষ্টুং ব্যাসঃ সত্যবতীসুতঃ ॥১॥
তমাগতমভিপ্রেক্ষ্য প্রত্যুদ্‌গম্য পরন্তপাঃ।
প্রণিপত্যাভিবাদ্যৈনং তস্থুঃ প্রাঞ্জলয়স্তদা ॥২॥
সমনুজ্ঞাপ্য তান্ সর্ব্বানাসীনান্ মুনিরব্রবীৎ।
প্রসন্নঃ পূজিতঃ পার্থৈঃ প্রীতিপূর্ব্বমিদং বচঃ ॥৩॥
অয়ি! ধর্ম্মেণ বর্ত্তধ্বং শাস্ত্রেণ চ পরন্তপাঃ।
অয়ি। বিপ্রেষু পূজা বঃ পূজার্হেষু ন হীয়তে ॥৪॥

ভারতকৌমুদী

বসৎস্বিতি। বসৎসু তদব্রাহ্মণাবসথ এব, অন্যথা পূর্ব্বোক্তব্যাসাগমনপ্রতীক্ষাভঙ্গঃ স্যাৎ ॥১॥
তমিতি। পরন্তপাঃ পাণ্ডবাঃ। প্রণিপত্য ভূমৌ পতিত্বেতি নার্থপৌনরুক্ত্যম্ ॥২॥
সমিতি। সমনুজ্ঞাপ্য উপবেষ্টুমিতি শেষঃ ॥৩॥
অয়ীতি। অয়ীতি সস্নেহসম্বোধনে। বর্ত্তধ্বং তিষ্ঠথ ॥৪॥

মহারাজ! তৎপরে কুন্তীদেবী পুত্রগণের সহিত মিলিত হইয়া, সেই গৃহস্বামী ব্রাহ্মণের নিকট অনুমতি লইয়া, মহাত্মা দ্রুপদের মনোহর রাজধানীতে যাইবার উপক্রম করিলেন ॥১১॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—মহাত্মা পাণ্ডবেরা সেই ব্রাহ্মণের বাড়ীতে গুপ্তভাবে থাকিতে থাকিতেই সত্যবতীনন্দন বেদব্যাস তাঁহাদের সহিত সাক্ষাৎ করিতে আসিলেন ॥১॥

তিনি আসিয়াছেন দেখিয়া পাণ্ডবগণ প্রত্যুদ্‌গমনপূর্ব্বক ভূতলে লুণ্ঠিত হইয়া, নমস্কার করিয়া, তাঁহার সম্মুখে কৃতাঞ্জলি হইয়া অবস্থান করিলেন ॥২॥

তখন বেদব্যাস তাঁহাদিগকে উপবেশন করিবার আদেশ করিলে, তাঁহারা উপবেশন করিলেন, পরে বেদব্যাস পাণ্ডবগণের পূজায় প্রসন্ন হইয়া প্রীতিপূর্ব্বক এই কথা বলিলেন—॥৩॥

"বৎসগণ! তোমরা ধর্ম্ম ও শাস্ত্র অনুসারে চলিতেছ ত? এবং পূজনীয় ব্রাহ্মণগণের পূজার ব্যতিক্রম হয় নাই ত?" ॥৪॥

অথ ধর্ম্মার্থবদ্বাক্যমুক্ত্বা স ভগবানৃষিঃ।
বিচিত্রাশ্চ কথাস্তাস্তাঃ পুনরেবেদমব্রবীৎ ॥৫॥
আসীত্তপোবনে কাচিদৃষেঃ কন্যা মহাত্মনঃ।
বিলগ্নমধ্যা সুশ্রোণী সুভ্রূঃ সর্ব্বগুণান্বিতা ॥৬॥
কর্ম্মভিঃ স্বকৃতৈঃ সা তু দুর্ভগা সমপদ্যত।
নাধ্যগচ্ছৎ পতিং সা তু কন্যা রূপবতী সতী ॥৭॥
তপস্তপ্তুমথারেভে পত্যর্থমসুখা ততঃ।
তোষয়ামাস তপসা সা কিলোগ্রেণ শঙ্করম্ ॥৮॥
তস্যাঃ স ভগবাংস্তুষ্টস্তামুবাচ যশস্বিনীম্।
বরং বরয় ভদ্রং তে বরদোঽস্মীতি শঙ্করঃ ॥৯॥
অথেশ্বরমুবাচেদমাত্মনঃ সা বচো হিতম্।
পতিং সর্ব্বগুণোপেতমিচ্ছামীতি পুনঃ পুনঃ ॥১০॥

ভারতকৌমুদী

অথেতি। তাস্তা উপাখ্যানান্তরাণি ॥৫॥
আসীদিতি। বিলগ্নঃ পিপীলিকা তদ্বন্মধ্যঃ কটীদেশো যস্যাঃ সা কৃশকটীদেশেত্যর্থঃ ॥৬॥
কর্ম্মভিরিতি। দুর্ভগা অচরিতার্থকামা। তত্র হেতুমাহ—নাধ্যগচ্ছদিত্যাদি ॥৭॥
তপ ইতি। অসুখা পত্যলাভাৎ সুখহীনা। উগ্রেণ ভয়ঙ্করেণ ॥৮॥
তস্যা ইতি। ভদ্রম্ আত্মনো মঙ্গলভূতং বরম্, বরয় প্রার্থয় ॥৯॥

ভারতভাবদীপঃ

বসৎস্বিতি। প্রতস্থে ইত্যুক্তং ততঃ প্রাগেবাজগামেত্যর্থঃ ॥১—৩॥ অধীতি কোমলা-

---

তাহার পর, তিনি ধর্ম্ম ও অর্থসঙ্গত কথা বলিয়া এবং আশ্চর্য্য আশ্চর্য্য বহু উপাখ্যান বলিয়া পুনরায় এই কথা বলিলেন—॥৫॥

"এক তপোবনে এক মহর্ষির একটী কন্যা ছিল; তাহার কটীদেশ পিপীলিকার ন্যায় কৃশ এবং নিতম্বযুগল ও ভ্রূযুগল সুন্দর ছিল, আর তাহাতে সমস্ত গুণই ছিল ॥৬॥

সে আপন কর্ম্মের ফলে দুর্ভগা হইয়াছিল। কেন না, সে সুন্দরী হইয়াও উপযুক্ত পতি পাইয়াছিল না ॥৭॥

তাহার পর, সেই দুঃখিনী কন্যাটী উপযুক্ত পতি লাভ করিবার জন্য তপস্যা করিতে আরম্ভ করিল, ক্রমে সে ভয়ঙ্কর তপস্যা দ্বারা মহাদেবকে সন্তুষ্ট করিল ॥৮॥

মহাদেব সেই কন্যাটীর উপরে সন্তুষ্ট হইয়া তাহাকে বলিলেন—"আমি তোমাকে বর দিব; সুতরাং তোমার অভীষ্ট বর প্রার্থনা কর" ॥৯॥

তামথ প্রত্যুবাচেদমীশানো বদতাং বরঃ।
পঞ্চ তে পতযো ভদ্রে। ভবিষ্যন্তীতি ভারতাঃ ॥১১॥
এবমুক্তা ততঃ কন্যা দেবং বরদমব্রবীৎ।
একমিচ্ছাম্যহং দেব। ত্বৎপ্রসাদাৎ পতিং প্রভো। ॥১২॥
পুনরেবাব্রবীদ্দেব ইদং বচনমুত্তমম্।
পঞ্চকৃত্বস্ত্বযা হ্যুক্তঃ পতিং দেহীত্যহং পুনঃ।
দেহমন্যং গতাযাস্তে যথোক্তং তদ্ভবিষ্যতি ॥১৩॥
দ্রুপদস্য কুলে জজ্ঞে সা কন্যা দেবরূপিণী।
নির্দ্দিষ্টা ভবতাং পত্নী কৃষ্ণা পার্ষত্যনিন্দিতা ॥১৪॥
পাঞ্চালনগরে তস্মান্নিবসধ্বং মহাবলাঃ।।
সুখিনস্তামনুপ্রাপ্য ভবিষ্যথ ন সংশয়ঃ ॥১৫॥

ভারতকৌমুদী

অথেতি। সা কন্যা। পুনঃ পুনঃ পঞ্চকৃত্ব ইত্যর্থঃ ॥১০॥
তামিতি। ভারতা ভরতবংশীযাঃ ॥১১॥
এবমিতি। বরদং দেবং মহাদেবম্ ॥১২॥
পুনরিতি। হি যস্মাৎ, ত্বযা অহম্, পতিং দেহীতি পঞ্চকৃত্ব উক্তঃ। ষট্পদমিদং পদ্যম্ ॥১৩॥
দ্রুপদস্যেতি। নির্দ্দিষ্টা তেনেশ্বরেণৈব। পৃষতস্যাপত্যং পৌত্রীতি পার্ষতী ॥১৪॥
পাঞ্চালেতি। হে মহাবলাঃ!। তাং কৃষ্ণাম্ ॥১৫॥

তাহার পর, "সর্ব্বগুণসম্পন্ন পতি লাভ করিতে ইচ্ছা করি" এই আপন হিতকর বাক্যটী পাঁচ বার মহাদেবের নিকট সেই কন্যাটী বলিল ॥১০॥

তখন মহাদেব তাহাকে বলিলেন—"ভদ্রে। তোমার ভরতবংশীয় পাঁচটী পতি হইবে" ॥১১॥

মহাদেব এইরূপ বলিলে, সেই কন্যাটী বরদাতা মহাদেবকে বলিল—"দেব। প্রভো! আপনার অনুগ্রহে আমি একটী পতি লাভ করিতে ইচ্ছা করি" ॥১২॥

তখন মহাদেব পুনরায় এই উত্তম কথা বলিলেন যে, "'পতি দান করুন' এই কথাটী তুমি আমাকে পাঁচ বার বলিয়াছ, সুতরাং জন্মান্তরে তোমার পাঁচটি পতিই হইবে" ॥১৩॥

সেই দেবরূপিণী কন্যাটী দ্রুপদের বংশে জন্মিয়াছে, সুতরাং পৃষতপৌত্রী অনিন্দ্যসুন্দরী সেই কৃষ্ণানাম্নী কন্যাটীকে মহাদেবই তোমাদের পত্নী বলিয়া নির্দ্দিষ্ট করিয়া রাখিয়াছেন ॥১৪॥

অতএব বীরগণ! তোমরা পাঞ্চালনগরে যাইয়াই বাস কর, পরে সেই কন্যাটীকে লাভ করিয়া সুখী হইতে পারিবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই" ॥১৫॥

এবমুক্ত্বা মহাভাগঃ পাণ্ডবান্ স পিতামহঃ।
পার্থানামন্ত্র্য কুন্তীঞ্চ প্রাতিষ্ঠত মহাতপাঃ ॥১৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে
দ্রৌপদীজন্মান্তরকথনং নাম দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
গতে ভগবতি ব্যাসে পাণ্ডবা হৃষ্টমানসাঃ।
আমন্ত্র্য ব্রাহ্মণং পূর্ব্বমভিবাদ্যাভিমান্য চ ॥১॥
তে প্রতস্থুঃ পুরস্কৃত্য মাতরং পুরুষর্ষভাঃ।
সমৈরুদঙ্মুখৈর্মার্গৈর্যথোদ্দিষ্টং পরন্তপাঃ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। পিতামহঃ পাণ্ডবানামেব। আমন্ত্র্য প্রস্থানায় সম্বোধ্য ॥১৬॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

গত ইতি। ব্রাহ্মণং গৃহস্বামিনম্। অভিমান্য অভিবাদনেনৈব সম্পূজ্য সমৈঃ সরলৈঃ।
যথোদ্দিষ্টং পাঞ্চালদেশম্ ॥১—২॥

ভারতভাবদীপঃ

মন্ত্রণে ॥৪—৫॥ বিলগ্নমধ্যা কৃশমধ্যা ॥৬—১৩॥ পার্ষতী পার্ষতদুহিতা ॥১৪—১৬॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬২॥

—:*:—

পাণ্ডবগণকে এইরূপ বলিয়া তাঁহাদের পিতামহ মহাতপা বেদব্যাস তাঁহাদের নিকট বিদায় লইয়া প্রস্থান করিলেন ॥১৬॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—বেদব্যাস চলিয়া গেলে, পুরুষশ্রেষ্ঠ ও শত্রুদমনকারী পাণ্ডবগণ হৃষ্টচিত্ত হইয়া, গৃহস্বামী ব্রাহ্মণকে অভিবাদনপূর্ব্ব সম্মানিত করিয়া এবং তাঁহার নিকট বিদায় লইয়া, মাতা কুন্তীকে সম্মুখে রাখিয়া, উত্তরমুখ সরল পথে পাঞ্চালদেশে যাত্রা করিলেন ॥১—২॥

* '…সপ্তষষ্ট্যধিক…', '…ঊনসপ্তত্যধিক…', 'চতুরশীত্যধিক…' ইতি পাঠভেদাঃ।
(২) শনৈরুদঙ্মুখৈঃ…।

তে ত্বগচ্ছন্নহোরাত্রাত্তীর্থং সোমাশ্রয়ায়ণম্ ।
আসেতুঃ পুরুষব্যাঘ্রা গঙ্গায়াং পাণ্ডুনন্দনাঃ ॥৩॥
উল্মূকন্তু সমুদ্যম্য তেষামগ্রে ধনঞ্জয়ঃ ।
প্রকাশার্থং যযৌ তত্র রক্ষার্থঞ্চ মহারথঃ ॥৪॥
তত্র গঙ্গাজলে রম্যে বিবিক্তে ক্রীড়য়ন্ স্ত্রিয়ঃ ।
ঈর্ষুর্গন্ধর্ব্বরাজো বৈ জলক্রীড়ামুপাগতঃ ॥৫॥
শব্দং তেষাং স শুশ্রাব নদীং সমুপসর্পতাম্ ।
তেন শব্দেন চাবিষ্টশ্চুক্রোধ বলবদ্বলী ॥৬॥
স দৃষ্ট্বা পাণ্ডবাংস্তত্র মাত্রা সহ পরন্তপান্ ।
বিস্ফারয়ন্ ধনুর্ঘোরমিদং বচনমব্রবীৎ ॥৭॥
সন্ধ্যা সংরজ্যতে ঘোরা পূর্ব্বরাত্রাগমেষু যা ।
অশীতিভির্লবৈর্হীনং তন্মুহূর্ত্তং প্রচক্ষতে ॥৮॥

ভারতকৌমুদী

ত ইতি। সোমাশ্রয়ায়ণং নাম তীর্থম্। আসেতুরাগতাঃ ॥৩॥
উল্মূকমিতি। উল্মূকং প্রজ্বলিতাগ্নিকং কাষ্ঠম্। প্রকাশার্থম্ আলোকার্থম্ ॥৪॥
তত্রেতি। বিবিক্তে নির্জ্জনে। ঈর্ষুঃ পরদর্শনাদিকমসহিষ্ণুঃ ॥৫॥
শব্দমিতি। স মুপসর্পতামাগচ্ছতাম্, তেষাং পাণ্ডবানাম্, শব্দং কণ্ঠস্বরম্ ॥৬॥
স ইতি। স গন্ধর্ব্বরাজঃ। বিস্ফারয়ন্ আকর্ষণেন বিস্তারয়ন্ ॥৭॥

ভারতভাবদীপঃ

গতে ইতি ॥১—২॥ সোমাশ্রয়শ্চন্দ্রধরো রুদ্রস্তস্য স্থানং সোমাশ্রয়ায়ণম্ ॥৩॥ উল্মূকং

সেই পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবগণ এক অহোরাত্রের পর সোমাশ্রয়ায়ণনামক তীর্থে গমন করিলেন এবং গঙ্গাতীরে যাইয়া উপস্থিত হইলেন ॥৩॥

মহারথ অর্জ্জুন পথ দেখিবার জন্য এবং আত্মরক্ষার জন্য একখানা জ্বলৎ কাষ্ঠ তুলিয়া ধরিয়া সকলের আগে আগে গঙ্গার দিকে যাইতে লাগিলেন ॥৪॥

এদিকে কোপনস্বভাব গন্ধর্ব্বরাজ সেই মনোহর অথচ নির্জ্জন গঙ্গাজলে স্ত্রীলোকদের সঙ্গে ক্রীড়া করিবার জন্য আসিয়াছিলেন ॥৫॥

তিনি গঙ্গায় যাইবার সময়ে পাণ্ডবগণের কণ্ঠস্বর শুনিতে পাইলেন এবং সেই কণ্ঠস্বর শুনিবাই অত্যন্ত ক্রুদ্ধ হইলেন ॥৬॥

তাহার পর, তিনি মাতার সহিত পাণ্ডবগণকে সেখানে দেখিয়াই ভয়ঙ্কর ধনু বিস্ফারিত করিয়া এই কথা বলিলেন—॥৭॥

(৩) ··সোমাশ্রমায়ণম্। (৮) · অশীতিভির্লবৈর্হীনম্··· ।

বিহিতং কামচারাণাং যক্ষগন্ধর্ব্বরক্ষসাম্।
শেষমন্যন্মনুষ্যাণাং কামচারেষু বৈ স্মৃতম্ ॥৯॥
লোভাৎ প্রচারং চরতস্তাসু বেলাসু বৈ নরান্।
উপক্রান্তান্ নিগৃহ্লীমো রাক্ষসৈঃ সহ বালিশান্ ॥১০॥
অতো রাত্রৌ প্রাপ্নুবতো জলং ব্রহ্মবিদো জনাঃ।
গর্হয়ন্তি নরান্ সর্ব্বান্ বলস্থান্ নৃপতীনপি ॥১১॥
আরাত্তিষ্ঠত মা মহ্যং সমীপমুপসর্পত।
কস্মান্মাং নাভিজানীত প্রাপ্তং ভাগীরথীজলম্ ॥১২॥

ভারতকৌমুদী

সন্ধ্যেতি। পূর্ব্বরাত্রাগমেষু রাত্রেঃ পূর্ব্বভাগোপস্থিতিষু, যা ঘোরা সন্ধ্যা, সংবজ্যতে রক্তবর্ণা ভবতি, তন্মুহূর্ত্তম্, অশীলিভিরসচ্চরিত্রৈর্নরৈঃ, হীনং বর্জ্জিতম্, প্রচক্ষতে ব্রুবন্তি মুনয়ঃ। সচ্চরিত্রৈ-র্মুন্যাদিভিস্তু নরৈঃ সন্ধ্যাবন্দনাদ্যর্থং সেবিতমেবেতি ভাবঃ। "সায়াহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ শ্রাদ্ধং তত্র ন কারয়েৎ। রাক্ষসী নাম সা বেলা গর্হিতা সর্ব্বকর্ম্মসু॥" ইতি তিথিতত্ত্বধৃতবচনমপ্যত্র প্রমাণম্ ॥৮॥

বিহিতমিতি। বিহিতং তন্মুহূর্ত্তং বিধাত্রেতি শেষঃ। কামচারেষু ইচ্ছাবিহারেষু ॥৯॥

লোভাদিতি। প্রচারং চরতো গমনং কুর্ব্বতঃ। উপক্রান্তান্ উপস্থিতান্ ॥১০॥

অত ইতি। বলস্থান্ সেনামধ্যস্থান্। অন্যেষু কা কথেতি ভাবঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

জলৎকাষ্ঠম্ ॥৪—৫॥ বলবৎ অতিশয়িতম্ ॥৬—৭॥ পূর্ব্বরাত্রাগমেষু পশ্চিমায়াং দিশি অর্দ্ধাস্তমিতার্কমণ্ডলরূপা যা সন্ধ্যা সংবজ্যতে রক্তা ভবতি তস্মাৎ মুহূর্ত্তং প্রস্থানকালমশীতিভি-র্লবৈর্নিমেষার্দ্ধৈর্হীনং প্রচক্ষতে ॥৮॥ তদেব মুহূর্ত্তং যক্ষাদীনাং কর্ম্মচারেষু বিহিতম্। অন্যন্মনুষ্যাণাং কর্ম্মচারেষু স্মৃতমিত্যন্বয়ঃ। সন্ধ্যায়ামশীতিলবোপরি রাত্রৌ যক্ষাদীনামেব

"প্রথম রাত্রি উপস্থিত হইলে, যে সন্ধ্যা ভয়ঙ্কর রক্তবর্ণ হইয়া থাকে, সেই মুহূর্ত্তটাকে মুনিরা অসচ্চরিত্র লোকের বর্জ্জিত বলিয়া কহিয়া থাকেন ॥৮॥

এবং সেই মুহূর্ত্তটা কামচারী যক্ষ, গন্ধর্ব্ব ও রাক্ষসদিগের জন্য নির্দ্দিষ্ট রহিয়াছে, অবশিষ্ট অন্য মুহূর্ত্তগুলিই মনুষ্যদিগের ইচ্ছাবিহারের সময় ॥৯॥

সেই সময়ে মনুষ্যেরা লোভবশতঃ বিচরণ করিতে থাকিয়া উপস্থিত হইলে, আমরা রাক্ষসদিগের সহিত মিলিত হইয়া তাহাদিগকে নিগৃহীত করিয়া থাকি ॥১০॥

অতএব সর্ব্বপ্রকার মনুষ্য, এমন কি সৈন্যবেষ্টিত রাজারাও যদি রাত্রিতে নদীর জলে উপস্থিত হন, তবে ব্রহ্মজ্ঞ লোকেরা তাঁহাদের নিন্দা করেন ॥১১॥

(৯)···কর্ম্মচারেষু বৈ স্মৃতম্। (১১) "···বনস্থান্ নৃপতীনপি" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বে রঘুনন্দনধৃতঃ পাঠঃ। (১২)··· সমীপমুপতিষ্ঠত।

অঙ্গারপর্ণং গন্ধর্ব্বং বিত্ত মাং স্ববলাশ্রয়ম্ ।
অহং হি মানী চের্য্যুশ্চ কুবেরস্য প্রিয়ঃ সখা ॥১৩॥
অঙ্গারপর্ণমিত্যেবং খ্যাতঞ্চেদং বনং মম ।
অনুগঙ্গং চরন্ কামাংশ্চিত্রং যত্র রমাম্যহম্ ॥১৪॥
ন কৌণপাঃ শৃঙ্গিণো বা ন দেবা ন চ মানুষাঃ ।
ইদং সমুপসর্পন্তি তৎ কিং সমুপসর্পথ ॥১৫॥

ভারতকৌমুদী

আরাদিতি। আরাৎ দূরে। মহ্য মম। ন অভিজানীত ন অবগচ্ছত ।১২।
অঙ্গারেতি। অঙ্গারপর্ণং তদাখ্যম্। বিত্ত জানীত। স্ববলাশ্রয়ম্ অহন্যনিরপেক্ষম্ ।১৩।
অঙ্গারেতি। ইদং দৃশ্যমানম্। অনুগঙ্গং গঙ্গাসমীপে। কামান্ চরন্। যত্র বনে ।১৪।
নেতি। কৌণপা রাক্ষসাঃ ; শৃঙ্গিণো গবাদয়ঃ। সমুপসর্পন্তি মদ্বিহারকালে ।১৫।

ভারতভাবদীপঃ

সর্ব্বং বিসর্জ্জয়ামাস তমেকং সচিবং বিনা ॥১০॥

ভারতকৌমুদী

প্রজ্ঞয়েতি। প্রজ্ঞয়া বুদ্ধ্যা। নয়েন নীতিজ্ঞানেন চ। বিগতজ্বরঃ সন্তাপশূন্যঃ ॥৬॥
উবাচেতি। কল্যাণ্যা মঙ্গলজনিকয়া। ভদ্রং মঙ্গলম্ ॥৭॥
ক্ষুদিতি। ক্ষুৎপিপাসাপরিশ্রান্তম্, অতএব পতিতম্। পাতনং নিপাতকম্, সংখ্যে যুদ্ধে ॥৮॥
বারিণেতি। অস্ফুটৎ বারিসেকেন ধূল্যাদিমলাপগমাৎ উজ্জ্বলমভবৎ ॥৯॥
তত ইতি। প্রত্যাগতপ্রাণ উপস্থিতচৈতন্যঃ। বলং সৈন্যম্ ॥১০॥

ভারতভাবদীপঃ

ত্যক্তম্ ॥৩॥ আগতসম্ভ্রমো জাতভয়ঃ ॥৪ ৮॥ পুণ্ডরীকযুক্তেন সুগন্ধিনা উশীরমূলেন নির্ম্মিতং মুকুটং দাহাপনয়নার্থং রাজ্ঞঃ শিরসি নিহিতমাত্রমস্ফুটৎ বিশীর্ণং সদ্যঃ শুষ্কমভূৎ ইত্যর্থঃ।

পুত্রকে উত্তোলন করেন, তেমনই কামমোহিত ভূতল পতিত রাজাকে ভূতল হইতে উত্তোলন করিলেন ॥৩—৫॥

জ্ঞানে, বয়সে, যশে ও নীতিকৌশলে বৃদ্ধ সেই মন্ত্রী রাজা সম্বরণকে উত্তোলন করিয়া সন্তাপশূন্য হইলেন ॥৬॥

এবং তিনি মঙ্গলময় মধুর বাক্যে সম্মুখস্থিত রাজাকে কহিলেন—"রাজশ্রেষ্ঠ! আপনি ভীত হইবেন না, আপনার মঙ্গল হউক" ॥৭॥

আর, মন্ত্রী মনে করিলেন—'যুদ্ধে শত্রুনিপাতকারী রাজা ক্ষুধা ও পিপাসায় কাতর হইয়াই ভূতলে পতিত হইয়াছিলেন' ॥৮॥

তাহার পর, তিনি পদ্মসৌরভযুক্ত শীতল জল দ্বারা রাজার মস্তক সিক্ত করিলেন, তাহাতে ময়লা দূর হওয়ায় রাজার মুকুটখানি আরও উজ্জ্বল হইল ॥৯॥

---

(৯) অস্পৃশন্মুকুটং রাজ্ঞঃ ··· ।

ততস্তস্যাজ্ঞয়া রাজ্ঞো বিপ্রতস্থে মহদ্বলম্ ।
স তু রাজা গিরিপ্রস্থে তস্মিন্ পুনরুপাবিশৎ ॥১১॥
ততস্তস্মিন্ গিরিবরে শুচির্ভূত্বা কৃতাঞ্জলিঃ ।
আরিরাধয়িষুঃ সূর্য্যং তস্থাবূর্দ্ধমুখঃ ক্ষিতৌ ॥১২॥
জগাম মনসা চৈব বশিষ্ঠমৃষিসত্তমম্ ।
পুরোহিতমমিত্রঘ্নস্তদা সম্বরণো নৃপঃ ॥১৩॥
নক্তন্দিনমথৈকত্র স্থিতে তস্মিন্ জনাধিপে ।
অথাজগাম বিপ্রর্ষিস্তদা দ্বাদশমেঽহনি ॥১৪॥
স বিদিত্বৈব নৃপতিং তপত্যা হৃতমানসম্ ।
দিব্যেন বিধিনা জ্ঞাত্বা ভাবিতাত্মা মহানৃষিঃ ॥১৫॥
তথা তু নিয়তাত্মানং তং নৃপং মুনিসত্তমঃ ।
আবভাষে স ধর্ম্মাত্মা তস্যৈবার্থচিকীর্ষয়া ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। মহদ্বলং মহতী চমূঃ। গিরিপ্রস্থে পর্ব্বতসানৌ ॥১১॥
তত ইতি। আরিরাধয়িষুঃ আরাধয়িতুমিচ্ছুঃ। তস্থৌ স রাজা ॥১২॥
জগামেতি। জগাম সস্মার। অমিত্রঘ্নঃ শত্রুহন্তা ॥১৩॥
নক্তমিতি। নক্তন্দিনং দিবারাত্রম্। দ্বাদশমে দ্বাদশসংখ্যাপরিমিতে ॥১৪॥
স ইতি। দিব্যেন অলৌকিকেন বিধিনা ধ্যানেনেত্যর্থঃ, ভাবিতাত্মা জ্ঞানশোধিতচিত্তঃ। তস্য নৃপস্যৈব, অর্থচিকীর্ষয়া প্রয়োজনসাধনেচ্ছয়া ॥১৫—১৬॥

ভারতভাবদীপঃ

পাঠান্তরে স্পষ্টোঽর্থঃ ॥৯॥ বলং সৈন্যম্ ॥১০॥ গিরিপ্রস্থে শৈলশিখরে ॥১১—১৩॥ দ্বাদশমে

পরে, রাজা চৈতন্য লাভ করিয়া, কেবল সেই মন্ত্রী ব্যতীত সমস্ত সৈন্যকেই বিদায় করিলেন ॥১০॥

তদনন্তর, রাজার আদেশে সেই বিশাল সৈন্য রাজধানীর দিকে প্রস্থান করিল; কিন্তু রাজা সেই পর্ব্বতের সমতল ভূমিতেই পুনরায় উপবেশন করিলেন ॥১১॥

তাহার পর, তিনি সূর্য্যদেবের আরাধনা করিবার ইচ্ছায় সেই পর্ব্বতেই পবিত্র ও কৃতাঞ্জলি হইয়া ঊর্দ্ধমুখে ভূতলে অবস্থান করিতে লাগিলেন ॥১২॥

এবং মনে মনে ঋষিশ্রেষ্ঠ পুরোহিত বশিষ্ঠকে স্মরণ করিতে থাকিলেন ॥১৩॥

রাজা এইভাবে সেই স্থানে দিবারাত্র অবস্থান করিতে থাকিলে, বার দিনের দিন ব্রহ্মর্ষি বশিষ্ঠ সেখানে আগমন করিলেন ॥১৪॥

জ্ঞানী ও ধার্ম্মিক মহর্ষি বশিষ্ঠ তপতীই যে সম্বরণ রাজার চিত্ত অপহরণ

স তস্য মনুজেন্দ্রস্য পশ্যতো ভগবানৃষিঃ।
ঊর্দ্ধমাচক্রমে দ্রষ্টুং ভাস্করং ভাস্করদ্যুতিঃ ॥১৭॥
সহস্রাংশুং ততো বিপ্রঃ কৃতাঞ্জলিরুপস্থিতঃ।
বশিষ্ঠোঽহমিতি প্রীত্যা স চাত্মানং ন্যবেদয়ৎ ॥১৮॥
তমুবাচ মহাতেজা বিবস্বান্ মুনিসত্তমম্।
মহর্ষে! স্বাগতং তেঽস্তু কথয়স্ব যথেপ্সিতম্ ॥১৯॥
যদিচ্ছসি মহাভাগ! মত্তঃ প্রবদতাং বর!।
তত্তে দদ্যামভিপ্রেতং যদ্যপি স্যাৎ সুদুষ্করম্ ॥২০॥
এবমুক্তঃ স তেনর্ষির্বশিষ্ঠঃ প্রত্যভাষত।
প্রণিপত্য বিবস্বন্তং ভানুমন্তং মহাতপাঃ ॥২১॥

বশিষ্ঠ উবাচ।

যৈষা তে তপতী নাম সাবিত্র্যবরজা সুতা।
তাং ত্বাং সম্বরণস্যার্থে বরয়ামি বিভাবসো! ॥২২॥

ভাবতকৌমুদী

স ইতি। তস্য তমনাদৃত্য। আচক্রমে জগাম ॥১৭॥
সহস্রেতি। সহস্রাংশুং সূর্য্যম্ ॥১৮॥
তমিতি। বিবস্বান্ সূর্য্যঃ। স্বাগতং স্বাগতপ্রশ্নেন সমাদরণম্ ॥১৯॥
যদিতি। মত্তো মম সকাশাৎ ॥২০॥
এবমিতি। ভানুমন্তং প্রশস্তকিরণং সহস্রকিরণং বা ॥২১॥
যেতি। বরযামি প্রার্থযামি। প্রার্থনার্থত্বাদ্দ্বিকর্ম্মকত্বম্ ॥২২॥

করিয়াছেন ইহা ধ্যানে জানিয়া, তাঁহারই উদ্দেশ্য সাধন করিবার ইচ্ছায় তাঁহার সহিত কিছু আলাপ করিলেন ॥১৫—১৬॥

পরে, রাজা দেখিতেছিলেন, এই অবস্থায়ই সূর্য্যের তুল্য তেজস্বী ভগবান্ বশিষ্ঠ সূর্য্যের সহিত সাক্ষাৎ করিবার জন্য উপরের দিকে চলিয়া গেলেন ॥১৭॥

তাহার পর, বশিষ্ঠ কৃতাঞ্জলি হইয়া সূর্য্যের নিকট উপস্থিত হইলেন এবং 'আমি বশিষ্ঠ' এইরূপে প্রণয়পূর্ব্বক আত্মপরিচয় দিলেন ॥১৮॥

তখন সূর্য্যদেব মুনিশ্রেষ্ঠ বশিষ্ঠকে বলিলেন—"মহর্ষি! আপনার উপযুক্ত অভ্যর্থনা করিতেছি, আপনি অভীষ্ট বিষয় বলুন ॥১৯॥

মহাত্মন্! আপনি আমার নিকট যাহা ইচ্ছা করিতেছেন, তাহা অতিদুষ্কর হইলেও আমি আপনাকে দিব" ॥২০॥

সূর্য্যদেব এইরূপ বলিলে, বশিষ্ঠ প্রণিপাত করিয়া তাঁহাকে বলিলেন ॥২১॥

স হি রাজা বৃহৎকীর্ত্তির্ধর্ম্মার্থবিদুদারধীঃ।
যুক্তঃ সম্বরণো ভর্ত্তা দুহিতুস্তে বিহঙ্গম! ॥২৩॥
ইত্যুক্তঃ স তদা তেন দদানীত্যেব নিশ্চিতঃ।
প্রত্যভাষত তং বিপ্রং প্রতিনন্দ্য দিবাকরঃ ॥২৪॥
বরঃ সম্বরণো রাজ্ঞাং ত্বমৃষীণাং বরো মুনে!।
তপতী যোষিতাং শ্রেষ্ঠা কিমন্যদপসর্জ্জনাৎ ॥২৫॥
ততঃ সর্ব্বানবদ্যাঙ্গীং তপতীং তপনঃ স্বয়ম্।
দদৌ সম্বরণস্যার্থে বশিষ্ঠায মহাত্মনে ॥২৬॥
প্রতিজগ্রাহ তাং কন্যাং মহর্ষিস্তপতীং তদা।
বশিষ্ঠোঽথ বিসৃষ্টস্তু পুনরেবাজগাম হ ॥২৭॥

ভারতকৌমুদী

স ইতি। বিহায়সা আকাশেন গচ্ছতীতি বিহঙ্গমঃ সূর্য্যস্তৎসম্বোধনম্ ॥২৩॥
ইতীতি। নিশ্চিতঃ পূর্ব্বমেব নিশ্চয়েন কৃতসঙ্কল্পঃ। প্রতিনন্দ্য আদৃত্য ॥২৪॥
বর ইতি। বরঃ শ্রেষ্ঠঃ। অপসর্জ্জনাৎ দানাৎ, অন্যৎ কিং কর্ত্তব্যমস্তি ॥২৫॥
তত ইতি। তপনঃ সূর্য্যঃ, স্বয়মাত্মনৈব ন পুনরন্যদ্বারা ॥২৬॥
প্রতীতি। বিসৃষ্টঃ সূর্য্যেণেতি শেষঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

দ্বাদশসংখ্যযা মিতে ॥১৪॥ দিব্যেন বিধিনা যোগবলেন ॥১৫—১৬॥ পশ্যতঃ সতঃ পশ্যতো-

---

বশিষ্ঠ বলিলেন—"সূর্য্যদেব! সাবিত্রীর কনিষ্ঠা তপতী নামে আপনার যে একটী কন্যা আছে, সেটীকে সম্বরণরাজার জন্য আপনার নিকট আমি প্রার্থনা করি ॥২২॥

সম্বরণরাজা অত্যন্ত যশস্বী, ধর্ম্মার্থজ্ঞ এবং উদারচেতা; সুতরাং তিনিই আপনার কন্যার উপযুক্ত বর" ॥২৩॥

সূর্য্যদেব পূর্ব্বেই সম্বরণরাজাকে কন্যা দান করিবেন এইরূপ স্থির করিয়াছিলেন, সুতরাং তখন বশিষ্ঠ ঐরূপ বলিলে, তাঁহাকে আদর করিয়া বলিলেন—॥২৪॥

"মহর্ষি! সম্বরণ, রাজাদের মধ্যে শ্রেষ্ঠ, আপনি মুনিদের মধ্যে শ্রেষ্ঠ এবং তপতীও নারীদের মধ্যে শ্রেষ্ঠা; অতএব সম্বরণের হস্তে তপতীকে দান করা ভিন্ন আর কি করিব" ॥২৫॥

তাহার পর, সূর্য্যদেব নিজেই সম্বরণরাজার জন্য সর্ব্বাঙ্গসুন্দরী তপতীকে মহাত্মা বশিষ্ঠের নিকট সমর্পণ করিলেন ॥২৬॥

যত্র বিখ্যাতকীর্ত্তিঃ স কুরূণামৃষভোঽভবৎ।
স রাজা মন্মথাবিষ্টস্তদ্‌গতেনান্তরাত্মনা ॥২৮॥
দৃষ্ট্বা চ দেবকন্যাং তাং তপতীং চারুহাসিনীম্।
বশিষ্ঠেন সহায়ান্তীং সংহৃষ্টোঽভ্যধিকং বভৌ ॥২৯॥
রুরুচে সাধিকং সুভ্রূরাপতন্তী নভস্তলাৎ।
সৌদামিনীব বিভ্রষ্টা দ্যোতয়ন্তী দিশস্ত্বিষা ॥৩০॥
কৃচ্ছ্রাদ্দ্বাদশরাত্রে তু তস্য রাজ্ঞঃ সমাহিতে।
আজগাম বিশুদ্ধাত্মা বশিষ্ঠো ভগবানৃষিঃ ॥৩১॥
তপসারাধ্য বরদং দেবং গোপতিমীশ্বরম্।
লেভে সম্বরণো ভার্য্যাং বশিষ্ঠস্যৈব তেজসা ॥৩২॥

ভারতকৌমুদী

যত্রেতি। তদ্‌গতেন তপতীগতেন। মন্মথাবিষ্টঃ অভবদিতি সম্বন্ধঃ ॥২৮॥
দৃষ্ট্বেতি। সংহৃষ্টঃ অতীবানন্দিতঃ সম্বরণ ইতি শেষঃ ॥২৯॥
রুরুচ ইতি। আপতন্তী আগচ্ছন্তী। সৌদামিনী বিদ্যুৎ। ত্বিষা শরীরকান্ত্যা ॥৩০॥
কৃচ্ছ্রাদিতি। দ্বাদশরাত্রে, কৃচ্ছ্রাৎ সূর্য্যব্রতাচরণকষ্টাৎ, সমাহিতে সমাধিনা অতিবাহিতে ॥৩১॥
তপসেতি। গোপতিং তেজসাং পতিম্, ঈশ্বরং সূর্য্যম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

ঽর্থে বা ॥১৭—২২॥ বিহঙ্গম। হে খেচর! ॥২৩—২৪॥ কিমন্যচ্ছ্রেষ্ঠম্, অপবর্জ্জনাৎ দানাৎ ॥২৫—৩০॥ কৃচ্ছ্রাৎ ক্লেশাৎ, দ্বাদশরাত্রসাধ্যে সমাহিতে সমাধৌ নিয়মে সমাপ্তে সতি ॥৩১॥

মহর্ষি বশিষ্ঠও তখন তপতীনাম্নী সেই কন্যাটীকে গ্রহণ করিলেন এবং সূর্য্যদেবের নিকট বিদায় লইয়া পুনরায় চলিয়া আসিলেন ॥২৭॥

বিখ্যাতকীর্ত্তি কুরুশ্রেষ্ঠ সম্বরণরাজা তপতীকে ভাবিতে থাকিয়া কামাবিষ্ট হইয়া যেখানে অবস্থান করিতেছিলেন ॥২৮॥

রাজা, চারুহাসিনী দেবকন্যা তপতীকে বশিষ্ঠের সহিত আসিতে দেখিয়া, অত্যন্ত আনন্দিত হইয়া বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥২৯॥

সুন্দরী তপতীও মেঘবিচ্যুত বিদ্যুতের ন্যায় আপন কান্তি দ্বারা সমস্ত দিক্ আলোকিত করিয়া, আকাশ হইতে আসিতে থাকিয়া, অত্যন্ত শোভা পাইতে লাগিলেন ॥৩০॥

তখন রাজা কষ্টসাধ্য সূর্য্যোপাসনায় দ্বাদশ দিন অতিবাহিত করিলে, শুদ্ধচিত্ত বশিষ্ঠ তপতীকে লইয়া তথায় উপস্থিত হইলেন ॥৩১॥

ততস্তস্মিন্ গিরিশ্রেষ্ঠে দেবগন্ধর্ব্বসেবিতে।
জগ্রাহ বিধিবৎ পাণিং তপত্যাঃ স নরর্ষভঃ ॥৩৩॥
বশিষ্ঠেনাভ্যনুজ্ঞাতস্তস্মিন্নেব ধরাধরে।
সোঽকাময়ত রাজর্ষির্বিহর্ত্তুং সহ ভার্য্যয়া ॥৩৪॥
ততঃ পুরে চ রাষ্ট্রে চ বনেষূপবনেষু চ।
আদিদেশ মহীপালস্তমেব সচিবং তদা ॥৩৫॥
নৃপতিং ত্বভ্যনুজ্ঞাপ্য বশিষ্ঠোঽথাপচক্রমে।
সোঽথ রাজা গিরৌ তস্মিন্ বিজহারামরো যথা ॥৩৬॥
ততো দ্বাদশ বর্ষাণি কাননেষু বনেষু চ।
রেমে তস্মিন্ গিরৌ রাজা তয়ৈব সহ ভার্য্যয়া ॥৩৭॥
তস্য রাজ্ঞঃ পুরে তস্মিন্ সমা দ্বাদশ সত্তম।
ন ববর্ষ সহস্রাক্ষো রাষ্ট্রে চৈবাস্য ভারত। ॥৩৮॥

ভারতকৌমুদী

তত ইতি। স নরর্ষভঃ সম্বরণঃ ॥৩৩॥
বশিষ্ঠেনেতি। ধরাধরে পর্ব্বতে। অকাময়ত ঐচ্ছৎ ॥৩৪॥
তত ইতি। আদিদেশ শাসনাদিকং বিধাতুমিতি শেষঃ ॥৩৫॥
নৃপতিমিতি। অপচক্রমে প্রতস্থে ॥৩৬॥
তত ইতি। কাননেষু মহারণ্যেষু, বনেষু উপবনেষু ॥৩৭॥
তস্যেতি। সমা বৎসরান্। সহস্রাক্ষ ইন্দ্রঃ। রাষ্ট্রে রাজ্যে ॥৩৮॥

সম্বরণরাজা তপস্যা দ্বারা বরদাতা জগদীশ্বর সূর্য্যদেবের আরাধনা করিয়া এবং বশিষ্ঠের প্রভাবে তপতীকে ভার্য্যারূপে লাভ করিলেন ॥৩২॥

তাহার পর, দেবগণ ও গন্ধর্ব্বগণসেবিত সেই পর্ব্বতে থাকিয়াই সম্বরণরাজা যথাবিধানে তপতীর পাণিগ্রহণ করিলেন ॥৩৩॥

পরে, বশিষ্ঠের অনুমতিক্রমে রাজা সেই পর্ব্বতে থাকিয়াই ভার্য্যা তপতীর সহিত বিহার করিতে ইচ্ছা করিলেন ॥৩৪॥

তৎপরে, তিনি রাজধানী, রাজ্য, বন ও উপবনপ্রভৃতি পর্য্যবেক্ষণ করিবার জন্য সেই মন্ত্রীকেই আদেশ করিলেন ॥৩৫॥

তাহার পর, বশিষ্ঠ রাজাকে ঐরূপ অনুমতি দিয়া চলিয়া গেলেন, রাজাও সেই পর্ব্বতে থাকিয়া দেবতার ন্যায় বিহার করিতে লাগিলেন ॥৩৬॥

তৎপরে রাজা বার বৎসরপর্য্যন্ত সেই পর্ব্বতে থাকিয়া বনে ও উপবনে সেই ভার্য্যার সহিত রমণ করিলেন ॥৩৭॥

ততস্তস্যামনাবৃষ্ট্যাং প্রবৃত্তায়ামবিন্দম।।
প্রজাঃ ক্ষয়মুপাজগ্মুঃ সর্ব্বাঃ সস্থাণুজঙ্গমাঃ ॥৩৯॥
তস্মিংস্তথাবিধে কালে বর্ত্তমানে সুদারুণে।
নাবশ্যায়ঃ পপাতোর্ব্ব্যাং ততঃ শস্যানি নারুহন্ ॥৪০॥
ততো বিভ্রান্তমনসো জনাঃ ক্ষুদ্ভয়পীড়িতাঃ।
গৃহাণি সম্পবিত্যজ্য বভ্রমুঃ প্রদিশো দিশঃ ॥৪১॥
ততস্তস্মিন্ পুবে রাষ্ট্রে ত্যক্তদারপবিগ্রহাঃ।
পরস্পবমমর্য্যাদাঃ ক্ষুধার্ত্তা জঘ্নিরে জনাঃ ॥৪২॥
তৎক্ষুধার্ত্তৈর্নিবাহারৈঃ শবভূতৈস্তথা নরৈঃ।
অভবৎ প্রেতরাজস্য পুরং প্রেতৈরিবাবৃতম্ ॥৪৩॥
ততস্তত্তাদৃশং দৃষ্ট্বা স এব ভগবানৃষিঃ।
প্রত্যপদ্যত ধর্ম্মাত্মা বশিষ্ঠো মুনিসত্তমঃ ॥৪৪॥

ভাবতকৌমুদী

তত ইতি। প্রবৃত্তাযাং জাতায়াম্। সস্থাণুজঙ্গমাঃ সচবাচরাঃ ॥৩৯॥
তস্মিন্নিতি। অবশ্যাযস্তুষাবোঽপি। নারুহন্ নোৎপন্নানি ॥৪০॥
তত ইতি। বিভ্রান্তমনসঃ অস্থিবচিত্তাঃ। প্রদিশো দিগন্তবালানি ॥৪১॥
তত ইতি। পবিগ্রহাঃ পবিজনাঃ। অমর্য্যাদাঃ কর্ত্তব্যনিযমশূন্যাঃ ॥৪২॥
তদিতি। তৎ বাজপুবম্। শবভূতৈর্মৃতপ্রাযৈঃ। প্রেতবাজস্য যমস্য ॥৪৩॥

ভারতভাবদীপঃ

গোপতিং সূর্য্যম্ ॥৩২—৩৭॥ ন ববর্ষ বাজ্ঞঃ কামসক্ত্যা বার্ষিকজ্যোতিষ্টোমাদিক্রিযালোপাৎ

ভবতশ্রেষ্ঠ! সেই বাব বৎসবের মধ্যে সেই বাজাব বাজ্যে ও রাজধানীতে ইন্দ্র বর্ষা কবিলেন না ॥৩৮॥

সেই অনাবৃষ্টি চলিতে থাকিলে স্থাবব ও জঙ্গম সমস্ত প্রজাই ক্রমশঃ ক্ষয় পাইতে লাগিল ॥৩৯॥

সেইরূপ ভযঙ্কব সময়ে ভূতলে হিমবিন্দুও পড়ে নাই, তাহাতে কোন শস্যই জন্মে নাই ॥৪০॥

তাহাতে লোক সকল ক্ষুধায় পীড়িত হইয়া, গৃহ পবিত্যাগ করিয়া, অস্থিরচিত্তে দিক্‌বিদিকে বিচবণ কবিতে লাগিল ॥৪১॥

এবং সেই বাজ্য ও বাজধানীর মানুষেবা ক্ষুধার্ত্ত হইযা ভার্য্যা ও পরিজনবর্গকে পবিত্যাগ কবিযা পবস্পব কর্ত্তব্যহীন হইযা পড়িল ॥৪২॥

ক্ষুধার্ত্ত অথচ উপবাসী মৃতপ্রায় লোকে পরিপূর্ণ সেই বাজধানীটা, প্রেতে পবিপূর্ণ যমালয়েব ন্যায় হইয়া পড়িল ॥৪৩॥

তঞ্চ পার্থিবশার্দ্দূলমানয়ামাস তৎ পুরম্ ।
তপত্যা সহিতং রাজন্ । বর্ষে দ্বাদশমে গতে ।
ততঃ প্রবৃত্তস্তত্রাসীদ্‌যথাপূর্ব্বং সুরারিহা ॥৪৫॥
তস্মিন্ নৃপতিশার্দ্দূলে প্রবিষ্টে নগরং পুনঃ ।
প্রববর্ষ সহস্রাক্ষঃ শস্যানি জনয়ন্ প্রভুঃ ॥৪৬॥
ততঃ সরাষ্ট্রং মুমুদে তৎ পুরং পরয়া মুদা ।
তেন পার্থিবমুখ্যেন ভাবিতং ভাবিতাত্মনা ॥৪৭॥
ততো দ্বাদশ বর্ষাণি পুনরীজে নরাধিপঃ ।
তপত্যা সহিতঃ পত্ন্যা যথা শচ্যা মরুৎপতিঃ ॥৪৮॥
এবমাসীন্মহাভাগা তপতী নাম পৌর্ব্বিকী ।
তব বৈবস্বতী পার্থ ! তাপত্যস্ত্বং যয়া মতঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

তত ইতি। তৎ রাজপুরম্, তাদৃশং ক্লিষ্টজনাকুলম্। প্রত্যপদ্যত আপচ্ছৎ ॥৪৪॥

তমিতি। আনয়ামাস আনিনায়। দ্বাদশ মা মানং পরিমাণং যস্য তস্মিন্। সুরারিহা ইন্দ্রঃ, যথাপূর্ব্বং পূর্ব্ববদেব, তত্র দেশে, প্রবৃত্তো বর্ষণকারী। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥

তস্মিন্নিতি। সহস্রাক্ষ ইন্দ্রঃ। জনয়ন্ জনয়িষ্যন্ ॥৪৬॥

তত ইতি। ভাবিতং সৌভাগ্যশালীকৃতম্। ভাবিতাত্মনা নির্ম্মলীকৃতমনসা ॥৪৭॥

তত ইতি। ঈজে যজ্ঞং চকার। মরুৎপতিরিন্দ্রঃ ॥৪৮॥

এবমিতি। পৌর্ব্বিকী পূর্ব্বমুৎপন্না। বৈবস্বতী বিবস্বতঃ কন্যা ॥৪৯॥

তাহার পর, সেই রাজধানীটাকে সেইরূপ দেখিয়া, ধর্ম্মাত্মা মুনিশ্রেষ্ঠ সেই বশিষ্ঠই সেখানে উপস্থিত হইলেন ॥৪৪॥

এবং তিনি বার বৎসর অতীত হইলে, তপতীর সহিত সম্বরণরাজাকে সেই রাজধানীতে আনয়ন করিলেন, তাহার পর, সেই দেশে দেবরাজ পূর্ব্বের ন্যায় বর্ষণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৫॥

সম্বরণরাজা রাজধানীতে প্রবেশ করিলে, দেবরাজ শস্য জন্মাইবেন বলিয়া বর্ষা করিতে লাগিলেন ॥৪৬॥

নির্ম্মলহৃদয় সম্বরণরাজা ভাগ্য ফিরাইয়া আনিলে, রাজ্যের সহিত সেই রাজধানী অত্যন্ত আনন্দ লাভ করিল ॥৪৭॥

তাহার পর, শচীদেবীর সহিত মিলিত দেবরাজের ন্যায় সম্বরণরাজা তপতীর সহিত মিলিত হইয়া, আবার বার বৎসর যজ্ঞ করিলেন ॥৪৮॥

---

(৪৫) রাজন্ বিতং দ্বাদশাঃ সমাঃ, ব্যুষিতং শাশ্বতীঃ সমাঃ... ।

তস্যাং স জনয়ামাস কুরুং সম্বরণো নৃপঃ।
তপত্যাং তপতাং শ্রেষ্ঠ। তাপত্যস্ত্বং ততোঽর্জ্জুন। ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে তাপত্যং নাম ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

স গন্ধর্ব্ববচঃ শ্রুত্বা তত্তদা ভরতর্ষভ!।
অর্জ্জুনঃ পরয়া প্রীত্যা পূর্ণচন্দ্র ইবাবভৌ ॥১॥

ভারতকৌমুদী

তস্যামিতি। তপতাং প্রতাপেন শত্রুতাপিনাম্। তপত্যা অপত্যমিতি তাপত্যম্ ॥৫০॥

ইতি মহামহোপাধ্যায ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযামাদিপর্ব্বণি চৈত্ররথে ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

স ইতি। প্রীত্যা মহাজনবংশে জন্মশ্রবণানন্দেন। পূর্ণচন্দ্র ইব উৎফুল্লাকারত্বাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

॥২৮—৩৯॥ অবশ্যাযঃ নীহারোঽপি ন পপাত কুতো বৃষ্টিরিত্যর্থঃ ॥৪০—৪২॥ তৎ তদা, শবভূতৈঃ মৃতসদৃশৈঃ ॥৪৩—৫০॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যাযঃ ॥১৬৬॥

—:*:—

অর্জ্জুন! তোমা হইতে পূর্ব্বোৎপন্না সূর্য্যকন্যা তপতী এইরূপ ভাগ্যবতী ছিলেন; যাঁহার নাম অনুসারে তুমি 'তাপত্য' হইযাছ ॥৪৯॥

হে বীরশ্রেষ্ঠ অর্জ্জুন! সেই সম্বরণরাজা সেই তপতীর গর্ভে 'কুরু' নামে একটী পুত্র উৎপাদন করিয়াছিলেন। তপতীর বংশে জন্মিয়াছ বলিয়া তুমি 'তাপত্য'" ॥৫০॥

—:*:—

বৈশম্পাযন বলিলেন—তখন অর্জ্জুন সেই গন্ধর্ব্বের কথা শুনিয়া অত্যন্ত আনন্দে পূর্ণচন্দ্রের ন্যায শোভা পাইতে লাগিলেন ॥১॥

* '.. একসপ্তত্যধিক ..', '.. ত্রিসপ্তত্যধিক...', '.. একোননবত্যধিক...' ইতি পাঠান্তরাণি।

(১) ..পরযা ভক্ত্যা...।

উবাচ চ মহেষ্বাসো গন্ধর্ব্বং কুরুসত্তমঃ।
জাতকৌতূহলোঽতীব বশিষ্ঠস্য তপোবলাৎ ॥২॥
বশিষ্ঠ ইতি যস্যৈতদৃষের্নাম ত্বয়েরিতম্।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং যথাবত্তদ্বদস্ব মে ॥৩॥
য এষ গন্ধর্ব্বপতে। পূর্ব্বেষাং নঃ পুরোহিতঃ।
আসীদেতন্মমাচক্ষ্ব ক এষ ভগবানৃষিঃ ॥৪॥

গন্ধর্ব্ব উবাচ।

ব্রহ্মণো মানসঃ পুত্রো বশিষ্ঠোঽরুন্ধতীপতিঃ।
তপসা নির্জ্জিতৌ শশ্বদজেযাবমরৈরপি ॥৫॥
কামক্রোধাবুভৌ যস্য চরণৌ সংববাহতুঃ।
ইন্দ্রিয়াণাং বশকরো বশিষ্ঠ ইতি চোচ্যতে ॥৬॥ (যুগ্মকম্)
যথা কামশ্চ ক্রোধশ্চ নির্জ্জিতাবজিতৌ নরৈঃ।
জিতারয়ো জিতা লোকাঃ পন্থানশ্চ জিতা দিশঃ ॥৭॥

ভারতকৌমুদী

উবাচেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। তপোবলাৎ তপোবলশ্রবণাৎ ॥২॥
বশিষ্ঠ ইতি। ঈরিতমুক্তম্। তৎ বশিষ্ঠোপাখ্যানম্ ॥৩॥
য ইতি। নঃ অস্মাকম্, পূর্ব্বেষাং পূর্ব্বপুরুষাণাম্ ॥৪॥
ব্রহ্মণ ইতি। মানসো মনঃসঙ্কল্পমাত্রেণৈব জাতঃ। শশ্বৎ সর্ব্বদা, অমরৈরপি অজেযৌ কাম-ক্রোধৌ নির্জ্জিতাবিতি সম্বন্ধঃ। তৌ চোভৌ, যস্য চরণৌ, সংববাহতুঃ সংবাহয়ামাসতুঃ চরণ-সংবাহকৌ ভৃত্যাবিব বশীবভূবতুরিত্যর্থঃ। আর্ষোঽয়ং প্রয়োগঃ ॥৫—৬॥

কুরুকুলশ্রেষ্ঠ মহাধনুর্দ্ধর অর্জ্জুন বশিষ্ঠের তপস্যার প্রভাব শুনিয়া অত্যন্ত কৌতুকান্বিত হইয়া গন্ধর্ব্বকে বলিলেন— ॥২॥

"সখে! তুমি যে মহর্ষির 'বশিষ্ঠ' এই নাম বলিলে, তাঁহার বৃত্তান্ত আমি শুনিতে ইচ্ছা করি, সুতরাং আমার নিকট তাহা তুমি বল ॥৩॥

গন্ধর্ব্বরাজ! যিনি আমাদের পূর্ব্বপুরুষদিগের পুরোহিত ছিলেন, এই মহর্ষিকে? তাহা আমার নিকট বল" ॥৪॥

গন্ধর্ব্ব বলিল—"বশিষ্ঠ ব্রহ্মার মানসপুত্র এবং অরুন্ধতীর পতি, ইনি তপস্যার প্রভাবে দেবগণেরও অজেয় কাম ও ক্রোধকে জয় করিয়াছেন, তাই কাম ও ক্রোধ ভৃত্যের ন্যায় তাঁহার বশীভূত এবং তিনি অন্যান্য ইন্দ্রিয়কে বশ করিয়াছেন, তাহাতেই লোকে তাঁহাকে 'বশিষ্ঠ' বলে ॥৫—৬॥

(৬)·· চরণৌ সমূবাহতুঃ। ৭ শ্লোকঃ কুত্রচিৎ পুস্তকে ন দৃশ্যতে।

যস্তু নোচ্ছেদনং চক্রে কুশিকানামুদারধীঃ।
বিশ্বামিত্রাপরাধেন ধারয়ন্ মন্যুমুত্তমম্ ॥৮॥
পুত্রব্যসনসন্তপ্তঃ শক্তিমানপ্যশক্তবৎ।
বিশ্বামিত্রবিনাশায় ন চক্রে কর্ম্ম দারুণম্ ॥৯॥
মৃতাংশ্চ পুনরাহর্ত্তুং যঃ স পুত্রান্ যমক্ষয়াৎ।
কৃতান্তং নাতিচক্রাম বেলামিব মহোদধিঃ ॥১০॥
যং প্রাপ্য বিজিতাত্মানং মহাত্মানং নরাধিপাঃ।
ইক্ষ্বাকবো মহীপালা লেভিরে পৃথিবীমিমাম্ ॥১১॥
পুরোহিতমিমং প্রাপ্য বশিষ্ঠমৃষিমুত্তমম্।
ঈজিরে ক্রতুভিশ্চৈব নৃপাস্তে কুরুনন্দন। ॥১২॥

ভারতকৌমুদী

বশিষ্ঠনাম্নি যোগান্তরমাহ—যথেতি। অররো লোভাদযোঽন্তঃশত্রবঃ। জিতা ইতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ। পন্থানঃ কামাদীনামন্তঃশত্রূণাং প্রসরণমার্গাশ্চ ॥৭॥

য ইতি। উত্তমমুৎকটম্, মন্যুং ক্রোধম্, ধারয়ন্ অন্তরেব নিরুন্ধন্ ॥৮॥

পুত্রেতি। পুত্রব্যসনসন্তপ্তঃ শতপুত্রবধেনোত্তেজিতঃ। কর্ম্ম অভিচারাদিকম্ ॥৯॥

মৃতানিতি। যমস্য ক্ষয়াদ্ভবনাৎ। কৃতান্তং তমেব যমম্। বেলাং তীরম্ ॥১০॥

যমিতি। বিজিতাত্মানং বশীকৃতেন্দ্রিয়ম্। ইক্ষ্বাকব ইক্ষ্বাকুবংশীয়াঃ ॥১১॥

পুরোহিতমিতি। ঈজিরে দেবান্ পূজয়ামাসুঃ। তে ইক্ষ্বাকুবংশীয়াঃ ॥১২॥

তিনি মানুষের অজেয় কাম ও ক্রোধকে যেমন জয় করিয়াছেন, তেমন লোভপ্রভৃতি শত্রু, সমস্ত লোক, কামাদির পথ এবং সকল দিক্ও জয় করিয়াছেন ॥৭॥

যে মহাত্মা দারুণ ক্রোধের বেগ সংবরণ করিয়া বিশ্বামিত্রের অপরাধে তাঁহার কুশিকবংশেরই উচ্ছেদ করেন নাই ॥৮॥

যিনি পুত্রবধে উত্তেজিত এবং প্রতিবিধানে সমর্থ হইয়াও অসমর্থেরই মত থাকিয়া বিশ্বামিত্রের বিনাশের জন্য কোন ভয়ঙ্কর কার্য্যের অনুষ্ঠান করেন নাই ॥৯॥

যিনি যমালয় হইতে মৃত পুত্রগণকে পুনরায় আনিবার জন্য, সমুদ্র যেমন তীর অতিক্রম করে না, সেইরূপ যমকে অতিক্রম করেন নাই ॥১০॥

ইক্ষ্বাকুবংশীয় রাজারা যে জিতেন্দ্রিয় মহাত্মাকে পুরোহিত পাইয়া এই পৃথিবী লাভ করিয়া গিয়াছেন ॥১১॥

এবং সেই ইক্ষ্বাকুবংশীয় রাজারা ঋষিশ্রেষ্ঠ যে বশিষ্ঠকে পুরোহিত পাইয়া নানাবিধ যজ্ঞ করিয়া গিয়াছেন ॥১২॥

স হি তান্ যাজয়ামাস সর্ব্বান্ নৃপতিসত্তমান্ ।
ব্রহ্মর্ষিঃ পাণ্ডবশ্রেষ্ঠ ! বৃহস্পতিরিবামরান্ ॥১৩॥
তস্মাদ্ধর্ম্মপ্রধানাত্মা বেদধর্ম্মবিদীপ্সিতঃ ।
ব্রাহ্মণো গুণবান্ কশ্চিৎ পুরোধাঃ প্রতিদৃশ্যতাম্ ॥১৪॥
ক্ষত্রিয়েণাভিজাতেন পৃথিবীং জেতুমিচ্ছতা ।
পূর্ব্বং পুরোহিতঃ কার্য্যঃ পার্থ ! রাজ্যাভিবৃদ্ধয়ে ॥১৫॥
মহীং জিগীষতা রাজ্ঞা ব্রহ্ম কার্য্যং পুরঃসরম্ ।
তস্মাৎ পুরোহিতঃ কশ্চিৎ গুণবান্ বিজিতেন্দ্রিয়ঃ ।
বিদ্বান্ ভবতু বো বিপ্রো ধর্ম্মকামার্থতত্ত্ববিৎ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে বাশিষ্ঠে সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। তান্ ইক্ষ্বাকুবংশীয়ান্ ॥১৩॥

তস্মাদিতি। পুরোধাঃ পুরোহিতঃ, প্রতিদৃশ্যতাম্ অন্বিষ্যতামিত্যর্থঃ ॥১৪॥

ক্ষত্রিয়েণেতি। অভিজাতেন সৎকুলোৎপন্নেন ॥১৫॥

মহীমিতি। ব্রহ্ম ব্রাহ্মণগতো বেদঃ, বেদজ্ঞো ব্রাহ্মণ ইত্যর্থঃ। ষট্পদমিদং পদ্যম্ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

স গন্ধর্ব্বেতি ॥১–৭॥ অপরাধেন পুত্রশতবধরূপেণ ॥৮—১৫॥ প্রকরণার্থমুপসংহরতি—তস্মাদিতি ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৭॥

বৃহস্পতি যেমন দেবগণের যাজন করেন, তেমন সেই ব্রহ্মর্ষি বশিষ্ঠ সমস্ত সূর্য্যবংশীয় রাজাদের যাজন করিয়াছেন ॥১৩॥

অতএব সখে ! ধার্ম্মিক, বেদজ্ঞ ও গুণবান্ কোন ব্রাহ্মণকে পুরোহিত করিবার জন্য তোমরা অন্বেষণ কর ॥১৪॥

অর্জ্জুন ! পৃথিবীজিগীষু সৎকুলোৎপন্ন ক্ষত্রিয় রাজ্যবৃদ্ধির জন্য সকল কার্য্যের পূর্ব্বে পুরোহিত নির্ব্বাচন করিবেন ॥১৫॥

রাজা পৃথিবী জয় করিতে ইচ্ছা করিয়া বেদজ্ঞ ব্রাহ্মণকে অগ্রবর্ত্তী করিবেন। অতএব ধর্ম্ম, অর্থ ও কামের তত্ত্বজ্ঞ, জ্ঞানী, জিতেন্দ্রিয় এবং গুণবান্ কোন ব্রাহ্মণ তোমাদের পুরোহিত হউন” ॥১৬॥

---

* '...দ্বিসপ্তত্যধিক...', '...চতুঃসপ্তত্যধিক...', '...নবত্যধিক...' ইতি পাঠভেদাঃ।

অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—০:*:০—

অর্জ্জুন উবাচ।

কিংনিমিত্তমভূদ্বৈরং বিশ্বামিত্রবশিষ্ঠয়োঃ।
বসতোরাশ্রমে দিব্যে শংস নঃ সর্ব্বমেব তৎ ॥১॥

গন্ধর্ব্ব উবাচ।

ইদং বাশিষ্ঠমাখ্যানং পুরাণং পরিচক্ষতে।
পার্থ! সর্ব্বেষু লোকেষু যথাবত্তন্নিবোধ মে ॥২॥
কান্যকুব্জে মহানাসীৎ পার্থিবো ভরতর্ষভ!।
গাধীতি বিশ্রুতো লোকে কুশিকস্যাত্মসম্ভবঃ ॥৩॥
তস্য ধর্ম্মাত্মনঃ পুত্রঃ সমৃদ্ধবলবাহনঃ।
বিশ্বামিত্র ইতি খ্যাতো বভূব রিপুমর্দ্দনঃ ॥৪॥
স চচার সহামাত্যো মৃগয়াং গহনে বনে।
মৃগান্ বিধ্যন্ বরাহাংশ্চ রম্যেষু মরুধন্বসু ॥৫॥

ভারতকৌমুদী

কিমিতি। আশ্রমে বসতো দ্বেষাদিশূন্যত্বাদ্বৈরস্যৈবাসম্ভব ইতি ভাবঃ ॥১॥
ইদমিতি। আখ্যানং বৃত্তান্তম্, পুরাণং প্রাচীনম্ ॥২॥
কান্যেতি। কান্যকুব্জে তদাখ্যে দেশে। বিশ্রুতো বিখ্যাতঃ ॥৩॥
তস্যেতি। তস্য গাধেঃ। সমৃদ্ধানি প্রচুরাণি বলানি সৈন্যানি বাহনানি চ যস্য সঃ ॥৪॥
স ইতি। মরুষু নির্জ্জলেষু ধন্বসু সজলেষু চ স্থলেষু। "ধন্ব স্থলচাপয়োঃ" ইতি হেমচন্দ্রঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

কিংনিমিত্তমিতি ॥১—৪॥ মরুধন্বসু মরুসংজ্ঞকেষু অল্পজলপ্রদেশেষু। "ধন্বা তু মরুদেশে

অর্জ্জুন বলিলেন—"বশিষ্ঠ ও বিশ্বামিত্র উৎকৃষ্ট তপোবনে বাস করিতেন; সুতরাং তাঁহাদের পরস্পর শত্রুতা হইয়াছিল কেন? সেই সমস্ত বৃত্তান্তই আমাদের নিকট বল" ॥১॥

গন্ধর্ব্ব বলিল—"অর্জ্জুন। সমস্ত জগতের লোকই এই বশিষ্ঠের উপাখ্যান প্রাচীন বলিয়া থাকে; তাহা আমার নিকট যথাযথভাবে শোন ॥২॥

কান্যকুব্জে কুশিকরাজার পুত্র 'গাধি'-নামে জগদ্বিখ্যাত এক মহারাজ ছিলেন ॥৩॥

সেই ধর্ম্মাত্মা গাধিরাজার 'বিশ্বামিত্র'-নামে একটী পুত্র জন্মে; সেই বিশ্বামিত্রের প্রচুর সৈন্য ও বাহন ছিল এবং তিনি শত্রুবিজয়ী হইয়াছিলেন ॥৪॥

ব্যায়ামকর্ষিতঃ সোহথ মৃগলিপ্সুঃ পিপাসিতঃ।
আজগাম নরশ্রেষ্ঠ। বশিষ্ঠস্যাশ্রমং প্রতি ॥৬॥
তমাগতমভিপ্রেক্ষ্য বশিষ্ঠঃ শ্রেষ্ঠভাগৃষিঃ।
বিশ্বামিত্রং নরশ্রেষ্ঠং প্রতিজগ্রাহ পূজয়া ॥৭॥
পাদ্যার্ঘ্যাচমনীয়েস্তু স্বাগতেন চ ভারত।।
তথৈব পরিজগ্রাহ বন্যেন হবিষা তথা ॥৮॥
তস্যাথ কামধুগ্ ধেনুর্বশিষ্ঠস্য মহাত্মনঃ।
উক্তা কামান্ প্রযচ্ছেতি সা কামান্ দুদুহে ততঃ ॥৯॥
বাষ্পাঢ্যস্যৌদনস্যৈব রাশয়ঃ পর্ব্বতোপমাঃ।
নিষ্ঠানানি চ সূপাংশ্চ দধিকুল্যাস্তথৈব চ ॥১০॥

ভারতকৌমুদী

ব্যায়ামেতি। ব্যায়ামেন পরিশ্রমেণ কর্ষিতঃ ক্লিষ্টঃ ॥৬॥
তমিতি। শ্রেষ্ঠভাক্ প্রধানত্বাৎ শ্রেষ্ঠস্থানভাগী। প্রতিজগ্রাহ আদৃতবান্ ॥৭॥
পাদ্যেতি। হবিষা হোমযোগ্যেন নীবারৌদনাদিনা ॥৮॥
তস্যেতি। কামান্ দোগ্ধীতি কামধুক্ অভীষ্টদাত্রী। কামান্ কাম্যবস্তূনি ॥৯॥
বাষ্পেতি। বাষ্পাঢ্যস্য বাষ্পযুক্তস্য, ওদনস্য অন্নস্য, রাশয়ো ধেন্বা দুদুহিরে ইতি বাক্যভেদঃ। নিষ্ঠানানি ব্যঞ্জনানি। "স্যাত্তেমনন্তু নিষ্ঠানম্" ইত্যমরঃ। দধ্নঃ কুল্যাঃ কৃত্রিম-

ভারতভাবদীপঃ

না ক্লীবে চাপে স্থলেহপি চ" ইতি মেদিনী ॥৫॥ ব্যায়ামকর্ষিতঃ শ্রমেণ ম্লানঃ ॥৬॥ শ্রেষ্ঠভাক্

একদা সেই বিশ্বামিত্র মন্ত্রিগণের সহিত মিলিত হইয়া গহন বনে প্রবেশ করিয়া, মরুভূমিতে এবং বন্য স্থানে হরিণ ও শূকরপ্রভৃতি বিদ্ধ করিতে থাকিয়া মৃগয়া করেন ॥৫॥

তাহার পর, মৃগলিপ্সু বিশ্বামিত্র পরিশ্রমে ক্লান্ত এবং পিপাসার্ত্ত হইয়া বশিষ্ঠের আশ্রমে গমন করেন ॥৬॥

তখন মহর্ষি বশিষ্ঠ নরশ্রেষ্ঠ সেই বিশ্বামিত্রকে উপস্থিত দেখিয়া যথেষ্ট আদর করেন ॥৭॥

এবং পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্বাগতপ্রশ্ন ও বন্য খাদ্য দ্বারা বিশ্বামিত্রের সৎকার করেন ॥৮॥

মহাত্মা বশিষ্ঠের একটি কামধেনু ছিল, তিনি তাঁহার নিকট যাইয়া বলিলেন— "আমার অভীষ্ট বস্তু সকল দান কর।" পরে সেই কামধেনু বশিষ্ঠের অভীষ্ট বস্তু সকল দান করিল ॥৯॥

পর্ব্বতপ্রমাণ উষ্ণ অন্নের রাশি, নানাবিধ ব্যঞ্জন ও ডা'ল, দধির ক্ষুদ্র নদী,

কূপাংশ্চ ঘৃতসম্পূর্ণান্ গৌড্যান্নানি সহস্রশঃ।
ইক্ষূন্ মধূনি লাজাংশ্চ মৈরেয়াংশ্চ বরাসবান্ ॥১১॥
গ্রাম্যারণ্যাশ্চৌষধীশ্চ দুদুহে পয় এব চ।
ষড়্‌রসঞ্চামৃতনিভং রসায়নমনুত্তমম্ ॥১২॥
ভোজনীয়ানি পেয়ানি ভক্ষ্যাণি বিবিধানি চ।
লেহ্যান্যমৃতকল্পানি চোষ্যাণি চ তথার্জ্জুন। ॥১৩॥
রত্নানি চ মহার্হাণি বাসাংসি বিবিধানি চ।
তৈঃ কামৈঃ সর্ব্বসম্পূর্ণৈঃ পূজিতশ্চ মহীপতিঃ।
সামাত্যঃ সবলশ্চৈব তুতোষ স ভৃশং তদা ॥১৪॥ (কুলকম্)
ষডুন্নতাং সুপার্শ্বোরুং পৃথুপঞ্চসমাবৃতাম্।
মণ্ডূকনেত্রাং স্বাকারাং পীনোধসমনিন্দিতাম্ ॥১৫॥

ভারতকৌমুদী

ক্ষুদ্রনদীঃ। গৌড্যান্নানি গুড়যুক্তান্নানি। মৈরেয়ান্ বরাসবান্ ইত্যুভয়মপি মদ্যবিশেষপরম্। তথা চ মাধবঃ—"শীধুরিক্ষুরসৈঃ পক্বৈরপক্বৈরাসবো ভবেৎ। মৈরেয়ং ধাতকীপুষ্পগুড়ধান্যাম্ল-সংহিতম্॥" অত্র মৈরেয়ানিতি পুংস্ত্বমার্ষম্। গ্রাম্যা ওষধীর্যবাদীঃ, আরণ্যাশ্চ নীবারাদীঃ, পয়ো দুগ্ধম্। ষড়্‌রসং মধুরাদি, রসায়নং পুষ্টিকরং দ্রব্যম্। ভোজনীয়ানি পায়সাদীনি, পেয়ানি তরলান্নানি, ভক্ষ্যাণি চর্ব্ব্যাণি পিষ্টকাদীনি, লেহ্যানি ঘনীকৃতদুগ্ধাদীনি, চোষ্যাণি পূপবিশেষান্। মহার্হাণি মহামূল্যানি। কামৈঃ কাম্যবস্তুভিঃ। মহীপতির্বিশ্বামিত্রঃ, পূজিতো বশিষ্ঠেনেতি শেষঃ। সবলঃ সসৈন্যঃ। স বিশ্বামিত্রঃ। চতুর্দ্দশপদ্যং ষট্‌পদম্ ॥১০—১৪॥

ষডিতি। ষট্ শিরোগ্রীবাসক্থিগলকম্বললাঙ্গূলস্তনা উন্নতা যস্যাস্তাম্, শোভনৌ পার্শ্বোরূ

ভারতভাবদীপঃ

পূজ্যপূজকঃ ॥৭॥ পরিজগ্রাহ নিমন্ত্রিতবান্ ॥৮—১১॥ গ্রাম্যা ব্রীহ্যাদয়ঃ। আরণ্যা নীবারাদয়ঃ। ষড়্‌রসা মধুরাদয়ঃ। রসায়নং দিব্যদেহতাপাদিকম্ ॥১২॥ পেয়ানি ক্ষীরাদীনি। ভক্ষ্যাণি দন্তৈরবখণ্ডনীয়ান্যপূপাদীনি। লেহ্যানি পায়সাদীনি। চোষ্যাণি ইক্ষুকাণ্ডাদীনি। সবলঃ

ঘৃতপূর্ণ কূপ, সহস্রপ্রকার গুড়যুক্ত অন্ন, ইক্ষু, মধু, খৈ, মৈরেয়মদ্য, উৎকৃষ্ট আসবমদ্য, গ্রাম্য ও বন্য ওষধি, দুগ্ধ, অমৃততুল্য ষড়্‌বিধ রস, উৎকৃষ্ট রসায়ন, নানাবিধ খাদ্য, পেয়, চর্ব্ব্য, অমৃতকল্প লেহ্য, চোষ্য, মহামূল্য রত্ন এবং নানাপ্রকার বস্ত্র—এই সকল বস্তুই কামধেনু দান করিল। তখন বশিষ্ঠ সেই অভীষ্ট বস্তুগুলি দ্বারা বিশ্বামিত্রের সৎকার করিলেন; তখন বিশ্বামিত্র মন্ত্রিগণ ও সৈন্যগণের সহিত অত্যন্ত সন্তুষ্ট হইলেন ॥১০—১৪॥

১০—১১ শ্লোকৌ কতিপয়পুস্তকে ন দৃশ্যেতে।

সুবালধিং শঙ্কুকর্ণাং চারুশৃঙ্গাং মনোরমাম্ ।
পুষ্টায়তশিরোগ্রীবাং বিস্মিতঃ সোঽভিবীক্ষ্য তাম্ ॥১৬॥ (যুগ্মকম্)
অভিনন্দ্য স তাং রাজন্ ! নন্দিনীং গাধিনন্দনঃ ।
অব্রবীচ্চ ভৃশং তুষ্টঃ স রাজা তমৃষিং তদা ॥১৭॥
অর্ব্বুদেন গবাং ব্রহ্মন্ ! মম রাজ্যেন বা পুনঃ ।
নন্দিনীং সম্প্রযচ্ছস্ব ভুঙ্‌ক্ষ্ব রাজ্যং মহামুনে ! ॥১৮॥
বশিষ্ঠ উবাচ ।
দেবতাতিথিপিত্রর্থামিজ্যার্থঞ্চ পয়স্বিনী ।
অদেয়া নন্দিনীয়ং বৈ রাজ্যেনাপি তবানঘ ! ॥১৯॥

ভারতকৌমুদী

যস্যাস্তাম্, পৃথুভির্বিশালৈঃ পঞ্চভিঃ ললাট-কর্ণদ্বয়-নয়নদ্বয়ৈঃ সমাবৃতা সমন্বিতা তাম্, গাণ্ডূকস্য ভেকস্যেব উৎফুল্লে নেত্রে যস্যাস্তাম্, শোভন আকারো যস্যাস্তাম্, তথা পীনং স্থূলম্ ঊধো দুগ্ধধারণাঙ্গং যস্যাস্তাম্, সুবালধিং সুন্দরলাঙ্গূলাম্, শঙ্কুকর্ণাং শঙ্কুবৎ ক্রমিকসূক্ষ্মকর্ণাগ্রাম্, পুষ্টে স্থূলে আয়তে দীর্ঘে চ শিরোগ্রীবে যস্যাস্তাম্ । তাং কামধেনুম্ । স বিশ্বামিত্রঃ ॥১৫—১৬॥

অভীতি । অভিনন্দ্য প্রশস্য । নন্দিনীং তদাখ্যাম্ ॥১৭॥

অর্ব্বুদেনেতি । অর্ব্বুদেন দশভিঃ কোটিভিঃ । অধিকসংখ্যাপরমিদম্ ॥১৮॥

দেবতেতি । ইজ্যার্থং যজ্ঞার্থম্ । পয়স্বিনী প্রচুরদুগ্ধা ॥১৯॥

ভারতভাবদীপঃ

সসৈন্যঃ ॥১৩—১৪॥ ষড়ুন্নতাং ষডায়তাম্, "শিরো গ্রীবা সক্‌থিনী চ সাস্না পুচ্ছমথ স্তনাঃ । শুভান্যেতানি ধেনূনামায়তানি প্রচক্ষতে ॥" যথা পৃথুভিঃ পঞ্চভিরঙ্গৈঃ সমাবৃতাং যুক্তাম্, "ললাটং শ্রবণৌ চৈব নয়নদ্বিতয়ং তথা । পৃথূন্যেতানি শস্যন্তে ধেনূনাং পঞ্চ সূরিভিঃ ॥" মণ্ডূকস্যেব উচ্ছূনে নেত্রে যস্যাঃ পীনমূধঃ ক্ষীরাশয়ো যস্যাস্তাং পীনোধসম্ ॥১৫॥ সুবালধিং

মস্তকপ্রভৃতি ছয়টী অঙ্গ উন্নত, ললাটপ্রভৃতি পাঁচটী অঙ্গ বিস্তৃত, নয়নযুগল ভেকের ন্যায় স্ফীত, পালানটী স্থূল, লাঙ্গূলটী ও শৃঙ্গ দুইটী মনোহর, কর্ণযুগল শঙ্কু (পেরেকের) ন্যায় ক্রমিক সূক্ষ্ম এবং মস্তক ও গ্রীবা স্থূল ও বৃহৎ—এহেন অনিন্দ্যসুন্দরাকৃতি কামধেনুটী দেখিয়া বিশ্বামিত্র বিস্মিত হইলেন ॥১৫—১৬॥

তখন বিশ্বামিত্ররাজা সেই নন্দিনীর অনেক প্রশংসা করিয়া, অত্যন্ত সন্তুষ্ট হইয়া বশিষ্ঠকে বলিলেন—॥১৭॥

"মহর্ষি ! আপনি বহুসংখ্যক ধেনু, অথবা আমার রাজ্য গ্রহণ করিয়া, এই নন্দিনীকে দান করুন, পরে রাজ্য ভোগ করুন" ॥১৮॥

বশিষ্ঠ বলিলেন—"মহারাজ ! দেবতা, অতিথি ও পিতৃলোকের কার্য্য

বিশ্বামিত্র উবাচ ।

ক্ষত্রিয়োঽহং ভবান্ বিপ্রস্তপঃস্বাধ্যায়সাধনঃ ।
ব্রাহ্মণেষু কুতো বীর্য্যং প্রশান্তেষু ধৃতাত্মসু ॥২০॥
অর্ব্বুদেন গবাং যস্ত্বং ন দদাসি মমেপ্সিতম্ ।
স্বধর্ম্মং ন প্রহাস্যামি নেষ্যামি চ বলেন গাম্ ॥২১॥

বশিষ্ঠ উবাচ ।

বলস্থশ্চাসি রাজা চ বাহুবীর্য্যশ্চ ক্ষত্রিয়ঃ ।
যথেচ্ছসি তথা ক্ষিপ্রং কুরু মা ত্বং বিচারয় ॥২২॥

গন্ধর্ব্ব উবাচ ।

এবমুক্তস্তদা পার্থ । বিশ্বামিত্রো বলাদিব ।
হংসচন্দ্রপ্রতীকাশাং নন্দিনীং তাং জহার গাম্ ॥২৩॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয় ইতি । তপঃ স্বাধ্যায়ং বেদপাঠঞ্চ সাধয়তীতি সঃ । প্রশান্তেষু শমগুণান্বিতেষু, ধৃতাত্মসু সংযতেন্দ্রিয়েষু । এষ্বেব নিরতত্বাদ্বীর্য্যাভাব ইত্যাশয়ঃ ॥২০॥

অর্ব্বুদেনেতি । স্বধর্ম্মং প্রসহ্যহরণরূপম্, ন প্রহাস্যামি ন ত্যক্ষ্যামি ॥২১॥

বলেতি । বলস্থঃ সৈন্যবেষ্টিতঃ । বাহ্বোর্বীর্য্যং যস্য সঃ । ক্ষিপ্রং শীঘ্রম্ ॥২২॥

এবমিতি । বলাদিব বলপ্রয়োগাদেবেত্যর্থঃ । হংসচন্দ্রপ্রতীকাশামত্যন্তশুভ্রাম্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

শোভনপুচ্ছাম্, শঙ্কু ইব তীক্ষ্ণাগ্রৌ কর্ণৌ যস্যাঃ সা ॥১৬॥ নন্দিনীং নামতঃ ॥১৭—২৩॥

এবং যজ্ঞ সম্পাদন করিবার জন্য আপনার রাজ্য গ্রহণ করিয়াও এই দুগ্ধবতী নন্দিনীকে দেওয়া যাইতে পারে না” ॥১৯॥

বিশ্বামিত্র বলিলেন—“আমি ক্ষত্রিয়, আর আপনি তপস্বী ও বেদপাঠনিরত ব্রাহ্মণ ; সুতরাং শমগুণান্বিত ও সংযতেন্দ্রিয় ব্রাহ্মণের বল কোথায় ? ॥২০॥

আপনি যখন বহুসংখ্যক গরু নিয়াও আমার অভীষ্ট বস্তু দিতেছেন না, তখন আমি ক্ষত্রিয়ের ধর্ম্ম ত্যাগ করিব না, বলপূর্ব্বকই গরুটী লইব” ॥২১॥

বশিষ্ঠ বলিলেন—“আপনি সৈন্যপরিবেষ্টিত, রাজা এবং বাহুবলসম্পন্ন ক্ষত্রিয়, সুতরাং আপনি যাহা ইচ্ছা করেন, তাহাই সত্বর করুন, কোন বিবেচনা করিবেন না” ॥২২॥

গন্ধর্ব্ব বলিল—“অর্জ্জুন । বশিষ্ঠ এইরূপ বলিলে, বিশ্বামিত্র তখনই বলপূর্ব্বক হংস ও চন্দ্রের তুল্য শুভ্রবর্ণা সেই নন্দিনীকে হরণ করিলেন ॥২৩॥

(২৩) এবমুক্তস্তথা পার্থ । ।

কশাদণ্ডপ্রতিহতা কাল্যমানা ততস্ততঃ।
হম্বায়মানা কল্যাণী বশিষ্ঠস্যাথ নন্দিনী ॥২৪॥
আগম্যাভিমুখী পার্থ। তস্থৌ ভগবদুন্মুখী।
ভৃশঞ্চ তাড্যমানা বৈ ন জগামাশ্রমাত্ততঃ ॥২৫॥

বশিষ্ঠ উবাচ।

শৃণোমি তে রবং ভদ্রে। বিনদন্ত্যাঃ পুনঃ পুনঃ।
হ্রিয়সে ত্বং বলাদ্ভদ্রে! বিশ্বামিত্রেণ নন্দিনি।।
কিং কর্ত্তব্যং ময়া তত্র ক্ষমাবান্ ব্রাহ্মণো হ্যহম্ ॥২৬॥

গন্ধর্ব্ব উবাচ।

সা ভয়ান্নন্দিনী তেষাং বলানাং ভরতর্ষভ!।
বিশ্বামিত্রভয়োদ্বিগ্না বশিষ্ঠং সমুপাগমৎ ॥২৭॥

গৌরুবাচ।

কশাগ্রদণ্ডাভিহতাং ক্রোশন্তীং মামনাথবৎ।
বিশ্বামিত্রবলৈর্ঘোরৈর্ভগবন্। কিমুপেক্ষসে ॥২৮॥

ভারতকৌমুদী

কশেতি। কশৈব দণ্ডস্তেন প্রতিহতা তাডিতা, কাল্যমানা চাল্যমানা হম্বায়মানা হম্বারবং কুর্ব্বতী। ভগবতো বশিষ্ঠস্য উন্মুখী সতী ॥২৪—২৫॥

শৃণোমীতি। তত্র তব হরণবিষয়ে। হি যস্মাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

সেতি। বালানাং সৈন্যানাম্। বিশ্বামিত্রভয়েন উদ্বিগ্না অস্থিরা ॥২৭॥

কশেতি। ক্রোশন্তীং বিলপন্তীম্। উপেক্ষসে অমুং বিশ্বামিত্রং মাঞ্চ ॥২৮॥

তিনি চাবুক দিয়া আঘাত করিয়া নন্দিনীকে এদিক্ ওদিক্ চালাইবার চেষ্টা করিলেন, কিন্তু নন্দিনী বশিষ্ঠের অভিমুখে আসিয়া, তাঁহার দিকে চাহিয়া দাঁড়াইয়া রহিল, অত্যন্ত তাড়ন করিতে থাকিলেও সে আশ্রম হইতে গেল না" ॥২৪—২৫॥

বশিষ্ঠ বলিলেন—"নন্দিনি। বিশ্বামিত্র বলপূর্ব্বক তোমাকে হরণ করিতেছেন; তাহাতে তুমি বার বার বিলাপ করিতেছ; আমিও সে রব শুনিতেছি; তথাপি আমার সে বিষয়ে কি কর্ত্তব্য হইতে পারে? আমি ত ক্ষমাশীল ব্রাহ্মণ" ॥২৬॥

গন্ধর্ব্ব বলিল—"অর্জ্জুন! নন্দিনী, বিশ্বামিত্র এবং তাহার সৈন্যগণের ভয়ে অস্থির হইয়া বশিষ্ঠের নিকট গেল ॥২৭॥

---

(২৪) কশাদণ্ডপ্রণুদিতাং কাল্যমানামিতস্ততঃ ..।

গন্ধর্ব্ব উবাচ।

নন্দিন্যামেবং ক্রন্দন্ত্যাং ধর্ষিতায়াং মহামুনিঃ।
ন চুক্ষুভে তদা ধৈর্য্যান্ন চচাল ধৃতব্রতঃ ॥২৯॥

বশিষ্ঠ উবাচ।

ক্ষত্রিয়াণাং বলং তেজো ব্রাহ্মণানাং ক্ষমা বলম্।
ক্ষমা মাং ভজতে যস্মাদ্‌গম্যতাং যদি রোচতে ॥৩০॥

গৌরুবাচ। *

কিন্নু ত্যক্তাস্মি ভগবন্। যদেবং ত্বং প্রভাষসে।
অত্যক্তাহং ত্বয়া ব্রহ্মন্। নেতুং শক্যা ন বৈ বলাৎ ॥৩১॥

বশিষ্ঠ উবাচ।

ন ত্বাং ত্যজামি কল্যাণি। স্থীয়তাং যদি শক্যতে।
দৃঢ়েন দাম্না বদ্ধৈষ বৎসস্তে হ্রিয়তে বলাৎ ॥৩২॥

ভারতকৌমুদী

নন্দিন্যামিতি। ধর্ষিতায়াং বিশ্বামিত্রেণ বলাদায়ত্তীকৃতায়াম্। মহামুনির্বশিষ্ঠঃ ॥২৯॥

ক্ষত্রিয়াণামিতি। তেজঃ প্রতাপঃ। নন্দিনীং প্রত্যুক্তিরিয়ম্ ॥৩০॥

কিন্নিতি। ত্যক্তা ত্বয়েতি শেষঃ ॥৩১॥

নেতি। দাম্না বজ্জ্বা। হ্রিয়তে বিশ্বামিত্রলোকেন ॥৩২॥

এবং সে বলিল—"ভগবন্! বিশ্বামিত্রের নিষ্ঠুর সৈন্যেরা চাবুক দিয়া আমাকে আঘাত করিতেছে, আর আমি অনাথার ন্যায় বিলাপ করিতেছি, এ অবস্থায় আপনি কেন উপেক্ষা করিতেছেন?" ॥২৮॥

গন্ধর্ব্ব বলিল—"বিশ্বামিত্রকর্ত্তৃক আক্রান্ত হইয়া নন্দিনী এইরূপ বিলাপ করিতে থাকিলেও ক্ষমাশীল বশিষ্ঠ ক্ষুব্ধ বা ধৈর্য্যচ্যুত হইলেন না" ॥২৯॥

বশিষ্ঠ বলিলেন—"ক্ষত্রিয়ের বল প্রতাপ এবং ব্রাহ্মণের বল ক্ষমা; সুতরাং ক্ষমা যখন আমাকে এখনও অবলম্বন করিয়া রহিয়াছে, তখন তোমার যদি ইচ্ছা হয়, তবে যাইতে পার" ॥৩০॥

নন্দিনী বলিল—"ভগবন। আপনি কি আমাকে ত্যাগ করিলেন যে, এইরূপ বলিতেছেন?। যদি আপনি আমাকে ত্যাগ না করিয়া থাকেন, তবে বলপূর্ব্বক আমাকে কেহই নিতে পারিবে না" ॥৩১॥

বশিষ্ঠ বলিলেন—"কল্যাণি। আমি তোমাকে ত্যাগ করি নাই; সুতরাং

---

* নন্দিন্যুবাচ।

গন্ধর্ব্ব উবাচ।

স্থীয়তামিতি তচ্ছ্রুত্বা বশিষ্ঠস্য পয়স্বিনী।
ঊর্দ্ধাঞ্চিতশিরোগ্রীবা প্রবভৌ রৌদ্রদর্শনা ॥৩৩॥
ক্রোধরক্তেক্ষণা সা গৌর্হম্বারবঘনস্বনা।
বিশ্বামিত্রস্য তৎ সৈন্যং ব্যদ্রাবয়ত সর্বশঃ ॥৩৪॥
কশাগ্রদণ্ডাভিহতা কাল্যমানা ততস্ততঃ।
ক্রোধরক্তেক্ষণা ক্রোধং ভূয় এব সমাদধে ॥৩৫॥
আদিত্য ইব মধ্যাহ্নে ক্রোধদীপ্তবপুর্বভৌ।
অঙ্গারবর্ষং মুঞ্চন্তী মুহুর্বালধিতো মহৎ ॥৩৬॥
অসৃজৎ পহ্লবান্ পুচ্ছাৎ প্রস্রবাদ্দ্রবিড়াঙ্ক্কান্।
যোনিদেশাচ্চ যবনান্ শকৃতঃ শবরান্ বহূন্ ॥৩৭॥

ভারতকৌমুদী

স্থীয়তামিতি। পয়স্বিনী গৌঃ, ঊর্দ্ধম্ অঞ্চিতে নীতে শিরোগ্রীবে যয়া সা ॥৩৩॥
ক্রোধেতি। হম্বেতি রব এব ঘনো নিরন্তরঃ স্বনঃ শব্দো যস্যাঃ সা ॥৩৪॥
কশেতি। কাল্যমানা চাল্যমানা। সমাদধে ধৃতবতী ॥৩৫॥
আদিত্য ইতি। অঙ্গারবর্ষং জ্বলৎকাষ্ঠখণ্ডবৃষ্টিম্। বালধিতো লাঙ্গূলাৎ ॥৩৬॥
অসৃজদিতি। পহ্লবাদয়ো জাতিবিশেষাঃ। প্রস্রবাদ্ঘর্ম্মাৎ। শকৃতো গোময়াৎ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

কশাদণ্ডপ্রণুদিতাং কশাঘাতেন খেদং প্রাপিতাম্, কাল্যমানামিতস্ততো নিবোধ্যমানাম্

যদি পার, তবে থাক। কিন্তু দৃঢ় রজ্জু দ্বারা বন্ধন করিয়া তোমার বৎসটীকে বলপূর্ব্বক নিয়া যাইতেছে" ॥৩২॥

গন্ধর্ব্ব বলিল—"'থাক' এই কথা শুনিয়া বশিষ্ঠের কামধেনু মস্তক ও গ্রীবা উত্তোলন করিয়া, ভয়ঙ্কর মূর্ত্তি হইয়া দাঁড়াইল ॥৩৩॥

ক্রোধে তাহার নয়নযুগল রক্তবর্ণ হইল, সে ঘন ঘন 'হম্বা' রব করিতে লাগিল এবং বিশ্বামিত্রের সেই সৈন্যগণকে সকল দিকে তাড়াইয়া দিল ॥৩৪॥

পরে, আবার সেই সৈন্যেরা চাবুক দ্বারা আঘাত করিয়া তাহাকে সেই সেই দিকে লইয়া যাইবার চেষ্টা করিল, তখন নন্দিনী ক্রোধে আরক্তনয়ন হইয়া দারুণ ক্রোধ প্রকাশ করিল ॥৩৫॥

নন্দিনী আপন লাঙ্গূল হইতে অনবরত বিশাল অগ্নিময় অঙ্গার বর্ষণ করিতে থাকিয়া মধ্যাহ্নকালীন সূর্য্যের ন্যায় ক্রোধে দীপ্তিময়দেহ হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৩৬॥

---

(৩৫) ..ভূয় এব সমাদদে।

মূত্রতশ্চাসৃজৎ কাংশ্চিচ্ছবরাংশ্চৈব পার্শ্বতঃ।
পৌণ্ড্রান্ কিরাতান্ যবনান্ সিংহলান্ বর্ব্বরান্ খশান্ ॥৩৮॥
চিবুকাংশ্চ পুলিন্দাংশ্চ চীনান্ হূনান্ সকেরলান্।
সসর্জ্জ ফেনতঃ সা গৌর্ম্লেচ্ছান্ বহুবিধানপি ॥৩৯॥
তৈর্বিসৃষ্টৈর্মহাসৈন্যৈর্নানাম্লেচ্ছগণৈস্তদা।
নানাবরণসংছন্নৈর্নানাযুধধরৈস্তথা ॥৪০॥
অবাকীর্য্যত সংরব্ধৈর্বিশ্বামিত্রস্য পশ্যতঃ।
একৈকশ্চ তদা যোধঃ পঞ্চভিঃ সপ্তভির্বৃতঃ ॥৪১॥ (যুগ্মকম্)
অস্ত্রবর্ষেণ মহতা বধ্যমানং বলং তদা।
প্রভগ্নং সর্ব্বতস্ত্রস্তং বিশ্বামিত্রস্য পশ্যতঃ ॥৪২॥
ন চ প্রাণৈর্বিযুজ্যন্তে কেচিত্তত্রাস্য সৈনিকাঃ।
বিশ্বামিত্রস্য সংক্রুদ্ধৈর্বাশিষ্ঠৈর্ভরতর্ষভ ।।
সা গৌস্তৎ সকলং সৈন্যং কালয়ামাস দূরতঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

মূত্রত ইতি। কাংশ্চিৎ শকৃতো জাতেতরান্। পার্শ্বতশ্চ পৌণ্ড্রাদীন্ ॥৩৮॥

চিবুকানিতি। ফেনতো দুগ্ধফেনাৎ মুখফেনাচ্চ ॥৩৯॥

তৈরিতি। নানাবরণসংছন্নৈর্বহুবিধবর্ম্মাবৃতৈঃ। সংরব্ধৈঃ ক্রুদ্ধৈঃ। যোধো বিশ্বামিত্রস্য যোদ্ধা, পঞ্চভিঃ সপ্তভিশ্চ বশিষ্ঠযোধৈঃ, বৃতো যোদ্ধুং পরিবেষ্টিতঃ ॥৪০—৪১॥

অস্ত্রেতি। অস্ত্রবর্ষেণ বশিষ্ঠযোধানামিতি শেষঃ। প্রভগ্নং পরাজিতম্ ॥৪২॥

এবং সে লাঙ্গুল হইতে পহ্লব, ঘর্ম্ম হইতে দ্রবিড় ও শক, যোনি হইতে যবন এবং শকৃৎ (বিষ্ঠা) হইতে বহুতর শবর সৃষ্টি করিল ॥৩৭॥

আর, মূত্র হইতে কতকগুলি শবর এবং দুই পার্শ্বদেশ হইতে পৌণ্ড্র, কিরাত, যবন, সিংহল, বর্ব্বর ও খশ সৃষ্টি করিল ॥৩৮॥

এবং নন্দিনী মুখফেন ও দুগ্ধফেন হইতে চিবুক, পুলিন্দ, চীন, হূন, কেরল ও বহুবিধ ম্লেচ্ছ উৎপাদন করিল ॥৩৯॥

নানাবিধ আবরণে আবৃত এবং নানাবিধ অস্ত্রধারী সেই নানাবিধ ম্লেচ্ছসৈন্য ক্রুদ্ধ হইয়া, পাঁচ সাত জনে মিলিয়া, বিশ্বামিত্রের সমক্ষেই তাঁহার এক এক জন সৈন্যকে পরিবেষ্টন করিল ॥৪০—৪১॥

এবং তাহাদের বিশাল অস্ত্রবৃষ্টিতে আহত ও ভীত হইয়া বিশ্বামিত্রের সমক্ষেই তাঁহার সৈন্যগণ সকল দিকেই পরাভূত হইল ॥৪২॥

---

(৩৮) মূত্রতশ্চাসৃজৎ কাঞ্চীন্…।

বিশ্বামিত্রস্য তৎ সৈন্যং কাল্যমানং ত্রিযোজনম্ ।
ক্রোশমানং ভয়োদ্বিগ্নং ত্রাতারং নাধ্যগচ্ছত ॥৪৪॥
বিশ্বামিত্রস্ততো দৃষ্ট্বা ক্রোধাবিষ্টঃ স রোদসী ।
ববর্ষ শরবর্ষাণি বশিষ্ঠে মুনিসত্তমে ॥৪৫॥
ঘোররূপাংশ্চ নারাচান্ ক্ষুরান্ ভল্লান্ মহামুনিঃ ।
বিশ্বামিত্রপ্রযুক্তাংস্তান্ বৈণবেন ব্যমোচয়ৎ ॥৪৬॥
বশিষ্ঠস্য তদা দৃষ্ট্বা কর্ম্মকৌশলমাহবে ।
বিশ্বামিত্রোঽপি কোপেন ভূয়ঃ শক্রনিপাতনঃ ।
দিব্যাস্ত্রবর্ষং তস্মৈ স প্রাহিণোন্মুনয়ে রুষা ॥৪৭॥
আগ্নেয়ং বারুণঞ্চৈন্দ্রং যাম্যং বায়ব্যমেব চ ।
বিসসর্জ্জ মহাভাগে বশিষ্ঠে ব্রহ্মণঃ সুতে ॥৪৮॥

ভারতকৌমুদী

নেতি । বিমুখ্যন্ত ইতি সবস্মরস্মতীতস্বকার্ষম্ । প্রাণবিযোজনে বশিষ্ঠস্য ক্ষমাভঙ্গ ইতি ভাবঃ । কালযামাস উৎপাদিতস্বসৈন্যৈর্দমযামাস । ষট্পদমিদং পদ্যম্ ॥৪৩॥

বিশ্বেতি । ত্রিযোজনং ত্রিযোজনব্যাপি । ক্রোশমানং বিলপৎ ॥৪৪॥

বিশ্বেতি । রোদসী ভূম্যাকাশৌ ব্যাপ্য । বশিষ্ঠস্যৈব প্রধানশত্রুত্বাদিতি ভাবঃ ॥৪৫॥

ঘোরেতি । মহামুনির্বশিষ্ঠঃ । বৈণবেন বংশদণ্ডেন । ব্যমোচয়ৎ ব্যর্থীকৃতবান্ ॥৪৬॥

বশিষ্ঠস্যেতি । কর্ম্মণঃ অস্ত্রনিবারণস্য কৌশলং নৈপুণ্যম্ । কোপেন শক্রনিপাতন ইতি সম্বন্ধাৎ রুষেত্যনেন ন পৌনরুক্ত্যম্ । ইদমপি ষট্পদং পদ্যম্ ॥৪৭॥

আগ্নেয়মিতি । বিসসর্জ্জ চিক্ষেপ বিশ্বামিত্র ইতি শেষঃ ॥৪৮॥

অর্জ্জুন ! বশিষ্ঠের সৈন্যেরা ক্রুদ্ধ হইয়াও বিশ্বামিত্রের কোন সৈন্যেরই প্রাণবিয়োগ করিল না । নন্দিনী এইভাবে দূরে থাকিয়া বিশ্বামিত্রের সমস্ত সৈন্যকেই দমন করিল ॥৪৩॥

তখন ত্রিযোজনব্যাপী বিশ্বামিত্রসৈন্য ভয়ে অস্থির হইয়া, আর্ত্তনাদ করিতে থাকিয়া, কাহাকেও রক্ষক পাইল না ॥৪৪॥

তাহার পর, বিশ্বামিত্র তাহা দেখিয়া, ক্রুদ্ধ হইয়া, ভূমণ্ডল ও আকাশমণ্ডল ব্যাপ্ত করিয়া, মুনিশ্রেষ্ঠ বশিষ্ঠের প্রতি বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৪৫॥

কিন্তু মহর্ষি বশিষ্ঠ একখানি বংশদণ্ড দ্বারাই বিশ্বামিত্রনিক্ষিপ্ত সেই সকল ভয়ঙ্কর নারাচ, ক্ষুর ও ভল্লগুলিকে ব্যর্থ করিলেন ॥৪৬॥

তখন শত্রুহন্তা বিশ্বামিত্রও যুদ্ধে বশিষ্ঠের সেই কার্য্যকৌশল দেখিয়া, ক্রোধবশতঃ পুনরায় তাঁহার প্রতি দিব্যাস্ত্র বর্ষণ করিতে লাগিলেন ॥৪৭॥

অস্ত্রাণি সর্ব্বতো জ্বালাং বিসৃজন্তি প্রপেদিরে।
যুগান্তসময়ে ঘোরাঃ পতঙ্গস্যেব রশ্ময়ঃ ॥৪৯॥
বশিষ্ঠোঽপি মহাতেজা ব্রহ্মশক্তিপ্রযুক্তয়া।
যষ্ট্যা নিবারয়ামাস সর্ব্বাণ্যস্ত্রাণি স স্ময়ন্ ॥৫০॥
ততস্তে ভস্মসাদ্ভূতাঃ পতন্তি স্ম মহীতলে।
অপোহ্য দিব্যান্যস্ত্রাণি বশিষ্ঠো বাক্যমব্রবীৎ ॥৫১॥
নির্জ্জিতোঽসি মহারাজ! দুরাত্মন্! গাধিনন্দন!।
যদি তেঽস্তি পরং শৌর্য্যং তদ্দর্শয় ময়ি স্থিতে ॥৫২॥
দৃষ্ট্বা তন্মহদাশ্চর্য্যং ব্রহ্মতেজোভবং তদা।
বিশ্বামিত্রঃ ক্ষত্রভাবান্নির্বিণ্ণো বাক্যমব্রবীৎ ॥৫৩॥
ধিগ্বলং ক্ষত্রিয়বলং ব্রহ্মতেজোবলং বলম্।
বলাবলং বিনিশ্চিত্য তপ এব পরং বলম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

অস্ত্রাণীতি। জ্বালাম্ অগ্নিশিখাম্, বিসৃজন্তি উদ্গিরন্তি। পতঙ্গস্য সূর্য্যস্য ॥৪৯॥
বশিষ্ঠ ইতি। ব্রহ্মশক্তিপ্রযুক্তয়া ব্রাহ্মণ্যতেজঃপ্রণুন্নয়া। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥৫০॥
তত ইতি। তে বিশ্বামিত্রপ্রযুক্তা অস্ত্রসমূহাঃ। অপোহ্য নিবার্য্য ॥৫১॥
নির্জ্জিত ইতি। পরম্ অন্যৎ ॥৫২॥
দৃষ্ট্বেতি। ক্ষত্রভাবাদাত্মনঃ ক্ষত্রিয়ত্বাদ্ধেতোঃ, নির্বিণ্ণ আত্মগ্লানিযুক্তঃ ॥৫৩॥
ধিগিতি। ব্রহ্মতেজোবলমেব বলম্ উৎকৃষ্টং বলমিত্যর্থঃ। বলাবলং বিনিশ্চিত্য বলাবলয়োর্বিনিশ্চয়মধিকৃত্য, তপ এব পরমুৎকৃষ্টং বলং মন্য ইতি শেষঃ ॥৫৪॥

তিনি, ব্রহ্মার পুত্র মহাত্মা বশিষ্ঠের প্রতি আগ্নেয়, বারুণ, ঐন্দ্র, যাম্য এবং বায়ব্য অস্ত্র নিক্ষেপ করিলেন ॥৪৮॥

সেই অস্ত্রগুলি সকল দিকে অগ্নিশিখা ছড়াইতে ছড়াইতে যাইয়া, যুগান্তকালীন ভয়ঙ্কর সূর্য্যরশ্মির ন্যায় পড়িতে লাগিল ॥৪৯॥

অত্যন্ত তেজস্বী বশিষ্ঠও মৃদু হাস্য করিতে করিতে ব্রহ্মতেজঃপ্রযুক্ত যষ্টি দ্বারা বিশ্বামিত্রের সমস্ত অস্ত্র নিবারণ করিলেন ॥৫০॥

তাহার পর, সেই অস্ত্রগুলি ভস্ম হইয়া ভূতলে পড়িয়া গেল। এইভাবে সমস্ত অস্ত্র নিবারণ করিয়া বশিষ্ঠ এই কথা বলিলেন—॥৫১॥

"দুরাত্মা বিশ্বামিত্র। তুই পরাজিত হইয়াছিস্, যদি তোর অন্য প্রকার বীরত্ব থাকে, তবে তাহাও দেখা, আমি রহিলাম" ॥৫২॥

বিশ্বামিত্র তখন ব্রহ্মতেজের সেই আশ্চর্য্য প্রভাব দেখিয়া, নিজের ক্ষত্রিয়ত্ব নিবন্ধন আত্মধিক্কার করিয়া বলিলেন—॥৫৩॥

স রাজ্যং স্ফীতমুৎসৃজ্য তাঞ্চ দীপ্তাং নৃপশ্রিয়ম্ ।
ভোগাংশ্চ পৃষ্ঠতঃ কৃত্বা তপস্যেব মনো দধে ॥৫৫॥
স গত্বা তপসা সিদ্ধিং লোকান্ বিষ্টভ্য তেজসা ।
ততাপ সর্ব্বান্ দীপ্তৌজা ব্রাহ্মণত্বমবাপ্তবান্ ॥৫৬॥
অপিবচ্চ ততঃ সোমমিন্দ্রেণ সহ কৌশিকঃ ।
এবংবীর্য্যস্তু রাজর্ষির্ব্রহ্মর্ষিঃ সংবভূব হ ॥৫৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে বাশিষ্ঠে বিশ্বামিত্রপরাভবো নামাষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:•:—

ভারতকৌমুদী

স ইতি। স বিশ্বামিত্রঃ। স্ফীতং বিস্তৃতম্। পৃষ্ঠতঃ কৃত্বা পরিত্যজ্যেত্যর্থঃ ॥৫৫॥
স ইতি। স বিশ্বামিত্রঃ। বিষ্টভ্য বিস্ময়োৎপাদনেন স্তব্ধীকৃত্য ॥৫৬॥
অপিবদিতি। সোমং যজ্ঞীয়ং সোমরসম্। এবংবীর্য্য ঈদৃশশক্তিকঃ ॥৫৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

॥২৪—৩৬॥ পহ্লবাদয়ো ম্লেচ্ছবিশেষাঃ, প্রস্রবাৎ ঊধঃপ্রদেশাৎ, শকৃতো গোময়াৎ ॥৩৭—৫৫॥ বিষ্টভ্য ব্যাপ্য ॥৫৬—৫৭॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৮॥

—:*:—

"ক্ষত্রিয়বলে ধিক্; ব্রহ্মতেজই প্রধান বল। উৎকৃষ্ট বল এবং নিকৃষ্ট বল নির্ণয় করিতে প্রবৃত্ত হইয়া আমি ব্রহ্মতেজকেই উৎকৃষ্ট বল বলিয়া মনে করি" ॥৫৪॥

তাহার পর, বিশ্বামিত্র বিস্তৃত রাজ্য, উজ্জ্বল রাজলক্ষ্মী এবং সমস্ত ভোগ পরিত্যাগ করিয়া তপস্যাতেই মনোনিবেশ করিলেন ॥৫৫॥

পরে, তিনি তপস্যায় সিদ্ধি লাভ করিয়া এবং আপন তেজে সমস্ত জগৎকে স্তব্ধ করিয়া এবং ব্রাহ্মণত্ব লাভ করিয়া সকলকেই সন্তপ্ত করিয়াছিলেন ॥৫৬॥

তাহার পর, বিশ্বামিত্র ইন্দ্রের সহিত সোমরস পান করিয়াছিলেন। এইরূপ শক্তিশালী বিশ্বামিত্র রাজর্ষি হইয়াও ব্রহ্মর্ষি হইয়াছিলেন" ॥৫৭॥

—:*:—

* '.. ত্রিসপ্তত্যধিক..', '.. পঞ্চসপ্তত্যধিক .', ' একনবত্যধিক...' ইতি পাঠভেদাঃ।

ঊনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

গন্ধর্ব্ব উবাচ।

কল্মাষপাদ ইত্যেবং লোকে রাজা বভূব হ।
ইক্ষ্বাকুবংশজঃ পার্থ। তেজসাঽসদৃশো ভুবি ॥১॥
স কদাচিদ্বনং রাজা মৃগয়াং নির্যযৌ পুরাৎ।
মৃগান্ বিধ্যন্ বরাহাংশ্চ চচার রিপুমর্দ্দনঃ ॥২॥
তস্মিন্ বনে মহাঘোরে খড়্গাংশ্চ বহুশোঽহনৎ।
হত্বা চ সুচিরং শ্রান্তো রাজা নিববৃতে ততঃ ॥৩॥
অকাময়ত্তং যাজ্যার্থে বিশ্বামিত্রঃ প্রতাপবান্।
স তু রাজা মহাত্মানং বাশিষ্ঠমৃষিমুত্তমম্ ॥৪॥
তৃষ্ণার্ত্তশ্চ ক্ষুধার্ত্তশ্চ একায়নগতঃ পথি।
অপশ্যদজিতঃ সংখ্যে মুনিং প্রতিমুখাগতম্ ॥৫॥

ভারতকৌমুদী

কল্মাষেতি। ভুবি লোক ইতি সম্বন্ধঃ। তেজসা প্রতাপেন, অসদৃশো নিরুপমঃ ॥১॥
স ইতি। মৃগয়াং কর্ত্তুমিতি শেষঃ ॥২॥
তস্মিন্নিতি। খড়্গান্ গণ্ডকান্। অহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥৩॥
অকাময়দিতি। যাজ্যার্থে যাজ্যং কর্ত্তুমিত্যর্থঃ। বাশিষ্ঠং বশিষ্ঠপুত্রম্। একস্যৈব

ভারতভাবদীপঃ

কল্মাষপাদ ইতি। অসদৃশো নাস্তি সদৃশস্তুল্যো যস্য সঃ ॥১—৩॥ যাজ্যার্থে অয়ং মম যাজ্যো ভবত্বিত্যেতদর্থে ॥৪॥ একায়নগত একস্যৈব অয়নং গমনং যত্র তত্র গতঃ অজি-

গন্ধর্ব্ব বলিল—"অর্জ্জুন। মর্ত্ত্যলোকে অতুলনীয় প্রতাপশালী 'কল্মাষপাদ' নামে ইক্ষ্বাকুবংশীয় এক রাজা ছিলেন ॥১॥

তিনি কোন সময়ে মৃগয়া করিবার জন্য রাজধানী হইতে নির্গত হইয়া বনে গমন করেন এবং তথায় হরিণ ও শূকরপ্রভৃতি বিদ্ধ করতঃ বিচরণ করেন ॥২॥

রাজা সেই ভয়ঙ্কর বনে বহুতর গণ্ডারও বধ করেন; তাহার পর তিনি পরিশ্রান্ত হইয়া তথা হইতে ফিরিয়া আসিতে থাকেন ॥৩॥

এদিকে বিশ্বামিত্রমুনি সেই কল্মাষপাদরাজাকে যজমান করিবার ইচ্ছা করিয়াছিলেন। সেই সময়ে তৃষ্ণার্ত্ত ও ক্ষুধার্ত্ত কল্মাষপাদরাজা এমন একটী ক্ষুদ্র পথ দিয়া যাইতে লাগিলেন যে, সে পথে একজন ভিন্ন যাইতে বা আসিতে পারে না। তখন মহাত্মা বশিষ্ঠের এক শত পুত্রের মধ্যে জ্যেষ্ঠপুত্র

শক্ত্রিং নাম মহাভাগং বশিষ্ঠকুলবর্দ্ধনম্ ।
জ্যেষ্ঠং পুত্রং পুত্রশতাদ্বশিষ্ঠস্য মহাত্মনঃ ॥৬॥ (বিশেষকম্)
অপগচ্ছ পথোঽস্মাকমিত্যেবং পার্থিবোঽব্রবীৎ ।
তথা ঋষিরুবাচেদং সান্ত্বয়ন্ শ্লক্ষ্ণয়া গিরা ॥৭॥
মম পন্থা মহারাজ ! ধর্ম্ম এষ সনাতনঃ ।
রাজ্ঞা সর্ব্বেষু ধর্ম্মেষু দেয়ঃ পন্থা দ্বিজাতয়ে ॥৮॥
এবং পরস্পরং তৌ তু পথোঽর্থং বাক্যমূচতুঃ ।
অপসর্পাপসর্পেতি বাগুত্তরমকুর্ব্বতাম্ ॥৯॥
ঋষিস্তু নাপচক্রাম তস্মিন্ ধর্ম্মপথে স্থিতঃ ।
নাপি রাজা মুনের্মানাৎ ক্রোধাচ্চাপজগাম হ ॥১০॥
অমুঞ্চন্তন্তু পন্থানং তমৃষিং নৃপসত্তমঃ ।
জঘান কশয়া মোহাত্তদা রাক্ষসবন্মুনিম্ ॥১১॥

ভারতকৌমুদী

জনস্য অয়নং ক্ষুদ্ররূপত্বাদ্‌গমনং যত্র তাদৃশে স্থানে গতঃ। সংখ্যে যুদ্ধে। পুত্রশতাৎ জ্যেষ্ঠম্ ॥৪—৬॥

অপেতি। পথ একজনমাত্রগমনযোগ্যান্মার্গাৎ। শ্লক্ষ্ণয়া কোমলয়া ॥৭॥

মমেতি। ধর্ম্ম আচারঃ। ধর্ম্মেষু অবস্থাসু। দেয়ো বর্ণগুরুত্বাদিতি ভাবঃ ॥৮॥

এবমিতি। বাচা উত্তরং বাগুত্তরম্ ॥৯॥

ঋষিরিতি। ধর্ম্মপথে আচারসিদ্ধনিয়মে। মানাদ্‌গৌরবাৎ ॥১০॥

ভারতভাবদীপঃ

সঙ্কুচিতমার্গে গত ইত্যর্থ ॥৫—৬॥ পথো মার্গাৎ ॥৭॥ ধর্ম্মঃ সনাতনঃ "রাজ্ঞঃ পন্থা ব্রাহ্মণেনাসমেত্য সমেত্য তু ব্রাহ্মণস্যৈব পন্থাঃ।" ইত্যাদিশাস্ত্রবিহিতঃ ॥৮—৯॥ মানাৎ ক্রোধাচ্চ

শক্ত্রি সেই পথ দিয়াই রাজার দিকে আসিতে লাগিলেন, সেই অবস্থায় যুদ্ধবিজয়ী কল্মাষপাদ তাঁহাকে দেখিতে পাইলেন ॥৪—৬॥

তখন রাজা তাঁহাকে বলিলেন—"তুমি আমার পথ হইতে সরিয়া যাও।" ঋষিও কোমল বাক্যে রাজাকে শান্তভাবে বলিলেন—॥৭॥

"মহারাজ। এটা আমারই পথ। কেন না, রাজা সকল অবস্থাতেই ব্রাহ্মণকে পথ ছাড়িয়া দিবেন, ইহাই চিরন্তন লোকাচার" ॥৮॥

তাঁহারা দুই জনেই পথের জন্য পরস্পর এইরূপ কথা বলিলেন এবং 'সরিয়া যান' 'সরিয়া যান' এইরূপও পরস্পর কহিলেন ॥৯॥

কিন্তু ঋষিও প্রাচীন আচারের অনুবর্ত্তিতা নিবন্ধন সরিয়া গেলেন না এবং রাজাও ক্রোধবশতঃ মুনির সম্মানার্থে অপসৃত হইলেন না ॥১০॥

কশাপ্রহারাভিহতস্ততঃ স মুনিসত্তমঃ।
তং শশাপ নৃপশ্রেষ্ঠং বাশিষ্ঠঃ ক্রোধমূর্চ্ছিতঃ ॥১২॥
হংসি রাক্ষসবদ্‌যস্মাদ্রাজাপসদ ! তাপসম্।
তস্মাত্ত্বমদ্য প্রভৃতি পুরুষাদো ভবিষ্যসি ॥১৩॥
মনুষ্যপিশিতে সক্তশ্চরিষ্যসি মহীমিমাম্।
গচ্ছ রাজাধমেত্যুক্তঃ শক্তিনা বীর্য্যশক্তিনা ॥১৪॥
ততো যাজ্যনিমিত্তন্তু বিশ্বামিত্রবশিষ্ঠয়োঃ।
বৈরমাসীত্তদা তন্তু বিশ্বামিত্রোঽন্বপদ্যত ॥১৫॥
তয়োর্বিবদতোরেবং সমীপমুপচক্রমে।
ঋষিরুগ্রতপাঃ পার্থ! বিশ্বামিত্রঃ প্রতাপবান্ ॥১৬॥

ভারতকৌমুদী

অমুঞ্চন্তমিতি। ঋষির্মন্ত্রদ্রষ্টা মুনিস্তু মননশীল ইত্যুভয়োর্ন পৌনরুক্ত্যম্ ॥১১॥
কশেতি। বাশিষ্ঠো বশিষ্ঠপুত্রঃ শক্তিঃ। ক্রোধেন মূর্চ্ছিতঃ কর্ত্তব্যজ্ঞানহীনঃ ॥১২॥
হংসীতি। রাক্ষসবদবিবেকেনেতি ভাবঃ। পুরুষাদো নরমাংসভোক্তা ॥১৩॥
মনুষ্যেতি। মনুষ্যস্য পিশিতে মাংসে। বীর্য্যং তপঃপ্রভাব এব শক্তির্যস্য তেন ॥১৪॥
তত ইতি। যাজ্যনিমিত্তম্ একস্য কল্মাষপাদস্য যাজননিমিত্তম্। আসীৎ পূর্ব্বত এব। তদা শক্তিনা সহ বিবাদকালে, তং কল্মাষপাদম্, অন্বপদ্যত প্রাপ্তবান্ ॥১৫॥
তয়োরিতি। এবং পূর্ব্বোক্তপ্রকারম্, বিবদতোঃ, তয়োঃ শক্তিকল্মাষপাদয়োঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

মুনের্মার্গান্নাপচক্রাম, অথ হঠাতিশবানন্তরম্ ॥১০—১৪॥ তত ইতি। এবং বিশ্বামিত্রঃ স্ববিদ্যাবলাৎ শক্তিনৃপয়োর্বৈরমুৎপাদ্য তং নৃপং যাজ্যং যদা বিশ্বামিত্রোঽন্বপদ্যত তদা তয়োর্বৈর-

---

শক্তিমুনি যখন পথ ছাড়িলেন না, তখনই রাজা রাক্ষসের ন্যায় মোহবশতঃ কশা (চাবুক) দ্বারা তাঁহাকে আঘাত করিলেন ॥১১॥

তখন শক্তিমুনি কশার আঘাতে ক্রোধে মূর্চ্ছিতপ্রায় হইয়া রাজশ্রেষ্ঠ কল্মাষপাদকে অভিসম্পাত করিলেন—(বলিলেন—) ॥১২॥

"রাজাধম! তুমি যখন রাক্ষসের ন্যায় তপস্বীকে আঘাত করিলে, তখন তুমি আজ হইতেই নরমাংসভোজী রাক্ষস হইবে ॥১৩॥

তুমি মনুষ্যমাংসে আসক্ত থাকিয়া এই পৃথিবীতে বিচরণ করিবে; যাও রাজাধম!" তপঃপ্রভাবশালী শক্তি এইরূপ বলিলেন ॥১৪॥

কল্মাষপাদরাজাকে যজমান করিবার জন্য পূর্ব্ব হইতেই বশিষ্ঠ ও বিশ্বামিত্রের পরস্পর শত্রুতা ছিল, সুতরাং বিশ্বামিত্র তখন সেই সুযোগ পাইয়া কল্মাষপাদের অনুসন্ধানে উপস্থিত হইলেন ॥১৫॥

ততঃ স বুবুধে পশ্চাত্তমৃষিং নৃপসত্তমঃ।
ঋষেঃ পুত্রং বশিষ্ঠস্য বশিষ্ঠমিব তেজসা ॥১৭॥
অন্তর্ধায় তদাত্মানং বিশ্বামিত্রোঽপি ভারত।।
তাবুভাবতিচক্রাম চিকীর্ষন্নাত্মনঃ প্রিয়ম্ ॥১৮॥
স তু শপ্তস্তদা তেন শক্ত্রিণা বৈ নৃপোত্তমঃ।
জগাম শরণং শক্ত্রিং প্রসাদয়িতুমর্হয়ন্ ॥১৯॥
তস্য ভাবং বিদিত্বা স নৃপতেঃ কুরুসত্তম!।
বিশ্বামিত্রস্ততো রক্ষ আদিদেশ নৃপং প্রতি ॥২০॥
শাপাত্তস্য তু বিপ্রর্ষের্বিশ্বামিত্রস্য চাজ্ঞয়া।
রাক্ষসঃ কিঙ্করো নাম বিবেশ নৃপতিং তদা ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পশ্চাদিত্যন্বয়ঃ। তং শাপদাতারম্ ॥১৭॥
অন্তরিতি। অতিচক্রাম রক্ষস আদেশার্থং কিয়দ্দূরং জগাম ॥১৮॥
স ইতি। অর্হয়ন্ চরণধারণাদিনা পূজয়ন্ ॥১৯॥
তস্যেতি। রক্ষঃ কঞ্চিৎ রাক্ষসম্। নৃপং প্রতি নৃপদেহমধিষ্ঠাতুম্ ॥২০॥
শাপাদিতি। তস্য শক্ত্রেঃ। বিবেশ অধিষ্ঠিতবান্ ॥২১॥

ভারতভাবদীপঃ

মাসীৎ ইত্যর্থঃ ॥১৫॥ তয়োঃ শক্ত্রিনৃপয়োর্বিবদতোঃ সতোঃ, ঋষী রাজর্ষিঃ ॥১৬॥ পশ্চাৎ বিশ্বামিত্রাগমনানন্তরম্, ঋষিং শক্ত্রিম্ ॥১৭॥ ততোঽত্মানং তত আত্মানম্ উভৌ শক্ত্রি-রাজানৌ, অতিচক্রাম বঞ্চিতবান্ ॥১৮—১৯॥ তস্য রাজ্ঞো ভাবমন্তরভিপ্রায়ং শক্ত্রিপ্রসাদন-

---

অর্জ্জুন! ভয়ঙ্কর তপস্বী ও প্রতাপশালী বিশ্বামিত্র পূর্ব্বোক্তপ্রকার বিবাদ করিবার সময়েই শক্ত্রি ও কল্মাষপাদের নিকট উপস্থিত হইয়াছিলেন ॥১৬॥

তাহার পর, রাজশ্রেষ্ঠ কল্মাষপাদ সেই শাপদাতাকে বশিষ্ঠমুনির পুত্র এবং বশিষ্ঠেরই তুল্য তেজস্বী বলিয়া বুঝিতে পারিলেন ॥১৭॥

অর্জ্জুন! তখন বিশ্বামিত্রও নিজের উদ্দেশ্য সাধন করিবার ইচ্ছায় নিজের শরীরটাকে অদৃশ্য করিয়া তাঁহাদের দুই জনকেই অতিক্রম করিলেন ॥১৮॥

এদিকে রাজা শক্ত্রিকর্তৃক অভিশপ্ত হইয়া তাঁহাকে প্রসন্ন করিবার জন্য তাঁহার শরণাপন্ন হইতে চলিলেন ॥১৯॥

তখন বিশ্বামিত্র তাঁহার অভিপ্রায় বুঝিয়া, তাঁহার শরীরে প্রবেশ করিবার জন্য একটা রাক্ষসকে আদেশ করিলেন ॥২০॥

---

(১৮) অন্তর্ধায় ততোঽত্মানম্…।

রক্ষসা তং গৃহীতন্তু বিদিত্বা মুনিসত্তমঃ।
বিশ্বামিত্রোঽপ্যপাক্রামত্তস্মাদ্দেশাদরিন্দম। ॥২২॥
ততঃ স নৃপতিস্তেন রক্ষসান্তর্গতেন চ।
বলবৎ পীড়িতঃ পার্থ! নান্ববুধ্যত কিঞ্চন ॥২৩॥
দদর্শাথ দ্বিজঃ কশ্চিদ্রাজানং প্রস্থিতং বনম্।
অযাচত ক্ষুধাপন্নঃ সমাংসং ভোজনং তদা ॥২৪॥
তমুবাচাথ রাজর্ষির্দ্বিজং মিত্রসহস্তদা।
আস্স্ব ব্রহ্মংস্ত্বমত্রৈব মুহূর্ত্তং প্রতিপালযন্ ॥২৫॥
নিবৃত্তঃ প্রতিদাস্যামি ভোজনং তে যথেপ্সিতম্।
ইত্যুক্ত্বা প্রযযৌ রাজা তস্থৌ স দ্বিজসত্তমঃ ॥২৬॥
ততো রাজা পরিক্রম্য যথাকামং যথাসুখম্।
নিবৃত্তোঽন্তঃপুরং পার্থ! প্রবিবেশ মহামনাঃ ॥২৭॥

ভারতকৌমুদী

রক্ষসেতি। অপাক্রামৎ অপসৃতবান্ ॥২২॥
তত ইতি। রক্ষসা রাক্ষসেন। বলবৎ একান্তম্। নান্ববুধ্যত কর্ত্তব্যম্ ॥২৩॥
দদর্শেতি। প্রস্থিতমাগতম্। ভুজ্যত ইতি ভোজনমন্নম্ ॥২৪॥
তমিতি। মিত্রং সহত ইতি মিত্রসহঃ সুহৃৎপ্রার্থনাপূরক ইত্যর্থঃ। আস্স্ব তিষ্ঠ ॥২৫॥
নিবৃত্ত ইতি। নিবৃত্তো গৃহাৎ প্রত্যাবৃত্তঃ। প্রযযৌ স্বগৃহম্ ॥২৬॥
তত ইতি। নিবৃত্তঃ স্বগৃহং গতঃ ॥২৭॥

সেই সময়ে শক্তির শাপে এবং বিশ্বামিত্রের আদেশে কিঙ্করনামক সেই রাক্ষস কল্মাষপাদরাজার শরীরে প্রবেশ করিল ॥২১॥

রাক্ষস কল্মাষপাদের শরীরে প্রবেশ করিযাছে ইহা বুঝিতে পারিয়া মুনিশ্রেষ্ঠ বিশ্বামিত্রও সে স্থান হইতে চলিয়া গেলেন ॥২২॥

অর্জ্জুন! তাহার পর, রাজা শরীরপ্রবিষ্ট রাক্ষস দ্বারা অত্যন্ত বিকল চিত্ত হইয়া কোন কর্ত্তব্য বিষয়ই বুঝিতে পারিলেন না ॥২৩॥

এই সময়ে ক্ষুধার্ত্ত কোন ব্রাহ্মণ রাজাকে বনের ভিতরে উপস্থিত দেখিলেন এবং তাঁহার নিকট মাংসযুক্ত অন্ন ভোজন করিতে চাহিলেন ॥২৪॥

তখন বন্ধুজনপ্রতিপালক রাজা সেই ব্রাহ্মণকে বলিলেন—"ব্রাহ্মণ! আপনি এইখানেই আমার প্রতীক্ষা করিতে থাকিয়া কিছু কাল অবস্থান করুন ২৫॥

আমি ফিরিয়া আসিয়া আপনার অভীষ্ট অন্ন দান করিব" এই কথা বলিয়া রাজা আপন ভবনে চলিয়া গেলেন; ব্রাহ্মণ সেই খানেই রহিলেন ॥২৬॥

ততোঽর্দ্ধরাত্র উত্থায় সূদমানায্য সত্বরম্ ।
উবাচ রাজা সংস্মৃত্য ব্রাহ্মণস্য প্রতিশ্রুতম্ ॥২৮॥
গচ্ছামুষ্মিন্ বনোদ্দেশে ব্রাহ্মণো মাং প্রতীক্ষতে ।
অন্নার্থী তং ত্বমন্নেন সমাংসেনোপপাদয ॥২৯॥
এবমুক্তস্ততঃ সূদঃ সোঽনাসাদ্যামিষং ক্বচিৎ ।
নিবেদযামাস তদা তস্মৈ রাজ্ঞে ব্যথান্বিতঃ ॥৩০॥
রাজা তু রক্ষসাবিষ্টঃ সূদমাহ গতব্যথঃ ।
অপ্যেনং নরমাংসেন ভোজযেতি পুনঃ পুনঃ ॥৩১॥
তথেত্যুক্ত্বা ততঃ সূদঃ সংস্থানং বধ্যঘাতিনম্ ।
গত্বাজহার ত্বরিতো নরমাংসমপেতভীঃ ॥৩২॥
স তৎ সংস্কৃত্য বিধিবদন্নোপহিতমাশু বৈ ।
তস্মৈ প্রাদাদ্ব্রাহ্মণায ক্ষুধিতায় তপস্বিনে ॥৩৩॥

ভারতকৌমুদী

তত ইতি। উত্থায নিদ্রাতঃ। রাক্ষসাবেশাদেব চ বিস্মরণেন নিদ্রা। সূদং পাচকম্ ॥২৮॥
গচ্ছেতি। অন্নার্থী ব্রাহ্মণ ইত্যন্বযঃ। উপপাদয ক্ষুধাহীনং কুরু ॥২৯॥
এবমিতি। সূদঃ স পাচকঃ। আমিষং মাংসম্, অনাসাদ্য অপ্রাপ্য ॥৩০॥
রাজেতি। রক্ষসা আবিষ্টত্বাদেব এবমাহেত্যাশযঃ। নরমাংসেনাপীতি সম্বন্ধঃ ॥৩১॥
তথেতি। সংস্থানং দেশম্। আজহার আনিনায। রাজাদেশাদেবাপেতভীর্নির্ভযঃ ॥৩২॥

তাহার পর, রাজা বাড়ী যাইযা, ইচ্ছানুসারে ও যথাসুখে একটু বিচরণ করিয়া, অন্তঃপুরে প্রবেশ করিলেন ॥২৭॥

তৎপরে তিনি রাত্রি দ্বিতীয় প্রহরের সময গাত্রোত্থান করিয়া ব্রাহ্মণের নিকট প্রতিশ্রুত বিষয স্মরণ করিযা, সত্বর পাচককে আনাইয়া বলিলেন—॥২৮॥

"পাচক! তুমি যাও, ঐ বনের ভিতরে ক্ষুধার্ত্ত এক ব্রাহ্মণ আমার প্রতীক্ষা করিতেছেন, তুমি মাংসযুক্ত অন্ন দ্বারা তাঁহাকে সন্তুষ্ট কর" ॥২৯॥

রাজা এই কথা বলিলে, সেই পাচক কোথাও মাংস না পাইযা, দুঃখিত হইযা, সে বিষয রাজাকে জানাইল ॥৩০॥

কিন্তু রাক্ষসাবিষ্ট রাজা দুঃখিত না হইযাই বার বার সেই পাচককে বলিলেন—"তুমি সেই ব্রাহ্মণকে নরমাংসও ভোজন করাও" ॥৩১॥

"তাহাই হউক" এই কথা বলিয়া সে পাচক বধ্যভূমিতে যাইয়া সত্বরই নির্ভযে নরমাংস লইযা আসিল ॥৩২॥

(২১) শ্লোকাৎ পরং 'গন্ধর্ব্ব উবাচ' ইতি ক্বচিদধিকঃ পাঠঃ।

স সিদ্ধচক্ষুষা দৃষ্ট্বা তদন্নং দ্বিজসত্তমঃ।
অভোজ্যমিদমিত্যাহ ক্রোধপর্য্যাকুলেক্ষণঃ ॥৩৪॥
ব্রাহ্মণ উবাচ।
যস্মাদভোজ্যমন্নং মে দদাতি স নৃপাধমঃ।
তস্মাত্তস্যৈব মূঢ়স্য ভবিষ্যত্যত্র লোলুপা ॥৩৫॥
সক্তো মানুষমাংসেষু যথোক্তঃ শক্তিনা পুরা।
উদ্বেজনীয়ো ভূতানাং চরিষ্যতি মহীমিমাম্ ॥৩৬॥
দ্বিরত্র ব্যাহৃতো রাজ্ঞঃ স শাপো বলবানভূৎ।
রক্ষোবলসমাবিষ্টো বিসংজ্ঞশ্চাভবন্নৃপঃ ॥৩৭॥

ভাবকৌমুদী

স ইতি। স সূদঃ। সংস্কৃত্য পক্বা। অন্নোপহিতম্ অন্নযুক্তম্ ॥৩৩॥
স ইতি। সিদ্ধচক্ষুষা যোগবলাদনন্যদৃশ্যদৃষ্টিক্ষমনয়নেন ॥৩৪॥
যস্মাদিতি। অভোজ্যং নরমাংসযুক্তত্বাদিতি ভাবঃ। লোলুপা লোভঃ ॥৩৫॥
সক্ত ইতি। সক্তো ভোজনব্যসনী। উদ্বেজয়তীত্যুদ্বেজনীয়ঃ, কর্ত্তর্য্যনীয়ঃ ॥৩৬॥
দ্বিরিতি। দ্বিঃ দ্বৌ বারৌ, ব্যাহৃতঃ শক্তিনা তেন ব্রাহ্মণেন চ উক্তঃ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

পরং জ্ঞাত্বা তদন্তরে রক্ষঃ প্রবেশিতবান্ ॥২০—২২॥ বলবদত্যন্তম্ ॥২৩—৩৪॥ অত্র নর-

---

এবং সে তাহা যথাবিধানে পাক করিয়া, অন্নের সহিত নিয়া সত্বরই সেই ক্ষুধার্ত্ত তপস্বী ব্রাহ্মণকে সমর্পণ করিল ॥৩৩॥

তখন সেই ব্রাহ্মণ দিব্যদৃষ্টি দ্বারা সেই অন্ন দেখিয়া, ক্রোধে আরক্তনয়ন হইয়া বলিলেন—"এ অন্ন অখাদ্য" ॥৩৪॥

ব্রাহ্মণ আরও বলিলেন—"যখন সেই রাজাধমটা আমাকে অখাদ্য অন্ন দিয়াছে, তখন সেই মূর্খের এই অন্নে লোভ হইবে ॥৩৫॥

আর, পূর্ব্বে শক্তি যেমন বলিয়াছেন, সেই ভাবেই সে রাজা নরমাংস ভোজনে আসক্ত থাকিয়া, প্রাণিগণের ভয়জনক হইয়া এই পৃথিবীতে বিচরণ করিবে" ॥৩৬॥

শক্তি এবং সেই ব্রাহ্মণ একপ্রকারই দুই বার বলায় রাজার সে শাপ অত্যন্ত প্রবল হইল, তাহাতেই রাজা রাক্ষসাবিষ্ট হইয়া কর্ত্তব্য জ্ঞানহীন হইলেন ॥৩৭॥

---

(৩৭) দ্বিরত্রব্যাহৃতঃ...

ততঃ স নৃপতিশ্রেষ্ঠো রাক্ষসোপহতেন্দ্রিয়ঃ।
উবাচ শক্ত্রিং তং দৃষ্ট্বা ন চিরাদিব ভারত।॥৩৮॥
যস্মাদসদৃশঃ শাপঃ প্রযুক্তোঽয়ং ময়ি ত্বয়া।
তস্মাত্ত্বত্তঃ প্রবর্ত্তিষ্যে খাদিতুং মানুষানহম্ ॥৩৯॥
এবমুক্ত্বা ততঃ সদ্যস্তং প্রাণৈর্বিপ্রযুজ্য সঃ।
তং শক্ত্রিং ভক্ষয়ামাস ব্যাঘ্রঃ পশুমিবেপ্সিতম্ ॥৪০॥
তং শক্তিং নিহতং দৃষ্ট্বা বিশ্বামিত্রঃ পুনঃ পুনঃ।
বশিষ্ঠস্যৈব পুত্রেষু তদ্রক্ষঃ সন্দিদেশ হ ॥৪১॥
স তান্ শক্ত্র্যবরান্ পুত্রান্ বশিষ্ঠস্য মহাত্মনঃ।
ভক্ষয়ামাস সংক্রুদ্ধঃ সিংহঃ ক্ষুদ্রমৃগানিব ॥৪২॥
বশিষ্ঠো ঘাতিতান্ শ্রুত্বা বিশ্বামিত্রেণ তান্ সুতান্।
ধারয়ামাস তং শোকং মহাদ্রিরিব মেদিনীম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

তত ইতি। রাক্ষসেন উপহতেন্দ্রিয়ো বিকলীকৃতচিত্তাদিঃ সন্ ॥৩৮॥
ব্রহ্মরূপধরান্ শ্রুত্বা প্রশান্তান্ পাণ্ডুনন্দনান্।
কৌন্তেয়ান্মনুজেন্দ্রাণাং বিস্ময়ঃ সমজায়ত ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। আপ্তৈর্বিশ্বস্তৈঃ, প্রবৃত্তির্বৃত্তান্তঃ। উপসম্পন্না পরিণযেন লব্ধা ॥১॥
যেনেতি। জয়তাং শত্রুবিজযিনাম্ ॥২॥
য ইতি। প্রোৎক্ষিপ্য উত্তোল্য। সম্ভ্রমস্ত্বরা। ভীমসংস্পর্শো দৃঢ়দেহত্বাৎ ॥৩—৪॥
ব্রহ্মেতি। ব্রহ্মরূপধরান্ ব্রাহ্মণবেশধারিণঃ, প্রশান্তান্ অনুদ্ধতান্ ॥৫॥

বৈশম্পাযন বলিলেন—তাহার পর, বিশ্বস্ত গুপ্তচরেরা আপন আপন রাজাদের নিকট এই সংবাদ লইয়া গেল যে, "পাণ্ডবেরা সুলক্ষণা দ্রৌপদীকে পত্নীরূপে লাভ করিয়াছেন ॥১॥

যে মহাত্মা সেই ধনু ধারণ করিয়া লক্ষ্য বিদ্ধ করিয়াছিলেন, তিনিই বিজয়িশ্রেষ্ঠ মহাবীর অর্জ্জুন ॥২॥

আর, যে বলবান্ পুরুষ মদ্ররাজ শল্যকে উত্তোলন করিয়া ভূতলে পাতিত করিযাছিলেন এবং ক্রুদ্ধ হইয়া বৃক্ষ দ্বারা যুদ্ধমধ্যে বীরগণকে ত্রাসিত করিয়াছিলেন, আর সেই সময়ে যে মহাত্মার কোন ব্যস্ততা ছিল না, তিনিই দৃঢ়শরীর ও শত্রু-সৈন্যবিনাশক ভীম" ॥৩—৪॥

---

(১) ততো রাজ্ঞশ্চরৈরাপ্তৈঃ প্রবৃত্তিরুপনীযতে। (৪)…শত্রুসেনাঙ্গপাতনঃ।

সপুত্রা হি পুরা কুন্তী দগ্ধা জতুগৃহে শ্রুতা।
পুনর্জাতামিব চ তাং তেঽমন্যন্ত নরাধিপাঃ ॥৬॥
ধিগকুর্ব্বংস্তদা ভীষ্মং ধৃতরাষ্ট্রঞ্চ কৌরবম্।
কর্ম্মণাতিনৃশংসেন পুরোচনকৃতেন বৈ ॥৭॥
বৃত্তে স্বয়ংবরে চৈব রাজানঃ সর্ব্ব এব তে।
যথাগতং বিপ্রজগ্মুর্বিদিত্বা পাণ্ডবান্ বৃতান্ ॥৮॥
অথ দুর্য্যোধনো রাজা বিমনা ভ্রাতৃভিঃ সহ।
অশ্বত্থাম্না মাতুলেন কর্ণেন চ কৃপেণ চ ॥৯॥
বিনিবৃত্তো বৃতং দৃষ্ট্বা দ্রৌপদ্যা শ্বেতবাহনম্।
তন্তু দুঃশাসনো ব্রীড়ন্ মন্দং মন্দমিবাব্রবীৎ ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কথং বিস্ময়ঃ সমজায়তেত্যাহ—সপুত্রেতি। জাতাং লব্ধজন্মানমিব ॥৬॥

ধিগিতি। ধিগকুর্ব্বন্, ভীষ্মাদিভিরেব তদভিসন্ধিনা পুরোচনাপ্রেরণানুমানাৎ ॥৭॥

বৃত্ত ইতি। বৃত্তে সম্পন্নে। বিপ্রজগ্মুঃ প্রতস্থিরে। বৃতান্ দ্রৌপদ্যেতি শেষঃ ॥৮॥

অথেতি। বিমনা বিষণ্ণচিত্তঃ। মাতুলেন শকুনিনা। বিনিবৃত্তঃ প্রস্থিতঃ। দৃষ্ট্বা পর্য্যালোচ্য। শ্বেতবাহনমর্জ্জুনম্। ব্রীড়ন্ লজ্জমানঃ। দিবাদিত্বেঽপি যনপ্রত্যযাভাব আর্ষঃ ॥৯—১০॥

ভারতভাবদীপঃ

তত ইতি। চরৈশ্চারৈঃ ॥১—৩॥ সেনাঙ্গানাং রথগজাদীনাং পাতনঃ ॥৪—৬॥ বিস্ময়ে হেতুমাহ—সপুত্রেতি ॥৬—৯॥ অব্রীড ইতি চ্ছেদঃ। 'ব্রীড়ন্' ইত্যেব পাঠঃ, অন্যথা মন্দং

পাণ্ডবেরা ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া ব্রাহ্মণদের মধ্যে শান্তভাবে রহিয়াছিলেন, ইহা শুনিয়া রাজাদের বিস্ময় জন্মিল ॥৫॥

কারণ, তাঁহারা শুনিয়াছিলেন যে, কুন্তীদেবী পূর্ব্বেই পুত্রগণের সহিত জতুগৃহে দগ্ধ হইয়াছেন; কিন্তু তখন আবার সেই বৃত্তান্ত শুনিয়া তাঁহারা মনে করিলেন যে, পুত্রগণের সহিত কুন্তী যেন পুনরায় জন্মিয়াছেন ॥৬॥

তখন রাজারা পুরোচনকৃত সেই দারুণ নৃশংসকার্য্য দ্বারা ভীষ্ম ও ধৃতরাষ্ট্রকে ধিক্কার দিতে লাগিলেন ॥৭॥

দ্রৌপদী পাণ্ডবগণকে বরণ করিয়াছেন; সুতরাং স্বয়ংবরব্যাপার সমাপ্ত হইয়া গিয়াছে, ইত্যাদি বিষয় জানিয়া রাজারা সকলেই যথাস্থানে প্রস্থান করিলেন ॥৮॥

দ্রৌপদী অর্জ্জুনকে বরণ করিয়াছেন, ইহা জানিয়া রাজা দুর্য্যোধন বিষণ্ণচিত্ত হইয়া ভ্রাতৃগণ, অশ্বত্থামা, শকুনি, কর্ণ এবং কৃপাচার্য্যের সহিত ফিরিয়া

যদ্যসৌ ব্রাহ্মণো ন স্যাদ্বিন্দেত দ্রৌপদীং ন সঃ।
ন হি তং তত্ত্বতো রাজন্! বেদ কশ্চিদ্ধনঞ্জয়ম্ ॥১১॥
দৈবঞ্চ পরমং মন্যে পৌরুষঞ্চাপ্যনর্থকম্।
ধিগস্তু পৌরুষং মন্ত্রং যদ্ধরন্তীহ পাণ্ডবাঃ ॥১২॥
এবং সংভাষমাণাস্তে নিন্দন্তশ্চ পুরোচনম্।
বিবিশুর্হাস্তিনপুরং দীনা বিগতচেতসঃ ॥১৩॥
ত্রস্তা বিগতসঙ্কল্পা দৃষ্ট্বা পার্থান্ মহৌজসঃ।
মুক্তান্ হব্যভুজশ্চৈব সংযুক্তান্ দ্রুপদেন চ ॥১৪॥
ধৃষ্টদ্যুম্নন্তু সঞ্চিন্ত্য তথৈব চ শিখণ্ডিনম্।
দ্রুপদস্যাত্মজাংশ্চান্যান্ সর্ব্বযুদ্ধবিশারদান্ ॥১৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

যদীতি। অসৌ লক্ষ্যভেত্তা। দ্রৌপদীং ন বিন্দেত লব্ধুং ন শক্নুয়াৎ, অস্মাভির্বাধাদানাৎ। অপি চাহ—ন হীতি। তত্ত্বতো যথার্থতঃ। বেদ জানাতি, ধনঞ্জয়মর্জ্জুনম্ ॥১১॥

ধনঞ্জয়মেব সত্যং মান্যমান আহ—দৈবমিতি। পরমং বলবৎ। পৌরুষং হত্যাচেষ্টাদিপুরুষকারম্, মন্ত্রং তন্মূলীভূতাং মন্ত্রণাম্। ধরন্তি ধাবয়ন্তি প্রাণানিতি শেষঃ ॥১২॥

এবমিতি। দীনা ম্লানাঃ, বিগতচেতস উদ্বেগাদ্ব্যস্তচিত্তাঃ। বিগতসঙ্কল্পাস্তিরোহিতরাজ্যবৃদ্ধ্যাদ্যভিলাষাঃ। দৃষ্ট্বা পর্য্যালোচ্য। হব্যভুজো জতুগৃহাগ্নিতঃ। সঞ্চিন্ত্য অজয্যতয়া বিভাব্য ॥১৩—১৫॥

চলিলেন। তখন দুঃশাসন লজ্জিতভাবে ধীরে ধীরে দুর্য্যোধনকে বলিলেন—॥৯—১০॥

"যিনি লক্ষ্যভেদ করিয়াছেন, তিনি যদি ব্রাহ্মণ না হইতেন, তবে তিনি দ্রৌপদীকে লাভ করিতে পারিতেন না; তা'র পর, কোন লোকই সে ব্যক্তিকে অর্জ্জুন বলিয়া চিনিতেও পারে নাই ॥১১॥

আমি মনে করি—দৈবই প্রবল; সুতরাং পুরুষকার তাহার নিকট ব্যর্থ হইয়া যায়; অতএব পুরুষকার বা মন্ত্রণাকে ধিক্, যখন এখনও পাণ্ডবেরা বাঁচিয়া আছে" ॥১২॥

তাঁহারা মহাবল পাণ্ডবগণকে জতুগৃহের অগ্নি হইতে মুক্ত এবং দ্রুপদ রাজার সহিত সম্মিলিত দেখিযা, আর ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী ও যুদ্ধবিশারদ অন্যান্য দ্রুপদপুত্রদিগকে ভাবিয়া বিষণ্ণ, অস্থিরচিত্ত, ভীত ও নষ্টসঙ্কল্প হইযা, হস্তিনানগরে যাইয়া প্রবেশ করিলেন ॥১৩—১৫॥

---

(১২) ধিগস্তু পৌরুষং তাত। ধ্রিয়ন্তে যত্র পাণ্ডবাঃ।

বিদুরস্ত্বথ তাং শ্রুত্বা দ্রৌপদীং পাণ্ডবৈর্বৃতাম্।
ব্রীড়িতান্ ধার্ত্তরাষ্ট্রাংশ্চ ভগ্নদর্পানুপাগতান্ ॥১৬॥
ততঃ প্রীতমনাঃ ক্ষত্তা ধৃতরাষ্ট্রং বিশাংপতে ! ।
উবাচ দিষ্ট্যা কুরবো বর্দ্ধন্ত ইতি বিস্মিতঃ ॥১৭॥ (যুগ্মকম্)
বৈচিত্রবীর্য্যস্তু নৃপো নিশম্য বিদুরস্য তৎ।
অব্রবীৎ পরমপ্রীতো দিষ্ট্যা দিষ্ট্যেতি ভারত ! ॥১৮॥
মন্যতে স বৃতং পুত্রং জ্যেষ্ঠং দ্রুপদকন্যয়া।
দুর্য্যোধনমবিজ্ঞানাৎ প্রজ্ঞাচক্ষুর্নরেশ্বরঃ ॥১৯॥
অথ ত্বাজ্ঞাপয়ামাস দ্রৌপদ্যা ভূষণং বহু।
আনীয়তাং বৈ কৃষ্ণেতি পুত্রং দুর্য্যোধনং তদা ॥২০॥
অথাস্য পশ্চাদ্বিদুর আচখ্যৌ পাণ্ডবান্ বৃতান্।
সর্ব্বান্ কুশলিনো বীরান্পূজিতান্ দ্রুপদেন হ ॥২১॥

ভারতকৌমুদী

বিদুর ইতি। অথ ক্ষত্তা বিদুরঃ, তাং দ্রৌপদীং পাণ্ডবৈর্বৃতাম্, ধার্ত্তরাষ্ট্রান্ দুর্য্যোধনাদীংশ্চ, পাণ্ডববরণাদেব ভগ্নদর্পান্, অতএব ব্রীড়িতান্ লজ্জিতান্, সমাগতান্, শ্রুত্বা, ততঃ প্রীতমনা বিস্মিতশ্চ সন্, ধৃতরাষ্ট্রমুবাচ। দিষ্ট্যা ভাগ্যেন, কুরবো বর্দ্ধন্তে ইতি ॥১৬—১৭॥

বৈচিত্রেতি। বৈচিত্রবীর্য্যো বিচিত্রবীর্য্যপুত্রো ধৃতরাষ্ট্রমুবাচ। দিষ্ট্যা ভাগ্যেন ॥১৮॥

ননু পাণ্ডবানাং দ্রৌপদীলাভে কথং ধৃতরাষ্ট্রঃ পরমপ্রীত ইত্যাহ—মন্যত ইতি। প্রজ্ঞাচক্ষুরন্ধঃ স নরেশ্বরঃ, অবিজ্ঞানাৎ স্বয়মদর্শনাৎ, দ্রুপদকন্যয়া, জ্যেষ্ঠং পুত্রং দুর্য্যোধনং বৃতং মন্যতে স্ম, কুরবো বর্দ্ধন্ত ইতি বিদুরোক্তেস্তথৈব তাৎপর্য্যনিশ্চয়াদিতি ভাবঃ ॥১৯॥

অথেতি। আজ্ঞাপয়ামাস স নরেশ্বর ইত্যনুকর্ষঃ। কৃষ্ণা দ্রৌপদী ॥২০॥

তাহার পর, পাণ্ডবগণই দ্রৌপদীকে লাভ করিয়াছেন এবং ধৃতরাষ্ট্রের পুত্রগণ ভগ্নদর্প ও লজ্জিত হইয়া আসিয়াছেন—ইহা শুনিয়া বিদুর সন্তুষ্ট ও বিস্মিত হইয়া যাইয়া ধৃতরাষ্ট্রকে বলিলেন—"মহারাজ! ভাগ্যবশতঃ কুরুবংশের উন্নতি হইয়াছে" ॥১৬—১৭॥

কিন্তু ধৃতরাষ্ট্র বিদুরের মুখে সেই কথা শুনিয়াই অত্যন্ত আহ্লাদিত হইয়া বলিয়া উঠিলেন—"ভাগ্যে ভাগ্যে" ॥১৮॥

কেন না, তিনি অন্ধ ছিলেন কি না, তাই তিনি না দেখিয়া মনে করিয়া ছিলেন যে, দ্রৌপদী বুঝি নিজের জ্যেষ্ঠপুত্র দুর্য্যোধনকে বরণ করিয়াছেন ॥১৯॥

তাহার পর, তিনি তখনই পুত্র দুর্য্যোধনকে আদেশ করিলেন যে, "দ্রৌপদীর জন্য বহুতর অলঙ্কার নির্ম্মাণ করাও এবং তাঁহাকে লইয়া আইস" ॥২০॥

তেষাং সম্বন্ধিনশ্চান্যান্ বহূন্ বলসমন্বিতান্।
সমাগতান্ পাণ্ডবেয়ৈস্তস্মিন্নেব স্বয়ংবরে ॥২২॥ (যুগ্মকম্)

ধৃতরাষ্ট্র উবাচ।

যথৈব পাণ্ডোঃ পুত্রাস্তে তথৈবাভ্যধিকা মম।
যথা চাভ্যধিকা বুদ্ধির্মম তান্ প্রতি তচ্ছৃণু ॥২৩॥
যত্তে কুশলিনো বীরা মিত্রবন্তশ্চ পাণ্ডবাঃ।
তেষাং সম্বন্ধিনশ্চান্যে বহবশ্চ মহাবলাঃ ॥২৪॥
কো হি দ্রুপদমাসাদ্য মিত্রং ক্ষত্তঃ! সবান্ধবম্।
ন বুভূষেদ্ভবেনার্থী গতশ্রীরপি পার্থিবঃ ॥২৫॥

ভারতকৌমুদী

অথেতি। অস্য ধৃতরাষ্ট্রস্য সমীপে। সমাগতান্ মৈত্র্যা মিলিতান্ ॥২১—২২॥

যথেতি। তে পুত্রাঃ পাণ্ডবাঃ, যথৈব পাণ্ডোরভ্যধিকাঃ, মমাপি তথৈবাভ্যধিকাঃ ॥২৩॥

যদিতি। তেষাং পাণ্ডবানাম্। সম্বন্ধিনো ধৃষ্টদ্যুম্নপ্রভৃতয়ঃ ॥২৪॥

ক ইতি। হে ক্ষত্তঃ। বিদুর! গতশ্রীর্নষ্টসম্পৎ, কঃ পার্থিবোঽপি, সবান্ধবং দ্রুপদম্, মিত্রমাসাদ্য ভবেন ধনলাভেন, অর্থী যাচকঃ, ন বুভূষেৎ ভবিতুমিচ্ছেৎ, অপি তু সর্ব্ব এবার্থী বুভূষেদিত্যর্থঃ। "ভবঃ ক্ষেমেশসংসারে সত্তায়াং প্রাপ্তিজন্মনোঃ" ইতি মেদিনী ॥২৫॥

ভারতভাবদীপঃ

মন্দম্ ইত্যস্যানুপপত্তিঃ ॥১০—১৯॥ বৈ চার্থে, কৃষ্ণা ভূষণঞ্চ তৎপরিধানার্থমানীযতামিত্যর্থঃ ॥২০—২৪॥ গতশ্রীঃ নষ্টশ্রীঃ, কো ভবেন ঐশ্বর্য্যেণ অর্থী ন বুভূষেৎ ভবিতুমিচ্ছেৎ অপি তু

তৎপরে বিদুর ধৃতরাষ্ট্রকে বলিলেন যে, "দ্রৌপদী পাণ্ডবগণকে বরণ করিয়াছেন, পাণ্ডবেরা সকলেই কুশলে আছেন এবং দ্রুপদ রাজা তাঁহাদের যথেষ্ট সম্মান করিয়াছেন; আর সেই স্বয়ংবরেই অন্যান্য অনেক প্রবল সম্পর্কিত লোক পাণ্ডবদের সঙ্গে সম্মিলিত হইয়াছেন" ॥২১—২২॥

তখন ধৃতরাষ্ট্র বলিলেন—"বিদুর! পাণ্ডবেরা পাণ্ডুর নিকটেও যেমন অত্যন্ত আদরের পাত্র ছিল, আমার নিকটেও তেমনই অত্যন্ত আদরের পাত্র আছে। আর, আমার মন তাহাদের প্রতিই অত্যন্ত আকৃষ্ট আছে, তাহার কারণ শোন ॥২৩॥

যে হেতু সেই বীর পাণ্ডবগণ কুশলে আছে, সহায়শালী হইয়াছে এবং অন্যান্য বহুতর বীর পুরুষেরা তাহাদের আত্মীয় হইয়াছেন ॥২৪॥

বিদুর! সম্পত্তি নষ্ট হইযা গেলে, কোন্ রাজাও বন্ধুসমন্বিত দ্রুপদ রাজাকে মিত্ররূপে লাভ করিয়া তাঁহার নিকট সেই সম্পদের প্রার্থী হইতে ইচ্ছা করেন?" ॥২৫॥

বৈশম্পায়ন উবাচ।

তং তথা ভাষমাণন্তু বিদুরঃ প্রত্যভাষত।
নিত্যং ভবতু তে বুদ্ধিরেষা রাজন্! শতং সমাঃ।
ইত্যুক্ত্বা প্রযযৌ রাজন্! বিদুরঃ স্বং নিবেশনম্ ॥২৬॥
ততো দুর্য্যোধনশ্চাপি রাধেয়শ্চ বিশাংপতে!।
ধৃতরাষ্ট্রমুপাগম্য বচোঽব্রূতামিদং তদা ॥২৭॥
সন্নিধৌ বিদুরস্য ত্বাং দোষং বক্তুং ন শক্নুবঃ।
বিবিক্তমিতি বক্ষ্যাবঃ কিং তবেদং চিকীর্ষিতম্ ॥২৮॥
সপত্নবৃদ্ধিং যত্তাত! মন্যসে বৃদ্ধিমাত্মনঃ।
অভিষ্টৌষি চ যৎ ক্ষত্তুঃ সমীপে দ্বিপদাং বর! ॥২৯॥
অন্যস্মিন্ নৃপ! কর্ত্তব্যে ত্বমন্যৎ কুরুষেঽনঘ!।
তেষাং বলবিঘাতো হি কর্ত্তব্যস্তাত! নিত্যশঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তমিতি। এষা ঈদৃশী পাণ্ডবাদিহিতৈষিণীতার্থঃ। ষট্পঞ্চাশত্তমঃ শ্লোকঃ।২৬।
তত ইতি। রাধেয়ঃ কর্ণঃ। অব্রূতাম্ উক্তবন্তৌ।২৭।
সন্নিধাবিতি। বিবিক্তং নির্জ্জনমিদং স্থানম্। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টমিতি ভাবঃ।২৮।
অথ কোঽসৌ দোষ ইত্যাহ— সপত্নেতি। সপত্নবৃদ্ধিং শত্রুন্নতিম্। অভিষ্টৌষি প্রশংসসি।২৯।
অন্যস্মিন্নিতি। তেষাং পাণ্ডবানাম্। কর্ত্তব্যঃ কর্ত্তুং চেষ্টনীয়ঃ।৩০।

বৈশম্পায়ন বলিলেন—ধৃতরাষ্ট্র সেইরূপ বলিতে থাকিলে, বিদুর তাঁহাকে বলিলেন—"মহারাজ! শত বৎসর পর্য্যন্ত আপনার এইরূপ বুদ্ধিই সর্ব্বদা হউক"। এই কথা বলিয়া বিদুর আপন ভবনে চলিয়া গেলেন।২৬।

মহারাজ! তাহার পর তখনই দুর্য্যোধন ও কর্ণ ধৃতরাষ্ট্রের নিকট উপস্থিত হইয়া এই কথা বলিলেন—।২৭।

"মহারাজ! বিদুরের নিকটে আপনাকে দোষের কথা বলিতে পারি নাই; এখন এ স্থান নির্জ্জন হইয়াছে, তাই বলিব, আপনি এ কি করিতে ইচ্ছা করিতেছেন?।২৮।

পিতঃ! হে নরশ্রেষ্ঠ! আপনি শত্রুর উন্নতিকে নিজের উন্নতি বলিয়া মনে করিতেছেন! যে হেতু, আপনি বিদুরের নিকটে পাণ্ডবদের প্রশংসা করিলেন।২৯।

মহারাজ! যাহা করা উচিত, আপনি তাহার বিপরীত করিতেছেন

তে বয়ং প্রাপ্তকালস্য চিকীর্ষাং মন্ত্রয়ামহে।
যথা নো ন গ্রসেয়ুস্তে সপুত্ত্রবলবান্ধবান্ ॥৩১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে দুর্য্যোধনবাক্যে ত্রিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।
অহমপ্যেবমেবৈতচ্চিকীর্ষামি যথা যুবাম্।
বিবেক্তুং নাহমিচ্ছামি কার্য্যন্তু বিদুরং প্রতি ॥১॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রাপ্তকালস্য উপস্থিতসময়স্য উপযোগিনীমিতি শেষঃ। চিকীর্ষাং কর্ত্তব্যম্ ॥৩১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে ত্রিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৩॥

—:*:—

অহমিতি। চিকীর্ষামি কর্ত্তুমিচ্ছামি। বিবেক্তুং প্রকাশয়িতুম্। কার্য্যম্ অস্মাকং কর্ত্তব্যম্ ॥১॥

ভারতভাবদীপঃ

সর্ব্বোঽপীচ্ছেৎ ॥২৫—২৮॥ সপত্নবৃদ্ধিং তৎকৃতাং বৃদ্ধিম্। ‘বৃদ্ধিম্’ ইতি পাঠঃ স্বচ্ছঃ। হে বর। শ্রেষ্ঠ। দ্বিষতাং দ্বিষতঃ শত্রূন্ ॥২৯—৩০॥ প্রাপ্তকালস্য কর্ম্মণঃ চিকীর্ষাং কর্ত্তব্যতাম্ ॥৩১॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৩॥

পিতঃ। সর্ব্বদাই পাণ্ডবদের শক্তিহানি করিবার চেষ্টা আমাদের করা উচিত ॥৩০॥

আমরা এখন সময়োচিত কর্ত্তব্য বিষয়ের মন্ত্রণা করিব; যাহাতে পাণ্ডবেরা আমাদিগকে পুত্র, বল ও বান্ধবগণের সহিত গ্রাস করিতে না পারে” ॥৩১॥

—:*:—

ধৃতরাষ্ট্র বলিলেন—“তোমরা যে ভাবে যাহা করিতে ইচ্ছা করিতেছ, আমিও সেইভাবেই তাহা করিতে ইচ্ছা করিতেছি। আমি বিদুরের নিকট আমাদের কর্ত্তব্য বিষয় প্রকাশ করিবার ইচ্ছা করি নাই ॥১॥

---

* ‘অষ্টনবত্যধিক’, ‘··দ্বিশততম’, ‘দ্ব্যধিকদ্বিশততম·’, ‘··একোনবিংশত্যধিকদ্বিশততম·’ ইতি পাঠভেদাঃ।

(১)···ত্বাকারং বিদুরং প্রতি।

ততস্তেষাং গুণানেব কীর্ত্তয়ামি বিশেষতঃ।
নাববুধ্যেত বিদুরো মমাভিপ্রায়মিঙ্গিতৈঃ ॥২॥
যচ্চ ত্বং মন্যসে প্রাপ্তং তদ্ব্রবীহি সুযোধন!।
রাধেয়! মন্যসে যচ্চ প্রাপ্তকালং বদাশু মে ॥৩॥

দুর্য্যোধন উবাচ।

অদ্য তান্ কুশলৈর্বিপ্রৈঃ সুকৃতৈরাপ্তকারিভিঃ।
কুন্তীপুত্রান্ ভেদয়ামো মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥৪॥
অথবা দ্রুপদো রাজা মহদ্ভির্বিত্তসঞ্চয়ৈঃ।
পুত্রাশ্চাস্য প্রলোভ্যন্তামমাত্যাশ্চৈব সর্ব্বশঃ ॥৫॥
পরিত্যজেদ্‌যথা রাজা কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
অথ তত্রৈব বা তেষাং নিবাসং রোচয়ন্তু তে ॥৬॥
ইহৈষাং দোষবদ্বাসং বর্ণয়ন্তু পৃথক্ পৃথক্।
তে ভিদ্যমানাস্তত্রৈব মনঃ কুর্ব্বন্তু পাণ্ডবাঃ ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। তেষাং পাণ্ডবানাম্। বিশেষতো বাহুল্যেন। ইঙ্গিতৈর্ভঙ্গীভিঃ ॥২॥
যদিতি। প্রাপ্তমুচিতম্। ব্রবীহীতি ঈডাগম আর্ষঃ। প্রাপ্তকালমেতৎকালোচিতম্ ॥৩॥
অদ্যেতি। কুশলৈঃ কার্য্যনিপুণৈঃ। সুকৃতৈরস্মাভিঃ সৎকৃতৈঃ। আপ্তকারিভির্বিশ্বস্তৈঃ ॥৪॥
অথবেতি। মহদ্ভির্বিত্তসঞ্চয়ৈঃ প্রচুরতরধনোপহারদানৈঃ ॥৫॥
পরিত্যজেদিতি। রাজা স দ্রুপদঃ। তত্রৈব পাঞ্চালদেশ এব। তেষাং পাণ্ডবানাম্ ॥৬॥
ইহেতি। ইহ কুরুরাজ্যে। এষাং পাণ্ডবানাম্। কুর্ব্বন্তু বাসায়েতি শেষঃ ॥৭॥

সেইজন্যই আমি বিদুরের নিকট বিশেষভাবে পাণ্ডবগণের গুণকীর্ত্তন করিয়াছি। যাহাতে বিদুর ভঙ্গী দ্বারা আমার অভিপ্রায় বুঝিতে না পারেন ॥২॥

অতএব দুর্য্যোধন! তুমি যাহা সঙ্গত মনে কর, তাহা বল। কর্ণ! তুমিও যাহা সময়োচিত মনে কর, তাহা আমার নিকট সত্বর বল" ॥৩॥

দুর্য্যোধন বলিলেন—"আমরা এখনই কার্য্যনিপুণ, আদৃত ও বিশ্বস্ত ব্রাহ্মণগণ দ্বারা পাণ্ডবদের মধ্যে ভেদ জন্মাইব ॥৪॥

অথবা আমরা প্রচুর ধন উপহার দিয়া দ্রুপদ রাজাকে, তাঁহার পুত্রগণকে এবং তাঁহার মন্ত্রিগণকে সর্ব্বপ্রকারে প্রলুব্ধ করিব ॥৫॥

যাহাতে দ্রুপদ রাজা যুধিষ্ঠিরকে পরিত্যাগ করেন কিংবা সেই পাঞ্চালদেশেই পাণ্ডবগণের বাস করিবার ইচ্ছা জন্মাইয়া দেন ॥৬॥

অথবা কুশলাঃ কেচিদুপায়নিপুণা নরাঃ।
ইতরেতরতঃ পার্থান্ ভেদয়ন্ত্বনুরাগতঃ ॥৮॥
ব্যুত্থাপয়ন্তু বা কৃষ্ণাং বহুত্বাৎ সুকরং হি তৎ।
অথবা পাণ্ডবাংস্তস্যাং ভেদয়ন্তু ততশ্চ তাম্ ॥৯॥
ভীমসেনস্য বা রাজন্! উপায়কুশলৈর্নরৈঃ।
মৃত্যুর্বিধীযতাং ছন্নৈঃ স হি তেষাং বলাধিকঃ ॥১০॥
তমাশ্রিত্য হি কৌন্তেয়ঃ পুরা চাস্মান্ ন মন্যতে।
স হি তীক্ষ্ণশ্চ শূরশ্চ তেষাঞ্চৈব পরায়ণম্ ॥১১॥

ভারতকৌমুদী

অথবেতি। কুশলা বাক্যেঽপি নিপুণাঃ। ইতরেতরতঃ পরস্পরম্ ॥৮॥

ব্যুত্থাপযন্ত্বিতি। ব্যুত্থাপযন্তু পতিভ্যো বিরঞ্জযন্তু, কৃষ্ণাং দ্রৌপদীম্। পতীনাং বহুত্বাৎ তৎ ব্যুত্থাপনম্। তস্যাং কৃষ্ণাযাং বিষযে। তাং লপ্স্যেমহীতি শেষঃ ॥৯॥

ভীমেতি। ছন্নৈর্গুপ্তৈঃ সদ্ভিঃ। তেষাং পাণ্ডবানাং মধ্যে ॥১০॥

তমিতি। কৌন্তেযো যুধিষ্ঠিরঃ। তীক্ষ্ণো রুক্ষস্বভাবঃ। পরায়ণং পরমাশ্রয়ঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

অহমিতি। বিবেক্তুং ব্যক্তীকর্ত্তুম্ ॥১॥ ইঙ্গিতৈশ্চেষ্টিতৈঃ ॥২॥ যচ্চ কর্ত্তব্যম্ ॥৩॥ আপ্তকারিভিঃ অবঞ্চকৈঃ ॥৪—৬॥ ভিদ্যমানা অস্মত্তঃ পৃথগ্ ভবন্তঃ ॥৭—৮॥ ব্যুত্থাপযন্তু স্বভর্ত্তৄণাং ত্যাগঃ, স চ বহুত্বদোষেণ সুকরঃ। অথবেতি অস্যাঃ ভর্ত্তৃষু বৈষম্যং প্রদর্শ্য

এবং তাঁহারা পৃথক্ পৃথক্ ভাবে পাণ্ডবদের নিকট বলুন যে, এই রাজ্যে পাণ্ডবদের বাস করা অত্যন্ত দোষাবহ। তাহাতে তাহারা সেই দেশেই বাস করিবার ইচ্ছা করুক ॥৭॥

অথবা বাক্পটু ও নীতিনিপুণ কতকগুলি লোক পাণ্ডবগণকে পরস্পর ভালবাসা হইতে বিশ্লিষ্ট করুক ॥৮॥

কিংবা দ্রৌপদীকে অপরক্ত করিয়া তুলুক। কারণ, বহু পতি বলিয়া দ্রৌপদীকে অপরক্ত করা অনায়াসসাধ্য। অথবা পাণ্ডবগণকেই দ্রৌপদীর প্রতি বিরক্ত করুক; তাহার পর আমরাই দ্রৌপদীকে লইব ॥৯॥

অথবা মহারাজ! নীতিনিপুণ লোকেরা গুপ্তভাবে থাকিয়া ভীমের মৃত্যু সাধন করুক। কারণ, ভীমই তাহাদের মধ্যে প্রধান বলবান্ ॥১০॥

সুতরাং যুধিষ্ঠির ভীমকে অবলম্বন করিয়াই পূর্ব্বে আমাদিগকে গ্রাহ্য করে নাই। কেন না, ভীম রুক্ষস্বভাব, বীর এবং তাহাদের প্রধান অবলম্বন ॥১১॥

---

(১১) ..পুরাস্মানবমন্যতে। স হি তীক্ষ্ণশ্চ মূঢ়শ্চ ।

তস্মিন্নভিহতে রাজন্! হতোৎসাহা হতৌজসঃ।
যতিষ্যন্তে ন রাজ্যায় স হি তেষাং ব্যপাশ্রয়ঃ ॥১২॥
অজয্যো হ্যর্জ্জুনঃ সংখ্যে পৃষ্ঠগোপে বৃকোদরে।
তমৃতে ফাল্গুনো যুদ্ধে রাধেয়স্য ন পাদভাক্ ॥১৩॥
তে জানানাস্তু দৌর্ব্বল্যং ভীমসেনমৃতে মহৎ।
অস্মান্ বলবতো জ্ঞাত্বা ন যতিষ্যন্তি দুর্ব্বলাঃ ॥১৪॥
ইহাগতেষু বা তেষু নিদেশবশবর্ত্তিষু।
প্রবর্ত্তিষ্যামহে রাজন্! যথাশাস্ত্রং নিবর্হণে ॥১৫॥
অথবা দর্শনীয়াভিঃ প্রমদাভির্বিলোভ্যতাম্।
একৈকস্তত্র কৌন্তেয়স্ততঃ কৃষ্ণা বিরজ্যতাম্ ॥১৬॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। স ভীমঃ, তেষাং পাণ্ডবানাম্, ব্যপাশ্রয়ঃ প্রধানাশ্রয়ঃ ॥১২॥

অজয্য ইতি। বৃকোদরে পৃষ্ঠগোপে পৃষ্ঠরক্ষকে সতি, সংখ্যে যুদ্ধে, অর্জ্জুনঃ, অজয্যো জেতুমশক্যঃ। তং বৃকোদরম্, ঋতে বিনা, ফাল্গুনোঽর্জ্জুনঃ, যুদ্ধে, রাধেয়স্য কর্ণস্য, ন পাদভাক্ ন চতুর্থাংশতুল্যঃ ॥১৩॥

ত ইতি। তে পাণ্ডবাঃ। ঋতে বিনা। ন যতিষ্যন্তি যুদ্ধায় চেষ্টিষ্যন্তে ॥১৪॥

ইহেতি। নিদেশবশবর্ত্তিষু অস্মাকমাজ্ঞাবহেষু। নিবর্হণে নিগ্রহে ॥১৫॥

ভারতভাবদীপঃ

পাণ্ডবানেব বা তস্যাং ভেদয়ন্তু, ততশ্চ তাং লপ্স্যামহে ইতি শেষঃ ॥৯—১২॥ ন পাদভাক্ ন চতুর্থাংশতুল্যঃ ॥১৩—১৫॥ একৈকঃ কৌন্তেয়ঃ প্রলোভনীয়ঃ, তত্র তেষু ততঃ প্রলোভ্য-

মহারাজ! ভীম নিহত হইলে, অন্যান্য পাণ্ডবেরা নিরুৎসাহ ও নিস্তেজ হইযা রাজ্যলাভের জন্য চেষ্টাই করিবে না। কেন না, সে-ই তাহাদের আশ্রয় ॥১২॥

ভীম পৃষ্ঠরক্ষক হইলে, অর্জ্জুন যুদ্ধে অজেয় হইযা থাকে; আর ভীম না থাকিলে অর্জ্জুন যুদ্ধে কর্ণের এক চতুর্থাংশতুল্যও নহে ॥১৩॥

পাণ্ডবেরা ভীম ব্যতীত আপনাদের অত্যন্ত দুর্ব্বলতা বুঝিয়া এবং আমাদের প্রবলতা জানিযা যুদ্ধের জন্য চেষ্টাও করিবে না ॥১৪॥

অথবা পাণ্ডবেরা এখানে আসিয়া আমাদের আজ্ঞাবহ হইলে, আমরা নীতি-শাস্ত্র অনুসারে তাহাদের নিগ্রহে প্রবৃত্ত হইব ॥১৫॥

(১৩) অজেযো হ্যর্জ্জুনঃ ··। (১৪) ··জ্ঞাত্বা নাশমেষ্যন্তি দুর্ব্বলাঃ।
(১৫)···যথাশাস্ত্রং নিবর্হণম্।

প্রেষ্য তাঁশ্চৈব রাধেয়স্তেষামাগমনায় বৈ।
তৈস্তৈঃ প্রকারৈঃ সন্নীয় পাত্যন্তামাপ্তকারিভিঃ ॥১৭॥
এতেষামপ্যুপায়ানাং যস্তে নির্দ্দোষ আত্মনঃ।
তস্য প্রয়োগমাতিষ্ঠ পুরা কালোঽতিবর্ত্ততে ॥১৮॥
যাবচ্চাকৃতবিশ্বাসা দ্রুপদে পার্থিবর্ষভে।
তাবদেব হি তে শক্যা ন শক্যাস্তু ততঃ পরম্ ॥১৯॥
এষা মম মতিস্তাত। নিগ্রহায় প্রবর্ত্ততে।
সাধ্বী বা যদি বাঽসাধ্বী কিং বা রাধেয় ! মন্যসে ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে দুর্য্যোধনবাক্যে চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অথবেতি। দর্শনীয়াভিঃ সুন্দরীভিঃ, প্রমদাভিঃ স্ত্রীভিঃ। কৃষ্ণা দ্রৌপদী ॥১৬॥
প্রেষ্যতামিতি। রাধেয়ঃ কর্ণঃ। তৈস্তৈর্বিষদানাদিভিঃ। আপ্তকারিভির্বিশ্বস্তৈঃ ॥১৭॥
এতেষামিতি। প্রয়োগমনুষ্ঠানম্, আতিষ্ঠ কুরু। পুরা সম্মুখবর্ত্তী ॥১৮॥
যাবদিতি। তে পাণ্ডবাঃ, শক্যা নিগ্রহীতুমিতি শেষঃ। ন শক্যা দ্রুপদসাহায্যাৎ ॥১৯॥
এষেতি। নিগ্রহায় পাণ্ডবানাং নির্যাতনায়। রাধেয়। হে কর্ণ। ॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

মানাৎ ॥১৬॥ সন্নীয় ঐক্যং নীত্বা ॥১৭—১৮॥ শক্যাঃ ঘাতয়িতুমিতি শেষঃ ॥১৯—২০॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৪॥

অথবা সুন্দরী রমণীদিগের দ্বারা সেইখানেই পাণ্ডবদের প্রত্যেককে প্রলুব্ধ করা হউক এবং সেই উপায়েই দ্রৌপদীকে বিশ্লিষ্ট করা হউক ॥১৬॥

কিংবা তাহাদিগকে আনিবার জন্য কর্ণকে পাঠাইয়া দিন; পরে তাহাদিগকে এখানে আনিয়া বিশ্বস্ত লোক দ্বারা সেই সেই উপায়ে নিপাত করুন ॥১৭॥

এই উপায়গুলির মধ্যে যেটাকে আপনি আপনার পক্ষে নির্দ্দোষ বলিয়া মনে করেন, তাহারই অনুষ্ঠান করুন; এদিকে সময় চলিয়া যাইতেছে ॥১৮॥

যে পর্য্যন্ত পাণ্ডবেরা দ্রুপদ রাজার উপরে সম্পূর্ণ বিশ্বাস স্থাপন না করে,

(১৮) ··যস্তে নির্দ্দোষবান্ মতঃ। * '...একোনদ্বিশততম ·', '...একাধিকদ্বিশততম ·', '...ত্র্যধিকদ্বিশততম ··', '··বিংশত্যধিকদ্বিশততম ·' ইতি পাঠান্তরাণি।

পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

কর্ণ উবাচ।

দুর্য্যোধন! তব প্রজ্ঞা ন সম্যগিতি মে মতিঃ।
ন হ্যুপায়েন তে শক্যাঃ পাণ্ডবাঃ কুরুনন্দন! ॥১॥
পূর্ব্বমেব হি তে সূক্ষ্মৈরুপায়ৈর্যতিতাস্ত্বয়া।
নিগ্রহীতুং তদা বীর! ন চৈব শকিতাস্তথা ॥২॥
ইহৈব বর্ত্তমানাস্তে সমীপে তব পার্থিব!।
অজাতপক্ষাঃ শিশবঃ শকিতা নৈব বাধিতুম্ ॥৩॥
জাতপক্ষা বিদেশস্থা বিবৃদ্ধাঃ সর্ব্বশোঽদ্য তে।
নোপায়সাধ্যাঃ কৌন্তেয়া মমৈষা মতিরচ্যুত ॥৪॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। প্রজ্ঞা বুদ্ধিঃ। উপায়েন কূটকৌশলেন। শক্যাঃ নিগ্রহীতুমিতি শেষঃ ॥১॥
কথং ন শক্যা ইত্যাহ—পূর্ব্বমিতি। সূক্ষ্মৈরজ্ঞেয়ৈঃ, উপায়ৈর্বিষদানাদিভিঃ ॥২॥
ইদানীং কূটকৌশলেন তেষাং নিগ্রহস্তাবদসম্ভব এবেত্যাহ—ইহেতি। ন জাতঃ পক্ষঃ সহায়ঃ পতত্রঞ্চ যেষাং তে। বাধিতুং নিগ্রহীতুম্। শকিতা ইত্যার্ষ ইড়াগমঃ ॥৩॥
জাতেতি। জাতঃ পক্ষো দ্রুপদরাজাদিঃ সহায়ঃ পতত্রঞ্চ যেষাং তে। বিবৃদ্ধা বয়সা বুদ্ধিং

সেই পর্য্যন্তই তাহাদিগকে নিগৃহীত করা যাইতে পারে, তাহার পরে আর নহে ॥১৯॥

পিতৃদেব! পাণ্ডবগণকে নিগৃহীত করিবার পক্ষে এইগুলি আমার মত। কর্ণ! এগুলি ভাল কি মন্দ, তুমি কি মনে কর?” ॥২০॥

—:*:—

কর্ণ বলিলেন—“দুর্য্যোধন! তোমার এই মতগুলি সমীচীন বলিয়া আমার মনে হয় না। কারণ, পাণ্ডবগণকে কূটকৌশল দ্বারা নির্যাতন করিতে পারা যাইবে না ॥.॥

বীর! তুমি পূর্ব্বেই গুপ্ত উপায়ে তাহাদিগকে নির্যাতিত করিবার চেষ্টা করিয়াছিলে, কিন্তু তখনও পার নাই ॥২॥

রাজা! তখন তাহারা এই হস্তিনানগরে তোমার নিকটেই ছিল এবং তখন তাহাদের কোন সহায়ও ছিল না; অথচ তাহারা বালক ছিল; এ অবস্থাতেও নির্যাতন করিতে পার নাই ॥৩॥

---

(১)…পাণ্ডবাঃ কুরুবর্দ্ধন!। (৪)…মমৈষা মতিবিত্যুত, মমৈষা মতিরচ্যুতা।

ন চ তে ব্যসনৈর্যোক্তুং শক্যা দিষ্টকৃতেন চ।
শকিতাশ্চেপ্সবশ্চৈব পিতৃপৈতামহং পদম্ ॥৫॥
পরস্পরেণ ভেদশ্চ নাধাতুং তেষু শক্যতে।
একস্যাং যে রতাঃ পত্ন্যাং ন ভিদ্যন্তে পরস্পরম্ ॥৬॥
ন চাপি কৃষ্ণা শক্যেত তেভ্যো ভেদয়িতুং পরৈঃ।
পরিদ্যূনান্ বৃতবতী কিমুতাদ্য মৃজাবতঃ ॥৭॥

ভারতকৌমুদী

প্রাপ্তাঃ। ন উপায়সাধ্যাঃ কূটকৌশলৈর্ন নিগ্রহীতুং শক্যাঃ। অজাতপতত্রাণাং সন্নিহিতানাং শিশূনাং পক্ষিণাং নিগ্রহে কর্ত্তুমশক্যে জাতপতত্রাণাং দূরবর্ত্তিনাং বয়স্থানাং তেষামেব পক্ষিণাং নিগ্রহো যথা নিতরামশক্যস্তথেত্যুভয়ভাবঃ। হে অচ্যুত! পৌরুষাদস্খলিত! ॥৪॥

অথ চৌর্য্যারোপাদিনা বিপৎসু নিপাত্য তে নিগ্রাহ্যা ইত্যাহ—নেতি। দিষ্টকৃতেন দৈববিহিতেন বলবুদ্ধ্যাদিনা, শকিতাঃ স্বভাবত এব শক্তিমন্তঃ, তে পাণ্ডবাঃ, ব্যসনৈশ্চৌর্য্যারোপাদিকৃতবিপদ্ভির্যোক্তুং ন শক্যাঃ, তেষাং বলবুদ্ধ্যাদিগুণেনৈব তদসম্ভবাদিতি ভাবঃ। অথ তে যদ্যুদাসীনা এব তিষ্ঠেয়ুরিত্যাহ—ঈপ্সবশ্চেতি। পিতৃপৈতামহং পদং রাজ্যম্, ঈপ্সবশ্চ ॥৫॥

"অদ্য তান্ কুশলৈর্বিপ্রৈঃ" ইত্যাদিনা পূর্ব্বাধ্যায়ে যদুক্তং তত্রোত্তরমাহ—পরস্পরেণেতি। আধাতুং স্থাপয়িতুম্। ন ভিদ্যন্তে তে ইতি শেষঃ। তথা চ যোষিদেব সর্ব্বত্র পরস্পরভেদহেতুঃ। এবঞ্চ তস্যামেকস্যামেব যোষিতি যে স্বসম্মত্যা অভেদেনাসক্তাস্তেষাং ভেদোপায়ো জগত্যাং নাস্ত্যেবেতি ভাবঃ ॥৬॥

"ব্যুত্থাপয়ন্তু বা কৃষ্ণাম্" ইত্যাদেরুত্তরমাহ—ন চেতি। অত্র পরিবর্জনার্থঃ, দিব্‌ধাতুশ্চ কান্ত্যর্থঃ। এবঞ্চ পরিদ্যূনান্ ভিক্ষার্থপর্য্যটনাদিনা বর্জ্জিতকান্তীন্, বৃতবতী পতিত্বেনাঙ্গীকৃতবতী, যা কৃষ্ণেতি শেষঃ, সা কিমুতাদ্য মৃজাবতো দ্রুপদসাহায্যাৎ বেশাদৌ পরিষ্কারশালিনস্তান্ পতীন্ পরিহরেদিতি শেষঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

দুর্য্যোধনেতি ॥১—২॥ জাতপক্ষাঃ সহায়বন্তঃ তদন্যে অজাতপক্ষাঃ ॥৩—৪॥ দিষ্টকৃতেন দৈবনির্ম্মাণেন শকিতাঃ শক্তিমন্তঃ, জতুগৃহাদিভ্য আত্মানং মোচয়িতুং শক্তা অভূবন্নিত্যর্থঃ

আর, এখন তাহাদের সহায় হইয়াছে এবং তাহারা বিদেশে রহিয়াছে ও সর্ব্বপ্রকারে বৃদ্ধি পাইয়াছে; এ অবস্থায় কূটকৌশল দ্বারা তাহাদিগকে নিগৃহীত করা সম্ভবপর নহে ; ইহাই আমার মত ॥৪॥

তা'র পর, তাহারা দৈবকৃত শক্তিবল ও বুদ্ধিবলে বলীয়ান্; এ অবস্থায় তাহাদিগকে কোনরূপ বিপদে ফেলিতেও পারা যাইবে না, অথচ তাহারা পৈতৃকপদ লাভ করিতেও ইচ্ছুক ॥৫॥

তাহাদের মধ্যে পরস্পর ভেদ জন্মাইতেও পারা যাইবে না। কারণ, যাহারা একটি স্ত্রীতে আসক্ত রহিয়াছে, তাহারা কি পরস্পর ভিন্ন হয়? ॥৬॥

ঈপ্সিতশ্চ গুণঃ স্ত্রীণামেকস্যা বহুভর্ত্তৃতা।
তঞ্চ প্রাপ্তবতী কৃষ্ণা ন সা ভেদয়িতুং ক্ষমা ॥৮॥
বহুরত্নশ্চ পাঞ্চাল্যো ন স রাজা ধনপ্রিয়ঃ।
ন সন্তক্ষ্যতি কৌন্তেয়ান্ রাজ্যদানৈরপি ধ্রুবম্ ॥৯॥
তথাস্য পুত্রো গুণবান্ অনুরক্তশ্চ পাণ্ডবান্।
তস্মান্নোপায়সাধ্যাংস্তানহং মন্যে কথঞ্চন ॥১০॥
ইদং ত্বদ্য ক্ষমং কর্ত্তুমস্মাকং পুরুষর্ষভ!।
যাবন্ন কৃতমূলাস্তে পাণ্ডবেয়া বিশাংপতে!।
তাবৎ প্রহরণীয়াস্তে তত্তুভ্যং তাত! রোচতাম্ ॥১১॥

ভারতকৌমুদী

অথ তস্যা বহুপতিকত্বমেব ভেদহেতুরিত্যাশয়ে বৈপরীত্যমাহ—ঈপ্সিতশ্চেতি। একস্যাঃ স্ত্রিয়াঃ, বহুভর্ত্তৃতা ইত্যেষ গুণ এব স্ত্রীণামীপ্সিতঃ প্রিয়ঃ। তঞ্চ বহুভর্ত্তৃকত্বরূপং গুণম্, কৃষ্ণা প্রাপ্তবতী দৈবাৎ। অতএব সা পতিভ্যো ভেদয়িতুং ন ক্ষমা ন শক্যা ॥৮॥

বহ্বিতি। বহূনি রত্নানি যস্য সঃ। অতএব স ন ধনপ্রিয়ঃ নবা সন্তক্ষ্যতি ॥৯॥

তথেতি। পুত্রো ধৃষ্টদ্যুম্নাদিঃ। পাণ্ডবান্ প্রতি। উপায়সাধ্যান্ কৌশলনিগ্রাহ্যান্ ॥১০॥

ইদমিতি। ক্ষমমুচিতম্। কৃতমূলাঃ সমূলবদ্দৃঢাধিষ্ঠানাঃ। ষট্পদমিদং পদ্যম্ ॥১১॥

অন্য লোক দ্বারা পাণ্ডবগণ হইতে দ্রৌপদীকেও অপরক্ত করিতে পারা যাইবে না; কেন না, যে দ্রৌপদী হীন অবস্থাতেই পাণ্ডবগণকে বরণ করিয়াছে, সে কি সমৃদ্ধ অবস্থায় তাহাদিগকে পরিত্যাগ করে? ॥৭॥

একটি স্ত্রীর অনেক পতি হওয়া স্ত্রীলোকদিগের অভীষ্ট, তাহা দ্রৌপদী পাইয়াছে; এ অবস্থায় তাহাকে অপরক্ত করা অসম্ভব ॥৮॥

ওদিকে দ্রুপদরাজার প্রচুর ধন রহিয়াছে; সুতরাং তিনি ধনপ্রিয় হইতে পারেন না। অতএব ধন ত দূরের কথা, রাজ্য দান করিলেও নিশ্চয়ই তিনি পাণ্ডবগণকে পরিত্যাগ করিবেন না ॥৯॥

তা'র পর, দ্রুপদরাজার পুত্রগণ গুণবান্ এবং পাণ্ডবগণের প্রতি অনুরক্ত। অতএব আমি মনে করি—কোন প্রকারেই কূটকৌশল দ্বারা পাণ্ডবগণকে নিগৃহীত করা যাইবে না ॥১০॥

অতএব হে পুরুষশ্রেষ্ঠ! বর্ত্তমান সময়ে আমাদের ইহাই করা উচিত যে, যে পর্য্যন্ত পাণ্ডবেরা দৃঢ়ভাবে অধিষ্ঠিত না হয়, তাহার মধ্যেই তাহাদিগকে আক্রমণ করিতে হইবে। এই বিষয়ে তোমারও মত হউক ॥১১॥

---

(১) আর্য্যব্রতশ্চ পাঞ্চাল্যঃ...।

অস্মৎপক্ষো মহান্ যাবদ্‌যাবৎ পাঞ্চালকো লঘুঃ।
তাবৎ প্রহরণং তেষাং ক্রিয়তাং মা বিচারয় ॥১২॥
বাহনানি প্রভূতানি মিত্রাণি বহুলানি চ।
যাবন্ন তেষাং গান্ধারে! তাবদ্বিক্রম পার্থিব! ॥১৩॥
যাবচ্চ রাজা পাঞ্চাল্যো নোদ্যমে কুরুতে মনঃ।
সহ পুত্রৈর্মহাবীর্য্যৈস্তাবদ্বিক্রম পার্থিব! ॥১৪॥
যাবন্নায়াতি বার্ষ্ণেয়ঃ কর্ষন্ যাদববাহিনীম্।
রাজ্যার্থে পাণ্ডবেয়ানাং পাঞ্চাল্যসদনং প্রতি ॥১৫॥
বসূনি বিবিধা ভোগা রাজ্যমেব চ কেবলম্।
নাত্যাজ্যমস্তি কৃষ্ণস্য পাণ্ডবার্থে কথঞ্চন ॥১৬॥

ভারতকৌমুদী

অস্মদিতি। মহান্ প্রবলঃ। লঘুঃ অসংগৃহীতবলান্তবত্বাদ্‌দুর্ব্বলঃ ॥১২॥

বাহনানীতি। তেষাং পাণ্ডবানাম্। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ, গান্ধারীশব্দাৎ "বাহ্বাদেশ্চ বিধীয়তে" ইতি ইণি পূর্ব্বেকারলোপে সম্বোধনম্। বিক্রমেতি দীর্ঘাভাব আর্ষঃ ॥১৩॥

যাবদিতি। পাঞ্চাল্যো দ্রুপদঃ। উদ্যমে পাণ্ডবানাং রাজ্যোদ্ধারোদ্‌যোগে ॥১৪॥

যাবদিতি। বার্ষ্ণেয়ঃ কৃষ্ণঃ, কর্ষন্ আনয়ন্। পাঞ্চাল্যসদনং দ্রুপদগৃহম্ ॥১৫॥

অথ কৃষ্ণেনাপি কিং পাণ্ডবার্থে নিরপেক্ষতা ত্যাজ্যেত্যাহ—বসূনীতি। বসূনি ধনানি। কেবলং কৃৎস্নম্। "নির্ণীতে কেবলমিতি ত্রিলিঙ্গং ত্বেককৃৎস্নয়োঃ" ইত্যমরঃ ॥১৬॥

যে পর্য্যন্ত আমাদের পক্ষ প্রবল রহিয়াছে এবং যে পর্য্যন্ত দ্রুপদরাজা দুর্ব্বল আছেন, ইহার মধ্যেই যাইয়া পাণ্ডবগণকে আক্রমণ কর; কিন্তু এবিষয়ে কোন বিবেচনা করিতে থাকিয়া সময় নষ্ট করিও না ॥১২॥

রাজা! যে পর্য্যন্ত পাণ্ডবগণের প্রচুর পরিমাণে বাহন এবং বহুসংখ্যক মিত্র সংগৃহীত না হয়, তাহার মধ্যেই তুমি বিক্রম প্রকাশ কর ॥১৩॥

যে পর্য্যন্ত দ্রুপদরাজা মহাবীর পুত্রগণের সঙ্গে মিলিত হইয়া পাণ্ডবগণের রাজ্য উদ্ধারের উদ্‌যোগে মনোনিবেশ না করেন, ইহার মধ্যেই তুমি বিক্রম প্রকাশ কর ॥১৪॥

এবং যে পর্য্যন্ত কৃষ্ণ পাণ্ডবগণের রাজ্য উদ্ধারের জন্য যাদবসৈন্য লইয়া দ্রুপদরাজার বাড়ীতে উপস্থিত না হয়, তাহার মধ্যেই তুমি বিক্রম প্রকাশ কর ॥১৫॥

---

(১৩)…মিত্রাণি চ কুলানি চ।

বিক্রমেণ মহী প্রাপ্তা ভরতেন মহাত্মনা।
বিক্রমেণ চ লোকাংস্ত্রীন্ জিতবান্ পাকশাসনঃ ॥১৭॥
বিক্রমঞ্চ প্রশংসন্তি ক্ষত্রিয়স্য বিশাংপতে ! ।
স্বকো হি ধর্ম্মঃ শূরাণাং বিক্রমঃ পার্থিবর্ষভ ! ॥১৮॥
তে বলেন বয়ং রাজন্ ! মহতা চতুরঙ্গিণা।
প্রমথ্য দ্রুপদং শীঘ্রমানয়ামেহ পাণ্ডবান্ ॥১৯॥
নহি সাম্না ন দানেন ন ভেদেন চ পাণ্ডবাঃ।
শক্যাঃ সাধয়িতুং তস্মাদ্বিক্রমেণৈব তান্ জহি ॥২০॥
তান্ বিক্রমেণ জিত্বেমামখিলাং ভুঙ্‌ক্ষ্ব মেদিনীম্।
অতো নান্যং প্রপশ্যামি কার্য্যোপায়ং জনাধিপ ! ॥২১॥

ভারতকৌমুদী

উপায়েষু বিক্রমস্যোৎকর্ষং দর্শয়তি—বিক্রমেণেতি। পাকশাসন ইন্দ্রঃ ॥১৭॥
বিক্রমমিতি। স্বকঃ স্বকীয়ঃ, ধর্ম্মঃ স্বভাবঃ ॥১৮॥
ত ইতি। চত্বারি অঙ্গানি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি অস্য সন্তীতি তেন ॥১৯॥
নহীতি। সাধয়িতুম্ আয়ত্তীকর্ত্তুম্। বিক্রমে হননমেব সম্ভবতীতি ভাবঃ ॥২০॥
তানিতি। তান্ পাণ্ডবান্। কার্য্যস্য পাণ্ডবায়ত্তীকরণস্য উপায়ং সাধনম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

॥৫—৬॥ পবিদ্যুনান্ শোচ্যান্, ভিক্ষাভোজিত্বাদিনা, মৃজাবতঃ সুবেশান্ ॥৭—১১॥ লঘুঃ অল্পকঃ ॥১২—১৮॥ আনয়াম স্ববশমিতি শেষঃ ॥১৯—২৫॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৫॥

ধন, নানাবিধ বস্তু এবং সকল রাজ্য—এগুলি সমস্তই কৃষ্ণ পাণ্ডবদের জন্য পরিত্যাগ করিতে পারেন ॥১৬॥

তা'র পর, মহাত্মা ভরতরাজা বিক্রম প্রকাশ করিয়াই পৃথিবীর লাভ করিয়াছিলেন এবং ইন্দ্র বিক্রম দ্বারাই ত্রিভুবন জয় করিয়াছিলেন ॥১৭॥

রাজা ! তত্ত্বজ্ঞ লোকেরা ক্ষত্রিয়ের বিক্রমেরই প্রশংসা করিয়া থাকেন এবং বিক্রমই বীরগণের স্বাভাবিক ধর্ম্ম ॥১৮॥

অতএব রাজা ! আমরা বিশাল চতুরঙ্গ সৈন্য দ্বারা সত্বরই দ্রুপদরাজাকে জয় করিয়া পাণ্ডবগণকে এইখানেই লইয়া আসিব ॥১৯॥

যখন সাম, দান ও ভেদ—ইহার কোনটা দ্বারাই পাণ্ডবগণকে আয়ত্ত করা যাইবে না, তখন বিক্রম দ্বারাই তাহাদিগকে নষ্ট কর ॥২০॥

রাজা ! বিক্রম দ্বারা পাণ্ডবগণকে জয় করিয়া এই সমগ্র পৃথিবী ভোগ কর। আমি কর্ত্তব্যবিষয়ে ইহা ব্যতীত অন্য কোন উপায় দেখিতেছি না" ॥২১॥

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা তু রাধেয়বচো ধৃতরাষ্ট্রঃ প্রতাপবান্।
অভিপূজ্য ততঃ পশ্চাদিদং বচনমব্রবীৎ ॥২২॥
উপপন্নং মহাপ্রাজ্ঞে কৃতাস্ত্রে সূতনন্দনে।
ত্বয়ি বিক্রমসম্পন্নমিদং বচনমীদৃশম্ ॥২৩॥
ভূয় এব তু ভীষ্মশ্চ দ্রোণো বিদুর এব চ।
যুবাঞ্চ কুরুতাং বুদ্ধিং ভবেদ্‌যা নঃ সুখোদয়া ॥২৪॥
তত আনায্য তান্ সর্ব্বান্ মন্ত্রিণঃ সুমহাযশাঃ।
ধৃতরাষ্ট্রো মহারাজ! মন্ত্রযামাস বৈ তদা ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে ধৃতরাষ্ট্রমন্ত্রণে পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। রাধেযবচঃ কর্ণবাক্যম্। অভিপূজ্য তং রাধেযমেব মনসা প্রশস্য ॥২২॥
উপেতি। উপপন্নং যুক্তম্। বিক্রমসম্পন্নং বিক্রমপ্রকাশকম্ ॥২৩॥
ভূয ইতি। ভীষ্মাদিভিঃ সহ সম্মন্ত্র্যেত্যাশযঃ। সুখস্য উদযো যস্যাঃ সা ॥২৪॥
তত ইতি। আনায্য দৌবারিকৈরিতি শেষঃ। তান্ ভীষ্মাদীন্ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারত-টীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে পঞ্চনবত্যধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—*—

বৈশম্পায়ন বলিলেন—ধৃতরাষ্ট্র কর্ণের কথা শুনিয়া, মনে মনে তাঁহার প্রশংসা করিয়া পরে এই কথা বলিলেন—॥২২॥

"কর্ণ! তুমি মহাপ্রাজ্ঞ এবং অস্ত্রে সুশিক্ষিত; সুতরাং তোমাতে এইরূপ বিক্রমপ্রকাশক বাক্য সঙ্গতই বটে ॥২৩॥

কিন্তু ভীষ্ম, দ্রোণ ও বিদুরের সঙ্গে মিলিত হইয়া আবারও তোমরা এ বিষযে পর্য্যালোচনা কর; যাহাতে আমাদের মঙ্গল হয়" ॥২৪॥

মহারাজ! তাহার পর ধৃতরাষ্ট্র ভীষ্মপ্রভৃতি সমস্ত মন্ত্রীদিগকে আনাইযা তখন মন্ত্রণা করিতে লাগিলেন ॥২৫॥

—:*:—

* '...দ্বিশততম...', '...দ্ব্যধিকদ্বিশততম...', '...চতুরধিকদ্বিশততম...', '...এক-বিংশত্যধিকদ্বিশততম...' ইতি পাঠান্তরাণি।

ষণ্ণবত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ০ঃ—

ভীষ্ম উবাচ।

ন রোচতে বিগ্রহো মে পাণ্ডুপুত্রৈঃ কথঞ্চন।
যথৈব ধৃতরাষ্ট্রো মে তথা পাণ্ডুরসংশয়ম্ ॥১॥
গান্ধার্য্যাশ্চ যথা পুত্রাস্তথা কুন্তীসুতা মম।
যথা চ মম তে রক্ষ্যা ধৃতরাষ্ট্র! তথা তব ॥২॥
যথা চ মম রাজ্ঞশ্চ তথা দুর্য্যোধনস্য তে।
তথা কুরূণাং সর্ব্বেষামন্যেষামপি পার্থিব! ॥৩॥
এবং গতে বিগ্রহং তৈর্ন রোচে সন্ধায় বীরৈর্দীয়তামর্দ্ধভূমিঃ।
তেষামপীহ প্রপিতামহানাং রাজ্যং পিতুশ্চৈব কুরূত্তমানাম্ ॥৪॥

ভারতকৌমুদী

নেতি। বিগ্রহো যুদ্ধম্। ধৃতরাষ্ট্রেণ কর্ণমতে শ্রাবিতে ভীষ্মাদিভিরুক্তমিদমিতি বোধ্যম্ ॥১॥
গান্ধার্য্যা ইতি। যথা সম্পর্কে যাদৃশাঃ, তথা সম্পর্কে তাদৃশাঃ। তে পাণ্ডবাঃ ॥২॥
যথেতি। রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য। পাণ্ডবা রক্ষণীয়া ইতি সর্ব্বত্র শেষঃ ॥৩॥
এবমিতি। গতে স্থিতে। ন রোচে নাভিপ্রেমি। তেষাং পাণ্ডবানাম্। পিতুঃ পাণ্ডোঃ। এতেন পাণ্ডবানামেব পৈতৃকং রাজ্যম্, ধৃতরাষ্ট্রস্য ত্বন্ধতয়া রাজত্বাভাবাৎ দুর্য্যোধনস্য ন পৈতৃকমিতি সূচিতম্ ॥৪॥

ভীষ্ম বলিলেন—"পাণ্ডুর পুত্রগণের সহিত যুদ্ধ করা কোন প্রকারেই আমার অভিপ্রেত নহে। কেন না, আমার নিকট ধৃতরাষ্ট্র যেমন, পাণ্ডুও তেমনই ছিল; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১॥

সুতরাং, আমার নিকট গান্ধারীর পুত্রগণও যেমন, কুন্তীর পুত্রগণও তেমনই। অতএব ধৃতরাষ্ট্র! তোমার পুত্রগণকে আমার যেমন রক্ষা করা উচিত, পাণ্ডুর পুত্রগণকেও আমার তেমনই রক্ষা করা উচিত ॥২॥

আর, আমার ও তোমার পাণ্ডবগণকে যেমন রক্ষা করা উচিত, তেমন দুর্য্যোধনের ও অন্যান্য কুরুবংশীয় সকলেরই পাণ্ডবগণকে রক্ষা করা উচিত ॥৩॥

এমন হইলে, পাণ্ডবদের সহিত যুদ্ধ করা আমার অভিপ্রেত নহে; সেই বীরগণের সহিত সন্ধি করিয়া তাহাদিগকে অর্দ্ধরাজ্য দান কর। কেন না, এই রাজ্য তাহাদেরও পিতামহের, বিশেষতঃ পিতার ছিল ॥৪॥

---

(৪) এবং গতে বিগ্রহস্তৈর্ন রোচতে…।

দুর্য্যোধন! যথা রাজ্যং ত্বমিদং তাত! পশ্যসি।
মম পৈতৃকমিত্যেবং তেঽপি পশ্যন্তি পাণ্ডবাঃ ॥৫॥
যদি রাজ্যং ন তে প্রাপ্তাঃ পাণ্ডবেয়া যশস্বিনঃ।
কুত এব তবাপীদং ভারতস্যাপি কস্যচিৎ ॥৬॥
অধর্ম্মেণ চ রাজ্যং ত্বং প্রাপ্তবান্ ভরতর্ষভ!।
তেঽপি রাজ্যমনুপ্রাপ্তাঃ পূর্ব্বমেবেতি মে মতিঃ ॥৭॥
মধুরেণৈব রাজ্যস্য তেষামর্দ্ধং প্রদীয়তাম্।
এতদ্ধি পুরুষব্যাঘ্র! হিতং সর্ব্বজনস্য চ ॥৮॥
অতোঽন্যথা চেৎ ক্রিয়তে ন হিতং নো ভবিষ্যতি।
তবাপ্যকীর্ত্তিঃ সকলা ভবিষ্যতি ন সংশয়ঃ ॥৯॥
কীর্ত্তিরক্ষণমাতিষ্ঠ কীর্ত্তির্হি পরমং বলম্।
নষ্টকীর্ত্তের্মনুষ্যস্য জীবিতং হ্যফলং স্মৃতম্ ॥১০॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। হে তাত! বৎস!। তে পাণ্ডবা অপি তথৈব পশ্যন্তীত্যর্থঃ ॥৫॥
যদীতি। প্রাপ্তা ভবেয়ুরিতি শেষঃ। ভারতস্য ভরতবংশীয়স্য ॥৬॥
অধর্ম্মেণেতি। অধর্ম্মেণ বারণাবতে প্রস্থাপনাত্মকেন। পূর্ব্বমেব পিতুঃ পাণ্ডোরনন্তরমেব, "পিতুর্য্যপরতে পুত্রা বিভজেয়ুর্ধনং পিতুঃ" ইত্যাদিশাস্ত্রাদিতি ভাবঃ ॥৭॥
মধুরেণেতি। মধুরেণ বিবাদাভাবাৎ সর্ব্বসন্তোষকারিণা ভাবেন ॥৮॥
অত ইতি। নঃ অস্মাকম্। সকলা, জতুগৃহদাহাদিদোষাণামপি ত্বয্যেব সম্ভবাৎ ॥৯॥

বৎস! দুর্য্যোধন! তুমি যেমন এই রাজ্যটাকে পৈতৃক বলিয়া মনে কর, সে পাণ্ডবেরাও তেমনই ইহাকে পৈতৃকরাজ্য মনে করে ॥৫॥

সুতরাং, সেই পাণ্ডবেরা যদি এই রাজ্য না পায়, তবে তুমিই বা কি করিয়া পাইবে? এবং অন্য ভরতবংশীয়ই বা কি করিয়া পাইবে? ॥৬॥

তা'র পর, দুর্য্যোধন! তুমি অধর্ম্ম অনুসারেই এই রাজ্য হাতে পাইয়াছ; বাস্তবিকপক্ষে পাণ্ডবেরা পূর্ব্বেই এ রাজ্য পাইয়াছিল; ইহাই আমার মত ॥৭॥

দুর্য্যোধন। মধুরভাবে পাণ্ডবগণকে রাজ্যের অর্দ্ধ দান কর, ইহাই সমস্ত লোকের হিতকর হইবে ॥৮॥

এতদ্ভিন্ন অন্যরূপ যদি কর, তবে আমাদের মঙ্গল হইবে না; তোমারও সর্ব্বপ্রকার নিন্দা হইবে; ইহাতে কোন সন্দেহ নাই ॥৯॥

কীর্ত্তি রক্ষা কর, কীর্ত্তি মানুষের প্রধান বল; আর কীর্ত্তিহীন মানুষের জীবনই নিষ্ফল ॥১০॥

যাবৎ কীৰ্ত্তির্মনুষ্যস্য ন প্রণশ্যতি কৌরব !।
তাবজ্জীবতি গান্ধারে ! নষ্টকীৰ্ত্তিস্তু নশ্যতি ॥১১॥
তমিমং সমুপাতিষ্ঠ ধৰ্ম্মং কুরুকুলোচিতম্।
অনুরূপং মহাবাহো ! পূৰ্ব্বেষামাত্মনঃ কুরু ॥১২॥
দিষ্ট্যা ধ্রিয়ন্তে পার্থা হি দিষ্ট্যা জীবতি সা পৃথা।
দিষ্ট্যা পুরোচনঃ পাপো ন সকামোঽত্যয়ং গতঃ ॥১৩॥
যদা প্রভৃতি দগ্ধাস্তে কুন্তিভোজসুতাসুতাঃ।
তদা প্রভৃতি গান্ধারে ! ন শক্নোম্যভিবীক্ষিতুম্ ॥১৪॥
লোকে প্রাণভৃতং কঞ্চিচ্ছ্রুত্বা কুন্তীং তথাগতাম্।
ন চাপি দোষেণ তথা লোকোঽবৈতি পুরোচনম্।
যথা ত্বাং পুরুষব্যাঘ্র ! লোকো দোষেণ গচ্ছতি ॥১৫॥

ভারতকৌমুদী

কীৰ্ত্তীতি। আতিষ্ঠ অনুতিষ্ঠ। অফলং লোকেষু গৌরবালাভাদিতি ভাবঃ ॥১০॥
যাবদিতি। জীবতি স মনুষ্য ইতি শেষঃ। নশ্যতি, লোকাদবালাভাদিত্যাশয়ঃ ॥১১॥
তমিতি। ধৰ্ম্মং সাধুতাম্। আত্মনঃ পূৰ্ব্বেষাং পুরুষাণামনুরূপং কাৰ্য্যং কুরু ॥১২॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, ধ্রিয়ন্তে অবতিষ্ঠন্তে জীবন্তীত্যর্থঃ। অত্যয়ং মৃত্যুম্ ॥১৩॥
যদেতি। অভিবীক্ষিতুং স্বমুখং দর্শয়িতুমিত্যর্থঃ, স্বস্মিন্ তদ্দোষারোপাশঙ্কাত ইতি ভাবঃ ॥১ ॥
লোক ইতি। লোকঃ, কুন্তীং সপুত্রামিত্যাশয়ঃ, তথাগতাং জতুগৃহদাহেন দগ্ধাম্, শ্রুত্বা,

ভারতভাবদীপঃ

ন রোচতে ইতি ॥১—৭॥ মধুরেণ প্রীত্যা ॥৮—১২॥ ধ্রিয়ন্তে জীবন্তি, সকামো নাসীৎ,

যে পর্য্যন্ত মানুষের কীৰ্ত্তি নষ্ট না হয়, সেই পৰ্য্যন্তই সে বাঁচিয়া থাকে ; আর কীৰ্ত্তি নষ্ট হইলে, সেও নষ্ট হয় ॥১১॥

অতএব তুমি এই কুরুবংশোচিত ধর্ম্মের অনুষ্ঠান কর, নিজের পূর্ব্বপুরুষদিগের অনুরূপ কার্য্য কর ॥১২॥

ভাগ্যবশতই পাণ্ডবেরা জীবিত রহিয়াছে এবং ভাগ্যবশতই কুন্তীদেবী বাঁচিয়া আছেন ; আর ভাগ্যবশতই পাপাত্মা পুরোচন সফলকাম হয় নাই, মরিয়া গিয়াছে ॥১৩॥

দুর্য্যোধন ! যদবধি শুনিয়াছি যে, পাণ্ডবেরা দগ্ধ হইয়াছে, তদবধি আমি আর লোকসমাজে মুখ দেখাইতে পারিতেছি না ॥১৪॥

(.৫) লোকে প্রাণভৃতাং কিঞ্চিৎ,·· লোকে প্রাণভৃতাং কঞ্চিৎ···লোকো মন্যেৎ পুরোচনম্···।

তদিদং জীবিতং তেষাং তব কিল্বিষনাশনম্।
সম্মন্তব্যং মহারাজ! পাণ্ডবানাঞ্চ দর্শনম্ ॥১৬॥
ন চাপি তেষাং বীরাণাং জীবতাং কুরুনন্দন!।
পিত্র্যোঽংশঃ শক্য আদাতুমপি বজ্রভৃতা স্বয়ম্ ॥১৭॥
তে সর্ব্বেঽবস্থিতা ধর্ম্মে সর্ব্বে চৈবৈকচেতসঃ।
অধর্ম্মেণ নিরস্তাশ্চ তুল্যে রাজ্যে বিশেষতঃ ॥১৮॥

ভারতকৌমুদী

লোকে জগতি, কঞ্চিদন্যং প্রাণভৃতং লোকম্, পুবোচনমপি চ, তথা তাদৃশেন দোষেণান্বিতম্, ন অবৈতি নাবগচ্ছতি, লোকঃ, ত্বাম্, যথা যাদৃশেন দোষেণান্বিতম্, গচ্ছতি অবগচ্ছতি। প্রভুত্বাৎ প্রযোজকত্বাচ্চ ত্বামেবাধিকদোষান্বিতং জানাতীতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

তদিতি। তত্তস্মাৎ, তেষাং পাণ্ডবানামিদং জীবিতং দর্শনঞ্চ, তব, কিল্বিষনাশনং কিল্বিষজনিততদপবাদনাশকম্, সম্মন্তব্যম্, তেষাং জীবিতদর্শনেন রাজ্যার্দ্ধদানেন চ তদপবাদস্য মিথ্যাত্বপ্রমাণীকরণাদিতি ভাবঃ ॥১৬॥

অথ তেষাং জীবনেনৈব তদপবাদনাশনম্, বিক্রমেণ রাজ্যগ্রহণঞ্চ ক্ষত্রিয়স্য ধর্ম্ম এবেতি ন তত্রাপবাদান্তরঞ্চেত্যাহ—ন চেতি। জীবতাং রোগাদিনা অমৃতানাম্। পিত্র্যঃ পৈতৃকঃ। বজ্রভৃতাপি ইন্দ্রেণাপি। যুষ্মাসু কা কথেত্যাশয়ঃ ॥১৭॥

অথ যদি কদাচিদধর্ম্মেণানৈক্যেন চ তেষাং শক্তিক্ষয়ঃ স্যাদিত্যাহ—ত ইতি। একচেতস একমতাবলম্বিনঃ। নিরস্তা রহিতাঃ। তুল্যে রাজ্যে তব তেষাঞ্চ। বিশেষেণ যুষ্মত্তোঽতিরেকেণ ॥১৮॥

ভারতভাবদীপঃ

অত্যয়ং নাশম্ ॥১৩—১৪॥ দোষেণ যুক্তম্, গচ্ছতি জানাতি ॥১৫॥ সম্মন্তব্যং সম্মতং কর্ত্তব্যম্ ॥১৬—১৭॥ অধর্ম্মেণ জতুগৃহদাহাদিনা ॥১৮—১৯॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষণ্ণবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৬॥

দুর্য্যোধন! কুন্তীদেবী পুত্রগণের সহিত জতুগৃহদাহে দগ্ধ হইয়া গিয়াছেন, ইহা শুনিয়া জগতের লোক অন্য কোন লোককে বা পুরোচনকে সেরূপ দোষী মনে করে না, তোমাকে যেরূপ দোষী মনে করে ॥১৫॥

অতএব পাণ্ডবগণের বাঁচিয়া থাকা এবং তাহাদিগকে দেখিতে পাওয়া তোমার সেই অপবাদ নষ্ট করিবে—ইহা তোমার মনে করা উচিত ॥১৬॥

তা'র পর, সেই বীরগণ বাঁচিয়া থাকিতে, স্বয়ং ইন্দ্রও বলপূর্ব্বক তাহাদের পৈতৃক অংশ লইতে সমর্থ হইবেন না ॥১৭॥

আর, রাজ্য—তোমাদের ও তাহাদের তুল্য হইলেও প্রধানতঃ তাহারা সকলেই ধার্ম্মিক, সকলেই একমতাবলম্বী এবং সকলেই অধর্ম্মশূন্য ॥১৮॥

যদি ধর্ম্মস্ত্বয়া কার্য্যো যদি কার্য্যং প্রিয়ঞ্চ মে।
ক্ষেমঞ্চ যদি কর্ত্তব্যং তেষামৰ্দ্ধং প্রদীয়তাম্ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে ভীষ্মবাক্যং নাম ষণ্ণবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

সপ্তনবত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

দ্রোণ উবাচ।

মন্ত্রায় সমুপানীতৈর্ধৃতরাষ্ট্র! হিতৈর্নৃপ!।
ধর্ম্ম্যমর্থ্যং যশস্যঞ্চ বাচ্যমিত্যনুশুশ্রুম ॥১॥
মমাপ্যেষা মতিস্তাত! যা ভীষ্মস্য মহাত্মনঃ।
সংবিভাজ্যাস্তু কৌন্তেয়া ধর্ম্ম এষ সনাতনঃ ॥২॥

ভারতকৌমুদী

ইদানীং বক্তব্যমুপসংহরতি—যদীতি। ক্ষেমং সর্ব্বেষামেব মঙ্গলম্ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাংমহাভারতটীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যাযামাদিপর্ব্বণি বিদুবাগমনবাজ্যলাভে ষণ্ণবত্যধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—*—

মন্ত্রায়েতি। হিতৈর্হিতৈষিভির্জনৈঃ। অনুশুশ্রুম বৃদ্ধেভ্য ইতি শেষঃ ॥১॥
মমেতি। যা যাদৃশী। সংবিভাজ্যাঃ সমানবিভক্তবাজ্যার্দ্ধদানবিষযীকর্ত্তব্যাঃ ॥২॥

অতএব যদি ধর্ম্ম করা তোমার উচিত হয়, যদি আমার প্রিয় কার্য্য করিতে চাও এবং যদি সকলের মঙ্গলই করিতে ইচ্ছা কর, তবে রাজ্যের অর্দ্ধ তাহাদিগকে ছাড়িয়া দাও" ॥১৯॥

—:*:—

দ্রোণ বলিলেন—"মহারাজ ধৃতরাষ্ট্র! মন্ত্রণা করিবার জন্য আনীত হিতৈষী লোকেরা ধর্ম্মসঙ্গত, ন্যায়সঙ্গত ও যশোবৃদ্ধিজনক বাক্যই বলিবেন ইহা আমরা শুনিয়াছি ॥১॥

সুতরাং মহাত্মা ভীষ্মের যে মত, আমারও সেই মত। রাজ্যকে সমানভাগে বিভক্ত করিয়া এক অর্দ্ধ পাণ্ডবগণকে দিন, ইহাই চিরন্তন ধর্ম্ম ॥২॥

---

* '...একাধিকদ্বিশততম...', '...ত্র্যধিকদ্বিশততম...', '...পঞ্চাধিকদ্বিশততম...', '...দ্বাবিংশত্যধিকদ্বিশততম...' ইতি পাঠান্তরাণি।

প্রেষ্যতাং দ্রুপদায়াশু নরঃ কশ্চিৎ প্রিয়ংবদঃ।
বহুলং রত্নমাদায় তেষামর্থায় ভারত! ॥৩॥
মিথঃ কৃত্যঞ্চ তস্মৈ স আদায বসু গচ্ছতু।
বৃদ্ধিঞ্চ পরমাং ব্রুয়াত্তৎসংযোগোদ্ভবাং তথা ॥৪॥
সম্প্রীয়মাণং ত্বাং ব্রুয়াদ্রাজন্! দুর্য্যোধনং তথা।
অসকৃদ্দ্রুপদে চৈব ধৃষ্টদ্যুম্নে চ ভারতে! ॥৫॥
উচিতত্বং প্রিয়ত্বঞ্চ যোগস্যাপি চ বর্ণয়েৎ।
পুনঃ পুনশ্চ কৌন্তেয়ান্ মাদ্রীপুত্রৌ চ সান্ত্বয়ন্ ॥৬॥
হিরণ্ময়ানি শুভ্রাণি বহূন্যাভরণানি চ।
বচনাত্তব রাজেন্দ্র! দ্রৌপদ্যাঃ সম্প্রযচ্ছতু ॥৭॥

ভারতকৌমুদী

প্রেষ্যতামিতি। প্রিয়ংবদো মধুরভাষী। তেষাং পাণ্ডবানাম্ ॥৩॥

মিথ ইতি। মিথঃ পরস্পরম্, কৃত্যং বরকন্যাপক্ষাভ্যাং দেয়ম্, বসু ধনম্। বৃদ্ধিং ধৃতরাষ্ট্রাদীনাং বরপক্ষাণামুন্নতিম্। তৎসংযোগোদ্ভবাং দ্রুপদেন সহ সম্মেলনজাতাম্ ॥৪॥

সম্প্রীয়মাণমিতি। হে রাজন্! ধৃতরাষ্ট্র!। সম্প্রীয়মাণম্ অনেন সম্বন্ধেনেতি শেষঃ ॥৫॥

উচিতত্বমিতি। যোগস্য সোমককৌরবযোর্বৈবাহিকসম্বন্ধস্য। উচিতত্বং যোগ্যত্বম্ ॥৬॥

হিরণ্ময়ানীতি। দ্রৌপদ্যা অর্থে, সম্প্রযচ্ছতু দ্রুপদহস্তে সমর্পয়তু ॥৭॥

ভারতভাবদীপঃ

মন্ত্রায়েতি। হিতৈর্মিত্রৈঃ ॥১—২॥ তেষাং পাণ্ডবানাম্ ॥৩॥ মিথঃকৃত্যং সাম্বন্ধিকং বরপক্ষীয়ৈঃ বধ্বলঙ্কারাদি, কন্যাপক্ষীয়ৈর্বরালঙ্কারাদি, তস্মৈ দ্রুপদায় তদর্থে, এতেন মিথঃ-কৃত্যে এব শ্বশুরো জামাতৃদায়ং গৃহ্নীয়াৎ নান্যথেতি সিদ্ধম্। বৃদ্ধিং চেতি ত্বৎসংযোগাৎ অস্মাকং মহত্ত্বাপ্তির্জাতা ইতি ধৃতরাষ্ট্রো দুর্য্যোধনশ্চ মন্যত ইতি তত্র বক্তব্যমিত্যর্থঃ ॥৪—৫॥

আপনি পাণ্ডবদের জন্য প্রচুর ধনরত্ন দিয়া প্রিয়ভাষী কোন লোককে সত্বর দ্রুপদরাজার নিকট প্রেরণ করুন ॥৩॥

সে লোক দ্রুপদ রাজার জন্যও উপঢৌকন লইয়া যাউক, যাইয়া বলুক যে, দ্রুপদরাজার সহিত সম্বন্ধ হওয়ায় কুরুবংশের বিশেষ উন্নতি হইয়াছে ॥৪॥

আর, দ্রুপদরাজা ও ধৃষ্টদ্যুম্নের নিকট বার বার এই কথা বলুক যে, এই সম্বন্ধ হওয়ায় ধৃতরাষ্ট্র ও দুর্য্যোধন অত্যন্ত সন্তুষ্ট হইয়াছেন ॥৫॥

এবং এই সম্বন্ধ যে যোগ্য ও প্রীতিকর হইয়াছে—একথাও সে লোক বলিবে, আর পাণ্ডবগণকে বার বার আশ্বস্ত করিবে ॥৬॥

---

(৪) পৃথক্ কৃতঞ্চ তস্মৈ সঃ…।

তথা দ্রুপদপুত্রাণাং সর্ব্বেষাং ভরতর্ষভ ! ।
পাণ্ডবানাঞ্চ সর্ব্বেষাং কুন্ত্যা যুক্তানি যানি চ ॥৮॥
এবং সান্ত্বসমাযুক্তং দ্রুপদং পাণ্ডবৈঃ সহ ।
উক্ত্বা সোঽনন্তরং ব্রূয়াত্তেষামাগমনং প্রতি ॥৯॥
অনুজ্ঞাতেষু বীরেষু বলং গচ্ছতু শোভনম্ ।
দুঃশাসনো বিকর্ণশ্চাপ্যানেতুং পাণ্ডবানিহ ॥১০॥
ততস্তে পাণ্ডবাঃ শ্রেষ্ঠাঃ পূজ্যমানাঃ সদা ত্বয়া ।
প্রকৃতীনামনুমতে পদে স্থাস্যন্তি পৈতৃকে ॥১১॥
এতত্তব মহারাজ ! পুত্রেষু তেষু চৈব হ ।
বৃত্তমৌপয়িকং মন্যে ভীষ্মেণ সহ ভারত ! ॥১২॥

ভারতকৌমুদী

তথেতি। কুন্ত্যা বিধবায়াঃ, যানি যুক্তানি শ্বেতবস্ত্রাদীনি, তানি চ সম্প্রযচ্ছতু ॥৮॥
এবমিতি। স ত্বৎপ্রেরিতো লোকঃ। তেষাং পাণ্ডবানাম্ ॥৯॥
অন্বিতি। অনুজ্ঞাতেষু অত্রাগমনায় দ্রুপদেনানুমতেষু, বীরেষু পাণ্ডবেষু ॥১০॥
তত ইতি। পূজ্যমানা আদ্রিয়মাণাঃ। প্রকৃতীনাং প্রজানাম্। পদে রাজত্বে ॥১১॥
এতদিতি। তেষু পাণ্ডবেষু চ। বৃত্তং ব্যবহারম্, ঔপয়িকং সর্ব্বসামঞ্জস্যসাধকম্ ॥১২॥

ভারতভাবদীপঃ

যোগস্য সম্বন্ধস্য ॥৬॥ সম্প্রযচ্ছতু ত্বদীয়োঽন্যত্যাদিঃ ॥৭॥ তথা আভরণানি প্রযচ্ছত্বিত্য-নুবজ্য প্রত্যেকং দ্রুপদপুত্রাণাম্ ইত্যাদিষু যোজ্যম্ ॥৮—১১॥ ঔপযিকম্ অবশ্যকর্ত্তব্যম্

আর, মহারাজ ! আপনার আদেশ অনুসারে সে লোক দ্রৌপদীর জন্য বহুতর হীরকনির্ম্মিত নির্ম্মল অলঙ্কার নিয়া দ্রুপদরাজার হস্তে সমর্পণ করুক ॥৭॥

এবং দ্রুপদরাজার সকল পুত্র, সকল পাণ্ডব ও কুন্তীদেবীর পক্ষে যে সমস্ত বস্ত্র যোগ্য, সেগুলিও নিয়া দ্রুপদরাজার নিকট সমর্পণ করুক ॥৮॥

পরে, আপনার প্রেরিত লোক পাণ্ডবগণের সহিত দ্রুপদরাজাকে উক্তরূপ প্রিয় বাক্য বলিয়া, পাণ্ডবগণের এস্থানে আগমনের কথা বলুক ॥৯॥

তদনন্তর, দ্রুপদরাজা পাণ্ডবগণকে আসিবার অনুমতি দিলে, তাহাদিগকে আনিবার জন্য আপনার সৈন্যগণ শোভাযাত্রা করুক, সেই সঙ্গে দুঃশাসন ও বিকর্ণ যাউক ॥১০॥

তাহার পর, পাণ্ডবেরা আসিয়া প্রজাদের অভিমত পৈতৃকপদে অধিষ্ঠিত হইবে, আপনিও সর্ব্বদাই তাহাদের আদর করিতে থাকিবেন ॥১১॥

মহারাজ ! আপনার এইরূপ ব্যবহারই আপনার পুত্রগণ ও পাণ্ডবগণের সামঞ্জস্য রক্ষক হইবে। ইহাই ভীষ্মের ও আমার মত" ॥১২॥

কর্ণ উবাচ।

যোজিতাবর্থমানাভ্যাং সর্ব্বকার্য্যেষ্বনন্তরৌ।
ন মন্ত্রয়েতাং ত্বচ্ছ্রেয়ঃ কিমদ্ভুততবং ততঃ ॥১৩॥
দুষ্টেন মনসা যো বৈ প্রচ্ছন্নেনান্তরাত্মনা।
ব্রূয়ান্নিঃশ্রেয়সং নাম কথং কুর্য্যাৎ সতাং মতম্ ॥১৪॥
ন মিত্রাণ্যর্থকৃচ্ছ্রেষু শ্রেয়সে বেতরায় বা।
বিধিপূর্ব্বং হি সর্ব্বস্য দুঃখং বা যদি বা সুখম্ ॥১৫॥

ভারতকৌমুদী

যোজিতাবিতি। অর্থমানাভ্যাং ধনগৌববাভ্যাম্, যোজিতৌ সম্বন্ধিতৌ তৌ প্রাপিতাবিত্যর্থঃ। অনন্তবৌ অব্যবহিতৌ অন্তর্নিবিষ্টৌ ভীষ্মদ্রোণৌ। ত্বচ্ছ্রেয়স্তব মঙ্গলম্ ॥১৩॥

দুষ্টেনেতি। যো জনঃ, দুষ্টেন দুবভিসন্ধিশালিনা, অতএব প্রচ্ছন্নেন বহিঃ সদ্ভাবপিহিতেন অন্তশ্চ শক্রহিতৈষিতাযুক্তেন, অন্তবাত্মনা মনসা, নাম প্রকাশম্, নি.শ্রেযসং মঙ্গলম্, ব্রূয়াৎ, স জনঃ, কথম্, সতাং বহিরন্তরুভযত্রাপি সদ্ভাবযুক্তানামকপটানাম্, যাদৃশং মতং ভবতি তাদৃশং মতং কুর্য্যাৎ, কথমপি নেত্যর্থঃ। ভীষ্মদ্রোণযোঃ কপটমিত্রত্বাত্তন্মতং ন গ্রাহ্যমিতি ভাবঃ ॥১৪॥

অথ ত্বং বালঃ, ভীষ্মদ্রোণৌ চ কপটমিত্রে ইতি কেন সহ মন্ত্রয়ামি কুতো বা মঙ্গলাশেত্যাহ—নেতি। অর্থকৃচ্ছ্রেষু কার্য্যসঙ্কটেষু, মিত্রাণি, শ্রেযসে মঙ্গলায বা, ইতবায় অশ্রেযসে বা, ন ভবন্তি। কিন্তু সর্ব্বস্যৈব লোকস্য, দুঃখং বা, যদি বা সুখম্, বিধিপূর্ব্বং দৈবপ্রযোজ্যমেব ভবতি। অতঃ সুদৈবসত্ত্বে তবাপি সুখমেব ভবেদিতি ন বিষাদঃ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

॥১২॥ অনন্তবৌ অন্তবঙ্গৌ ভীষ্মদ্রোণৌ ॥১৩॥ নন্থ অন্তবঙ্গৌ চেৎ কথং মচ্ছ্রেযো নাম্থ-মন্ত্রয়েতাম্ ইত্যাশঙ্ক্য অন্তবঙ্গাভাসাবিমৌ ন তু অন্তবঙ্গাবিত্যাহ—দুষ্টেনেতি। দুষ্টেন মিত্রদ্রোহবতা মনসা সঙ্কল্পেন, প্রচ্ছন্নেন শক্রহিতেপ্সুনাপি স্বামিহিতবদাভাসমানেন। অন্তবাত্মনা বুদ্ধ্যা। যো ব্রূযাৎ মন্ত্রং স সতাং সাধূনাং বিশ্বস্তানাং স্বামিনাং মতমিষ্টং নিঃশ্রেযসং কল্যাণং কথং কুর্য্যাৎ ন কথমপি। শঠমিত্রং হি পাতয়ত্যেব ন হিতায়েত্যর্থঃ ॥১৪॥ নন্থ শঠমিত্রত্বন্ত অস্য ত্বয্যপ্যাশঙ্ক্যেত তথাচ সর্ব্বত্রানাশ্বাসপ্রসঙ্গ ইত্যাশঙ্ক্য দৈবমেব

কর্ণ বলিলেন—"মহারাজ! যাঁহারা চিরদিন ধন ও মান দ্বারা আবৃত এবং সমস্ত কার্য্যে অন্তরঙ্গ হইয়া আসিতেছেন, তাঁহারা আপনার মঙ্গলের কথা বলেন না; ইহা অপেক্ষা আর অত্যাশ্চর্য্য কি হইতে পারে? ॥১৩॥

যে লোক বাহিরে সদ্ভাব ও ভিতরে অসদ্ভাবযুক্ত দূষিত হৃদয়ে মঙ্গলের কথা বলে, সে লোক কি করিয়া প্রকৃত হিতৈষীর মত প্রকাশ করিতে পারে? ॥১৪॥

কৃতপ্রজ্ঞোঽকৃতপ্রজ্ঞো বালো বৃদ্ধশ্চ মানবঃ।
সসহায়োঽসহায়শ্চ সর্ব্বং সর্ব্বত্র বিন্দতি ॥১৬॥
শ্রূয়তে হি পুরা কশ্চিদম্বুবীচ ইতীশ্বরঃ।
আসীদ্রাজগৃহে রাজা মাগধানাং মহীক্ষিতাম্ ॥১৭॥
স হীনঃ করণৈঃ সর্ব্বৈরুচ্ছ্বাসপরমো নৃপঃ।
অমাত্যসংস্থঃ সর্ব্বেষু কার্য্যেষ্বেবাভবত্তদা ॥১৮॥
তস্যামাত্যো মহাকর্ণির্বভূবৈকেশ্বরস্তদা।
স লব্ধবলমাত্মানং মন্যমানোঽবমন্যতে ॥১৯॥

ভারতকৌমুদী

ননু সহায়াভাবে কথং বিষাদো ন কর্ত্তব্য ইত্যাহ—কৃতেতি। কৃতপ্রজ্ঞশ্চিরপর্য্যালোচনয়া লব্ধবৈচক্ষণ্যঃ, অকৃতপ্রজ্ঞশ্চ তদিতরঃ। সর্ব্বং মঙ্গলাদিকম্, সর্ব্বত্র দেশে কালে চ, বিন্দতি লভতে, দৈববশাদেব। অতঃ সুদৈবসত্ত্বে ত্বমপি মঙ্গলাদিকং লপ্স্যস এবেত্যাশয়ঃ ॥১৬॥

ভীষ্মদ্রোণমতে ন স্থাতব্যমিতি সূচয়িতুমাখ্যায়িকামবতারয়তি—শ্রূয়ত ইতি। ঈশ্বরঃ কায়িক-শক্তিশালী। রাজগৃহে তদাখ্যে পুরে। মাগধানাং মহীক্ষিতাং বংশে ॥১৭॥

স ইতি। করণৈশ্চক্ষুরাদিভিরিন্দ্রিয়ৈঃ। উচ্ছ্বাসঃ শ্বাসপ্রশ্বাসকরণমেব পরমঃ প্রধানো যস্য সঃ। অমাত্যসংস্থঃ মন্ত্রিণি নির্ভরশীলঃ, ত্বমিব করণহীনত্বাদিত্যাশয়ঃ ॥১৮॥

তস্যেতি। একেশ্বরো রাজ্যে অদ্বিতীয়ঃ প্রভুঃ। অবমন্যতে রাজানমিতি শেষঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

মুখ্যং বৃদ্ধিহ্রাসাদিহেতুরিত্যাহ—ন মিত্রাণীতি। মিত্রাণি সাধ্বসাধূনি অর্থকৃচ্ছ্রেষু কার্য্যসঙ্কটেষু শ্রেয়সে ইতরায় নাশায় বা ন প্রভবন্তি, হি যস্মাৎ বিধিপূর্ব্বং পুণ্যাপুণ্যৈকহেতুকং সর্ব্বং সুখাদিকম্ ॥১৫॥ এতদেব স্পষ্টয়তি—কৃতেতি। সর্ব্বং দৈবোপনীতম্। সর্ব্বত্র দেশে কালে চ ॥১৬॥ অত্র আখ্যায়িকামাহ—শ্রূয়ত ইতি। ঈশ্বরঃ সমর্থঃ। রাজগৃহে তন্নামকে নগরে ॥১৭॥ করণৈশ্চক্ষুরাদিভির্হীনো বিকলঃ, উচ্ছ্বাস এব পরমো ভবতীতি জ্ঞানহেতুর্যস্য

সঙ্কট উপস্থিত হইলে, মিত্রই মঙ্গল বা অমঙ্গলের কারণ হয় না; দৈববশতই সকলের সুখ বা দুঃখ হইয়া থাকে ॥১৫॥

মানুষ—বুদ্ধিমান্, নির্ব্বোধ, বালক, বৃদ্ধ, সসহায় বা নিঃসহায় হউক; কিন্তু দৈববশতই সে সকল সময়ে সকল স্থানে সকল লাভ করিয়া থাকে ॥১৬॥

শুনিতে পাই—পূর্ব্বকালে রাজগৃহনগরে মগধরাজবংশে কায়িক-শক্তিশালী 'অম্বুবীচ' নামে কোন রাজা ছিলেন ॥১৭॥

তাঁহার কোন ইন্দ্রিয় ছিল না বলিয়া তিনি কেবল শ্বাস-প্রশ্বাসই করিতে পারিতেন; তাই তিনি সমস্ত কার্য্যেই মন্ত্রীর উপরে নির্ভরশীল ছিলেন ॥১৮॥

মহাকর্ণি নামে তাঁহার এক মন্ত্রী ছিলেন, সেই মন্ত্রীই একমাত্র প্রভু

স বাস্তু উপভোগ্যানি স্ত্রিয়ো রত্নধনানি চ।
আদদে সর্ব্বশো মূঢ় ঐশ্বর্য্যঞ্চ স্বয়ং তদা ॥২০॥
তদাদায় চ লুব্ধস্য লোভাল্লোভোঽভ্যবর্দ্ধত।
তথা হি সর্ব্বমাদায় রাজ্যমস্য জিহীর্ষতি ॥২১॥
হীনস্য করণৈঃ সর্ব্বৈরুচ্ছ্বাসপরমস্য চ।
যতমানোঽপি তদ্রাজ্যং ন শশাকেতি নঃ শ্রুতম্ ॥২২॥
কিমন্যদ্বিহিতা নূনং তস্য সা পুরুষেন্দ্রতা।
যদি তে বিহিতং রাজ্যং ভবিষ্যতি বিশাংপতে! ॥২৩॥

ভারতকৌমুদী

স ইতি। স মহাকর্ণিঃ। মূঢ়ঃ পাপাসক্তত্বাৎ। ঐশ্বর্য্যং সেনাবাহনাদিকম্ ॥২০॥
তদিতি। লুব্ধস্য মহাকর্ণেঃ। অস্য অম্বুবীচস্য রাজ্যম্, জিহীর্ষতি হর্ত্তুমিচ্ছতি স্ম ॥২১॥
হীনস্যেতি। যতমানোঽপি মহাকর্ণিঃ, তদ্রাজ্যং হর্ত্তুং ন শশাক দৈবাদেবেতি ভাবঃ ॥২২॥
কিমিতি। অন্যৎ কিং ব্রবীমীত্যর্থঃ। তস্য অম্বুবীচস্য, সা পুরুষেন্দ্রতা রাজত্বম্, নূনং নিশ্চিতমেব, বিহিতা দৈবেন নিরূপিতা। অতএব মন্ত্রিণা হর্ত্তুং ন শক্তা। অতএব হে বিশাংপতে। যদি তে তবাপি রাজ্যম্, বিহিতং দৈবেন নিরূপিতম্, তদা ভবিষ্যতি স্থাস্যতি ॥২৩॥

ভারতভাবদীপঃ

সঃ। অমাত্যসংস্থঃ অমাত্যাধীনঃ ॥১৮॥ অবমন্যতে রাজানমিতি শেষঃ ॥১৯—২১॥ ন শশাক হর্ত্তুমিতি শেষঃ ॥২২॥ আখ্যায়িকাতাৎপর্য্যমাহ—কিমিতি। তস্য অম্বুবীচস্য। সা পুরুষেন্দ্রতা তৎ নরেন্দ্রত্বম্। নূনং বিহিতা বিধিপ্রাপ্তৈব ন তু যত্নসম্পাদিতা। কিমন্য-

ছিলেন; সুতরাং তিনি আপনাকে শক্তিশালী মনে করিয়া সর্ব্বদাই রাজাকে অবজ্ঞা করিতেন ॥১৯॥

সেই পাপিষ্ঠ মন্ত্রী, রাজার উপভোগ্য স্ত্রী, ধন, রত্ন, বল ও বাহনপ্রভৃতি সমস্তই আত্মসাৎ করিয়াছিলেন ॥২০॥

সেই সমস্ত আত্মসাৎ করিতে পারায় সেই লোভী মন্ত্রীর লোভ আরও বৃদ্ধি পাইযাছিল, তাই তিনি সমস্ত আত্মসাৎ করিয়া, পরে রাজ্যও লইবার ইচ্ছা করিয়াছিলেন ॥২১॥

কিন্তু ইন্দ্রিযহীন কেবল প্রাণধারী রাজার রাজ্য লইবার চেষ্টা করিয়াও দৈববশতই মন্ত্রী তাহা পারেন নাই, ইহা আমরা শুনিয়াছি ॥২২॥

আর কি বলিব, অম্বুবীচের সেই রাজত্ব নিশ্চয়ই দৈবনির্দ্দিষ্ট ছিল। অতএব মহারাজ! আপনার রাজত্বও যদি দৈবনির্দ্দিষ্ট থাকে, তবে ইহা থাকিবে ॥২৩॥

মিষতঃ সর্ব্বলোকস্য স্থাস্যতে ত্বয়ি তদ্ধ্রুবম্।
অতোঽন্যথা চেদ্বিহিতং যতমানো ন লপ্স্যসে ॥২৪॥
এবং বিদ্বন্নুপাদৎস্ব মন্ত্রিণাং সাধ্বসাধুতাম্।
দুষ্টানাঞ্চৈব বোদ্ধব্যমদুষ্টানাঞ্চ ভাষিতম্ ॥২৫॥

দ্রোণ উবাচ।

বিদ্ম তে-ভাবদোষেণ যদর্থমিদমুচ্যতে।
দুষ্ট! পাণ্ডবহেতোস্ত্বং দোষমাখ্যাপয়স্যুত ॥২৬॥
হিতন্তু পরমং কর্ণ! ব্রবীমি কুলবর্দ্ধনম্।
অথ ত্বং মন্যসে দুষ্টং ব্রূহি যৎ পরমং হিতম্ ॥২৭॥

ভারতকৌমুদী

মিষত ইতি। মিষতঃ পশ্যতঃ। তৎ রাজ্যম্। বিহিতং দৈবেন। যতমানোঽপি ত্বম্ ॥২৪॥

এবমিতি। হে বিদ্বন্! এবমিত্থং মন্ত্রণয়া, মন্ত্রিণাং ভীষ্মাদীনাম্, সাধ্বসাধুতাম্, উপাদৎস্ব গৃহাণ জানীহীত্যর্থঃ। বোদ্ধব্যং বিবেচনীয়ম্। এতেন শত্রুহিতৈষিত্বাদ্ভীষ্মাদয়ো দুষ্টাঃ ভবতো হিতৈষিত্বাচ্চ বয়মদুষ্টা ইতি সূচিতম্ ॥২৫॥

বিদ্মেতি। ভাবদোষেণ স্বভাবদোষেণ খলতয়েত্যর্থঃ, তে ত্বয়া, যদর্থম্, ইদমীদৃশম্, উচ্যতে, তৎ, বিদ্ম জানীমঃ। দোষম্, আবয়োর্ভীষ্মদ্রোণয়োঃ ॥২৬॥

হিতমিতি। অথ পক্ষান্তরে। দুষ্টং ধৃতরাষ্ট্রপক্ষে অহিতম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

দদৃষ্টাৎ পরায়ণমস্তি ন কিমপীতি ভাবঃ। প্রকৃতে যোজয়তি—যদীতি ॥২৩—২৫॥ তে তব

সমস্ত লোকের সমক্ষে নিশ্চয়ই আপনার রাজত্ব থাকিবে। আর, বিধাতাই যদি অন্যরূপ বিধান করিয়া থাকেন, তবে আপনি চেষ্টা করিয়াও ইহা রাখিতে পারিবেন না ॥২৪॥

মহারাজ! আপনি বুদ্ধিমান্; সুতরাং আপনি এইরূপ মন্ত্রণা দ্বারাই মন্ত্রিগণের সাধুতা ও অসাধুতা বুঝিয়া লউন। দুষ্টের বাক্য এবং অদুষ্টের বাক্য, দু'ই বিবেচনা করিবেন" ॥২৫॥

দ্রোণ বলিলেন—"কর্ণ! স্বভাবের দোষে যাহার জন্য তুমি এইরূপ বলিতেছ, তাহা আমরা বুঝিতেছি। দুষ্ট! তুমি পাণ্ডবদের জন্য আমাদের দোষ কীর্ত্তন করিতেছ! ॥২৬॥

কর্ণ! কুরুকুলের উন্নতির জন্য আমি পরম হিতের কথাই বলিয়াছি; ইহাকে যদি তুমি দূষিত মনে কর, তবে তোমার মতে যাহা বিশেষ হিতকর হয়, তাহা বল ॥২৭॥

অতোঽন্যথা চেৎ ক্রিয়তে যদ্‌ব্রবীমি পরং হিতম্।
কুরবো বৈ বিনঙ্ক্ষ্যন্তি নচিরেণৈব মে মতিঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে দ্রোণবাক্যং নাম সপ্তনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টনবত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বিদুর উবাচ।

রাজন্! নিঃসংশয়ং শ্রেয়ো বাচ্যস্ত্বমসি বান্ধবৈঃ।
নত্বশুশ্রূষমাণে বৈ বাক্যং সম্প্রতিতিষ্ঠতি ॥১॥

ভারতকৌমুদী

অত ইতি। অহং যৎ পরং হিতং ব্রবীমি, অতঃ অস্মাদন্যথা চেৎ ক্রিয়ত ইত্যন্বয়ঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে সপ্তনবত্যধিকশততমোঽধ্যায়ঃ॥০॥

—:*:—

রাজন্নিতি। হে রাজন্! ত্বম্, বান্ধবৈঃ, নিঃসংশয়ং শ্রেয়ো মঙ্গলমেব বাচ্যোঽসি। অতো বান্ধবত্বাদ্ভীষ্মেণ দ্রোণেন ময়া চ শ্রেয় এবোচ্যত ইতি ভাবঃ। কিন্তু অশুশ্রূষমাণে শ্রোতুমনিচ্ছতি ত্বয়ি, বাক্যং ন সম্প্রতিতিষ্ঠতি প্রতিষ্ঠাং ন লভতে ফলোপধায়কং ন ভবতীত্যর্থঃ। অতস্ত্বয়াপ্যস্মাকং বাক্যং শ্রোতব্যমিত্যাশয়ঃ ॥১॥

ভারতভাবদীপঃ

মতং বিদ্ম, ভাবদোষেণ ॥২৬—২৭॥ অহং যৎ ব্রবীমি অতোঽন্যথা ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৭॥

—:*:—

কিন্তু আমার ধারণা এই যে, আমি যে হিতের কথা বলিয়াছি, রাজা যদি তাহার অন্যথা করেন, তবে অচিরকালমধ্যেই কুরুকুল বিনষ্ট হইবে" ॥২৮॥

—:*:—

বিদুর বলিলেন—"মহারাজ! আপনার নিকটেও বন্ধুবর্গের অবশ্যই হিতের কথা বলা উচিত; আবার আপনারও তাহা শুনিবার ইচ্ছা থাকা চাই; না হইলে সে কথা কোনই ফল জন্মাইতে পারে না ॥১॥

* '...দ্ব্যধিকদ্বিশততম ...', '...চতুরধিকদ্বিশততম ...', '... ষডধিকদ্বিশততম ...', '...ত্রয়োবিংশত্যধিকদ্বিশততম...' ইতি পাঠান্তরাণি। (১) ন ত্বশুশ্রূষমাণেষু...।

প্রিয়ং হিতঞ্চ যদ্বাক্যমুক্তবান্ কুরুসত্তমঃ।
ভীষ্মঃ শান্তনবো রাজন্! প্রতিগৃহ্লাসি তদ্বচঃ ? ॥২॥
তথা দ্রোণেন বহুধা ভাষিতং হিতমুত্তমম্।
তচ্চ রাধাসুতঃ কর্ণো মন্যতে ন হিতং তব ॥৩॥
চিন্তয়ংশ্চ ন পশ্যামি রাজন্! তব সুহৃত্তমম্।
আভ্যাং পুরুষসিংহাভ্যাং যো বা স্যাৎ প্রজ্ঞয়াধিকঃ ॥৪॥
ইমৌ হি বৃদ্ধৌ বয়সা প্রজ্ঞয়া চ শ্রুতেন চ।
সমৌ চ ত্বয়ি রাজেন্দ্র। তথা পাণ্ডুসুতেষু চ ॥৫॥
ধর্ম্মে চানবরৌ রাজন্! সত্যতায়াঞ্চ ভারত!।
রামাদ্দাশরথেশ্চৈব গয়াচ্চৈব ন সংশয়ঃ ॥৬॥

ভারতকৌমুদী

প্রিয়মিতি। প্রতিগৃহ্লাসীতি কাকুঃ। তদা ততো নাধিকং কিঞ্চিদ্বক্তব্যমস্তীতি ভাবঃ ॥২॥

চ্ছেদঃ ॥১৬॥ অনাস্তিক্যম্ আস্তিক্যাভাবঃ রক্ষণ বিষয়ে প্রতিষ্ঠিতে স্থিরঃ স্যাৎ, তেন চ নঃ অস্মাকমধর্ম্মশ্চ মহান্ ভবেৎ ॥১৭॥ রাজানং সস্ত্রীকমায়ুধাগারস্থং প্রতি ময়ি গতে সতি ॥১৮॥ অনুপ্রবেশে একস্মিন্ স্ত্রিয়া সহ রমমাণে অন্যস্য তত্র গমনে। অন্যৎ বনবাসাদিকং পরিহৃতং তুচ্ছম্, ধর্ষণাৎ তু অধর্ম্মো মহানিতি সম্বন্ধঃ ॥১৯॥ বাশব্দ ইবার্থে যেন অধর্ম্মং

আর, উঁহার ধনরক্ষা না করিলে আমাদের সকলেরই অনাস্তিকতা জগতে প্রতিষ্ঠিত হইবে এবং অধর্ম্মও হইবে ॥১৭॥

তবে রাজাকে অগ্রাহ্য করিয়া আমি তাঁহার ঘরে প্রবেশ করিলে তাঁহার ও আমার মিথ্যাপ্রতিজ্ঞতার পাপ হইবে ॥১৮॥

এবং রাজার ঘরে প্রবেশ করিলে আমার বনবাসও হইবে। সে সমস্ত হয়, হউক। কেন না, এক রাজার অবজ্ঞা ব্যতীত আর সমস্তই আমি তুচ্ছ বলিয়া মনে করি ॥১৯॥

যাক্, রাজাকে অবজ্ঞা করায় আমার গুরুতর অধর্ম্ম হয়, হউক; কিংবা বনে শরীর নষ্ট হওয়ায় আমার মৃত্যুই হউক; তথাপি ধর্ম্মই আমার প্রধানভাবে রক্ষণীয় ॥২০॥

অর্জ্জুন মনে মনে এইরূপ স্থির করিয়া যুধিষ্ঠিরের ঘরে প্রবেশ করিয়া, তাঁহার নিকট যাইবার কথা জিজ্ঞাসা করিয়া, ধনুর্ব্বাণ লইয়া, আনন্দিতচিত্তে

ধনুবাদায় সংহৃষ্টো ব্রাহ্মণং প্রত্যভাষত।
ব্রাহ্মণাগম্যতাং শীঘ্রং যাবৎ পরধনৈষিণঃ ॥২২॥
ন দূরে তে গতাঃ ক্ষুদ্রাস্তাবদ্গচ্ছাবহে সহ।
যাবন্নিবর্ত্তয়াম্যস্য চৌরহস্তাদ্ধনং তব ॥২৩॥ (বিশেষকম্)
সোঽনুসৃত্য মহাবাহুর্ধন্বী বর্ম্মী রথী ধ্বজী।
শরৈর্বিধ্বস্য তাংশ্চৌরানবজিত্য চ তদ্ধনম্ ॥২৪॥
ব্রাহ্মণস্যমুপাহৃত্য যশঃ প্রাপ্য চ পাণ্ডবঃ।
ততস্তদ্গোধনং পার্থো দত্ত্বা তস্মৈ দ্বিজাতয়ে ॥২৫॥
আজগাম পুরং বীরঃ সব্যসাচী ধনঞ্জয়ঃ।
সোঽভিবাদ্য গুরূন্ সর্ব্বান্ সর্ব্বৈশ্চাপ্যভিনন্দিতঃ ॥২৬॥
ধর্ম্মরাজমুবাচেদং ব্রতমাদিশ মে প্রভো।।
সময়ঃ সমতিক্রান্তো ভবৎসন্দর্শনে ময়া ॥২৭॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

এবমিতি। অপৃচ্ছ্য—ব্রাহ্মণগোধনরক্ষার্থং গচ্ছামীতি পৃষ্ট্বা। হে ব্রাহ্মণ!। পর-ধনৈষিণশ্চৌরাঃ। গচ্ছাবহে ত্বঞ্চাহঞ্চাবাম্, সহ যুগপৎ। যাবদিতি বাক্যালঙ্কারে ॥২১—২৩॥

স ইতি। সঃ অর্জ্জুনঃ। ধন্বী ধনুষ্মান্, বর্ম্মী বর্ম্মধারী, রথী রথারূঢ়ঃ, ধ্বজী ধ্বজশালী চ সন্। বিধ্বস্য নিপীড্যেত্যর্থঃ। ব্রাহ্মণস্য স্বং গোধনম্। অভিনন্দিতঃ প্রশংসিতঃ সন্। ব্রতং কৃতনিয়মলঙ্ঘনাৎ প্রায়শ্চিত্তম্। সময়ঃ নারদসমক্ষে কৃতঃ স নিয়মঃ, সমতিক্রান্তো লঙ্ঘিতঃ ॥২৪—২৭॥

ভারতভাবদীপঃ

মম বনে মরণমিব স্যাৎ স এবাস্তু যতোঽস্মাদ্ব্রহ্মস্বরক্ষণজো ধর্ম্মঃ শ্রেষ্ঠঃ ॥২০॥ আপৃচ্ছ্য ধনু-শ্চাদায় ॥২১—২৪॥ সমুপাকৃত্য প্রসাদ্য, স্বপুরমাজগাম ইতি দ্বিতীয়েনান্বয়ঃ ॥২৫—২৭॥

আসিয়া, ব্রাহ্মণকে বলিলেন—"ব্রাহ্মণ! সত্বর চলুন, যে পর্য্যন্ত সেই ক্ষুদ্র চোর বেটারা দূরে না যায়, তাহার মধ্যেই আমরা এক সঙ্গে যাই; যাইয়া সেই চোরবেটাদের হাত হইতে আপনার ধন ফিরাইয়া আনি" ॥২১—২৩॥

মহাবাহু ও মহাবীর অর্জ্জুন ধনু ও বর্ম্ম ধারণ করিয়া, ধ্বজশালী রথে আরোহণপূর্ব্বক যথাস্থানে যাইয়া, বাণ দ্বারা চোরদিগকে নিপীড়ন করিয়া, সেই গোধন জয়পূর্ব্বক ফিরাইয়া আনিয়া, যশ লাভ করিলেন; তৎপরে সেই ব্রাহ্মণের গোধন ব্রাহ্মণকে দিয়া রাজধানীতে আসিলেন। আসিয়া পর গুরু-জনবর্গকে অভিবাদন করিলে, তাঁহারাও তাঁহার প্রশংসা করিলেন। তৎপরে

(২৪) শরৈর্বিধ্বংসিতাংশ্চৌরান্...। (২৫) ব্রাহ্মণং সমুপাকৃত্য যশঃ।

বনবাসং গমিষ্যামি সময়ো হ্যেষ নঃ কৃতঃ।
ইত্যুক্তো ধর্ম্মরাজস্তু সহসা বাক্যমপ্রিয়ম্ ॥২৮॥
কথামিত্যব্রবীদ্বাচা শোকার্ত্তঃ সজ্জমানয়া।
যুধিষ্ঠিরো গুড়াকেশং ভ্রাতা ভ্রাতরমচ্যুতম্ ॥২৯॥ (যুগ্মকম্)
উবাচ দীনো রাজা চ ধনঞ্জয়মিদং বচঃ।
প্রমাণমস্মি যদি তে মত্তঃ শৃণু বচোঽনঘ ! ॥৩০॥
অনুপ্রবেশে যদ্বীর ! কৃতবাংস্ত্বং মমাপ্রিয়ম্।
সর্ব্বং তদনুজানামি ব্যলীকং ন চ মে হৃদি ॥৩১॥
গুরোরনুপ্রবেশো হি নোপঘাতো যবীয়সঃ।
যবীয়সোঽনুপ্রবেশো জ্যেষ্ঠস্য বিধিলোপকঃ ॥৩২॥

ভারতকৌমুদী

বনেতি। সময়ো নিয়মঃ। নঃ অস্মাভিঃ। সজ্জমানয়া রসনায়াং লগ্নয়া গদ্গদযেত্যর্থঃ। গুডাকেশং জিতনিদ্রম্। অচ্যুতং ধর্ম্মাদভ্রষ্টম্ ॥২৮—২৯॥

উবাচেতি। দীনঃ কাতরঃ সন্। প্রমাণং প্রত্যক্ষাদিপ্রমাণবদ্বিশ্বাস্যঃ। মত্তো মম সকাশাৎ ॥৩০॥

অন্বিতি। ত্বয়ৈবানুপ্রবেশে কৃতে সতি। ব্যলীকমপ্রিয়ং নাস্তি ॥৩১॥

গুরোবিতি। হি যস্মাৎ, গুরোর্জ্যেষ্ঠস্য গৃহে, অনুপ্রবেশঃ, যবীয়সঃ কনিষ্ঠস্য, ন উপঘাতো

ভারতভাবদীপঃ

সময়ঃ অনুপ্রবেষ্টুর্দ্বাদশবার্ষিকো বনবাসনিয়মঃ ॥২৮॥ সজ্জমানয়া স্খলন্ত্যা ॥২৯—৩০॥ অনু-

---

অর্জ্জুন যুধিষ্ঠিরের নিকট বলিলেন—"মহারাজ। আমাকে প্রায়শ্চিত্ত করিবার আদেশ করুন। কারণ, আমি আপনার সহিত সাক্ষাৎ করিয়া সে নিয়ম লঙ্ঘন করিয়াছি ॥২৪—২৭॥

অতএব আমি বনবাস করিবার জন্য যাইব। কেন না, আমরা এইরূপ নিয়মই করিয়াছিলাম"। অর্জ্জুন আসিয়া হঠাৎ এইরূপ অপ্রিয় কথা বলিলে, যুধিষ্ঠির শোকার্ত্ত হইয়া গদ্গদ বাক্যে নিদ্রাবিজয়ী ধার্ম্মিক ভ্রাতা অর্জ্জুনকে বলিলেন—॥২৮—২৯॥

যুধিষ্ঠির কাতর হইয়াই অর্জ্জুনকে এই কথা বলিলেন—"অর্জ্জুন। আমি যদি তোমার বিশ্বাসের পাত্র হই, তবে তুমি আমার কথা শোন ॥৩০॥

বীর ! তুমি আমার ঘরে প্রবেশ করিয়া আমার যে অপ্রিয় আচরণ করিয়াছ, সে সমস্তই আমি অনুমোদন করিতেছি; আমার মনেও কোন অসন্তোষ নাই ॥৩১॥

নিবর্ত্তস্ব মহাবাহো! কুরুস্ব বচনং মম।
নহি তে ধর্ম্মলোপোঽস্তি ন চ মে ধর্ষণা কৃতা ॥৩৩॥

অর্জ্জুন উবাচ।

ন ব্যাজেন চরেদ্ধর্ম্মমিতি মে ভবতঃ শ্রুতম্।
ন সত্যাদ্বিচলিষ্যামি সত্যেনায়ুধমালভে ॥৩৪॥

বৈশম্পায়ন উবাচ।

সোঽভ্যনুজ্ঞাপ্য রাজানং ব্রহ্মচর্য্যায় দীক্ষিতঃ।
বনে দ্বাদশ বর্ষাণি বাসায়োপজগাম হ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি অর্জ্জুনবনবাসেঽর্জ্জুনতীর্থযাত্রায়াং ষড়ধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ন কৃতনিয়মলঙ্ঘনম্, লজ্জায়া অজনকত্বাদিতি ভাবঃ। কিন্তু যবীয়সঃ কনিষ্ঠস্য গৃহে, অনু-প্রবেশঃ, জ্যেষ্ঠস্য, বিধিলোপকো নিয়মব্যাঘাতকো ভবতি, লজ্জায়া জনকত্বাদিত্যাশয়ঃ ॥৩২॥

নীতি। নিবর্ত্তস্ব বনবাসোদ্যমাদিতি শেষঃ। ধর্ষণা অবজ্ঞা ॥৩৩॥

নেতি। ব্যাজেন চ্ছলেন। মে ময়া। আলভে স্পৃশামি ॥৩৪॥

স ইতি। সঃ অর্জ্জুনঃ। রাজানং যুধিষ্ঠিরম্। দীক্ষিতঃ প্রবৃত্তঃ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি অর্জ্জুনবনবাসে ষড়ধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

জানামি ব্রাহ্মণার্থত্বেন গুণত্বেনৈব অঙ্গীকরোমি, ব্যলীকম্ অপ্রিয়ম্ ॥৩১॥ উপঘাতোঽনিষ্টঃ, বিধিলোপকো ধর্ম্মঘ্নঃ ॥৩২॥ ন চ তে ত্বয়া ॥৩৩—৩৫॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষডধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৬॥

কারণ, জ্যেষ্ঠের ঘরে কনিষ্ঠ প্রবেশ করিলে, তাহাতে তাহার নিয়মলঙ্ঘন হয় না; কিন্তু কনিষ্ঠের ঘরে জ্যেষ্ঠ প্রবেশ করিলেই নিয়মলঙ্ঘন হয় ॥৩২॥

অতএব অর্জ্জুন! তুমি নিবৃত্ত হও, আমার কথা রাখ। তোমার ধর্ম্মলোপ হয় নাই, আমার অবজ্ঞাও কর নাই" ॥৩৩॥

অর্জ্জুন বলিলেন—"মহারাজ! 'ছলপূর্ব্বক ধর্ম্মাচরণ করিবে না' ইহা আমি আপনার মুখেই শুনিয়াছি। সুতরাং আমি সত্য হইতে বিচলিত হইব না, এই সত্য জানাইবার জন্যই আমি অস্ত্রস্পর্শ করিতেছি" ॥৩৪॥

---

* '...একোনশাধিক', '...ত্রয়োদশাধিক', '...পঞ্চদশাধিক...', '...চতুর্দ্দশাধিক', ইতি পাঠভেদাঃ।

সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—০:*:০—

বৈশম্পায়ন উবাচ।

তং প্রয়ান্তং মহাবাহুং কৌরবাণাং যশস্করম্।
অনুজগ্মুর্মহাত্মানো ব্রাহ্মণা বেদপারগাঃ ॥১॥
বেদবেদাঙ্গবিদ্বাংসস্তথৈবাধ্যাত্মচিন্তকাঃ।
ভৈক্ষাশ্চ ভগবদ্ভক্তাঃ সূতাঃ পৌরাণিকাশ্চ যে ॥২॥
কথকাশ্চাপরে রাজন্! শ্রমণাশ্চ বনৌকসঃ।
দিব্যাখ্যানানি যে চাপি পঠন্তি মধুরং দ্বিজাঃ ॥৩॥
এতৈশ্চান্যৈশ্চ বহুভিঃ সহায়ৈঃ পাণ্ডুনন্দনঃ।
বৃতঃ শ্লক্ষ্ণকথৈঃ প্রায়ান্মরুদ্ভিরিব বাসবঃ ॥৪॥ (বিশেষকম্)
রমণীয়ানি চিত্রাণি বনানি চ সরাংসি চ।
সরিতঃ সাগরাংশ্চৈব দেশানপি চ ভারত! ॥৫॥

ভারতকৌমুদী

তমিতি। অনুজগ্মুঃ সদালোচনার্থমেকাকিত্বনিবৃত্ত্যর্থঞ্চেতি ভাবঃ ॥১॥

বেদেতি। অধ্যাত্মচিন্তকা ব্রহ্মজ্ঞানিনঃ। ভৈক্ষা ভিক্ষোপজীবিনঃ, ভগবদ্ভক্তা বৈষ্ণবাঃ, সূতা বন্দিনঃ, পৌরাণিকাঃ পুরাণবেত্তারঃ, কথকাঃ পুরাণাদিব্যাখ্যাতারঃ, শ্রমণা যতিবিশেষাঃ, বনৌকসো বনবাসিনঃ। শ্লক্ষ্ণাঃ কোমলা কথা যেষাং তৈঃ। মরুদ্ভির্দেবৈর্বৃতঃ, বাসব ইন্দ্র ইব ॥২—৪॥

ভারতভাবদীপঃ

তং প্রয়ান্তমিতি ॥১॥ ভৈক্ষাঃ ভিক্ষাজীবিনো যতয়ো ব্রহ্মচারিণশ্চ, "চৌক্ষাঃ" ইতি পাঠে চোক্ষাঃ শুচয়ঃ ত এব চৌক্ষাঃ, "চাক্ষো গীতে শুচৌ দক্ষে তথা তীক্ষ্ণমনোজ্ঞয়োঃ" ইতি

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, অর্জ্জুন যুধিষ্ঠিরের অনুমতি লইয়া, ব্রহ্মচর্য্যে প্রবৃত্ত হইয়া বার বৎসর বনবাসের জন্য প্রস্থান করিলেন ॥৩৫॥

—০:*:০—

বৈশম্পায়ন বলিলেন—কুরুবংশের যশোবৃদ্ধিকারী মহাবীর অর্জ্জুন প্রস্থান করিলে, বেদপারদর্শী মহাত্মা ব্রাহ্মণেরা তাঁহার অনুগমন করিলেন ॥১॥

বেদবিৎ, বেদাঙ্গবিৎ, ব্রহ্মজ্ঞ, ভিক্ষুক, বৈষ্ণব, স্তুতিপাঠক, পৌরাণিক, কথক, জিতেন্দ্রিয়, বনবাসী এবং অলৌকিক উপাখ্যানপাঠক এই সকল সাধুলোক ও মধুরভাষী অন্যান্য বহুতর সহচরকর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া অর্জ্জুন, দেবগণে পরিবেষ্টিত দেবরাজের ন্যায় গমন করিতে লাগিলেন ॥২—৪॥

পুণ্যান্যপি চ তীর্থানি দদর্শ ভরতর্ষভঃ।
স গঙ্গাদ্বারমাসাদ্য নিবেশমকরোৎ প্রভুঃ ॥৬॥ (যুগ্মকম্)

তত্র তস্যাদ্ভুতং কর্ম্ম শৃণু ত্বং জনমেজয়!।
কৃতবান্ যদ্বিশুদ্ধাত্মা পাণ্ডূনাং প্রবরো হি সঃ ॥৭॥

নিবিষ্টে তত্র কৌন্তেয়ে ব্রাহ্মণেষু চ ভারত!।
অগ্নিহোত্রাণি বিপ্রাস্তে প্রাদুশ্চক্রুরনেকশঃ ॥৮॥

তেষু প্রবোধ্যমানেষু জ্বলিতেষু হুতেষু চ।
কৃতপুষ্পোপহারেষু তীরান্তরগতেষু চ ॥৯॥

কৃতাভিষেকৈর্বিদ্বদ্ভির্নিয়তৈঃ সৎপথে স্থিতৈঃ।
শুশুভেঽতীব তদ্রাজন্! গঙ্গাদ্বারং মহাত্মভিঃ ॥১০॥ (যুগ্মকম্)

তথা পর্য্যাকুলে তস্মিন্ নিবেশে পাণ্ডবর্ষভঃ।
অভিষেকায় কৌন্তেয়ো গঙ্গামবততার হ ॥১১॥

ভারতকৌমুদী

রমণীয়ানীতি। চিত্রাণি আশ্চর্য্যাণি। সঃ অর্জ্জুনঃ। নিবেশমাশ্রমম্ ॥২—৬॥

তত্রেতি। বিশুদ্ধাত্মা নির্ম্মলচিত্তঃ। পাণ্ডূনাং পাণ্ডবানাম্। প্রবরঃ শ্রেষ্ঠঃ ॥৭॥

নিবিষ্ট ইতি। নিবিষ্টে স্থিতে। ব্রাহ্মণেষু চ নিবিষ্টেষু সৎস্থ ॥৮॥

তেম্বিতি। প্রবোধ্যমানেষু মন্ত্রৈঃ সন্ধুক্ষ্যমাণেষু। কৃতঃ পুষ্পাণামুপহারঃ সমর্পণং যেষু তেষু, তেজসা তীরান্তরগতেষু চ সৎসু। কৃতাভিষেকৈঃ স্নাতৈঃ, নিয়তৈস্তপোনিষ্ঠৈঃ ॥৯—১০॥

তথেতি। পর্য্যাকুলে সাধুভির্ব্যাপ্তে। নিবেশে আশ্রমে। অভিষেকায় স্নানায় ॥১১॥

তিনি যাইবার সময়ে মনোহর ও বিচিত্র বন, সরোবর, নদী, সাগর, দেশ ও পবিত্র তীর্থ সকল দর্শন করিলেন; পরে গঙ্গাদ্বারে যাইয়া আশ্রম নির্ম্মাণ করিলেন ॥৫—৬॥

মহারাজ জনমেজয়! নির্ম্মলচিত্ত পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুন সেই আশ্রমে থাকিয়া যে সকল অদ্ভুত কার্য্য করিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন ॥৭॥

অর্জ্জুন ও ব্রাহ্মণগণ সেই আশ্রমে বাস করিতে থাকিলে, সেই ব্রাহ্মণেরা ক্রমশঃ বহুতর অগ্নিহোত্রের অনুষ্ঠান আরম্ভ করিলেন ॥৮॥

মন্ত্রপাঠপূর্ব্বক আগুন জ্বালা হইতে লাগিল, আগুন জ্বলিতে থাকিল, হোম হইতে লাগিল, অগ্নিকুণ্ডে পুষ্পনিক্ষেপ চলিতে থাকিল; তখন সেই সকল অগ্নির আলোক অপর তীরপর্য্যন্ত যাইতে লাগিল। সুতরাং স্নাত, তপোনিষ্ঠ ও সৎপথস্থিত সেই জ্ঞানী মহাত্মাদের দ্বারা সেই গঙ্গাদ্বার অত্যন্ত শোভা পাইতে থাকিল ॥৯—১০॥

তত্রাভিষেকং কৃত্বা স তর্পয়িত্বা পিতামহান্।
উত্তিতীর্ষুর্জলাদ্রাজন্নগ্নিকার্য্যচিকীর্ষয়া ॥১২॥
অবকৃষ্টো মহাবাহুর্নাগরাজস্য কন্যয়া।
অন্তর্জলে মহারাজ! উলূপ্যা কাময়ানয়া ॥১৩॥
দদর্শ পাণ্ডবস্তত্র পাবকং সুসমাহিতঃ।
কৌরব্যস্যাথ নাগস্য ভবনে পরমার্চ্চিতে ॥১৪॥
তত্রাগ্নিকার্য্যং কৃতবান্ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
অশঙ্কমানেন হুতস্তেনাতুষ্যদ্ধুতাশনঃ ॥১৫॥
অগ্নিকার্য্যং স কৃত্বা তু নাগরাজসুতাং তদা।
প্রহসন্নিব কৌন্তেয় ইদং বচনমব্রবীৎ ॥১৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। অভিষেকং স্নানম্। পিতামহান্ পিতৃন্। উত্তিতীর্ষুঃ উত্তরীতুমিচ্ছুঃ ॥১২॥
অবেতি। অবকৃষ্টঃ অবকৃষ্য নীতঃ। অন্তর্জলে জলাভ্যন্তরে। কাময়ানয়া কামুক্যা ॥১৩॥
দদর্শেতি। সুসমাহিতো হোমার্থং কৃতমনোযোগঃ। কৌরব্যস্য তদাখ্যস্য ॥১৪॥
তত্রেতি। অশঙ্কমানেন নাগভবনেঽপি স্বপ্রভাবাদেব নির্ভয়েন ॥১৫॥
অগ্নীতি। অগ্নিকার্য্যং হোমম্। নাগরাজসুতামুলূপীম্। কৌন্তেয়োঽর্জ্জুনঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

মেদিনী। "চৌক্ষা" ইত্যেব মুখ্যঃ পাঠঃ ॥২॥ শ্রমণা ঊর্দ্ধরেতসো যতয়ো ব্রহ্মচারিণশ্চ ॥৩—১১॥ অগ্নিকার্য্যচিকীর্ষয়েতি পত্নীসান্নিধ্যাভাবেঽপি প্রবসতা ঔপাসনহোমঃ কর্ত্তব্য ইতি দর্শিতম্ ॥১২॥ অপকৃষ্টঃ অপনীতঃ, কাময়ানয়া তং পতিমিচ্ছন্ত্যা ॥১৩—১৪॥ অশঙ্কমানেন

সেই আশ্রমটী সাধুলোকে ব্যাপ্ত হইলে, একদা অর্জ্জুন স্নান করিবার জন্য গঙ্গায় যাইয়া নামিলেন ॥১১॥

তিনি তাহাতে স্নান ও পিতৃলোকের তর্পণ করিয়া হোম করিবার ইচ্ছায় জল হইতে উঠিবার ইচ্ছা করিলেন ॥১২॥

এমন সময়ে কামার্ত্তা উলূপীনাম্নী নাগকন্যা আসিয়া অর্জ্জুনকে জলের ভিতরে আকর্ষণ করিয়া লইয়া গেল ॥১৩॥

অর্জ্জুন পরিস্কৃত ও পরিচ্ছন্ন সেই কৌরব্য-নাগ-ভবনে যাইয়া সমাহিতভাবে অগ্নিহোত্রের অগ্নি দর্শন করিলেন ॥১৪॥

তখন তিনি সেই অগ্নিতেই হোম করিলেন। তিনি নিঃশঙ্কচিত্তে হোম করায় অগ্নিদেব সন্তুষ্ট হইলেন ॥১৫॥

অর্জ্জুন হোম সমাপ্ত করিয়া তখন হাসিতে হাসিতেই যেন উলূপীকে এই কথা বলিলেন—॥১৬॥

কিমিদং সাহসং ভীরু! কৃতবত্যসি ভাবিনি!।
কশ্চায়ং সুভগো দেশঃ কা চ ত্বং কস্য বাত্মজা ॥১৭॥

উলূপ্যুবাচ।

ঐরাবতকুলে জাতঃ কৌরব্যো নাম পন্নগঃ।
তস্যাস্মি দুহিতা বীর! উলূপী নাম পন্নগী ॥১৮॥
সাহং ত্বামভিষেকার্থমবতীর্ণং সমুদ্রগাম্।
দৃষ্ট্বৈব পুরুষব্যাঘ্র! কন্দর্পেণাস্মি পীড়িতা ॥১৯॥
তাং মামনঙ্গগ্লপিতাং ত্বৎকৃতে কুরুনন্দন!
অনন্যাং নন্দয়স্বাদ্য প্রদানেনাত্মনো রহঃ ॥২০॥

অর্জ্জুন উবাচ।

ব্রহ্মচর্য্যমিদং ভদ্রে! মম দ্বাদশবার্ষিকম্।
ধর্ম্মরাজেন নির্দ্দিষ্টং নাহমস্মি স্বয়ং বশঃ ॥২১॥

ভারতকৌমুদী

কিমিতি। সাহসং মদানয়নরূপম্। হে ভীরু! উত্তমাঙ্গনে!। সুভগঃ সুশ্রীকঃ ॥১৭॥

ঐরাবতেতি। ঐরাবতো নাম নাগস্তস্য কুলে। পন্নগো নাগজাতীয়ঃ ॥১৮॥

সেতি। অভিষেকার্থং স্নানার্থম্। সমুদ্রগাং গঙ্গামবতীর্ণং ত্বামিতি সম্বন্ধঃ ॥১৯॥

তামিতি। ত্বৎকৃতে তব নিমিত্তে, অনঙ্গগ্লপিতাং কামেন পীড়িতাম্, ন সম্ভূতঃ অন্যঃ পতির্যস্যাস্তাম্, তাং মামদ্য, রহো নির্জনে, আত্মনঃ প্রদানেন রমণেন, নন্দয়স্ব। অত্র "অনন্যাম্" ইত্যভিধানাৎ পূর্ব্বত্র "নাগরাজস্য কন্যয়া" ইতি কন্যাপদোপাদানাচ্চ কন্যৈবেয়মুলূপী। তেন চার্জ্জুনো বিধবামুলূপীং পরিণীতবানিতি প্রলপন্তো যৎ কেচিদিদং বিধবাবিবাহোদাহরণং প্রলপন্তি, তদপাস্তম্ ॥২০॥

"সুন্দরি! তুমি এরূপ সাহসের কার্য্য করিলে কেন? এই সুন্দর দেশটীর নাম কি? এবং তুমি কে? কাঁহারই বা কন্যা?" ॥১৭॥

উলূপী বলিল—"ঐরাবতবংশসম্ভূত 'কৌরব্য' নামে এক নাগ আছেন; আমি তাঁহার কন্যা, আমার নাম—'উলূপী' ॥১৮॥

হে পুরুষশ্রেষ্ঠ! আপনি স্নান করিবার জন্য গঙ্গায় নামিয়াছিলেন, তখন আমি আপনাকে দেখিয়াই কামে পীড়িত হইয়াছি ॥১৯॥

হে কুরুনন্দন! আপনাকে লক্ষ্য করিয়াই কামদেব আমাকে যাতনা দিতেছেন, অন্য কেহ আমার পতিও হন নাই। সুতরাং আপনি এই নির্জন স্থানে আত্মসমর্পণ করিয়া আমাকে আনন্দিত করুন" ॥২০॥

(১৮)...তস্যাস্মি দুহিতা রাজন্...। (১৯)...কন্দর্পেণাভিপীড়িতা।
(২১)...ধর্ম্মরাজেন চাদিষ্টম্...।

তব চাপি প্রিয়ং কর্ত্তুমিচ্ছামি জলচারিণি ! ।

অনৃতং নোক্তপূর্ব্বঞ্চ ময়া কিঞ্চন কর্হিচিৎ ॥২২॥

কথঞ্চ নানৃতং তৎ স্যাত্তব চাপি প্রিয়ং ভবেৎ ।

ন চ পীড্যেত মে ধর্ম্মস্তথা কুরু ভুজঙ্গমে ! ॥২৩॥

উলূপ্যুবাচ ।

জানাম্যহং পাণ্ডবেয় ! যথা চরসি মেদিনীম্ ।

যথা চ তে ব্রহ্মচর্য্যমিদমাদিষ্টবান্ গুরুঃ ॥২৪॥

পরস্পরং বর্ত্তমানান্ দ্রুপদস্যাত্মজাং প্রতি ।

যো নোঽনুপ্রবিশেন্মোহাৎ স বৈ দ্বাদশবার্ষিকম্ ॥২৫॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। নির্দ্দিষ্টং "স নো দ্বাদশ বর্ষাণি ব্রহ্মচারী বনে বসেৎ" ইতি পঞ্চভিরেব পূর্ব্বমুক্তত্বাদিতি ভাবঃ। স্বযং বশঃ স্বাধীনঃ ॥২১॥

তবেতি। প্রিযং রমণম্। হে জলচারিণি ! প্রথমতস্তথৈব দর্শনাদিতি ভাবঃ ॥২২॥

কথমিতি। অনৃতং মিথ্যা, তৎ নিযমকরণম্। পীড্যেত ত্বৎসঙ্গমান্নশ্যেৎ ॥২৩॥

জানামীতি। জানামি লব্ধযোগপ্রভাবাদিতি ভাবঃ। অতএবাস্যা পরত্রার্জ্জুনায ররদানম্ ॥২৪॥

পরস্পরমিতি। নঃ অস্মান্ অস্মাকং মধ্যে অন্যতমমিত্যর্থঃ, অনু লক্ষ্যীকৃত্য। যো

ভারতভাবদীপঃ

আপদ্ধর্ম্মনিশ্চযরতা বিস্মযরহিতেন ॥১৫—১৮॥ সমুদ্রগাং গঙ্গাম ॥১৯॥ অনঙ্গপ্পিতাং কামেন পীডিতাম্ ॥২০—২৩॥ জানাম্যহং পাণ্ডবেযেত্যাদিনা স্বস্য অতীন্দ্রিয়ং জ্ঞানং দর্শযন্তী দ্রৌপদীনিমিত্তমেব তব ব্রহ্মচর্য্যং নান্যত্র ইত্যাহ, অতএব অগ্রেঽপি চিত্রাঙ্গদাসুভ-

অর্জ্জুন বলিলেন—"ভদ্রে ! ধর্ম্মরাজ যুধিষ্ঠির বার বৎসর যাবৎ আমার এই ব্রহ্মচর্য্য নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন। সুতরাং আমি ত স্বাধীন নহি ॥২১॥

অথচ আমি তোমার প্রীতিজনক কার্য্য করিতে ইচ্ছা করি। কিন্তু পূর্ব্বে কখনও আমি কোন মিথ্যা কথা বলি নাই ॥২২॥

নাগকন্যে ! কি প্রকারে আমাদের সেই নিয়ম করাটা মিথ্যা না হয় এবং ধর্ম্ম নষ্ট না হয়, অথচ তোমার প্রিয় কার্য্য করা হয়, তেমন একটা উপদেশ দাও, দেখি" ॥২৩॥

উলূপী বলিল—"পাণ্ডুনন্দন। আপনি যেভাবে পৃথিবী বিচরণ করিতেছেন এবং যেভাবে আপনার জ্যেষ্ঠভ্রাতা আপনার উপরে এই ব্রহ্মচর্য্যের আদেশ দিয়াছেন, সে সমস্তই আমি জানি ॥২৪॥

আপনাদের মধ্যে যে কোন ব্যক্তি দ্রৌপদীর সহিত এক ঘরে থাকিবার

বনে চরেদ্‌ব্রহ্মচর্য্যমিতি বঃ সময়ঃ কৃতঃ।
তদিদং দ্রৌপদীহেতোরন্যোন্যস্য প্রবাসনম্ ॥২৬॥
কৃতবাংস্তত্র ধর্ম্মার্থমত্র ধর্ম্মো ন দুষ্যতি।
পরিত্রাণঞ্চ কর্ত্তব্যমার্ত্তানাং পৃথুলোচন!॥২৭॥ (বিশেষকম্)
কৃত্বা মম পরিত্রাণং তব ধর্ম্মো ন লুপ্যতে।
যদি বাপ্যস্য ধর্ম্মস্য সূক্ষ্মোঽপি স্যাদ্ব্যতিক্রমঃ ॥২৮॥
স চ তে ধর্ম্ম এব স্যাদ্দত্ত্বা প্রাণান্ মমার্জ্জুন!।
ভক্তাঞ্চ ভজ মাং পার্থ! সতামেতন্মতং প্রভো!॥২৯॥
ন করিষ্যসি চেদেবং মৃতাং মামুপধারয়।
প্রাণদানান্মহাবাহো! চর ধর্ম্মমনুত্তমম্ ॥৩০॥

ভারতকৌমুদী

যুষ্মাভিঃ, সময়ো নিয়মঃ। ইদং সময়করণম্, দ্রৌপদীহেতোরেব ন পুনরন্যকামিনীহেতোঃ দ্রৌপদীবিষয়মেব তদ্‌ব্রহ্মচর্য্যমিত্যর্থঃ। অতএবাত্র ময়ি অন্যস্যাং কামিন্যাম্। তেন চ পরত্র চিত্রাঙ্গদাসুভদ্রয়োরপি পরিণয়নমুপপদ্যতে। হে পৃথুলোচন! বিশালনয়ন! ॥২৫—২৭॥

অথ তদ্‌ব্রহ্মচর্য্যস্য দ্রৌপদীমাত্রবিষয়কত্বকল্পনে কৃততন্নিয়মসঙ্কোচঃ, তাদৃশমস্মাকমনুমতঞ্চ নাসীদিত্যাহ কৃত্বেতি। অস্য তন্নিয়মরক্ষাজনিতস্য। ব্যতিক্রমো লঙ্ঘনম্। তথা চ স্বাম্যাত্র-কৃতনিয়মরক্ষাপেক্ষয়া প্রাণিনঃ প্রাণরক্ষা গরীয়সীতি ভাবঃ ॥২৮॥

অতএবাহ স চেতি। তথা চ প্রাণরক্ষানিবন্ধনো গরীয়ান্ ধর্ম্মো নিয়মলঙ্ঘননিবন্ধনং লঘু পাপং নিঘ্নন্ অংশতঃ ক্ষীয়মাণোঽপি স্বরূপেণ তিষ্ঠত্যেবেতি ভাবঃ ॥২৯॥

অথ ব্রহ্মচর্য্যরক্ষার্থং ত্বয়া সহ রমণমেব চেন্ন করোমীত্যাহ নেতি। উপধারয় নিশ্চিনু। ত্বয়া চাকৃতে রমণে ধ্রুবমেবাহং মরিষ্যামীতি ভাবঃ। অনুত্তমং সর্ব্বশ্রেষ্ঠম্ ॥৩০॥

সময়ে আপনাদের মধ্যে অপর যে কোন ব্যক্তি মোহবশতঃ সেই ঘরে প্রবেশ করিবেন, তিনি বার বৎসর পর্য্যন্ত বনে থাকিয়া ব্রহ্মচর্য্য করিবেন, এইরূপই আপনারা নিয়ম করিয়াছেন। সুতরাং ব্রহ্মচারী থাকিয়া পরস্পরের বনবাস করার এই নিয়মটা আপনারা ধর্ম্মের জন্য দ্রৌপদীর বিষয়েই করিয়াছেন। অতএব আমার সহিত রমণ করিলে আপনার ধর্ম্ম কলুষিত হইবে না। তা'র পর, পীড়িতের পরিত্রাণ করাও ত কর্ত্তব্য ॥২৫—২৭॥

তা'র পর, আমার সহিত রমণ করায় যদিও এই ধর্ম্মের অল্পমাত্রও ব্যতিক্রম হয়, তথাপি আমাকে রক্ষা করায় আপনার ধর্ম্ম নষ্ট হইবে না।২৮।

অর্জ্জুন! আমার প্রাণ রক্ষা করিলে, সেটা আপনার ধর্ম্মই হইবে। আর এক কথা, আমি আপনার ভক্ত, সুতরাং আপনিও আমাকে ভজনা করুন, ইহা সাধুদিগের মত।২৯।

শরণঞ্চ প্রপন্নাস্মি ত্বামদ্য পুরুষোত্তম ! ।
দীনাননাথান্ কৌন্তেয় ! পরিরক্ষসি নিত্যশঃ ॥৩১॥
সাহং শরণমভ্যেমি রোরবীমি চ দুঃখিতা ।
যাচে ত্বাঞ্চাভিকামাহং তস্মাৎ কুরু মম প্রিয়ম্ ।
স ত্বমাত্মপ্রদানেন সকামাং কর্ত্তুমর্হসি ॥৩২॥

বৈশম্পায়ন উবাচ ।

এবমুক্তস্তু কৌন্তেয়ঃ পন্নগেশ্বরকন্যয়া ।
কৃতবাংস্তত্তথা সর্ব্বং ধর্ম্মমুদ্দিশ্য কারণম্ ॥৩৩॥
স নাগভবনে রাত্রিং তামুষিত্বা প্রতাপবান্ ।
উদিতেঽভ্যুত্থিতঃ সূর্য্যে কৌরব্যস্য নিবেশনাৎ ॥৩৪॥
আগতস্তু পুনস্তত্র গঙ্গাদ্বারং তয়া সহ ।
পরিত্যজ্য গতা সাধ্বী উলূপী নিজমন্দিরম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

শরণমিতি। প্রপন্না প্রাপ্তা। কথং শরণং প্রপন্নেত্যাহ দীনানিত্যাদি ॥৩১॥

সেতি। অভ্যেমি প্রাপ্নোমি। রোরবীমি রক্ষণার্থং পুনঃ পুনা রৌমি ব্রবীমি। অভি-কামা সর্ব্বতঃ কামুকী। সকামাং সফলমনোরথাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

এবমিতি। সর্ব্বং সর্ব্বপ্রকারম্, তৎ রমণম্। ধর্ম্মং কারণমেবোদ্দিশ্য ন পুনঃ কামম্ ॥৩৩॥

স ইতি। সঃ অর্জ্জুনঃ। অভ্যুত্থিতো রতিশয্যাতঃ। কৌরব্যস্য নাগস্য, নিবেশনাদ্ভব-

পক্ষান্তরে আপনি ইহা না করিলে আমি মরিয়া যাইব ; আপনি ইহা নিশ্চয় ধারণা করুন। সুতরাং আপনি আমার প্রাণ রক্ষা করিয়া প্রধান ধর্ম্ম অর্জ্জন করুন ॥৩০॥

হে পুরুষশ্রেষ্ঠ ! আমি আজ আপনার শরণাগত হইয়াছি। কারণ, আপনি সর্ব্বদাই দীন ও অনাথদিগকে রক্ষা করিয়া থাকেন ॥৩১॥

আমি শরণাগত হইয়াছি, দুঃখিত হইয়া বার বার বলিতেছি এবং অত্যন্ত কামাতুর হইয়া আপনাকে প্রার্থনা করিতেছি। অতএব আপনি আমার প্রিয় কার্য্য করুন, আত্মসমর্পণ করিয়া আমার অভিলাষ পূর্ণ করুন" ॥৩২॥

বৈশম্পায়ন বলিলেন—উলূপী এইরূপ বলিলে, অর্জ্জুন ধর্ম্ম উদ্দেশ্য করিয়াই উলূপীর প্রার্থনা অনুসারে তাহার সহিত সর্ব্বপ্রকার রমণ করিলেন ॥৩৩॥

অর্জ্জুন নাগরাজের বাড়ীতে থাকিয়াই সে রাত্রি অতিবাহিত করিবা সূর্য্যোদয় হইলে গাত্রোত্থান করিয়া, উলূপীর সহিত নাগরাজের বাড়ী হইতে পুনরায় গঙ্গাদ্বারে আগমন করিলেন। তখন উলূপী অর্জ্জুনকে এইরূপ বর

দত্ত্বা বরমজেয়ত্বং জলে সর্ব্বত্র ভারত!।
সাধ্যা জলচরাঃ সর্ব্বে ভবিষ্যন্তি ন সংশয়ঃ ॥৩৬॥ (বিশেষক)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি অর্জ্জুনবনবাসে উলূপীসঙ্গে সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

কথয়িত্বা চ তৎ সর্ব্বং ব্রাহ্মণেভ্যঃ স ভারতঃ।
প্রযযৌ হিমবৎপার্শ্বং ততো বজ্রধরাত্মজঃ ॥১॥
অগস্ত্যবটমাসাদ্য বশিষ্ঠস্য চ পর্ব্বতম্।
ভৃগুতুঙ্গে চ কৌন্তেয়ঃ কৃতবান্ শৌচমাত্মনঃ ॥২॥

ভারতকৌমুদী

নাৎ। তয়া উলূপ্যা। পরিত্যজ্য মুনিগণমধ্যে সংস্থাপ্য। সাধ্বী অনন্যভর্তৃকত্বাৎ। সাধ্যা আয়ত্তাঃ ॥৩৪—৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি অর্জ্জুনবনবাসে সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

কথয়িত্বেতি। ক গতোঽসীতি জিজ্ঞাসায়াং তৎকথনমাবশ্যকম্। বজ্রধরাত্মজ ইন্দ্রপুত্রঃ ॥১॥

ভারতভাবদীপঃ

দ্বয়োঃ পাণিগ্রহণং সঙ্গচ্ছতে ॥২৪—৩৪॥ পরিত্যজ্য মুনিসমাজে তং বিসৃজ্য ॥৩৫—৩৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৭॥

—:*:—

দিল যে, 'হে ভরতশ্রেষ্ঠ! আপনি সমস্ত জলেই অজেয় হইবেন এবং সমস্ত জলজন্তুই আপনার বশীভূত হইবে, ইহাতে কোন সন্দেহ নাই।' উলূপী এইরূপ বর দিয়া অর্জ্জুনকে মুনিগণের মধ্যে রাখিয়া আপন ভবনে চলিয়া গেল ॥৩৪—৩৬॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, ইন্দ্রনন্দন অর্জ্জুন ব্রাহ্মণগণের নিকটে সেই সমস্ত বৃত্তান্ত বলিয়া হিমালয়পর্ব্বতে গমন করিলেন ॥১॥

[illegible]

প্রদদৌ গোসহস্রাণি সুবহূনি চ ভারত ! ।
নিবেশাংশ্চ দ্বিজাতিভ্যঃ সোঽদদৎ কুরুসত্তমঃ ॥৩॥
হিরণ্যবিন্দোস্তীর্থে চ স্নাত্বা পুরুষসত্তমঃ ।
দৃষ্টবান্ পাণ্ডবশ্রেষ্ঠঃ পুণ্যান্যায়তনানি চ ॥৪॥
অবতীর্য্য নরশ্রেষ্ঠো ব্রাহ্মণৈঃ সহ ভারত ! ।
প্রাচীং দিশমভিপ্রেপ্সুর্জগাম ভরতর্ষভঃ ॥৫॥
আনুপূর্ব্ব্যেণ তীর্থানি দৃষ্টবান্ কুরুসত্তমঃ ।
নদীঞ্চোৎপলিনীং রম্যামরণ্যং নৈমিষং প্রতি ॥৬॥
নন্দামপরনন্দাঞ্চ কৌশিকীঞ্চ যশস্বিনীম্ ।
মহানদীং গয়াঞ্চৈব গঙ্গামপি চ ভারত ! ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অগস্ত্যেতি। অগস্ত্যবটাদীনি তীর্থানি। ভৃগুতুঙ্গে তুঙ্গনাথে। শৌচং শুদ্ধিম্ ॥২॥

প্রদদাবিতি। নিবেশান্ ভবনানি তন্নির্ম্মাণোপযোগীনি ধনানীত্যর্থঃ ॥৩॥

হিরণ্যেতি। তীর্থে ঋষিসেবিতজলে, "নিপানাগমযোস্তীর্থমৃষিজুষ্টজলে গুরৌ" ইত্যমরঃ ॥৪॥

অবেতি। অবতীর্য্য হিমালয়াদিতি শেষঃ। অভিপ্রেপ্সুর্নানা তীর্থানি প্রাপ্তুমিচ্ছুঃ ॥৫॥

আন্বিতি। আনুপূর্ব্ব্যেণ ক্রমেণ। উৎপলিনীং নাম। নৈমিষমরণ্যং প্রতি নৈমিষারণ্যে। মহানদীং গয়াস্থাং ফল্গুনাম্নীং গঙ্গাঞ্চ। গয়াং তদাখ্যং তীর্থম্ ॥৬—৭॥

ভারতভাবদীপঃ

কথযিত্বেতি ॥১॥ ভৃগুতুঙ্গে তুঙ্গনাথ ইতি প্রসিদ্ধে ॥২॥ নিবেশান্ গৃহাণি ॥৩ ৬॥

তিনি অগস্ত্যবট, বশিষ্ঠপর্ব্বত এবং তুঙ্গনাথে উপস্থিত হইয়া আত্মশুদ্ধি করিলেন ॥২॥

এবং তিনি সেই সকল স্থানে ব্রাহ্মণদিগকে বহুতর গরু ও গৃহনির্ম্মাণোপযোগী অনেক ধন দান করিলেন ॥৩॥

তাহার পর অর্জ্জুন হিরণ্যবিন্দুতীর্থে স্নান করিয়া বহুতর পবিত্র স্থান দর্শন করিলেন ॥৪॥

তৎপরে তিনি ব্রাহ্মণগণের সহিত হিমালয় হইতে অবতরণপূর্ব্বক নানা তীর্থস্থানে যাইবার ইচ্ছা করিয়া পূর্ব্বদিকে গমন করিলেন ॥৫॥

তাহার পর তিনি নৈমিষারণ্যে উৎপলিনীনাম্নী মনোহর নদী, তৎপরে ক্রমশঃ নন্দা, অপরনন্দা, কৌশিকী, মহানদী ফল্গু ও গঙ্গা এবং গয়াতীর্থ দর্শন করিলেন ॥৬—৭॥

এবং সর্ব্বাণি তীর্থানি পশ্যমানস্তথাশ্রমান্।
আত্মনঃ পাবনং কুর্ব্বন্ ব্রাহ্মণেভ্যো দদৌ বসু ॥৮॥
অঙ্গবঙ্গকলিঙ্গেষু যানি তীর্থানি কানিচিৎ।
জগাম তানি সর্ব্বাণি তীর্থান্যায়তনানি চ ॥৯॥
দৃষ্ট্বা চ বিধিবত্তানি ধনঞ্চাপি দদৌ ততঃ।
কলিঙ্গরাষ্ট্রদ্বারে তু ব্রাহ্মণাঃ পাণ্ডবানুগাঃ।
অভ্যনুজ্ঞায় কৌন্তেয়মুপাবর্ত্তন্ত ভারত ॥১০॥
স তু তৈরভ্যনুজ্ঞাতঃ কুন্তীপুত্ত্রো ধনঞ্জয়ঃ।
সহায়ৈরল্পকৈঃ শূরঃ প্রযযৌ যত্র সাগরঃ ॥১১॥
স কলিঙ্গানতিক্রম্য দেশানায়তনানি চ।
বনানি রমণীয়ানি প্রেক্ষমাণো যযৌ প্রভুঃ ॥১২॥

ভারতকৌমুদী

এবমিতি। পাবনং পবিত্রতাম্। বসু ধনম্ ॥৮॥
অঙ্গেতি। আয়তনানি দেবস্থানানি সিদ্ধাশ্রমাদীনি চ ॥৯॥
দৃষ্ট্বেতি। অভ্যনুজ্ঞায় অনুমতিং গৃহীত্বেত্যর্থঃ। বটুপদমিদং পদ্যম্ ॥১০॥
স ইতি। তৈরনুগামিভির্ব্রাহ্মণৈঃ। প্রযযৌ যাতুং প্রবৃত্ত ইত্যর্থঃ ॥১১॥
স ইতি। কলিঙ্গানিতি "বহুত্ববদস্যাদেঃ" ইত্যাদিনা বহুবচনম্ ॥১২॥

ভারতভাবদীপঃ

মহানদীং গয়াস্থামেব নদীম্ ॥৭—৯॥ বাট্টাবেন্ন পর্ব্বতসহিমার্গেন. কলিঙ্গতীর্থানাম

এইভাবে অর্জ্জুন সমস্ত তীর্থ এবং সমস্ত আশ্রম দর্শন করিয়া নিজের পবিত্রতা সম্পাদনপূর্ব্বক ব্রাহ্মণগণকে ধন দান করিলেন ॥৮॥

তাহার পর, অঙ্গদেশ, বঙ্গদেশ ও কলিঙ্গদেশে যে কোন তীর্থ আছে, সেই সকল তীর্থ, দেবালয় ও সিদ্ধাশ্রমে তিনি গমন করিলেন ॥৯॥

যথাবিধানে তিনি সেই সমস্ত দর্শন করিয়া ধন বিতরণ করিলেন। তাহার পর তাঁহার অনুগামী ব্রাহ্মণেরা কলিঙ্গরাজ্যের দ্বারদেশে তাঁহার অনুমতি লইয়া ফিরিয়া গেলেন ॥১০॥

সেই ব্রাহ্মণগণের অনুমতিক্রমে অর্জ্জুন অল্পসংখ্যক সহচর লইয়া সমুদ্রতীর [illegible] দেশে যাইতে লাগিলেন ॥১১॥

তিনি কলিঙ্গদেশ এবং তত্রত্য দেবালয় ও সিদ্ধাশ্রমগুলি অতিক্রম করিয়া মনোহর বন দেখিতে দেখিতে চলিতে থাকিলেন ॥১২॥

(৮) ব্রাহ্মণেভ্যো দদৌ চ বসু। (১২) [illegible]

মহেন্দ্রপর্ব্বতং দৃষ্ট্বা তাপসৈরুপশোভিতম্।
সমুদ্রতীরেণ শনৈর্ম্মণিপূরং জগাম হ ॥১৩॥
তত্র সর্ব্বাণি তীর্থানি পুণ্যান্যায়তনানি চ।
অভিগম্য মহাবাহুরভ্যগচ্ছন্মহীপতিম্ ॥১৪॥
মণিপূরেশ্বরং রাজন্! ধর্ম্মজ্ঞং চিত্রবাহনম্।
তস্য চিত্রাঙ্গদা নাম দুহিতা চারুদর্শনা ॥১৫॥ (যুগ্মকম্)
তাং দদর্শ পুরে তস্মিন্ বিচরন্তীং যদৃচ্ছয়া।
দৃষ্ট্বা চ তাং বরারোহাং চকমে চৈত্রবাহনীম্ ॥১৬॥
অভিগম্য চ রাজানমবদৎ স্বং প্রয়োজনম্।
দেহি মে খল্বিমাং রাজন্! ক্ষত্রিয়ায় মহাত্মনে ॥১৭॥
তচ্ছ্রুত্বা ত্বব্রবীদ্রাজা কস্য পুত্রোঽসি নাম কিম্।
উবাচ তং পাণ্ডবোঽহং কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ ॥১৮॥

ভারতকৌমুদী

মহেন্দ্রেতি। মণিপূরং তদাখ্যং দেশম্ ॥১৩॥

তত্রেতি। অভিগম্য বিচর্য্য। চিত্রবাহনং নাম। দুহিতা আসীদিতি শেষঃ ॥১৪—১৫॥

তামিতি। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। চকমে অভিললাষ। উভয়ত্রাপি অর্জ্জুন ইতি শেষঃ। চিত্রবাহনস্য রাজ্ঞঃ অপত্যং স্ত্রীতি চৈত্রবাহনী তাম্ ॥১৬॥

অভীতি। মহান্ সৎকুলোৎপন্নত্বাৎ প্রশস্ত আত্মা স্বরূপং যস্য তস্মৈ ॥১৭॥

ক্রমে তিনি তপস্বিগণে পরিশোভিত মহেন্দ্রপর্ব্বত দর্শন করিয়া, সমুদ্রের তীর দিয়া ধীরে ধীরে মণিপূরে গমন করিলেন ॥১৩॥

এবং মণিপূরের সমস্ত তীর্থ ও পবিত্র স্থানগুলিতে উপস্থিত হইয়া ক্রমে তিনি চিত্রবাহননামক মণিপূরের ধার্ম্মিক রাজার নিকটে উপস্থিত হইলেন। সেই রাজার চিত্রাঙ্গদানাম্নী পরমসুন্দরী একটী কন্যা ছিল ॥১৪—১৫॥

সেই চিত্রাঙ্গদা সেই বাড়ীর ভিতরে বিচরণ করিতেছিল, এমন অবস্থায় ঈশ্বরেচ্ছাক্রমে অর্জ্জুন তাহাকে দেখিতে পাইলেন, দেখিতে পাইয়াই তিনি তাহার প্রতি অভিলাষী হইলেন ॥১৬॥

তাহার পর অর্জ্জুন রাজা চিত্রবাহনের নিকট যাইয়া নিজের আগমনের প্রয়োজন বলিলেন—"মহারাজ! আমি ক্ষত্রিয় এবং সৎকুলোৎপন্ন, অতএব আমাকে আপনার এই কন্যাটী দান করুন" ॥১৭॥

---

(৮) অয়ং শ্লোকঃ কুত্রচিন্নাস্তি।

তমুবাচাথ রাজা স সান্ত্বপূর্ব্বমিদং বচঃ।
রাজা প্রভঞ্জনো নাম কুলেঽস্মিন্ সম্বভূব হ ॥১৯॥
অপুত্রঃ প্রসবেনার্থী তপস্তেপে স উত্তমম্।
উগ্রেণ তপসা তেন দেবদেবঃ পিনাকধৃক্ ॥২০॥
ঈশ্বরস্তোষিতঃ পার্থ! মহাদেব উমাপতিঃ।
স তস্মৈ ভগবান্ প্রাদাদেকৈকং প্রসবং কুলে ॥২১॥ (যুগ্মকম্)
একৈকঃ প্রসবস্তস্মাদ্ভবত্যস্মিন্ কুলে সদা।
তেষাং কুমারাঃ সর্ব্বেষাং পূর্ব্বেষাং মম জজ্ঞিরে ॥২২॥
একা চ মম কন্যেয়ং কুলস্যোৎপাদনী ভৃশম্।
পুত্রো মমায়মিতি মে ভাবনা পুরুষর্ষভ! ॥২৩॥

ভারতকৌমুদী

তদিতি। অথ পাণ্ডবত্বেঽপি কুন্তীপুত্রো মাদ্রীপুত্রো বেত্যাহ কুন্তীপুত্র ইতি। তত্র কুন্তীপুত্রত্বেঽপি তেষাং কতম ইত্যাহ ধনঞ্জয় ইতি। অতঃ পরিকরোঽলঙ্কারঃ ॥১৮

তমিতি। স চিত্রবাহনঃ। সান্ত্বপূর্ব্বং মধুরতাসূচনপূর্ব্বকম্ ॥১৯॥

অপুত্র ইতি। প্রসবেন অপত্যেন। "প্রসবঃ পুষ্পফলযোরপত্যে গর্ভমোচনে। উৎপাদে চ—" ইতি হেমচন্দ্রঃ। একৈকমেকৈকমেবেত্যর্থঃ, প্রসবমপত্যম্ ॥২০—২১॥

একৈক ইতি। প্রসবোঽপত্যম্। কুমারাঃ পুত্রাঃ। পূর্ব্বেষাং পূর্ব্বপুরুষাণাম্ ॥২২॥

একেতি। মহাদেবস্য বরদানবাক্যে প্রসবশব্দোপাদানাত্তস্য চাপত্যবোধকত্বাৎ অপত্যস্য চ কন্যাপুত্রোভয়রূপত্বাৎ কন্যা জাতেত্যাশয়ঃ। ভৃশং ধ্রুবমিত্যর্থঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

অনতিপ্রশস্তত্বাৎ উপাবর্ত্তস্ব পরাবৃত্তাঃ ॥১০—১৫॥ চৈত্রবাহনীং চিত্রবাহনস্য দুহিতরম্

তাহা শুনিয়া রাজা বলিলেন—"তুমি কাহার পুত্র? তোমার নাম কি?"। তখন অর্জ্জুন কহিলেন—"আমি পাণ্ডব, কুন্তীর পুত্র, আমার নাম ধনঞ্জয়" ॥১৮॥

তাহার পর রাজা শান্তভাবে অর্জ্জুনকে এই কথা বলিলেন—"এই বংশে প্রভঞ্জন নামে এক রাজা ছিলেন ॥১৯॥

তিনি অপুত্রক বলিয়া সন্তানার্থী হইয়া গুরুতর তপস্যা করেন, তাঁহার সেই ভয়ঙ্কর তপস্যায় সন্তুষ্ট হইয়া মহাদেব তাঁহাকে এই বর দেন যে, 'তোমাদের বংশে এক এক পুরুষের এক একটী করিয়া সন্তান হইবে' ॥২০—২১॥

সেই জন্যই বহুদিন যাবৎ এই বংশে এক একটী করিয়া সন্তান জন্মিয়া আসিতেছে। তবে আমার সেই সকল পূর্ব্বপুরুষদিগের পুত্রই জন্মিয়াছিল ॥২২॥

কিন্তু আমার এই একটী কন্যা জন্মিয়াছে এবং এ-ই আমার বংশরক্ষা

---

(১৯)...রাজা প্রভঙ্করো নাম ।

পুত্রিকাহেতুবিধিনা সংজ্ঞিতা ভরতর্ষভ ! ।
তস্মাদেকঃ সুতো যোঽস্যাং জায়তে ভারত ! ত্বয়া ॥২৪॥
এতচ্ছুল্কং ভবত্বস্যাঃ কুলকৃজ্জায়তামিহ ।
এতেন সময়েনেমাং প্রতিগৃহ্লীষ্ব পাণ্ডব ! ॥২৫॥ (যুগ্মকম্)
স তথেতি প্রতিজ্ঞায় তাং কন্যাং প্রতিগৃহ্য চ ।
উবাস নগরে তস্মিংস্তিস্রঃ কুন্তীসুতঃ সমাঃ ॥২৬॥
তস্যাং সুতে সমুৎপন্নে পরিষ্বজ্য বরাঙ্গনাম্ ।
আমন্ত্র্য নৃপতিং তন্তু জগাম পরিবর্ত্তিতুম্ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি অর্জ্জুনবনবাসে চিত্রাঙ্গদাসংগ্রহেঽষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥*

ভারতকৌমুদী

অথ পুত্র্যামপি কথং তে পুত্র ইতি ভাবনেত্যাহ পুত্রিকেতি । পুত্রিকাহেতুঃ পুত্রিকাপুত্রত্বহেতুভূতো যো বিধিবনুষ্ঠানং তেন হেতুনা, সংজ্ঞিতা পুত্র ইতি সঞ্জাতসংজ্ঞা । ত্বয়া করণেন । স মম কুলকৃদ্বংশকরো জায়তাম্, এতৎ শপথকরণমেব, অস্যাঃ পরিণয়ে তব শুল্কং ভবতু । সময়েন শপথেন ॥২৪—২৫॥

স ইতি । স কুন্তীসুতোঽর্জ্জুনঃ । সমা বৎসরান্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

॥১৬—২৩॥ পুত্রিকাহেতুবিধিনা পুত্রহেতৌ পুত্রিকায়ামপি পুত্রশব্দপ্রয়োগবিধানাৎ লাঙ্গলং জীবনমিতিবৎ, তথা চ লিঙ্গম্—"পুমাংস এব মে পুত্রা জায়েরন্" ইতি, তেন পুত্র্যপি পুত্রসংজ্ঞিতা ॥২৪॥ শুল্কং মৌল্যম্, অদ্যাপি পুত্রিকাপুত্রস্যৈব রাজ্যমিতি দক্ষিণকেরলেষু আচারো দৃশ্যতে ॥২৫॥ সমাঃ বর্ষাণি । "হিমা" ইতি পাঠেঽপি হেমন্তত্রয়েণ স এবার্থো লভ্যঃ

করিবে। সুতরাং 'এইটীই আমার পুত্র' এইরূপই আমার ধারণা চলিয়া আসিতেছে ॥২৩॥

কারণ, আমি পুত্রিকাপুত্র করিবার বিধান অনুসারে যজ্ঞানুষ্ঠান করিয়াছি: তাহাতে ইহারই 'পুত্র' সংজ্ঞা হইয়াছে। সুতরাং অর্জ্জুন ! তোমার দ্বারা ইহার গর্ভে যে একটী পুত্র জন্মিবে, সে আমারই বংশকর হইবে, এইরূপ শপথ করাই ইহার পাণিগ্রহণে তোমার শুল্ক হউক এবং এই শপথ করিয়াই তুমি ইহাকে গ্রহণ কর" ॥২৪—২৫॥

'তাহাই হইবে' এইরূপ শপথ করিয়া অর্জ্জুন চিত্রাঙ্গদাকে গ্রহণ করিয়া তিন বৎসর সেই রাজবাড়ীতে বাস করিলেন ॥২৬॥

(২৭) শ্লোকোঽয়ং সমস্তপুস্তকে নাস্তি। *'…ত্রয়োদশাধিক', '…পঞ্চদশাধিক…', 'সপ্তদশাধিক…', '…পঞ্চত্রিংশদধিক…', ইতি পাঠান্তরাণি।

নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সমুদ্রে তীর্থানি দক্ষিণে ভরতর্ষভঃ।
অভ্যগচ্ছৎ সুপুণ্যানি শোভিতানি তপস্বিভিঃ ॥১॥
বর্জ্জয়ন্তি স্ম তীর্থানি পঞ্চ তত্র তু তাপসাঃ।
অবকীর্ণানি যান্যাসন্ পুরস্তাত্তু তপস্বিভিঃ ॥২॥
অগস্ত্যতীর্থং সৌভদ্রং পৌলোমঞ্চ সুপাবনম্।
কারন্ধমং প্রসন্নঞ্চ হয়মেধফলঞ্চ তৎ ॥৩॥
ভারদ্বাজস্য তীর্থন্তু পাপপ্রশমনং মহৎ।
এতানি পঞ্চ তীর্থানি দদর্শ কুরুসত্তমঃ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্যামিতি। বরাঙ্গনাং চিত্রাঙ্গদাম্। পরিবর্ত্তিতুং দেশান্তরেষু বিচরিতুম্ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি অর্জ্জুনবনবাসেঽষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। দক্ষিণে সমুদ্রে তীর্থানীতি সম্বন্ধঃ। ভরতর্ষভোঽর্জ্জুনঃ ॥১॥

বর্জ্জয়ন্তীতি। অবকীর্ণানি ব্যাপ্তানি। পুরস্তাৎ পূর্ব্বম্ ॥২॥

অগস্ত্যেতি। সুপাবনমিত্যগস্ত্যতীর্থাদীনাং ত্রয়াণাং বিশেষণম্। কারন্ধমং [illegible]

ভারতভাবদীপঃ

"পঞ্চেমা ভা শতং হিমাঃ" ইতি বেদে প্রয়োগাচ্চ ॥২৬—২৭॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৮॥

—:*:—

তাহার পর, চিত্রাঙ্গদার গর্ভে পুত্র জন্মিলে, অর্জ্জুন তাহাকে আলিঙ্গন করিয়া এবং রাজার নিকট বিদায় লইয়া দেশভ্রমণের জন্য চলিয়া গেলেন ॥২৭॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর অর্জ্জুন দক্ষিণসমুদ্রবর্ত্তী অতিপবিত্র এবং তপস্বিপরিশোভিত তীর্থসমূহের দিকে গমন করিলেন ॥১॥

পূর্ব্বে যে পাঁচটি তীর্থ তপস্বিগণে ব্যাপ্ত থাকিত, কিন্তু [illegible] সেই পাঁচটি তীর্থকে তপস্বীরা বর্জ্জন করিয়াছিলেন ॥২॥

অত্যন্ত পবিত্রতাজনক অগস্ত্যতীর্থ, সৌভদ্রতীর্থ এবং পৌলোমতীর্থ, [illegible]

বিবিক্তান্যুপলক্ষ্যাথ তানি তীর্থানি পাণ্ডবঃ।
দৃষ্ট্বা চ বর্জ্জ্যমানানি মুনিভির্ধর্ম্মবুদ্ধিভিঃ ॥৫॥
তপস্বিনস্ততোঽপৃচ্ছৎ প্রাঞ্জলিঃ কুরুনন্দনঃ।
তীর্থানীমানি বর্জ্যন্তে কিমর্থং ব্রহ্মবাদিভিঃ ॥৬॥ (যুগ্মকম্)

তাপসা ঊচুঃ।

গ্রাহাঃ পঞ্চ বসন্ত্যেষু হরন্তি চ তপোধনান্।
তত এতানি বর্জ্জ্যন্তে তীর্থানি কুরুনন্দন ! ॥৭॥

বৈশম্পায়ন উবাচ।

তেষাং শ্রুত্বা মহাবাহুর্ব্বার্য্যমাণস্তপোধনৈঃ।
জগাম তানি তীর্থানি দ্রষ্টুং পুরুষসত্তমঃ ॥৮॥
ততঃ সৌভদ্রমাসাদ্য মহর্ষেস্তীর্থমুত্তমম্।
বিগাহ্য সহসা শূরঃ স্নানং চক্রে পরন্তপঃ ॥৯॥

ভারতকৌমুদী

চতুর্থং তীর্থম্। প্রসন্নং নির্ম্মলজলম্, হয়মেধফলম্ অশ্বমেধফলজনকম্। এতদ্দ্বয়ং কারন্ধমস্য বিশেষণম্। ভারদ্বাজং পঞ্চমং তীর্থম্ ॥৩—৪॥

বিবিক্তানীতি। বিবিক্তানি নির্জনানি। ধর্ম্মবুদ্ধিভিঃ তীর্থেঽপ্যপমৃত্যো পাপমিতি বিদিত্বা তন্নিবৃত্তিমতিভিঃ। ব্রহ্মবাদিভির্ব্বেদবক্তৃভিঃ ॥৫—৬॥

গ্রাহা ইতি। গ্রাহা জলজন্তবঃ, এষু পঞ্চসু তীর্থেষু। হরন্তি আকৃষ্য নয়ন্তি ॥৭॥

তেষামিতি। তেষাং তাপসানাং মুখাৎ জলচরবৃত্তান্তং শ্রুত্বা ॥৮॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১॥ পঞ্চ তীর্থানি আগস্ত্য-সৌভদ্র-পৌলোম-কারন্ধম-ভারদ্বাজীয়ানি পঞ্চ

নির্ম্মলজলসম্পন্ন এবং স্নানে অশ্বমেধফলজনক কারন্ধমতীর্থ, আর মহাপাপনাশক ভারদ্বাজতীর্থ, এই পাঁচটী তীর্থকে অর্জ্জুন দর্শন করিলেন ॥৩—৪॥

তাহার পর তিনি সেই পাঁচটী তীর্থকেই নির্জন দেখিয়া এবং ধর্ম্মার্থী মুনিরা সেই পাঁচটী তীর্থকেই বর্জ্জন করিতেছেন ইহা লক্ষ্য করিয়া, কৃতাঞ্জলি হইয়া, তপস্বিগণের নিকট জিজ্ঞাসা করিলেন—"ব্রাহ্মবাদীরা এই তীর্থগুলিকে বর্জ্জন করিতেছেন কেন ?" ॥৫—৬॥

তপস্বীরা বলিলেন—"অর্জ্জুন ! এই পাঁচটী তীর্থেই পাঁচটী জলজন্তু বাস করে এবং তাহারা তপস্বিগণকে হরণ করিয়া লইয়া যায় ; সেই জন্যই তপস্বীরা এই তীর্থগুলিকে বর্জ্জন করিয়া থাকেন" ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুন তাঁহাদের মুখে সেই বৃত্তান্ত শুনিয়া, তাঁহারা বারণ করিতে থাকিলেও সেই তীর্থগুলি দেখিতে গেলেন ॥৮॥

অথ তং পুরুষব্যাঘ্রমন্তর্জ্জলচরো মহান্।
জগ্রাহ চরণে গ্রাহঃ কুন্তীপুত্রং ধনঞ্জয়ম্ ॥১০॥
স তমাদায় কৌন্তেয়ো বিস্ফুরন্তং জলেচরম্।
উদতিষ্ঠন্মহাবাহুর্বলেন বলিনাং বরঃ ॥১১॥
উৎকৃষ্ট এব গ্রাহস্তু সোঽর্জ্জুনেন যশস্বিনা।
বভূব নারী কল্যাণী সর্ব্বাভরণভূষিতা ॥১২॥
দীপ্যমানা শ্রিয়া রাজন্! দিব্যরূপা মনোরমা।
তদদ্ভুতং মহদ্দৃষ্ট্বা কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ ॥১৩॥
তাং স্ত্রিয়ং পরমপ্রীত ইদং বচনমব্রবীৎ।
কা বৈ ত্বমসি কল্যাণি! কুতো বাঽসি জলেচরি! ॥১৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তত ইতি। সৌভদ্রং তদাখ্যম্। মহর্ষেঃ সম্বন্ধি। বিগাহ্য অবগাহ্য ॥৯॥

অথেতি। জলস্যান্তরন্তর্জ্জলং তত্র চরতীতি সঃ। গ্রাহো জলজন্তুঃ ॥১০॥

স ইতি। বিস্ফুরন্তং স্পন্দমানম্। উদতিষ্ঠৎ তীর ইতি শেষঃ ॥১১॥

উৎকৃষ্ট ইতি। উৎকৃষ্ট এব আকৃষ্টোপরি নীত এব, গ্রাহো জলজন্তুঃ। শ্রিয়া কান্ত্যা। দিব্যরূপা স্বর্গীয়াকৃতিঃ। কুতো বাঽসি আগতেতি শেষঃ ॥১২—১৪॥

ভারতভাবদীপঃ

তীর্থানি ॥২—৪॥ ধর্ম্মবুদ্ধিভিঃ দুর্মরণজং দোষং তীর্থেনাপ্যবিনাশ্যং পশ্যদ্ভিঃ ॥৫—১১॥ উৎকৃষ্ট এব উদ্ধৃতমাত্রঃ ॥১২—২৩॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৯॥

তাহার পর তিনি সৌভদ্রনামক মহর্ষিতীর্থে উপস্থিত হইয়া অবগাহনপূর্ব্বক স্নান করিতে লাগিলেন ॥৯॥

তখন জলচারী বিশাল একটা জন্তু আসিয়া অর্জ্জুনের চরণ আক্রমণ করিল ॥১০॥

আক্রমণ করিবামাত্র মহাবল অর্জ্জুন বলপূর্ব্বক সেই জন্তুটাকে লইয়া উপরে উঠিলেন; উঠিবার সময়ে সেই জন্তুটা লাফাইতেছিল ॥১১॥

উপরে তুলিবামাত্র সেই জন্তুটা পরমসুন্দরী একটা রমণী হইয়া গেল; তাহার সমস্ত অঙ্গে অলঙ্কার ছিল এবং স্বর্গীয় আকৃতি ছিল, আর সে আপন কান্তিতে আলোকিত ছিল। অর্জ্জুন সেই অদ্ভুত আশ্চর্য্য ঘটনা দেখিয়া অত্যন্ত আনন্দিত হইয়া সেই রমণীটিকে এই কথা বলিলেন—"কল্যাণি! তুমি কে? কোথা হইতেই বা এই জলের ভিতরে আসিয়াছিলে?" ॥১২—১৪॥

কিমর্থঞ্চ মহৎ পাপমিদং কৃতবতী পুরা।

বর্গোবাচ।

অপ্সরাস্মি মহাবাহো! দেবারণ্যবিহারিণী ॥১৫॥

ইষ্টা ধনপতের্নিত্যং বর্গা নাম মহাবল!।

মম সখ্যশ্চতস্রোঽন্যাঃ সর্ব্বাঃ কামগমাঃ শুভাঃ ॥১৬॥

তাভিঃ সার্দ্ধং প্রয়াতাস্মি লোকপালনিবেশনম্।

ততঃ পশ্যামহে সর্ব্বা ব্রাহ্মণং সংশিতব্রতম্ ॥১৭॥

রূপবন্তমধীয়ানমেকমেকান্তচারিণম্।

তস্য বৈ তপসা রাজন্! তদ্বনং তেজসা বৃতম্ ॥১৮॥ (যুগ্মকম্)

আদিত্য ইব তং দেশং কৃৎস্নং স হি ব্যভাসযৎ।

তস্য দৃষ্ট্বা তপস্তাদৃগ্‌রূপঞ্চাদ্ভুতমুত্তমম্ ॥১৯॥

অবতীর্ণাঃ স্ম তং দেশং তপোবিঘ্নচিকীর্ষয়া।

অহঞ্চ সৌরভেয়ী চ সমীচী বুদ্‌বুদা লতা ॥২০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কিমর্থমিতি। ইদং জলাবস্থানদুঃখহেতুভূতম্। দেবারণ্যেষু নন্দনাদিষু বিহারিণী ॥১৫॥

ইষ্টেতি। ইষ্টা দয়িতা, ধনপতেঃ কুবেরস্য। কামগমা ইচ্ছানুসারেণ গমনশক্তাঃ ॥১৬॥

তাভিরিতি। লোকপালনিবেশনম্ ইন্দ্রভবনম্। ততো লোকপালনিবেশনাৎ, প্রস্থান-কাল ইতি শেষঃ। একমেকাকিনম্, একান্তচারিণং তপোবনৈকদেশে বিদ্যমানম্ ॥১৭—১৮॥

আদিত্য ইতি। ব্যভাসয়ৎ প্রকাশিতবান্। অবতীর্ণা আকাশাদিতি শেষঃ ॥১৯—২০॥

কি জন্যই বা পূর্ব্বে এই গুরুতর পাপ করিয়াছিলে?”। বর্গা বলিল—“হে মহাবীর! আমি দেবোদ্যানবিহারিণী অপ্সরা ॥১৫॥

আমার নাম—‘বর্গা’, আমি চিরদিনই কুবেরের প্রিয়তমা। আমার আর চারিটী সখী আছে, তাহারা সকলেও শুভলক্ষণা এবং স্বেচ্ছাগামিনী ॥১৬॥

আমি একদা সেই সখীদের সহিত ইন্দ্রপুরীতে গিয়াছিলাম, সে স্থান হইতে ফিরিবার সময়ে আমরা সকলেই দেখিলাম—নিষ্ঠাবান্ ও রূপবান্ একটী ব্রাহ্মণ তপোবনের একদিকে থাকিয়া একাকী বেদপাঠ করিতেছেন, তাঁহার তপোজনিত তেজে সেই বনটী ব্যাপ্ত হইয়া গিয়াছে ॥১৭—১৮॥

এবং তিনি সূর্য্যের ন্যায় আপন তেজে সম্পূর্ণ সেই স্থানটাকেই আলোকিত করিতেছেন। তখন আমি, সৌরভেয়ী, সমীচী, বুদ্‌বুদা ও লতা—এই পাঁচ

---

(১৯)...কৃৎস্নং সর্ব্বং ব্যকাশয়ৎ, কৃৎস্নং স ব্যত্যকাশয়ৎ...।

যৌগপদ্যেন তং বিপ্রমভ্যগচ্ছাম ভারত!।
গায়ন্ত্যোঽথ হসন্ত্যশ্চ লোভয়ন্ত্যশ্চ তং দ্বিজম্ ॥২১॥
স চ নাস্মাসু কৃতবান্ মনো বীর! কথঞ্চন।
নাকম্পত মহাতেজাঃ স্থিতস্তপসি নির্ম্মলে ॥২২॥
সোঽশপৎ কুপিতোঽস্মাসু ব্রাহ্মণঃ ক্ষত্রিয়র্ষভ!।
গ্রাহভূতা জলে যূয়ং চরিষ্যথ শতং সমাঃ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি অর্জ্জুন-বনবাসে তীর্থগ্রাহবিমোচনে নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

যৌগেতি। যৌগপদ্যেন সাহচর্য্যেণ। লোভয়ন্ত্যঃ কটাক্ষপাতাদিনা ॥২১॥

স ইতি। নাকম্পত কামপ্রাদুর্ভাবাভাবাদিতি ভাবঃ। নির্ম্মলে পাপস্পর্শশূন্যে ॥২২॥

স ইতি। গ্রাহভূতা জলজন্তুভূতাঃ। সমা বৎসরান্ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি অর্জ্জুনবনবাসে নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

জনেই তাঁহার তপস্যা এবং সেই জাতীয় উত্তম ও অদ্ভুত রূপ দেখিয়া আকাশ হইতে সেই স্থানে নামিলাম ॥১৯—২০॥

এবং গান ও হাস্য করিতে থাকিয়া সেই ব্রাহ্মণকে লুব্ধ করিতে করিতে এক সঙ্গেই তাঁহার নিকটে যাইয়া উপস্থিত হইলাম ॥২১॥

কিন্তু অত্যন্ত তেজস্বী ও নির্দ্দোষ তপস্যায় নিরত সেই ব্রাহ্মণ কোন প্রকারেই আমাদের উপরে মন সমর্পণ করিলেন না বা একটুও বিচলিত হইলেন না ॥২২॥

পরন্তু তিনি আমাদের উপরে ক্রুদ্ধ হইয়া অভিসম্পাত করিলেন যে, 'তোমরা জলজন্তু হইয়া শত বৎসর পর্য্যন্ত জলে বিচরণ করিবে' ॥২৩॥

—:*:—

* '...চতুর্দ্দশাধিক...', '...ষোড়শাধিক...', '...অষ্টাদশাধিক...', '...ষট্ত্রিংশদধিক...' ইতি পাঠান্তরাণি।

দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বর্গোবাচ।

ততো বয়ং প্রব্যথিতাঃ সর্ব্বা ভারতসত্তম!।
অযাম শরণং বিপ্রং তং তপোধনমচ্যুতম্ ॥১॥
রূপেণ বয়সা চৈব কন্দর্পেণ চ দর্পিতাঃ।
অযুক্তং কৃতবত্যঃ স্ম ক্ষন্তুমর্হসি নো দ্বিজ। ॥২॥
এষ এব বধোঽস্মাকং সুপর্য্যাপ্তস্তপোধন!।
যদ্বয়ং সংশিতাত্মানং প্রলোব্ধুং ত্বামিহাগতাঃ ॥৩॥
অবধ্যাস্তু স্ত্রিয়ঃ সৃষ্টা মন্যন্তে ধর্ম্মচারিণঃ।
তস্মাদ্ধর্ম্মেণ বর্দ্ধ ত্বং নাস্মান্ হিংসিতুমর্হসি ॥৪॥
সর্ব্বভূতেষু ধর্ম্মজ্ঞ। মৈত্রো ব্রাহ্মণ উচ্যতে।
সত্যো ভবতু কল্যাণ। এষ বাদো মনীষিণাম্ ॥৫॥

ভাবতকৌমুদী

তত ইতি। অযাম প্রাপ্নুম। হস্তুন্তা উত্তমপুরুষবহুবচনম্। অচ্যুতং ধর্ম্মাদভ্রষ্টম্ ॥১॥
রূপেণেতি। দর্পিতা বয়ম্। অযুক্তম্ অসঙ্গতম্। নঃ অস্মান্ ॥২॥
এষ ইতি। সুপর্য্যাপ্তঃ সর্ব্বথা যথেষ্টঃ। সংশিতাত্মানং জিতেন্দ্রিয়ম্ ॥৩॥
অবধ্যা ইতি। বর্দ্ধ বর্দ্ধস্ব। হিংসিতুং জলচরত্বসম্পাদকশাপেন হন্তুম্ ॥৪॥
সর্ব্বেতি। সর্ব্বভূতেষু সর্ব্বপ্রাণিষু। মৈত্রো দযালুত্বান্মিত্রম্। বাদঃ প্রবাদঃ ॥৫॥

ভাবতভাবদীপঃ

ততো বযমিতি। অযাম গতবত্যঃ ॥১—২॥ প্রলোব্ধুং প্রলোভয়িতুম্ ॥৩॥ বর্দ্ধ বর্দ্ধস্ব

বর্গা বলিল—"হে ভবতবংশশ্রেষ্ঠ! তাহাব পব আমবা সকলেই অত্যন্ত দুঃখিত হইযা সেই ধার্ম্মিক ও তপস্বী ব্রাহ্মণেব শবণাগত হইলাম ॥১॥

(এবং বলিলাম—) ব্রাহ্মণ। আমবা রূপে, বযসে ও কামে দর্পিত হইযা অসঙ্গত কার্য্য কবিযা বসিযাছি; সুতবাং আপনি আমাদিগকে ক্ষমা করুন ॥২॥

হে তপোধন! ইহাই আমাদেব যথেষ্ট বধ হইযাছে যে, আমরা জিতেন্দ্রিয আপনাকে প্রলুব্ধ করিবার জন্য এখানে আসিয়াছি ॥৩॥

ধার্ম্মিকেবা মনে কবেন যে, বিধাতা স্ত্রীলোকদিগকে অবধ্য কবিযা সৃষ্টি কবিযাছেন। অতএব আপনি আমাদিগকে বধ করিতে পাবেন না; ধর্ম্মানুসারেই আপনি বৃদ্ধি লাভ করুন ॥৪॥

---

(৩)…অস্মাকং স্বয়ং প্রাপ্তস্তপোধন!।

শরণঞ্চ প্রপন্নানাং শিষ্টাঃ কুর্ব্বন্তি পালনম্ ।
শরণং ত্বাং প্রপন্নাঃ স্মস্তস্মাত্ত্বং ক্ষন্তুমর্হসি ॥৬॥

বৈশম্পায়ন উবাচ ।

এবমুক্তঃ স ধর্ম্মাত্মা ব্রাহ্মণঃ শুভকর্ম্মকৃৎ ।
প্রসাদং কৃতবান্ বীর । রবিসোমসমপ্রভঃ ॥৭॥

ব্রাহ্মণ উবাচ ।

শতং শতসহস্রঞ্চ সর্ব্বমক্ষয্যবাচকম্ ।
পরিমাণং শতং ত্বেতন্নৈদমক্ষয্যবাচকম্ ॥৮॥
যদা চ বো গ্রাহভূতা গৃহ্লন্তীঃ পুরুষান্ জলে ।
উৎকর্ষতি জলাত্তস্মাৎ স্থলং পুরুষসত্তমঃ ॥৯॥

ভারতকৌমুদী

শরণমিতি । শিষ্টাঃ শাস্ত্রশাসনাধীনাঃ । ত্বঞ্চ শিষ্ট এবেতি ভাবঃ ।৬।

এবমিতি । শুভকর্ম্মকৃৎ পুণ্যকার্য্যকারী । প্রসাদম্ অপ্সরঃস্বনুগ্রহম্ ।৭।

অথ প্রসাদচিকীর্ষয়া প্রথমং নিজশাপবাক্যস্থশতশব্দার্থং বিবৃণোতি—শতমিতি । শতং শতসহস্রঞ্চ ইত্যাদিকং সর্ব্বং পদম্, অক্ষয্যবাচকম্ অন্যত্র "পশ্যেম শরদঃ শতম্" ইত্যাদিবন্নিরূঢলক্ষণয়া আনন্ত্যবোধকম্ । তু কিন্তু, এতৎ—"গ্রাহভূতা জলে যূয়ং চরিষ্যথ শতং সমাঃ" ইতি পূর্ব্বোক্তমচ্ছাপবাক্যস্থং শতং শতপদম্, পরিমাণং সংখ্যাবোধকম্, ন পুনরিদং শতপদম্, অক্ষয্যবাচকম্ আনন্ত্যবোধকম্, তথৈব সঙ্কেতাৎ তদিচ্ছয়োচ্চারিতত্বাৎ । এবঞ্চ কালস্য নিরবধিকতয়া বধতুল্য এবায়মস্মাকং শাপ ইতি যুষ্মাভির্নাশঙ্কিতব্যমিতি ভাবঃ ।৮।

ভারতভাবদীপঃ

।৪। মৈত্রঃ সর্ব্বভূতসুহৃৎ এষ বাদো মৈত্রো ব্রাহ্মণ ইত্যাদ্‌ঘোষঃ ।৫—৭। শতসহস্রাদয়ঃ শব্দা অনন্তবাচকাঃ, ইহ তু শতশব্দঃ শতমেব বক্তীত্যর্থঃ ।৮। যদা চেতি । উৎকর্ষণমেব অবধিঃ ন শতসংখ্যেতি ভাবঃ ।৯—৩৫।

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ।১০।

হে ধর্ম্মজ্ঞ ! জ্ঞানীরা বলিয়া থাকেন যে, ব্রাহ্মণ সকল প্রাণীরই বন্ধু । হে মঙ্গলময় ! জ্ঞানিগণের এই প্রবাদটা সত্য হউক ।৫।

শিষ্ট লোকেরা শরণাগত লোকদিগকে রক্ষা করিয়া থাকেন । অতএব আমরা আপনার শরণাগত হইয়াছি ; আপনি ক্ষমা করুন" ।৬।

বৈশম্পায়ন বলিলেন—অপ্সরারা এইরূপ বলিলে, ধর্ম্মাত্মা, পুণ্যকার্য্যকারী ও চন্দ্র-সূর্য্যের তুল্য তেজস্বী সেই ব্রাহ্মণ প্রসন্ন হইলেন ।৭।

ব্রাহ্মণ বলিলেন—"শত ও শতসহস্রপ্রভৃতি শব্দ অন্যত্র অনন্তবোধক হয় বটে, কিন্তু আমার শাপবাক্যের এই শতশব্দ সংখ্যাবোধক, সে অনন্তবোধক নহে ।৮।

তদা যূয়ং পুনঃ সর্ব্বাঃ স্বং রূপং প্রতিপৎস্যথ।
অনৃতং নোক্তপূর্ব্বং মে হসতাপি কদাচন ॥১০॥ (যুগ্মকম্)
তানি সর্ব্বাণি তীর্থানি ততঃ প্রভৃতি চৈব হ।
নারীতীর্থানি নাম্নেহ খ্যাতিং যাস্যন্তি সর্ব্বশঃ।
পুণ্যানি চ ভবিষ্যন্তি পাবনানি মনীষিণাম্ ॥১১॥

বর্গোবাচ।

ততোঽভিবাদ্য তং বিপ্রং কৃত্বা চাপি প্রদক্ষিণম্।
অচিন্তয়ামোঽপসৃতাস্তস্মাদ্দেশাৎ সুদুঃখিতাঃ ॥১২॥

ভাবতকৌমুদী

অথ তত্রত্যশতপদস্য সংখ্যাবোধকত্বেঽপি তস্যাতিদীর্ঘকালত্বাৎ প্রায়েণ বধ এবাসৌ শাপ ইতি নিরতিশয়প্রসাদাশযেন তং কালমপি সঙ্কোচয়তি—যদেতি। কিঞ্চ যঃ কোঽপি পুরুষসত্তমঃ, গ্রাহভূতা জলজন্তুভূতাঃ, জলে পুরুষান্ গৃহ্ণতীঃ, বো যুষ্মান্, যদা যস্মিন্নেব কালে অগ্রশো বেত্যর্থঃ, তস্মাজ্জলাৎ, স্থলম্, উৎকর্ষতি আকৃষ্য নয়তি, তদৈব যূয়ং সর্ব্বা এব, পুনঃ স্বং রূপম্, প্রতিপৎস্যথ লপ্স্যধ্বে। অথ প্রসন্ন এবাসি চেত্তদা শাপ এবাসৌ ন স্যাদিতি ব্রূহীত্যাহ—অনৃতমিতি। মে ময়া হসতাপি পরিহাসং কুর্ব্বতাপি সতা, কদাচন, অনৃতং মিথ্যা, ন উক্তপূর্ব্বং পূর্ব্বং নোক্তম্। এবঞ্চ তথোক্তো শাপোক্তির্মিথ্যা স্যাদিতি তথা ন বক্তু মর্হামীতি ভাবঃ ॥৯—১০॥

কিঞ্চৈতচ্ছাপে শুভফলমপীত্যাহ—তানীতি। তানি যুষ্মাভির্গ্রাহভাবেনাধিষ্ঠিতানি। ততঃ প্রভৃতি যুষ্মানধিষ্ঠানাবধি। নারীতীর্থানি ইতি নাম্না। ষট্পদমিদং পদ্যম্ ॥১১॥

তত ইতি। অচিন্তয়ামশ্চিন্তিতবত্যঃ, অপসৃতাঃ কিঞ্চিদ্দূরং গতাঃ সত্যঃ ॥১২॥

অতএব তোমবা জলজন্তু হইয়া জলে থাকিয়া লোকদিগকে আকর্ষণ করিয়া লইয়া যাইতে থাকিলে, যে কোন শ্রেষ্ঠ মানুষ যখনই তোমাদিগকে সেই জল হইতে স্থলে তুলিয়া লইয়া যাইবে তখনই তোমবা সকলে আবাব আপন আপন রূপ লাভ করিবে; কিন্তু আমি পূর্ব্বে কখনও পরিহাস করিবাব সময়েও মিথ্যা কথা বলি নাই (সুতরাং সে শাপবাক্য মিথ্যা হউক একথা বলিতে পারিব না) ॥৯—১০॥

তোমরা জলজন্তু হইয়া যাইয়া প্রবেশ করিলেই সেই সব কয়টী তীর্থ 'নারীতীর্থ' নামে সর্ব্বত্র প্রসিদ্ধি লাভ করিবে এবং জ্ঞানিগণের পুণ্য ও পবিত্রতা জন্মাইবে" ॥১১॥

বর্গা বলিল—"তাহার পব আমবা সেই ব্রাহ্মণকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া, সেই স্থান হইতে একটু দূবে আসিয়া, অত্যন্ত দুঃখিত হইয়া, চিন্তা করিলাম—॥১২॥

ক্ব নু নাম বয়ং সর্ব্বাঃ কালেনাল্পেন তং নরম্।
সমাগচ্ছেম যো নস্তদ্রূপমাপাদয়েৎ পুনঃ ॥১৩॥
তা বয়ং চিন্তয়িত্বৈব মুহূর্ত্তাদিব ভারত!।
দৃষ্টবত্যো মহাভাগং দেবর্ষিমুত নারদম্ ॥১৪॥
সম্প্রহৃষ্টাঃ স্ম তং দৃষ্ট্বা দেবর্ষিমমিতদ্যুতিম্।
অভিবাদ্য চ তং পার্থ! স্থিতাঃ স্ম ব্রীড়িতাননাঃ ॥১৫॥
স নোঽপৃচ্ছদ্দুঃখমূলমুক্তবত্যো বয়ঞ্চ তৎ।
শ্রুত্বা তত্র যথাবৃত্তমিদং বচনমব্রবীৎ ॥১৬॥
দক্ষিণে সাগরানূপে পঞ্চ তীর্থানি সন্তি বৈ।
পুণ্যানি রমণীয়ানি তানি গচ্ছত মা চিরম্ ॥১৭॥
তত্রাশু পুরুষব্যাঘ্রঃ পাণ্ডবেয়ো ধনঞ্জয়ঃ।
মোক্ষয়িষ্যতি শুদ্ধাত্মা দুঃখাদস্মান্ন সংশয়ঃ ॥১৮॥

ভারতকৌমুদী

কিমচিন্তয়াম ইত্যাহ—ক্কেতি। সমাগচ্ছেম লভেমহি। তৎ পূর্ব্বং রূপম্ ॥১৩॥
তা ইতি। মুহূর্ত্তাদিব অত্যল্পকালাৎ পরমেব। উতশব্দো হর্ষে ॥১৪॥
সম্প্রহৃষ্টা ইতি। ব্রীড়িতাননা ব্রীড়য়া অধোবদনাঃ ॥১৫॥
স ইতি। স নারদঃ, নঃ অস্মান্। দুঃখস্য মূলং কারণম্ ॥১৬॥
দক্ষিণ ইতি। সাগরস্য অনূপে জলপ্রায়দেশে। "জলপ্রায়মনূপং স্যাৎ" ইত্যমরঃ ॥১৭॥
তত্রেতি। শুদ্ধাত্মা নির্দোষচিত্তঃ। অস্মাৎ জলজন্তুত্বনিবন্ধনাৎ ॥১৮॥

আমরা সকলে অল্পকালের মধ্যে সে মানুষকে কোথায় পাইব, যিনি আবার আমাদিগকে সেই রূপ ধারণ করাইয়া দিবেন ॥১৩॥

আমরা এইরূপ চিন্তা করিবামাত্রই তৎক্ষণাৎ মহাত্মা দেবর্ষি নারদকে দেখিতে পাইলাম ॥১৪॥

তখন আমরা সেই অসাধারণ তেজস্বী দেবর্ষি নারদকে দেখিয়া, অত্যন্ত আনন্দিত হইয়া, তাঁহাকে প্রণাম করিয়া, লজ্জায় অধোবদন হইয়া রহিলাম ॥১৫॥

তখন তিনি আমাদের দুঃখের কারণ জিজ্ঞাসা করিলেন, আমরাও তাহা বলিলাম। তখন তিনি যথাবৎ বৃত্তান্ত শুনিয়া এই কথা বলিলেন—॥১৬॥

"দক্ষিণসমুদ্রের উপকূলে মনোহর ও পবিত্র পাঁচটী তীর্থ আছে, তোমরা পাঁচ জনই সেই পঞ্চ তীর্থে গমন কর, বিলম্ব করিও না ॥১৭॥

সেখানে নির্ম্মলচিত্ত ও পুরুষশ্রেষ্ঠ পাণ্ডুনন্দন অর্জ্জুন সত্বরই তোমাদিগকে এই দুঃখ হইতে মুক্ত করিবেন ; এ বিষয়ে কোন সন্দেহ নাই" ॥১৮॥

তস্য সর্ব্বা বয়ং বীর ! শ্রুত্বা বাক্যমিহাগতাঃ।
তদিদং সত্যমেবাদ্য মোক্ষিতাহং ত্বয়ানঘ ! ॥১৯॥
এতাস্তু মম তাঃ সখ্যশ্চতস্রোঽন্যা জলে স্থিতাঃ।
কুরু কর্ম্ম শুভং বীর ! এতাঃ শাপাদ্বিমোচয় ॥২০॥

বৈশম্পায়ন উবাচ।

ততস্তাঃ পাণ্ডবশ্রেষ্ঠঃ সর্ব্বা এব বিশাংপতে ! ।
তস্মাচ্ছাপাদদীনাত্মা মোক্ষয়ামাস বীর্য্যবান্ ॥২১॥
উত্থায় চ জলাত্তস্মাৎ প্রতিলভ্য বপুঃ স্বকম্।
তাস্তদাপ্সরসো রাজন্ ! অদৃশ্যন্ত যথা পুরা ॥২২॥
তীর্থানি শোধয়িত্বা তু তথানুজ্ঞায় তাঃ প্রভুঃ।
চিত্রাঙ্গদাং পুনর্দ্রষ্টুং মণিপূরপুরং যযৌ ॥২৩॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য নারদস্য। তদিদং নারদবাক্যম্। যেনাহং ত্বয়া মোক্ষিতা ॥১৯॥
এতা ইতি। শুভং শাপমোচনরূপশুভজনকম্। এতাশ্চতস্র এব সখীঃ ॥২০॥
তত ইতি। অদীনাত্মা হৃষ্টচিত্তঃ। বীর্য্যবান্, অতএব পূর্ব্ববদেব মোক্ষয়ামাস ॥২১॥
উত্থায়েতি। স্বকং স্বকীয়ম্, বপুরূপসংশরীরম্। অদৃশ্যন্ত লোকৈঃ ॥২২॥
তীর্থানীতি। শোধয়িত্বা গ্রাহমোচনেন নির্বিঘ্নানি কৃত্বা। অনুজ্ঞায় গন্তুম্ ॥২৩॥

"হে নিষ্পাপ বীর! তাঁহার সেই কথা শুনিয়া আমরা সকলেই এখানে আসিয়াছিলাম। আজ নারদের সেই কথা সত্য হইয়াছে, আপনি আমাকে মুক্ত করিয়াছেন ॥১৯॥

কিন্তু আমার অপর সেই চারিটী সখীও এই জলে রহিয়াছে; অতএব হে বীর! আপনি শুভকার্য্য করুন, ইহাদিগকেও শাপ হইতে মুক্ত করুন" ॥২০॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! তাহার পর পাণ্ডবশ্রেষ্ঠ বলবান্ অর্জ্জুন হৃষ্টচিত্তে অপর অপ্সরা কয়টীকেও সেই শাপ হইতে মুক্ত করিলেন ॥২১॥

তখন সেই অপ্সরারা সেই জল হইতে উঠিয়া আপন আপন শরীর লাভ করিয়া পূর্ব্বের মতই সকলের দৃষ্টিগোচর হইতে লাগিল ॥২২॥

অর্জ্জুন এইভাবে সেই তীর্থগুলিকে নিরুপদ্রব করিয়া এবং অপ্সরাদিগকে যাইবার অনুমতি দিয়া চিত্রাঙ্গদাকে দেখিবার জন্য পুনরায় মণিপূরে গেলেন ॥২৩॥

---

(২০)···অন্যা জলে শ্রিতাঃ।··· বীর! এতাঃ সর্ব্বা বিমোক্ষয়।

(২৪)···তং দৃষ্ট্বা পাণ্ডবো রাজন্! গোকর্ণমভিতোঽগমৎ। ইতঃ পরং কচিদধ্যায়-সমাপ্তিঃ। তত্র চৈতৎপরবর্ত্তিনঃ শ্লোকা ন দৃশ্যন্তে।

তস্যামজনয়ৎ পুত্রং রাজানং বভ্রুবাহনম্।
তং দৃষ্ট্বা পাণ্ডবো রাজন্। চিত্রবাহনমব্রবীৎ ॥২৪॥
চিত্রাঙ্গদায়াঃ শুল্কং ত্বং গৃহাণ বভ্রুবাহনম্।
অনেন চ ভবিষ্যামি ঋণান্মুক্তো নবাধিপ। ॥২৫॥
চিত্রাঙ্গদাং পুনর্বাক্যমব্রবীৎ পাণ্ডুনন্দনঃ।
ইহৈব ভব ভদ্রং তে বর্দ্ধেথা বভ্রুবাহনম্ ॥২৬॥
ইন্দ্রপ্রস্থনিবাসং মে ত্বং তত্রাগত্য বংস্যসি।
কুন্তীং যুধিষ্ঠিবং ভীমং ভ্রাতবৌ মে কনীযসৌ ॥২৭॥
আগত্য তত্র পশ্যেথা অন্যানপি চ বান্ধবান্।
বান্ধবৈঃ সহিতা সর্ব্বৈর্নন্দসে ত্বমনিন্দিতে। ॥২৮॥ (যুগ্মকম্)
ধর্ম্মে স্থিতঃ সত্যধৃতিঃ কৌন্তেযোঽথ যুধিষ্ঠিবঃ।
জিত্বা তু পৃথিবীং সর্ব্বাং বাজসূযং করিষ্যতি ॥২৯॥

ভারতকৌমুদী

তস্যামিতি। তস্যাং চিত্রাঙ্গদাযাম্। বাজানমিতি ভাবিনি ভূতবদুপচারঃ ॥২৪॥
চিত্রেতি। চিত্রাঙ্গদায়াস্তদ্গ্রহণস্যেত্যর্থঃ। ঋণাৎ ঋণরূপাৎ শপথাৎ ॥২৫॥
চিত্রেতি। স্থিতা ভব। তে তব ভদ্রং মঙ্গলমস্তু। বর্দ্ধেথা বর্দ্ধযেঃ ॥২৬॥
ইন্দ্রেতি। বংস্যসি বিহরিষ্যসি। কনীযসৌ কনীয়াংসৌ নকুলসহদেবৌ। তত্র ইন্দ্রপ্রস্থে। নন্দসে আনন্দিষ্যসি ॥২৭—২৮॥
ধর্ম্ম ইতি। সত্যধৃতির্যথার্থধৈর্য্যশীলঃ। রাজসূযং তদাখ্যং মহাযজ্ঞম্ ॥২৯॥

সেখানে যাইয়া অর্জ্জুন চিত্রাঙ্গদাব গর্ভে বভ্রুবাহননামে একটী পুত্র উৎপাদন কবিলেন এবং তাহাকে দেখিয়া রাজা চিত্রবাহনকে বলিলেন—॥২৪॥

"মহাবাজ! চিত্রাঙ্গদাকে গ্রহণ কবিবাব শুল্কস্বরূপ এই বভ্রুবাহনকে গ্রহণ করুন; ইহা দ্বাবাই আমি আপনার ঋণ হইতে মুক্ত হইব" ॥২৫॥

অর্জ্জুন আবাব চিত্রাঙ্গদাকে বলিলেন—"ভদ্রে! তুমি এইখানেই থাক, তোমাব মঙ্গল হউক, বভ্রুবাহনকে বাড়াইতে থাক ॥২৬॥

পবে, আমাদেব ইন্দ্রপ্রস্থে যাইযা আনন্দিত হইবে এবং সেখানে কুন্তী, যুধিষ্ঠিব, ভীম, আমার কনিষ্ঠ ভ্রাতা নকুল-সহদেব ও অন্যান্য বান্ধবগণকে দেখিতে পাইবে এবং সেই সকল বান্ধবগণেব সঙ্গে মিলিত হইয়া আনন্দ লাভ করিবে ॥২৭—২৮॥

মহারাজ যুধিষ্ঠির ধর্ম্মপথেই বহিয়াছেন এবং তাঁহাব ধৈর্য্যও অক্ষুণ্ণ রহিয়াছে, সুতরাং তিনি পৃথিবী জয় করিয়া বাজসূযযজ্ঞ কবিবেন ॥২৯॥

তত্রাগচ্ছন্তি রাজানঃ পৃথিব্যাং নৃপসংজ্ঞিতাঃ।
বহূনি রত্নান্যাদায় আগমিষ্যতি তে পিতা ॥৩০॥
একসার্থং প্রয়াতাসি চিত্রবাহনসেবয়া।
দ্রক্ষ্যামি রাজসূয়ে ত্বাং পুত্রং পালয় মা শুচঃ ॥৩১॥
বভ্রুবাহননাম্না তু মম প্রাণো বহিশ্চরঃ।
তস্মাদ্ভরস্ব পুত্রং বৈ পুরুষং বংশবর্দ্ধনম্ ॥৩২॥
চিত্রবাহনদায়াদং ধর্ম্মাৎ পৌরবনন্দনম্।
পাণ্ডবানাং প্রিয়ং পুত্রং তস্মাৎ পালয় সর্ব্বদা ॥৩৩॥
বিপ্রয়োগেণ সন্তাপং মা কৃথাস্ত্বমনিন্দিতে!।
চিত্রাঙ্গদামেবমুক্ত্বা গোকর্ণমভিতোঽগমৎ ॥৩৪॥

ভাবতকৌমুদী

তত্রেতি। আগচ্ছন্তীতি ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমানা। রাজশব্দস্য ক্ষত্রিয়পরত্বমাশঙ্ক্যাহ—নৃপেতি। ন়ৄন্ পান্তি রক্ষন্তীতি যোগাৎ ক্ষত্রিয়েতরেঽপি নররক্ষকাঃ সম্ভবন্তীতি রাজান ইত্যুক্তম্ ॥৩০॥

একেতি। সমানঃ অর্থো যজ্ঞদর্শনরূপং প্রযোজনং যেষাং তে সার্থাঃ, একে একত্র মিলিতাঃ সার্থা যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা। চিত্রবাহনস্য ত্বৎপিতুঃ সেবয়া আনুকূল্যেন ॥৩১॥

বভ্রিতি। বভ্রুবাহননাম্না বিশিষ্টঃ। বহিশ্চরো হৃদয়াদ্বহির্বর্ত্তী। ভরস্ব পালয ॥৩২॥

চিত্রেতি। চিত্রবাহনস্য রাজ্ঞো দায়াদমুত্তরাধিকারিণম্। ধর্ম্মাৎ পুত্রিকাপুত্রত্বন্যায়াৎ ॥৩৩॥

সেই যজ্ঞে পৃথিবীর ক্ষত্রিয় নৃপতিরা বহুতর রত্ন লইয়া আগমন করিবেন এবং তোমার পিতাও যাইবেন ॥৩০॥

তখন তুমি তোমার পিতার আনুকূল্যে এক সঙ্গে সেখানে যাইবে; সেই যজ্ঞেই আমি তোমাকে আবার দেখিব। তুমি পুত্রটীকে পালন করিতে থাক, শোক করিও না ॥৩১॥

এটী আমার বভ্রুবাহননামক বাহিরের প্রাণ এবং এই পুরুষটী বংশবর্দ্ধক; সুতরাং তুমি এই পুত্রটীকে পালন করিতে থাক ॥৩২॥

এই পুত্রটী পুরুবংশের আনন্দজনক, পাণ্ডবগণের প্রিয়তম এবং ন্যায় অনুসারে মহারাজ চিত্রবাহনের উত্তরাধিকারী হইবে; সুতরাং তুমি ইহাকে সর্ব্বদাই পালন করিবে ॥৩৩॥

আর, সুন্দরি! তুমি আমার বিরহে দুঃখ করিও না।” চিত্রাঙ্গদাকে এই-রূপ বলিয়া অর্জ্জুন গোকর্ণতীর্থের দিকে গমন করিলেন; যে গোকর্ণতীর্থ

(৩২)…মম প্রাণো মহীচরঃ।

আদ্যং পশুপতেঃ স্থানং দর্শনাদেব মুক্তিদম্।
যত্র পাপোঽপি মনুজঃ প্রাপ্নোত্যভয়দং পদম্ ॥৩৫॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি অর্জ্জুনবনবাসেঽর্জ্জুনতীর্থযাত্রায়াং দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

একাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

সোঽপরান্তেষু তীর্থানি পুণ্যান্যায়তনানি চ।
সর্ব্বাণ্যেবানুপূর্ব্বেণ্য জগামামিতবিক্রমঃ ॥১॥
সমুদ্রে পশ্চিমে যানি তীর্থান্যায়তনানি চ।
তানি সর্ব্বাণি গত্বা স প্রভাসমুপজগ্মিবান্ ॥২॥
প্রভাসদেশং সম্প্রাপ্তং বীভৎসুমপবাজিতম্।
সুপুণ্যং রমণীয়ঞ্চ শুশ্রাব মধুসূদনঃ ॥৩॥

ভারতকৌমুদী

বিপ্রেতি। বিপ্রযোগেন মম বিরহেণ। গোকর্ণং নাম তীর্থম্। অভিতো লক্ষ্যীকৃত্য। গোকর্ণমেব বিশিনষ্টি—আদ্যমিতি। পশুপতেঃ শিবস্য। পাপঃ পাপবানপি ॥৩৪—৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি অর্জ্জুনবনবাসে দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

স ইতি। সঃ অর্জ্জুনঃ, অপরান্তেষু ভারতপশ্চিমদেশেষু। আনুপূর্ব্ব্যেণ ক্রমেণ ॥১॥
অপি চাহ—সমুদ্র ইতি। প্রভাসং তদাখ্যং তীর্থম্ ॥২॥

শিবের প্রথম অধিষ্ঠানস্থান, দর্শনমাত্রেই মুক্তি দান করে এবং যে তীর্থে পাপিষ্ঠ লোকও অভয় পদ লাভ করে ॥৩৪—৩৫॥

—ঃ*ঃ—

এতে চান্যে চ বহবো দেবাস্তৌ পুরুষোত্তমৌ ॥৩৮॥
কৃষ্ণপার্থৌ জিঘাংসন্তঃ প্রতীয়ুর্বিবিধায়ুধাঃ।
তত্রাদ্ভুতান্যদৃশ্যন্ত নিমিত্তানি মহাহবে ॥৩৯॥
যুগান্তসমরূপাণি ভূতসম্মোহনানি চ।
তথা দৃষ্ট্বা সুসংরব্ধং শক্রং দেবৈর্জয়াচ্যুতৌ ॥৪০॥
অভীতৌ যুধি দুর্দ্ধর্ষৌ তস্থতুঃ সজ্যকার্ম্মুকৌ।
আগচ্ছতস্ততো দেবানুভৌ যুদ্ধবিশারদৌ ॥৪১॥
ব্যতাড়য়েতাং সংক্রুদ্ধৌ শরৈর্বজ্রোপমৈস্তদা।
অসকৃদ্ভগ্নসংকল্পাঃ সুরাশ্চ বহুশঃ কৃতাঃ ॥৪২॥
ভয়াদ্রণং পরিত্যজ্য শক্রমেবাভিশিশ্রিয়ুঃ।
দৃষ্ট্বা নিবারিতান্ দেবান্ মাধবেনার্জ্জুনেন চ ॥৪৩॥
আশ্চর্য্যমগমংস্তত্র মুনয়ো নভসি স্থিতাঃ।
শক্রশ্চাপি তয়োর্বীর্য্যমুপলভ্যাসকৃদ্রণে ॥৪৪॥

ভারতকৌমুদী

বিশ্বেদেবা ইতি। প্রতীয়ুঃ প্রতিজগ্মুঃ। নিমিত্তানি দুর্লক্ষণানি উল্কাপাতাদীনি। যুগান্তসমরূপাণি প্রলয়কালীনতুল্যানি, ভূতানাং প্রাণিনাং সম্মোহনানি। সুসংরব্ধম্ অতীবক্রুদ্ধম্। দেবৈঃ সহ। জয়াচ্যুতৌ অর্জ্জুনকৃষ্ণৌ। উভৌ কৃষ্ণার্জ্জুনৌ। ভগ্নসঙ্কল্পা দূরীকৃতজয়েচ্ছাঃ।

ভারতভাবদীপঃ

ত্রিশূলম্ ॥৩৪॥ অর্য্যমা অপীত্যত্র সন্ধিরবিবক্ষিতঃ ॥৩৫—৩৮॥ নিমিত্তানি সূচকানি উল্কা-

আর মহাবল একাদশ রুদ্র, অষ্ট বসু এবং ঊনপঞ্চাশৎ বায়ু—ইঁহারা প্রত্যেকেই ধনু ও তরবারি ধারণপূর্ব্বক কৃষ্ণ ও অর্জ্জুনের প্রতি ধাবিত হইলেন ॥৩৭॥

আপন আপন তেজে উজ্জ্বলমূর্ত্তি বিশ্বেদেবগণ ও সাধ্যদেবগণ এবং অন্যান্য বহুতর দেবতা নানাবিধ অস্ত্র ধারণ করিয়া পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছায় ধাবিত হইলেন। তখন সেই মহাযুদ্ধে প্রলয়কালের ন্যায় প্রাণিগণের মোহজনক আশ্চর্য্য দুর্লক্ষণ সকল দেখা যাইতে লাগিল। এদিকে যুদ্ধদুর্দ্ধর্ষ কৃষ্ণ ও অর্জ্জুন দেবগণের সহিত ইন্দ্রকে অত্যন্ত ক্রুদ্ধ দেখিয়াও নির্ভয়-চিত্তে ধনু ধারণপূর্ব্বক অবস্থান করিতে লাগিলেন, তাহার পর দেবতারা আসিবামাত্র বজ্রতুল্য বাণ দ্বারা তাঁহাদিগকে তাড়ন করিলেন। এইভাবে

(৪০)...শক্রং দেবৈঃ সহাচ্যুতৌ।

বভূব পরমপ্রীতো ভূয়শ্চৈতাববোধয়ৎ।
ততোঽশ্মবর্ষং সুমহদ্ ব্যসৃজৎ পাকশাসনঃ ॥৪৫॥ (কুলকম্)
ভূয় এব তদা বীর্য্যং জিজ্ঞাসুঃ সব্যসাচিনঃ।
তচ্ছরৈরর্জ্জুনো বর্ষং প্রতিজঘ্নেঽত্যমর্ষিতঃ ॥৪৬॥
বিফলং ক্রিয়মাণং তৎ সমবেক্ষ্য শতক্রতুঃ।
ভূয়ঃ সংবর্দ্ধয়ামাস তদ্বর্ষং পাকশাসনঃ ॥৪৭॥
সোঽশ্মবর্ষং মহাবেগৈরিষুভিঃ পাকশাসনিঃ।
বিলয়ং গময়ামাস হর্ষয়ন্ পিতরং তথা ॥৪৮॥
তত উৎপাট্য পাণিভ্যাং মন্দরাচ্ছিখরং মহৎ।
সদ্রুমং ব্যসৃজচ্ছক্রো জিঘাংসুঃ পাণ্ডুনন্দনম্ ॥৪৯॥

ভারতকৌমুদী

অভিশিশ্রিয়ুরাশ্রিতবন্তঃ। নভসি আকাশে। উপলভ্য দৃষ্ট্বা। অশ্মবর্ষং পাষাণবর্ষণম্। পাকশাসন ইন্দ্রঃ।৩৮—৪৫।

ননূদ্যতং বজ্রং পরিহায় কথমিন্দ্রঃ পাষাণবর্ষণমকরোদিত্যাহ—ভূয় ইতি। জিজ্ঞাসুর্জ্ঞাতুমিচ্ছুরাসীৎ। পুত্রস্যার্জ্জুনস্য বলপরীক্ষৈবেন্দ্রস্য প্রয়োজনং ন পুনর্বধ ইতি ভাবঃ ॥৪৬॥

বিফলমিতি। সংবর্দ্ধয়ামাস আধিক্যেন চকার, তদ্বর্ষং পাষাণবর্ষণম্ ॥৪৭॥

স ইতি। পাকশাসনিরিন্দ্রপুত্রোঽর্জ্জুনঃ। বিলয়ং নাশম্ ॥৪৮॥

তত ইতি। মন্দরাৎ পর্ব্বতাৎ। জিঘাংসুর্হন্তুমিচ্ছুরিব ॥৪৯॥

বার বার তাঁহারা ব্যর্থসঙ্কল্প হইয়া, ভয়ে যুদ্ধ পরিত্যাগ করিয়া যাইয়া, ইন্দ্রের আশ্রয় লইলেন। তখন কৃষ্ণ ও অর্জ্জুন দেবগণকে বিতাড়িত করিয়াছেন দেখিয়া আকাশস্থ মুনিগণ বিস্ময়াপন্ন হইলেন। ইন্দ্রও যুদ্ধে বার বার কৃষ্ণ ও অর্জ্জুনের ক্ষমতা দেখিয়া বিশেষ সন্তুষ্ট হইলেন এবং আবার যুদ্ধ আরম্ভ করিলেন, পরে তিনি গুরুতর পাষাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩৮—৪৫॥

কারণ, তখন ইন্দ্র আবারও অর্জ্জুনের বল জানিবার ইচ্ছা করিয়াছিলেন। অত্যন্ত ক্রুদ্ধ অর্জ্জুনও বাণ দ্বারা সেই পাষাণবৃষ্টি প্রতিহত করিলেন ॥৪৬॥

ইন্দ্র সেই পাষাণবৃষ্টি নিষ্ফল হইল দেখিয়া পুনরায় অধিক পরিমাণে সেই পাষাণবৃষ্টিই করিতে লাগিলেন ॥৪৭॥

তখন অর্জ্জুন পিতৃদেব ইন্দ্রকে আনন্দিত করতঃ মহাবেগসম্পন্ন বাণসমূহ দ্বারা সেই পাষাণবৃষ্টিকেও বিনষ্ট করিলেন ॥৪৮॥

তৎপরে ইন্দ্র অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়াই যেন হস্তযুগল দ্বারা বৃক্ষের সহিত মন্দরপর্ব্বতের বৃহৎ একটা শৃঙ্গ উৎপাটন করিয়া নিক্ষেপ করিলেন ॥৪৯॥

ততোঽর্জ্জুনো বেগবদ্ভির্জ্জ্বলিতাগ্রৈরজিহ্মগৈঃ।
শরৈর্বিধ্বংসয়ামাস গিরেঃ শৃঙ্গং সহস্রধা ॥৫০॥
গিরের্বিশীর্য্যমাণস্য তস্য রূপং তদা বভৌ।
সার্কচন্দ্রগ্রহস্যেব নভসঃ পরিশীর্য্যতঃ ॥৫১॥
তেনাভিপততা দাবং শৈলেন মহতা ভৃশম্।
শৃঙ্গেণ নিহতাস্তত্র প্রাণিনঃ খাণ্ডবালয়াঃ ॥৫২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে দেবকৃষ্ণার্জ্জুনযুদ্ধে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। জ্বলিতাগ্রৈরুজ্জ্বলাগ্রদেশৈঃ, অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥৫০॥

গিরেরিতি। তদা বিশীর্য্যমাণস্য অর্জ্জুনশরৈঃ খণ্ডখণ্ডীক্রিয়মাণস্য, তস্য গিরের্গিরিশৃঙ্গস্য রূপম্, পরিশীর্য্যতঃ কুতোঽপি কারণাৎ পরিশীর্য্যমাণস্য ভজ্যমানস্যেত্যর্থঃ, অর্কেণ চন্দ্রেণ তদিতরগ্রহৈশ্চ সহেতি তস্য, নভস আকাশস্য, রূপমিব বভৌ, গিরিশৃঙ্গখণ্ডানাং মণিময়ত্বাদর্কাদিবদুজ্জ্বলত্বাদিতি ভাবঃ ॥৫১॥

তেনেতি। দাবং খাণ্ডববনম্, শৈলেন শৈলসম্বন্ধিনা ॥৫২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি খাণ্ডবদাহে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

পাতাদীনি ॥৩৯—৫০॥ গিরেঃ গিরিশৃঙ্গস্য ॥৫১॥ শৈলেন শিলাসমূহেন করণেন, শৃঙ্গেণ কর্ত্রা ॥৫২॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২০॥

তখন অর্জ্জুন বেগবান্, উজ্জ্বলমুখ ও সরলগামী বাণসমূহ দ্বারা সেই শৃঙ্গটাকে সহস্রখণ্ড করিয়া ফেলিলেন ॥৫০॥

সেই সময়ে ভজ্যমান আকাশ হইতে চন্দ্র, সূর্য্য ও অন্যান্য গ্রহ পড়িতে থাকিলে যেমন দেখা যায়, সেই পর্ব্বতশৃঙ্গটা খণ্ড খণ্ড হইয়া পড়িতে থাকিলেও তেমন দেখা যাইতে লাগিল ॥৫১॥

সেই বিশাল পর্ব্বতশৃঙ্গ খাণ্ডববনের উপরে পড়িয়া তত্রত্য প্রাণিগণকে বিধ্বস্ত করিল ॥৫২॥

---

* '...পঞ্চবিংশত্যধিক...', '...সপ্তবিংশত্যধিক...', '...ঊনত্রিংশদধিক...', '...ত্রিংশদধিক...' ইতি পাঠান্তরাণি।

একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

তথা শৈলনিপাতেন ভীষিতাঃ খাণ্ডবালয়াঃ।
দানবা রাক্ষসা নাগাস্তরক্ষ্বৃক্ষবনৌকসঃ ॥১॥
দ্বিপাঃ প্রভিন্নাঃ শার্দ্দূলাঃ সিংহাঃ কেশরিণস্তথা।
মৃগাশ্চ মহিষাশ্চৈব শতশঃ পক্ষিণস্তথা ॥২॥
সমুদ্বিগ্না বিসস্রপুস্তথান্যা ভূতজাতয়ঃ।
তং দাবং সমুদৈক্ষন্ত কৃষ্ণৌ চাভ্যুদ্যতায়ুধৌ।
উৎপাতনাদশব্দেন ত্রাসিতা ইব চাভবন্ ॥৩॥
তে বনং প্রসমীক্ষ্যাথ দহ্যমানমনেকধা।
কৃষ্ণমভ্যুদ্যতাস্ত্রঞ্চ নাদং মুমুচুরুল্বণম্ ॥৪॥

ভারতকৌমুদী

তথেতি। তথা তাদৃশেন। ভীষিতা ভয়ং প্রাপিতাঃ। তরক্ষবঃ ক্ষুদ্রব্যাঘ্রাঃ, ঋক্ষা ভল্লূকাঃ অন্যে বনৌকসো বনবাসিনো বানরাদয়শ্চ তে ॥১॥

দ্বিপা ইতি। দ্বিপা হস্তিনঃ, প্রভিন্নাস্তেনৈব শৈলনিপাতেন বিদারিতাঃ ॥২॥

সমুদ্বিগ্না ইতি। বিসস্রপুরপস্থতাঃ। ভূতজাতয়ঃ প্রাণিসমূহাঃ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। উৎপাতনাদো নির্ঘাতাদিশব্দ ইব শব্দস্তেন। ইবশব্দ এবার্থে। ষট্‌পদমিদং পদ্যম্ ॥৩॥

ত ইতি। তে দানবাদয়ঃ। উল্বণমাত্তিব্যঞ্জকমুৎকটম্ ॥৪॥

ভাবতভাবদীপঃ

তথেতি। তরক্ষবঃ স্বল্পব্যাঘ্রাঃ, ঋক্ষা ভল্লূকাঃ ॥১॥ প্রভিন্না মদচ্যুতাঃ, কেশরিণ উৎপন্নকেশরাঃ যুবান ইত্যর্থঃ ॥২॥ দাবং বনম্, উৎপাতনাদাঃ নির্ঘাতাদয়ঃ তচ্ছব্দেন সন্ত্রাসিতে,

বৈশম্পায়ন বলিলেন—সেই পর্ব্বতশৃঙ্গ পতিত হওয়ায় খাণ্ডববাসী দানব, রাক্ষস, নাগ, ব্যাঘ্র, ভল্লূক ও অন্যান্য প্রাণীরা ভীত হইল ॥১॥

এবং শত শত হস্তী, ব্যাঘ্র, সিংহ, হরিণ, মহিষ ও পক্ষী চূর্ণ হইয়া গেল ॥২॥

অন্যান্য প্রাণীরা ভীত হইয়া সরিয়া গেল এবং সরিয়া যাইয়া সেই বনের দিকে এবং অস্ত্রধারী কৃষ্ণ ও অর্জ্জুনের দিকে দৃষ্টিপাত করিতে লাগিল; আর, নির্ঘাতশব্দের তুল্য সেই ভীষণ শব্দে অত্যন্ত ভীত হইয়া পড়িল ॥৩॥

(৩)…তং দাবং সমুপৈক্ষন্ত…। উৎপাতনাদশব্দেন সংত্রাসিত ইব স্থিতাঃ…।

তেন নাদেন রৌদ্রেণ নাদেন চ বিভাবসোঃ।
ররাস গগনং কৃৎস্নমুৎপাতজলদৈরিব ॥৫॥
ততঃ কৃষ্ণো মহাবাহুঃ স্বতেজোভাস্বরং মহৎ।
চক্রং ব্যসৃজদত্যুগ্রং তেষাং নাশায় কেশবঃ ॥৬॥
তেনার্ত্তা জাতয়ঃ ক্ষুদ্রাঃ সদানবনিশাচরাঃ।
নিকৃত্তাঃ শতশঃ সর্ব্বা নিপেতুরনলং ক্ষণাৎ ॥৭॥
তত্রাদৃশ্যন্ত তে দৈত্যাঃ কৃষ্ণচক্রবিদারিতাঃ।
বসারুধিরসংপৃক্তাঃ সন্ধ্যায়ামিব তোযদাঃ ॥৮॥
পিশাচান্ পক্ষিণো নাগান্ পশূংশ্চৈব সহস্রশঃ।
নিঘ্নংশ্চরতি বার্ষ্ণেয়ঃ কালবত্তত্র ভারত! ॥৯॥

ভারতকৌমুদী

তেনেতি। রৌদ্রেণ ভীষণেন। ররাস জগর্জ্জ। উৎপাতজলদৈরুৎপাতসূচকমেঘৈঃ ॥৫॥
তত ইতি। স্বস্য চক্রস্যৈব তেজসা ভাস্বরং দীপ্তিমৎ। তেষাং দানবাদীনাম্ ॥৬॥
তেনেতি। তেন চক্রেণ। ক্ষুদ্রাঃ প্রাণিনাং জাতয়ো হরিণাদ্যাঃ। নিকৃত্তাশ্ছিন্নাঃ ॥৭॥
তত্রেতি। বসা শরীরস্থো ধাতুবিশেষঃ। বসারুধিরৈঃ সংপৃক্তা লিপ্তাঙ্গাঃ ॥৮॥
পিশাচানিতি। নিঘ্নন্ নাশয়ন্, বার্ষ্ণেয়ঃ কৃষ্ণঃ, চরতি স্ম ॥৯॥

ভারতভাবদীপঃ

বনে ইতি শেষঃ, "সাক্ষারিতে" ইতি পাঠেঽপি স এবার্থঃ ॥৩—৪॥ ররাস শব্দং কৃতবান্

তাই তাহারা দহ্যমান বন ও অস্ত্রধারী কৃষ্ণের প্রতি দৃষ্টিপাত করিয়া ভয়ঙ্কর আর্ত্তনাদ করিতে লাগিল ॥৪॥

সেই দারুণ শব্দে ও অগ্নির শব্দে সম্পূর্ণ আকাশটাই যেন ঔৎপাতিকমেঘ দ্বারা গর্জ্জন করিতে লাগিল ॥৫॥

তখন মহাবাহু কৃষ্ণ তাহাদিগকে বিনষ্ট করিবার জন্য উজ্জ্বল, বিশাল ও ভীষণ চক্র নিক্ষেপ করিলেন ॥৬॥

তাহাতে দানব, রাক্ষস এবং ক্ষুদ্র ক্ষুদ্র অপর প্রাণীরা পীড়িত ও শত খণ্ডে ছিন্ন হইয়া তৎক্ষণাৎ আগুনের ভিতরে পড়িতে লাগিল ॥৭॥

তখন সেই সকল দৈত্য কৃষ্ণের চক্রে বিদারিত হওয়ায় তাহাদের শরীরগুলি বসা ও রুধিরে লিপ্ত হইল; তাই তাহাদিগকে সন্ধ্যাকালীন মেঘের ন্যায় দেখা যাইতে লাগিল ॥৮॥

মহারাজ! কৃষ্ণ তখন যমের ন্যায় সহস্র সহস্র পিশাচ, পক্ষী, নাগ ও পশুকে হত্যা করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিলেন ॥৯॥

ক্ষিপ্তং ক্ষিপ্তং পুনশ্চক্রং কৃষ্ণস্যামিত্রঘাতিনঃ।
ছিত্ত্বানেকানি সত্ত্বানি পাণিমেতি পুনঃ পুনঃ ॥১০॥
তথা তু নিঘ্নতস্তস্য পিশাচোরগরাক্ষসান্।
বভূব রূপমত্যুগ্রং সর্ব্বভূতাত্মনস্তদা ॥১১॥
সমেতানান্তু সর্ব্বেষাং দানবানাঞ্চ সর্ব্বশঃ।
বিজেতা নাভবৎ কশ্চিৎ কৃষ্ণপাণ্ডবয়োর্ম্মৃধে ॥১২॥
তয়োর্ব্বলাৎ পরিত্রাতুং তঞ্চ দাবং যদা সুরাঃ।
নাশক্নুবন্ শময়িতুং তদাভূবন্ পরাঙ্মুখাঃ ॥১৩॥
শতক্রতুস্তু সংপ্রেক্ষ্য বিমুখানমরাংস্তথা।
বভূব মুদিতো রাজন্। প্রশংসন্ কেশবার্জ্জুনৌ ॥১৪॥
নিবৃত্তেষ্বথ দেবেষু বাগুবাচাশরীরিণী।
শতক্রতুং সমাভাষ্য মহাগম্ভীরনিস্বনা ॥১৫॥

ভারতকৌমুদী

ক্ষিপ্তমিতি। সত্ত্বানি জন্তূন্। অমিত্রঘাতিনঃ কৃষ্ণস্য পাণিমেতি স্ম ॥১০॥

তথেতি। তস্য কৃষ্ণস্য। সর্ব্বাণ্যেব ভূতানি আত্মানঃ স্বরূপাণি যস্য তস্য ॥১১॥

সমেতানামিতি। সমেতানামুপস্থিতানাম্, সর্ব্বেষাং দেবানাং দানবানাঞ্চ মধ্যে কশ্চিদপি, মৃধে যুদ্ধে, কৃষ্ণপাণ্ডবয়োর্বিজেতা নাভবৎ ॥১২॥

তয়োরিতি। তয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ। দাবং বনম্। শময়িতুং কৃষ্ণার্জ্জুনাবিতি শেষঃ ॥১৩॥

শতেতি। শতক্রতুরিন্দ্রঃ। মুদিতঃ পুত্রবীরত্বদর্শনাদানন্দিতঃ ॥১৪॥

নিবৃত্তেষ্বিতি। অশরীরিণী অশরীরিবিপ্রযুক্তা। সমাভাষ্য সম্বোধ্য ॥১৫॥

কৃষ্ণ বার বার চক্র নিক্ষেপ করিতে লাগিলেন, অথচ সে চক্র বার বারই অনেক জন্তু ছেদন করিয়া পুনরায় তাঁহার হাতে আসিতে লাগিল ॥১০॥

সর্ব্বভূতাত্মা কৃষ্ণ সেইভাবে পিশাচ, নাগ ও রাক্ষসদিগকে বিনাশ করিতে লাগিলে, তখন তাঁহার আকৃতি অতি ভয়ঙ্কর হইল ॥১১॥

কিন্তু উপস্থিত দেবগণ ও দানবগণের মধ্যে কোন ব্যক্তিই যুদ্ধে কৃষ্ণ ও অর্জ্জুনকে জয় করিতে পারিলেন না ॥১২॥

যখন দেবগণ কৃষ্ণ ও অর্জ্জুনের পরাক্রমে সে খাণ্ডববনকে রক্ষা করিতে পারিলেন না, বা তাঁহাদিগকে নিরস্তও করিতে পারিলেন না, তখন তাঁহারা পরাঙ্মুখ হইলেন ॥১৩॥

কিন্তু ইন্দ্র তখন দেবগণকে পরাঙ্মুখ দেখিয়া, আনন্দিত হইয়া, কৃষ্ণ ও অর্জ্জুনের প্রশংসা করিতে লাগিলেন ॥১৪॥

ন তে সখা সন্নিহিতস্তক্ষকো ভুজগোত্তমঃ।
দাহকালে খাণ্ডবস্য কুরুক্ষেত্রং গতো হ্যসৌ ॥১৬॥
ন চ শক্যৌ যুধা জেতুং কথঞ্চিদপি বাসব!।
বাসুদেবার্জ্জুনাবেতৌ নিবোধ বচনান্মম ॥১৭॥
নরনারায়ণাবেতৌ পূর্ব্বদেবৌ দিবি শ্রুতৌ।
ভবানপ্যভিজানাতি যদ্বীর্য্যৌ যৎপরাক্রমৌ ॥১৮॥
নৈতৌ শক্যৌ দুরাধর্ষৌ বিজেতুমজিতৌ যুধি।
অপি সর্ব্বেষু লোকেষু পুরাণাবৃষিসত্তমৌ ॥১৯॥
পূজনীয়তমাবেতাবপি সর্ব্বৈঃ সুরাসুরৈঃ।
যক্ষরাক্ষসগন্ধর্ব্বনরকিন্নরপন্নগৈঃ ॥২০॥
তস্মাদিতঃ সুরৈঃ সার্দ্ধং গন্তুমর্হসি বাসব!।
দিষ্টং চাপ্যনুপশ্যৈতৎ খাণ্ডবস্য বিনাশনম্ ॥২১॥

ভাবতকৌমুদী

নেতি। তক্ষকস্যাসন্নিহিতত্বাদেব যুষ্মাকং যুদ্ধং নিষ্প্রয়োজনমিতি ভাবঃ ॥১৬॥
অথ তদ্বাসস্থানরক্ষার্থমেব যুদ্ধং সপ্রয়োজনমিত্যাহ—নেতি। যুধা যুদ্ধেন ॥১৭॥
কথং জেতুং ন শক্যাবিত্যাহ—নরেতি। পূর্ব্বং দেবৌ পূর্ব্বদেবৌ। দিবি স্বর্গে ॥১৮॥
নেতি। সর্ব্বত্রামেব যুধি অজিতৌ অসম্ভাবিতজয়ৌ, ঋষিসত্তমত্বাদেব ॥১৯॥
কিঞ্চ যুদ্ধমিদমকার্য্যমেব যুষ্মাকমিত্যাহ—পূজনীয়তমাবিতি। অপি চার্থে ॥২০॥
তস্মাদিতি। দিষ্টং দৈবং দৈবপ্রযুক্তমিত্যর্থঃ। অনুপশ্য পর্য্যালোচয় ॥২১॥

দেবতারা নিবৃত্তি পাইলে, একটা দৈববাণী ইন্দ্রকে সম্বোধন করিয়া মহাগম্ভীর শব্দে এই কথা বলিল—॥১৫॥

"দেবরাজ! আপনার সখা নাগরাজ তক্ষক খাণ্ডবদাহের সময়ে এখানে ছিলেন না, তিনি পূর্ব্বেই কুরুক্ষেত্রে গিয়াছেন ॥১৬॥

আপনারা যুদ্ধ করিয়া কোন প্রকারেই এই কৃষ্ণার্জ্জুনকে জয় করিতে পারিবেন না, তাহার কারণ আমার নিকট শুনুন ॥১৭॥

ইঁহারা পূর্ব্বে স্বর্গে নর-নারায়ণ নামে বিখ্যাত দেবতা ছিলেন; সুতরাং ইঁহাদের যতটুকু শক্তি বা পরাক্রম আছে, তাহা আপনিও জানেন ॥১৮॥

ইঁহারা প্রাচীন ঋষিশ্রেষ্ঠ, দুর্দ্ধর্ষ এবং সর্ব্বত্র অপরাজিত; সুতরাং ইঁহাদিগকে ত্রিভুবনের মধ্যে কোন লোকই যুদ্ধে জয় করিতে পারিবে না ॥১৯॥

ঋষিশ্রেষ্ঠ বলিয়া ইঁহারা সমস্ত দেব, দানব, যক্ষ, রাক্ষস, গন্ধর্ব্ব, নর, কিন্নর ও নাগদিগের পূজনীয় ॥২০॥

ইতি বাক্যমুপশ্রুত্য তথ্যমিত্যমরেশ্বরঃ।
ক্রোধামর্ষৌ সমুৎসৃজ্য সম্প্রতস্থে দিবং তদা ॥২২॥
তং প্রস্থিতং মহাত্মানং সমবেক্ষ্য দিবৌকসঃ।
সহিতাঃ সেনয়া রাজন্ননুজগ্মুঃ পুরন্দরম্ ॥২৩॥
দেবরাজং তদা যান্তং সহ দেবৈরবেক্ষ্য তু।
বাসুদেবার্জ্জুনৌ বীরৌ সিংহনাদং বিনেদতুঃ ॥২৪॥
দেবরাজে গতে রাজন্! প্রহৃষ্টৌ কেশবার্জ্জুনৌ।
নির্বিশঙ্কং বনং বীরৌ দাহয়ামাসতুস্তদা ॥২৫॥
স মারুত ইবাভ্রাণি নাশয়িত্বার্জ্জুনঃ সুরান্।
ব্যধমচ্ছরসংঘাতৈর্দেহিনঃ খাণ্ডবালয়ান্ ॥২৬॥

ভারতকৌমুদী

ইতীতি। তথ্যম্ এতদুক্তং সত্যম্, ইতি মত্বেতি শেষঃ। অমর্ষঃ অসহিষ্ণুতা ॥২২॥

তমিতি। দিবৌকসঃ অন্যে দেবাঃ ॥২৩॥

দেবেতি। সিংহস্যেব নাদো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥২৪॥

দেবেতি। নির্বিশঙ্কং নির্ভয়ং যথা স্যাত্তথা, বনং খাণ্ডবম্ ॥২৫॥

স ইতি। মারুতো বায়ুঃ, অভ্রাণি মেঘানিব। নাশয়িত্বা প্রস্থাপ্য। ব্যধমৎ ব্যনাশয়ৎ, শরাণাং সংঘাতৈঃ সমূহৈঃ। খাণ্ডবালয়ান্ খাণ্ডববাসিনঃ ॥২৬॥

অতএব দেবরাজ! আপনি অন্যান্য দেবগণের সহিত এস্থান হইতে চলিয়া যাইতে পারেন। এখন ইহাই পর্য্যালোচনা করুন যে, এই খাণ্ডবদাহ দৈব-প্রযুক্ত” ॥২১॥

দেবরাজ এইরূপ দৈববাণী শুনিয়া ‘ইহা সত্য’ এইরূপ মনে করিয়া ক্রোধ ও অসহিষ্ণুতা পরিত্যাগপূর্ব্বক তখনই স্বর্গে প্রস্থান করিলেন ॥২২॥

তখন অন্যান্য দেবতারা দেবরাজকে প্রস্থান করিতে দেখিয়া সৈন্যগণের সহিত তাঁহার অনুগমন করিলেন ॥২৩॥

এদিকে কৃষ্ণ ও অর্জ্জুন দেবগণের সহিত দেবরাজকে প্রস্থান করিতে দেখিয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥২৪॥

মহারাজ! দেবরাজ চলিয়া গেলে, মহাবীর কৃষ্ণ ও অর্জ্জুন আনন্দিত হইয়া নির্ভয়চিত্তে খাণ্ডববন দগ্ধ করাইতে লাগিলেন ॥২৫॥

বায়ু যেমন মেঘ সরাইয়া দেয়, সেইরূপ অর্জ্জুন দেবগণকে সরাইয়া দিয়া বাণসমূহ দ্বারা খাণ্ডববাসী জন্তুগণকে বিধ্বস্ত করিতে লাগিলেন ॥২৬॥

ন চ স্ম কিঞ্চিচ্ছক্নোতি ভূতং নিশ্চরিতুং ততঃ।
সংছিদ্যমানমিষুভির্বস্যতা সব্যসাচিনা ॥২৭॥
নাশক্নুবংশ্চ ভূতানি মহান্ত্যপি রণেঽর্জ্জুনম্।
নিরীক্ষিতুমমোঘাস্ত্রং যোদ্ধুঞ্চাপি কুতো রণে ॥২৮॥
শতঞ্চৈকেন বিব্যাধ শতেনৈকং পতত্রিণাম্।
ব্যসবস্তেঽপতন্নগ্নৌ সাক্ষাৎ কালহতা ইব ॥২৯॥
ন চালভন্ত তে শর্ম্ম রোধঃসু বিষমেষু চ।
পিতৃদেবনিবাসেষু সন্তাপশ্চাপ্যজায়ত ॥৩০॥
ভূতসংঘাশ্চ বহবো দীনাশ্চক্রুর্মহাস্বনম্।
রুরুদুর্বারণাশ্চৈব তথা মৃগতরক্ষবঃ ॥৩১॥
তেন শব্দেন বিত্রেসুর্গঙ্গোদধিচরা ঝষাঃ।
বিদ্যাধরগণাশ্চৈব যে চ তত্র বনৌকসঃ ॥৩২॥

ভারতকৌমুদী

নেতি। ভূতং প্রাণী, নিশ্চরিতুং নির্গন্তুম্। অস্যতা বাণান্, সব্যসাচিনা অর্জ্জুনেন ॥২৭॥

নেতি। ভূতানি প্রাণিনঃ। যোদ্ধুং প্রহর্ত্তুঞ্চ কুতঃ অশক্নুবন্, কুতোঽপি নেত্যর্থঃ ॥২৮॥

শতমিতি। অর্জ্জুন একেন শরেণ, পতত্রিণাং ক্ষুদ্রাণাং পক্ষিণাং শতং বিব্যাধ, শরাণাং শতেন চ পতত্রিণাং মধ্যে বৃহন্তমেকং বিব্যাধ। ব্যসবো নিষ্প্রাণাঃ ॥২৯॥

নেতি। তে পতত্রিণঃ, শর্ম্ম সুখম্, রোধঃসু নদীতীরেষু, বিষমেষু উন্নতাবনতস্থানেষু, পিতৃনিবাসেষু শ্মশানেষু, দেবনিবাসেষু দেবালয়েষু ন চালভন্ত ॥৩০॥

ভূতেতি। ভূতসংঘা মহিষাদিপ্রাণিসমূহাঃ। বারণা হস্তিনঃ। তরক্ষুঃ ক্ষুদ্রব্যাঘ্রঃ ॥৩১॥

অনবরত বাণক্ষেপকারী অর্জ্জুনের বাণে ছিন্ন হইতে থাকায় কোন প্রাণীই খাণ্ডববন হইতে নির্গত হইয়া যাইতে পারিল না ॥২৭॥

বড় বড় প্রাণীরাও যুদ্ধে অমোঘাস্ত্র অর্জ্জুনের প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না, কি করিয়া আর প্রহার করিবে ॥২৮॥

অর্জ্জুন এক একটা বাণ দ্বারা এক একশত ক্ষুদ্র পক্ষীকে এবং এক একশত বাণ দ্বারা বৃহৎ এক একটা পক্ষীকে বিদ্ধ করিতে লাগিলেন; তখন তাহারা সাক্ষাৎ কৃতান্তনিহতের ন্যায় প্রাণশূন্য হইয়া অগ্নির ভিতরে পড়িতে লাগিল ॥২৯॥

তত্রত্য পক্ষিগণ নদীতীর, উঁচু-নীচু স্থান, শ্মশান এবং দেবালয়—ইহার কোন স্থানেই শান্তি পাইল না, সর্ব্বত্রই তাহাদের অশান্তি হইতে লাগিল ॥৩০॥

বহুতর প্রাণী কাতর হইয়া গুরুতর আর্ত্তনাদ করিতে লাগিল এবং হস্তী, হরিণ ও ক্ষুদ্র ব্যাঘ্র সকল রোদন করিতে থাকিল ॥৩১॥

ন ত্বর্জ্জুনং মহাবাহো। নাপি কৃষ্ণং জনার্দ্দনম্।
নিরীক্ষিতুং বৈ শক্নোতি কশ্চিদ্‌যোদ্ধুং কুতঃ পুনঃ ॥৩৩॥
একায়নগতা যেঽপি নিষ্পেতুস্তত্র কেচন।
রাক্ষসা দানবা নাগা জঘ্নে চক্রেণ তান্ হরিঃ ॥৩৪॥
তে তু ভিন্নশিরোদেহাশ্চক্রবেগাদ্‌গতাসবঃ।
পেতুরন্যে মহাকায়াঃ প্রদীপ্তে বসুরেতসি ॥৩৫॥
স মাংসরুধিরৌঘৈশ্চ বসাভিশ্চাপি তর্পিতঃ।
উপর্য্যাকাশগো ভূত্বা বিধূমঃ সমপদ্যত ॥৩৬॥
দীপ্তাক্ষো দীপ্তজিহ্বশ্চ সম্প্রদীপ্তমহাননঃ।
দীপ্তোর্দ্ধকেশঃ পিঙ্গাক্ষঃ পিবন্ প্রাণভৃতাং বসাম্॥৩৭॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

তেনেতি। গঙ্গোদধিচরা অতিদূরবর্ত্তিনোঽপীত্যর্থঃ, ঝষা মৎস্যাঃ ॥৩২॥
নেতি। যোদ্ধুং কুতঃ পুনঃ শক্নোতি স্ম কুতোঽপি নেত্যর্থঃ ॥৩৩॥
একেতি। একায়নগতা একশ্রেণিস্থিতাঃ। নিষ্পেতুরুপস্থিতাঃ ॥৩৪॥
ত ইতি। গতাসবো নির্গতপ্রাণাঃ। বসুরেতসি অগ্নৌ ॥৩৫॥
স ইতি। সঃ অগ্নিঃ। বিধূমো ধূমশূন্যঃ। অত্র দীপ্তাক্ষত্বাদিকং প্রজ্বলিতাগ্নিরাশেরেব তত্তৎস্থানে কল্পিতম্, পরত্র "শবীরবান্ জটী ভূত্বে"ত্যুক্তেঃ ॥৩৬—৩৭॥

ভারতভাবদীপঃ

॥৫—৩১॥ গঙ্গোদধিচরা ইতি অতিদূরস্থোপলক্ষণম্ ॥৩২—৩৩॥ একায়নগতাঃ সজ্জীভূতাঃ

সেই শব্দে অতিদূরবর্ত্তী মৎস্যগণ এবং তত্রত্য বিদ্যাধরগণও অত্যন্ত ভীত হইল ॥৩২॥

কোন প্রাণীই অর্জ্জুনের বা কৃষ্ণের প্রতি দৃষ্টিপাত করিতেও সমর্থ হইল না; সুতরাং তাঁহাদের সহিত যুদ্ধ করিতে আর সমর্থ হইবে কি করিয়া ॥৩৩॥

তখন যে কোন দানব, রাক্ষস, বা নাগ শ্রেণীবদ্ধ হইয়া সে স্থানে উপস্থিত হইতে লাগিল, কৃষ্ণ চক্র দ্বারা তাহাদিগকে বধ করিতে লাগিলেন ॥৩৪॥

তাহারা এবং বিশাল দেহ অন্যান্য প্রাণীরা কৃষ্ণের চক্রের বেগে মস্তক ও দেহ বিদীর্ণ হওয়ায় প্রাণশূন্য হইয়া প্রজ্বলিত অগ্নির ভিতরে পড়িতে লাগিল ॥৩৫॥

অগ্নি প্রাণিগণের বসা পান করিয়া এবং মাংস ও রুধির দ্বারা তৃপ্ত হইয়া, আকাশে উঠিয়া, ধূমশূন্য, দীপ্তনয়ন, দীপ্তজিহ্ব, দীপ্তমুখ, দীপ্তকেশ এবং পিঙ্গলনয়ন হইলেন ॥৩৬—৩৭॥

তাং স কৃষ্ণার্জ্জুনকৃতাং সুধাং প্রাপ্য হুতাশনঃ।
বভূব মুদিতস্তৃপ্তঃ পরাং নির্বৃতিমাগতঃ ॥৩৮॥
তথাঽসুরং ময়ং নাম তক্ষকস্য নিবেশনাৎ।
বিপ্রদ্রবন্তং সহসা দদর্শ মধুসূদনঃ ॥৩৯॥
তমগ্নিঃ প্রার্থয়ামাস দিধক্ষুর্বাতসারথিঃ।
শরীরবান্ জটী ভূত্বা নদন্নিব বলাহকঃ ॥৪০॥
জিঘাংসুর্বাসুদেবস্তং চক্রমুদ্যম্য বিষ্ঠিতঃ।
স চক্রমুদ্যতং দৃষ্ট্বা দিধক্ষন্তঞ্চ পাবকম্ ॥৪১॥
অভিধাবার্জ্জুনেত্যেবং ময়স্ত্রাহীতি চাব্রবীৎ।
তস্য ভীতস্বনং শ্রুত্বা মা ভৈরিতি ধনঞ্জয়ঃ ॥৪২॥
প্রত্যুবাচ ময়ং পার্থো জীবয়ন্নিব ভারত।।
তং ন ভেতব্যমিত্যাহ ময়ং পার্থো দয়াপরঃ ॥৪৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তামিতি। তাং বসাদিরূপাম্, সুধামমৃতম্, তদ্বৎ তৃপ্তিকরত্বাদিতি ভাবঃ ॥৩৮॥
তথেতি। নিবেশনাদ্ভবনাৎ। বিপ্রদ্রবন্তং পলায়মানম্ ॥৩৯॥
তমিতি। নদন্ বলাহকো মেঘ ইবেতি প্রার্থনাবাক্যস্বরগাম্ভীর্য্যে সাম্যম্ ॥৪০॥
জিঘাংসুরিতি। বিষ্ঠিতঃ অবস্থিতঃ। স ময়ঃ। দিধক্ষন্তমাত্মানং দগ্ধুমিচ্ছন্তম্। হে অর্জ্জুন। অভিধাব মাং প্রতি দ্রুতমাগচ্ছ। অতিশয়েনাশ্বাসার্থং 'ন ভেতব্যম্' ইতি পুনরুক্তম্। পার্থোঽর্জ্জুনঃ ॥৪১—৪৩॥

অগ্নি কৃষ্ণার্জ্জুন-সম্পাদিত সেই বসারূপ অমৃত লাভ করিয়া আনন্দিত, তৃপ্ত এবং অত্যন্ত সুস্থ হইলেন ॥৩৮॥

সেই সময়ে ময়নামে একটা অসুর তক্ষকের ভবন হইতে দ্রুত পলায়ন করিতেছিল, এই অবস্থায় কৃষ্ণ তাহাকে দেখিতে পাইলেন ॥৩৯॥

এদিকে বায়ুসারথি অগ্নিও তাহাকে দগ্ধ করিতে ইচ্ছা করিয়া, মূর্ত্তিমান্ ও জটাধারী হইয়া, গর্জ্জনকারী মেঘের ন্যায় গম্ভীর স্বরে তাহাকে প্রার্থনা করিলেন ॥৪০॥

তখন কৃষ্ণ তাহাকে বধ করিবার ইচ্ছা করিয়া চক্র উত্তোলনপূর্ব্বক অবস্থান করিলেন। সেই সময়ে কৃষ্ণের চক্র উত্তোলিত হইয়াছে, অগ্নিও দগ্ধ করিবার ইচ্ছা করিতেছেন ইহা দেখিয়া ময়দানব বলিল—'অর্জ্জুন! সত্বর আসুন,

---

(৪০) শ্লোকাৎ পরম্ 'বিজ্ঞায় দানবেন্দ্রাণাং ময়ং বৈ শিল্পিনাং বরম্' ইত্যর্দ্ধমধিকং কতিপয়পুস্তকে দৃশ্যতে। (৪১)···চক্রমুদ্যম্য ধিষ্ঠিতঃ। (৪২) অভিধাবস্বার্জ্জুনেত্যেবম্···।

তং পার্থেনাভয়ে দত্তে নমুচের্ভ্রাতরং ময়ম্।
ন হন্তুমৈচ্ছদ্দাশার্হঃ পাবকো ন দদাহ চ ॥৪৪॥
তদ্বনং পাবকো ধীমান্ দিনানি দশ পঞ্চ চ।
দদাহ কৃষ্ণপার্থাভ্যাং রক্ষিতঃ পাকশাসনাৎ ॥৪৫॥
তস্মিন্ বনে দহ্যমানে ষড়গ্নির্ন দদাহ চ।
অশ্বসেনং ময়ঞ্চৈব চতুরঃ শার্ঙ্গকাংস্তথা ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি ময়দর্শনে ময়দানবত্রাণে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তমিতি। নমুচের্দানবস্য। পরার্দ্ধ উভয়ত্রাপি অর্জ্জুনগৌরবরক্ষাপ্রবণত্বাদিতি ভাবঃ ॥৪৪॥
তদিতি। রক্ষিতঃ স্বরূপেণ স্থাপিতঃ, পাকশাসনাদিন্দ্রাৎ ॥৪৫॥
তস্মিন্নিতি। ষট্ প্রাণিনঃ। অশ্বসেনং তক্ষকপুত্রম্। শার্ঙ্গকান্ খঞ্জনপক্ষিণঃ ॥৪৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি ময়দর্শনে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

॥৩৪—৩৭॥ কৃতাং দত্তাম্, স্বধাং স্বভোজনম্ ॥৩৮—৪৫॥ শার্ঙ্গকান্ পক্ষিবিশেষান্ ॥৪৬॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একবিংশত্যধিকদ্বিশত-তমোঽধ্যায়ঃ ॥২২১॥

—:*:—

আমাকে রক্ষা করুন'। তাহার সেই আর্ত্তনাদ শুনিয়া অর্জ্জুন বলিলেন—'ভয় নাই'। ইহাতে ময়দানব যেন জীবন লাভ করিল। তখন অর্জ্জুন দয়াপরবশ হইয়া আবারও বলিলেন—'তুমি ভয় করিও না' ॥৪১—৪৩॥

অর্জ্জুন অভয় দান করিলে, নমুচির ভ্রাতা সেই ময়দানবকে কৃষ্ণও বধ করিতে ইচ্ছা করিলেন না এবং অগ্নিও দগ্ধ করিলেন না ॥৪৪॥

এইভাবে কৃষ্ণ ও অর্জ্জুন ইন্দ্রের হাত হইতে রক্ষা করিতে থাকিলে, অগ্নি পনর দিন যাবৎ সেই খাণ্ডববন দগ্ধ করিলেন ॥৪৫॥

সেই খাণ্ডববন দাহের সময়ে অগ্নি, তক্ষকের পুত্র অশ্বসেন, ময়দানব এবং চারিটী খঞ্জনপক্ষী—এই ছয়টী প্রাণীকে দাহ করেন নাই ॥৪৬॥

—:*:—

(৪৫) ক্বচিদয়ং শ্লোকো নাস্তি। * 'ষড়্বিংশত্যধিক…', 'অষ্টাবিংশত্যধিক…', '…ত্রিংশদধিক…', '…চতুঃপঞ্চাশদধিক…' ইতি পাঠভেদাঃ।

দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

জনমেজয় উবাচ।

কিমর্থং শার্ঙ্গকানগ্নির্ন দদাহ তথা গতে।
তস্মিন্ বনে দহ্যমানে ব্রহ্মন্নেতৎ প্রচক্ষ্ব মে ॥১॥
অদাহে হ্যশ্বসেনস্য দানবস্য ময়স্য চ।
কারণং কীর্ত্তিতং ব্রহ্মন্! শার্ঙ্গকাণাং ন কীর্ত্তিতম্ ॥২॥
তদেতদদ্ভুতং ব্রহ্মন্! শার্ঙ্গকাণামনাময়ম্।
কীর্ত্তয়স্বাগ্নিসম্মর্দ্দে কথং তে ন বিনাশিতাঃ ॥৩॥

বৈশম্পায়ন উবাচ।

যদর্থং শার্ঙ্গকানগ্নির্ন দদাহ তথাগতে।
তত্তে সর্ব্বং প্রবক্ষ্যামি যথাভূতমরিন্দম! ॥৪॥

ভারতকৌমুদী

কিমর্থমিতি। তথা গতে তাদৃশ্যামবস্থায়ামিত্যর্থঃ। প্রচক্ষ্ব প্রকর্ষেণ ব্রূহি ॥১॥
অদাহ ইতি। শার্ঙ্গকাণামদাহে কারণং ন কীর্ত্তিতমিত্যর্থঃ ॥২॥
তদিতি। অনাময়ং নিরুপদ্রবতেতি তাৎপর্য্যম্। অগ্নিনা সম্মর্দ্দে সংঘর্ষে ॥৩॥
যদর্থমিতি। ভূতং জাতমনতিক্রম্যেতি যথাভূতং যথাযথমিত্যর্থঃ। অত্রেদং পর্য্যালোচনীয়ম্—খাণ্ডববনং চিত্তম্, তরুলতাদীনামিব নানাবৃত্তীনামাশ্রয়ত্বাৎ। অগ্নিস্তত্ত্বজ্ঞানম্, বনগততরুলতাদীনামিব চিত্তগতনানাবৃত্তীনাং দাহকত্বাৎ "ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ" ইত্যুক্তত্বাৎ। মন্দপালমুনিরাচার্য্যঃ, বীর্য্যদ্বারেণেব উপদেশদ্বারেণ শমদমাদীনামুৎপাদকত্বাৎ। জরিতা মায়া, জ্ঞানেন জীর্ণীকরণীয়ত্বাৎ স্বাশ্রিতানামপি কুপথপ্রবর্ত্তনাৎ। বিলং প্রবৃত্তিমার্গঃ, তৎপ্রবিষ্টানাং ধ্বংসাবশ্যম্ভাবাৎ। আখুর্মহামোহঃ, বিলগতমাংসস্যেব প্রবৃত্তিমার্গগতস্য গ্রসনাৎ। শ্যেনো বিবেকঃ, আখোরিব মহামোহস্য হরণাৎ। জরিতারিঃ শমগুণী, স্বপ্রভাবেণ কামক্রোধাদীনামরীণাং জীর্ণীকরণাৎ। সারিসৃক্বো দমগুণী, দ্যূতগতসারীণা-

---

জনমেজয় কহিলেন—"ব্রাহ্মণ! সেই খাণ্ডববন দগ্ধ হইতে থাকায় তত্রত্য সমস্ত প্রাণীরই সেইরূপ অবস্থা ঘটিলে, অগ্নি শার্ঙ্গক পক্ষী কয়টীকে দগ্ধ করেন নাই কেন? ইহা আপনি আমার নিকট বিস্তৃতভাবে বলুন ॥১॥

অশ্বসেন ও ময়দানবকে দগ্ধ না করার কারণ আপনি বলিয়াছেন; কিন্তু শার্ঙ্গকদিগকে দগ্ধ না করার কারণ বলেন নাই ॥২॥

ব্রাহ্মণ! শার্ঙ্গকপক্ষী কয়টীর এই নিরুপদ্রবে থাকা আশ্চর্য্যই বটে। অতএব সেই অগ্নিসংঘর্ষের সময়ে সেই শার্ঙ্গকপক্ষীরা বিনষ্ট হয় নাই কেন, তাহা বলুন" ॥৩॥

ধর্ম্মজ্ঞানাং মুখ্যতমস্তপস্বী সংশিতব্রতঃ।
আসীন্মহর্ষিঃ শ্রুতবান্ মন্দপাল ইতি শ্রুতঃ ॥৫॥
স মার্গমাশ্রিতো রাজন্নৃষীণামূর্দ্ধরেতসাম্।
স্বাধ্যায়বান্ ধর্ম্মরতস্তপস্বী বিজিতেন্দ্রিয়ঃ ॥৬॥
স গত্বা তপসঃ পারং দেহমুৎসৃজ্য ভারত!।
জগাম পিতৃলোকায় ন লেভে তত্র তৎফলম্ ॥৭॥
স লোকানফলান্ দৃষ্ট্বা তপসা নির্জ্জিতানপি।
পপ্রচ্ছ ধর্ম্মরাজস্য সমীপস্থান্ দিবৌকসঃ ॥৮॥

ভারতকৌমুদী

মিব কর্ম্মেন্দ্রিয়াণাং সম্ভাবে চালনাৎ। স্তম্বমিত্রো বৈরাগ্যগুণী, তরুলতাদিস্তম্বমাত্রস্য স্বাশ্রয়ত্বেন মিত্রীকরণাৎ। দ্রোণশ্চ তিতিক্ষাগুণী, দ্রোণস্থেব (কলসস্থেব) শীতোষ্ণাদিসহনাৎ। ইত্থঞ্চ মায়ারূপয়া জরিতয়া প্রবৃত্তিমার্গরূপে বিলে প্রবেশয়িতুং ভৃশং প্রযুজ্যমানানামপি শমগুণাদিশালিনাং তত্র ন প্রবেশঃ, প্রত্যুত অগ্নিতুল্যজ্ঞানাবলম্বনেনাচিরাদেব মুক্তিলাভ ইতি রূপকমুখেনাখ্যায়িকাতাৎপর্য্যমিতি ॥৪॥

ধর্ম্মেতি। মুখ্যতমঃ প্রধানতমঃ। শ্রুতবান্ শাস্ত্রজ্ঞানবান্ ॥৫॥

স ইতি। মার্গং পদ্ধতিং রীতিমিতি যাবৎ। স্বাধ্যায়বান্ বেদপাঠী ॥৬॥

স ইতি। পিতৃলোকায় পিতৃলোকবাসায়। তৎ ফলং বাসরূপং ফলম্ ॥৭॥

স ইতি। লোকান্ পিতৃলোকান্, অফলান্ প্রতিবদ্ধবাসান্ ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! সেই অবস্থাতেও যে জন্য অগ্নি শার্ঙ্গকদিগকে দগ্ধ করেন নাই, সে সমস্তই আমি যথাযথভাবে আপনার নিকট বলিব ॥৪॥

ধর্ম্মজ্ঞদিগের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ, তপস্বী, ব্রতচারী এবং শাস্ত্রজ্ঞানশালী মন্দপালনামে বিখ্যাত এক মহর্ষি ছিলেন ॥৫॥

বেদপাঠী, ধর্ম্মনিরত, তপস্বী ও জিতেন্দ্রিয় সেই মন্দপাল ঊর্দ্ধরেতা ঋষিদিগের রীতি অবলম্বন করিয়াছিলেন ॥৬॥

মহারাজ! সেই মন্দপাল তপস্যার পরপারে যাইয়া দেহ পরিত্যাগ করিয়া পিতৃলোকে বাস করিবার জন্য গেলেন; কিন্তু তথায় সে ফল পাইলেন না ॥৭॥

তপস্যার প্রভাবে পিতৃলোক প্রাপ্য হইলেও তাহা পাইলেন না দেখিয়া মন্দপাল ধর্ম্মরাজের নিকটবর্ত্তী দেবগণকে জিজ্ঞাসা করিলেন ॥৮॥

---

(৮) শ্লোকাৎ পরম্ অধ্যায়সমাপ্তিঃ ক্বচিৎ।

মন্দপাল উবাচ।

কিমর্থমাবৃতা লোকা মমৈতে তপসার্জ্জিতাঃ।
কিং ময়া ন কৃতং তত্র যস্যৈতৎ কর্ম্মণঃ ফলম্ ॥৯॥
তত্রাহং তৎ করিষ্যামি যদর্থমিদমাবৃতম্।
ফলমেতস্য তপসঃ কথয়ধ্বং দিবৌকসঃ। ॥১০॥

দেবা ঊচুঃ।

ঋণিনো মানবা ব্রহ্মন্। জায়ন্তে যেন তচ্ছৃণু।
ক্রিয়াভির্ব্রহ্মচর্য্যেণ প্রজয়া চ ন সংশয়ঃ ॥১১॥
তদপাক্রিয়তে সর্ব্বং যজ্ঞেন তপসা সুতৈঃ।
তপস্বী যজ্ঞকৃচ্চাসি ন চ তে বিদ্যতে প্রজা ॥১২॥
ত ইমে প্রসবস্যার্থে তব লোকাঃ সমাবৃতাঃ।
প্রজায়স্ব ততো লোকানুপভোক্ষ্যসি পুষ্কলান্ ॥১৩॥

ভারতকৌমুদী

কিমিতি। আবৃতাঃ পিহিতদ্বারাঃ। অর্জ্জিতাঃ প্রাপ্তিযোগ্যা অপি ॥৯॥

তত্রেতি। তত্র কর্ম্মভূমৌ মর্ত্ত্যলোকে গত্বা। হে দিবৌকসো দেবাঃ! ॥১০॥

ঋণিন ইতি। ক্রিয়াভিরিত্যাদৌ ধাগ্যেন ধনবানিত্যাদিবদভেদে তৃতীয়া। এবঞ্চ যজ্ঞ-ক্রিয়াত্মকমৃণং দেবানাম্, ব্রহ্মচর্য্যাত্মকমৃণমৃষীণাম্, সন্তানাত্মকমৃণঞ্চ পিতৃণাম্। আতিথ্যাত্মক-মৃণঞ্চ মনুষ্যাণামিতি তু পুরাণান্তরেষূক্তম্। তদেবমৃণিনঃ সন্ত এব মানবা জায়ন্তে ॥১১॥

অথ কস্তেষাং পরিশোধনোপায় ইত্যাহ—তদিতি। অপাক্রিয়তে পরিশোধ্যতে। তত্র যজ্ঞেন দেবঋণম্, তপসা ঋষিঋণম্, সুতৈশ্চ পিতৃঋণম্, অপাক্রিয়তে। প্রজা সন্তানঃ। এবঞ্চেদানীমপি ত্বং পিতৃঋণগ্রস্ত এব স্থিত ইতি ভাবঃ ॥১২॥

মন্দপাল বলিলেন—"দেবগণ! আমি তপস্যা করিয়া পিতৃলোক জয় করিয়াছি, তথাপি আমার পক্ষেই ইহার দ্বার রুদ্ধ হইল কেন? আমি মর্ত্ত্যলোকে কোন্ কার্য্য করি নাই, যাহার এই ফল হইল? ॥৯॥

আমি মর্ত্ত্যলোকে যাইয়া সে কার্য্য করিব, যাহার জন্য এই দ্বার রুদ্ধ হইল। দেবগণ! আমার এই তপস্যার ফল কি হইল বলুন" ॥১০॥

দেবগণ বলিলেন—"ব্রাহ্মণ! মনুষ্যেরা যে ভাবে ঋণগ্রস্ত হইয়াই জন্ম গ্রহণ করে, তাহা শুনুন—জন্ম হইতেই তাহাদের যজ্ঞ, তপস্যা ও সন্তান—এই ত্রিবিধ ঋণ থাকে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১১॥

তা'র পর, তাহারা যজ্ঞ, তপস্যা ও সন্তান দ্বারা সে সমস্ত ঋণই পরিশোধ করিয়া থাকে। তবে আপনি তপস্যাও করিয়াছেন, যজ্ঞও করিয়াছেন বটে; কিন্তু আপনার সন্তান নাই ॥১২॥

পুন্নাম্নো নরকাৎ পুত্রস্ত্রায়তে পিতরং শ্রুতিঃ।
তস্মাদপত্যসন্তানে যতস্ব ব্রহ্মসত্তম! ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা মন্দপালস্তু বচস্তেষাং দিবৌকসাম্।
ক্ব নু শীঘ্রমপত্যং স্যাদ্বহুলঞ্চেত্যচিন্তয়ৎ ॥১৫॥
স চিন্তয়ন্নভ্যগচ্ছৎ সুবহুপ্রসবান্ খগান্।
শার্ঙ্গিকাং শার্ঙ্গকো ভূত্বা জরিতাং সমুপেয়িবান্ ॥১৬॥
তস্যাং পুত্রানজনয়চ্চতুরো ব্রহ্মবাদিনঃ।
তানপাস্য স তত্রৈব জগাম লপিতাং প্রতি ॥১৭॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রসবস্ত পুত্রস্য। লোকাঃ পিতৃলোকাঃ, সমাবৃতাঃ পিহিতদ্বারাঃ। অতএব প্রজায়স্ব জায়ায়াং সন্তানরূপেণ জায়স্ব পুত্রমুৎপাদয়েত্যর্থঃ। ততশ্চ পুষ্কলান্ প্রচুরান্, লোকান্ পিতৃলোকভোগসুখানি উপভোক্ষ্যসি।১৩।

অত্রার্থে শ্রুতিমপি প্রমাণয়তি—পুন্নাম্ন ইতি। অপত্যস্য সন্তানে বিস্তারেণোৎপাদনে।১৪।

তদিতি। ক্ব কস্যাং স্ত্রিয়াম্। শীঘ্রং বহুলঞ্চ অপত্যং স্যাদিতি সম্বন্ধঃ।১৫।

স ইতি। সুবহবঃ প্রসবাঃ সন্তানা যেষাং তান্। জরিতাং নাম।১৬।

তস্যামিতি। স মুনিঃ, মাত্রা জরিতয়া সহ, অণ্ডগতান্ তান্ বালান্ সুতান্, অপাস্য

ভারতভাবদীপঃ

কিমর্থমিতি।১—৮। আবৃতাঃ প্রতিবিহতভোগাঃ।৯—১২। প্রজায়স্ব প্রজেচ্ছয়াং কুরু।১৩। অপত্যসন্তানে সন্ততেরবিচ্ছেদে।১৪—১৫। জরিতাং নাম ভার্য্যাম্।১৬। লপিতাং

সুতরাং আপনার সন্তান না থাকার জন্যই আপনার পক্ষে পিতৃলোকের দ্বার রুদ্ধ হইয়া গিয়াছে। অতএব আপনি পুত্র উৎপাদন করুন, তাঁর পরে প্রচুর পরিমাণে পিতৃলোকবাসসুখ ভোগ করিবেন।১৩।

এ বিষয়ে শ্রুতিও রহিয়াছে—'পুত্র পিতাকে 'পুৎ'-নামক নরক হইতে উদ্ধার করে'। অতএব আপনি বহু পরিমাণে সন্তান জন্মাইবার জন্য চেষ্টা করুন" ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—মন্দপালমুনি সেই দেবগণের সেই কথা শুনিয়া চিন্তা করিলেন—'কোন্ স্ত্রীর গর্ভে সত্বর বহুতর সন্তান জন্মিতে পারে'।১৫।

তিনি এইরূপ চিন্তা করিয়া প্রচুর সন্তানশালী পক্ষিগণের মধ্যে গেলেন এবং সেখানে যাইয়া খঞ্জনপক্ষী হইয়া জরিতানাম্নী কোন খঞ্জনপক্ষিণীর সহিত রমণ করিলেন।১৬।

এবং তাহার গর্ভে চারিটী বেদবাদী পুত্র জন্মাইলেন। তাহার পর, সেই

বালান্ সুতানণ্ডগতান্ সহ মাত্রা মুনির্বনে।
তস্মিন্ গতে মহাভাগে লপিতাং প্রতি ভারত। ॥১৮॥
অপত্যস্নেহসংযুক্তা জরিতা বহ্বচিন্তয়ৎ।
তেন ত্যক্তানসংত্যাজ্যানৃষীনণ্ডগতান্ বনে ॥১৯॥
ন জহৌ পুত্রশোকার্ত্তা জরিতা খাণ্ডবে সুতান্।
বভার চৈতান্ সঞ্জাতান্ স্ববৃত্ত্যা স্নেহবিক্লবা ॥২০॥ (কলাপকম্)
ততোঽগ্নিং খাণ্ডবং দগ্ধুমায়ান্তং দৃষ্টবানৃষিঃ।
মন্দপালশ্চরংস্তস্মিন্ বনে লপিতয়া সহ ॥২১॥
তং সঙ্কল্পং বিদিত্বাগ্নের্জ্ঞাত্বা পুত্রাংশ্চ বালকান্।
সোঽভিতুষ্টাব বিপ্রর্ষির্ব্রাহ্মণো জাতবেদসম্ ॥২২॥
পুত্রান্ প্রতি বদন্ ভীতো লোকপালং মহৌজসম্।

মন্দপাল উবাচ।

ত্বমগ্নে! সর্ব্বলোকানাং মুখং ত্বমসি হব্যবাট্ ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বিহায়, তত্রৈব খাণ্ডবে বনে, লপিতাং নামাপরাং শার্ঙ্গিকাং প্রতি পুত্রানুৎপাদয়িতুং জগাম। তেন মুনিনা। আত্মনা তু অসংত্যাজ্যান্। স্ববৃত্ত্যা নিজপক্ষিজীবিকানির্ব্বাহোপযোগি-তণ্ডুলকণাদ্যাহরণেন। স্নেহেন বিক্লবা বিহ্বলা ॥১৭—২০॥

তত ইতি। তস্মিন্ বন এব লপিতয়া সহ চরন্নিতি সম্বন্ধঃ ॥২১॥

তমিতি। পুত্রান্ প্রতি ভীতঃ সন্, মহৌজসং জাতবেদসমগ্নিম্, লোকপালং বদন্নিতি

মন্দপালমুনি জরিতার সহিত অণ্ডগত (ডিমের ভিতরে স্থিত) সেই শিশু পুত্র চারিটীকে পরিত্যাগ করিয়া সেই খাণ্ডববনেই লপিতানাম্নী অপর খঞ্জনপক্ষিণীর সহিত রমণ করিতে গেলেন। তিনি লপিতার দিকে চলিয়া গেলে, সন্তানস্নেহ-শালিনী জরিতা অনেক বার চিন্তা করিল যে, 'এই মুনিপুত্র কয়টী এখনও ডিমের ভিতরে রহিয়াছে, তথাপি মুনি ইহাদিগকে ত্যাগ করিয়াছেন বটে, আমি ত ত্যাগ করিতে পারিব না।' এইরূপ ভাবিয়া পুত্রশোকার্ত্তা জরিতা পুত্র কয়টীকে পরিত্যাগ করিল না, বরং স্নেহে বিহ্বল থাকিয়া আপন বৃত্তি দ্বারাই তাহাদের ভরণ-পোষণ করিতে লাগিল ॥১৭—২০॥

তাহার পর, একদা মন্দপালমুনি সেই খাণ্ডববনেই লপিতার সহিত বিচরণ করিতে থাকিয়া দেখিলেন অগ্নি খাণ্ডববন দগ্ধ করিতে আসিতেছেন ॥২১॥

বিপ্রর্ষি মন্দপাল অগ্নির সেই সঙ্কল্প জানিয়া, পুত্রগণকে বালক মনে করিয়া এবং তাহাদের জন্য ভীত হইয়া, মহাতেজা অগ্নিকে 'লোকপাল' বলিয়া

ত্বমন্তঃ সর্ব্বভূতানাং গূঢ়শ্চরসি পাবক ! ।
ত্বামেকমাহুঃ কবয়স্ত্বামাহুস্ত্রিবিধং পুনঃ ॥২৪॥
ত্বামষ্টধা কল্পয়িত্বা যজ্ঞবাহমকল্পয়ন্ ।
ত্বয়া বিশ্বমিদং সৃষ্টং বদন্তি পরমর্ষয়ঃ ॥২৫॥
ত্বদৃতে হি জগৎ কৃৎস্নং সদ্যো নশ্যেদ্ধুতাশন ! ।
তুভ্যং কৃত্বা নমো বিপ্রাঃ স্বকর্ম্মবিজিতাং গতিম্ ॥২৬॥
গচ্ছন্তি সহ পত্নীভিঃ সুতৈরপি চ শাশ্বতীম্ ।
ত্বামগ্নে ! জলদানাহুঃ খে বিষক্তান্ সবিদ্যুতঃ ॥২৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সর্ব্বেষাং লোকানাং দেবানাম্, "অগ্নির্বৈ দেবানাং মুখম্" ইতি শ্রুতেঃ। হব্যং ঘৃতাদিকং বহসি হোমাদাবিতি হব্যবাট্ ॥২২—২৩॥

ত্বমিতি। গূঢ়শ্চরসি জীবাত্মরূপেণ। একং পাকাদিকর্ত্তৃত্বেনৈকরূপং ভৌমম্। ত্রিবিধং যজ্ঞে দক্ষিণাগ্নি-গার্হপত্যাহবনীয়তয়া ভেদাৎ ॥২৪॥

ত্বামিতি। অষ্টধা অষ্টসু হোমকুণ্ডেষষ্টপ্রকারম্, যজ্ঞবাহং যজ্ঞসম্পাদকম্ ॥২৫॥

ত্বদিতি। ঋতে বিনা। নশ্যেৎ, জঠরানলাভাবেন ভুক্তদ্রব্যপাকাসম্ভবাদিতি ভাবঃ। নমো নমস্কারম্। স্বকর্ম্মবিজিতাং নিজকর্ম্মপ্রাপ্যাম্। শাশ্বতীং স্বর্গাদৌ চিরস্থায়িনীম্। খে আকাশে, বিষক্তান্ লগ্নান্, সবিদ্যুতো জলদান্ মেঘান্ ॥২৬—২৭॥

ভারতভাবদীপঃ

নামাপরাং ভার্য্যাম্ ॥১৭॥ তান্ বালানপাস্তেতি সম্বন্ধঃ ॥১৮—২২॥ মুখমিতি জীবরূপেণ ভোক্তৃত্বম্ ॥২৩॥ গূঢ় ইতি ব্রহ্মরূপেণাগোচরত্বম্, ত্রিবিধং দিব্যং ভৌমমৌদর্য্যঞ্চ ॥২৪॥ অষ্টধা পঞ্চভূতাত্মনা সূর্য্যচন্দ্রযজমানরূপেণ চ, যজ্ঞবাহং যজ্ঞনির্ব্বাহকম্ ॥২৫॥ ত্বদৃতে ত্বদ্রূপেণ বিনা নশ্যেৎ অদর্শনং গচ্ছেৎ নিরধিষ্ঠানকভ্রমাযোগাদিত্যর্থঃ। কর্ম্মিণাং ত্বমেব গতিরিত্যাহ—তুভ্যমিতি

স্তব করিতে লাগিলেন। মন্দপাল বলিলেন—"অগ্নি ! তুমি সমস্ত দেবতার মুখ, তুমি যজ্ঞকার্য্যে হব্য বহন করিয়া থাক ॥২২—২৩॥

অগ্নি ! তুমি সকল প্রাণীর হৃদয়েই গূঢ়ভাবে বিচরণ কর। জ্ঞানীরা তোমাকে এক এবং ত্রিবিধ বলিয়া থাকেন ॥২৪॥

মহর্ষিরা তোমাকে অষ্টবিধ কল্পনা করিয়া যজ্ঞসম্পাদক করিয়া থাকেন এবং তুমি এই বিশ্ব সৃষ্টি করিয়াছ—এই কথা বলিয়া থাকেন ॥২৫॥

অগ্নি ! তুমি না থাকিলে সমস্ত জগৎ তৎক্ষণাৎ নষ্ট হইয়া যায়। ব্রাহ্মণেরা তোমাকে নমস্কার করিয়া স্ত্রী-পুত্রের সহিত আপন কর্ম্ম অনুসারে চিরস্থায়িনী গতি লাভ করিয়া থাকেন আবার মহর্ষিরা তোমাকে আকাশস্থ বিদ্যুৎসমন্বিত মেঘ বলিয়া থাকেন ॥২৬—২৭॥

দহন্তি সর্ব্বভূতানি ত্বত্তো নিষ্ক্রম্য হেতয়ঃ।
জাতবেদস্ত্বয়ৈবেদং বিশ্বং সৃষ্টং মহাদ্যুতে! ॥২৮॥
তবৈব কর্ম্ম বিহিতং ভূতং সর্ব্বং চরাচরম্।
ত্বয্যাপো বিহিতাঃ পূর্ব্বং ত্বয়ি সর্ব্বমিদং জগৎ ॥২৯॥
ত্বয়ি হব্যঞ্চ কব্যঞ্চ যথাবৎ সম্প্রতিষ্ঠিতম্।
ত্বমেব দহনো দেব! ত্বং ধাতা ত্বং বৃহস্পতিঃ ॥৩০॥
ত্বমশ্বিনৌ যমৌ মিত্রঃ সোমস্ত্বমসি চানিলঃ।

বৈশম্পায়ন উবাচ।

এবং স্তুতস্তদা তেন মন্দপালেন পাবকঃ ॥৩১॥
তুতোষ তস্য নৃপতে। মুনেরমিততেজসঃ।
উবাচ চৈনং প্রীতাত্মা কিমিষ্টং করবাণি তে ॥৩২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দহন্তীতি। হেতয়ো জ্বালাঃ। হে জাতবেদঃ। অগ্নে। সৃষ্টং ব্রহ্মরূপেণ ॥২৮॥

তবেতি। চরাচরং বিহিতং সর্ব্বং ভূতং প্রাণী, তবৈব কর্ম্ম সৃষ্টিঃ। পূর্ব্বং ত্বয়ি আপো জলম্, ত্বয়ৈব বিহিতাঃ, "অগ্নেরাপঃ" ইত্যাদিশ্রুতেঃ। তথা পরব্রহ্মরূপে ত্বয়ি, ইদং সর্ব্বং জগৎ স্থিতমিতি শেষঃ, "তস্মিন্নোতঞ্চ" ইত্যাদিশ্রুতেঃ ॥২৯॥

ত্বয়ীতি। ত্বয়ি দেবপিত্রাত্মকে ব্রহ্মণি, হব্যং দেবেভ্যো দেয়ং ঘৃতাদি, কব্যং পিতৃভ্যো দেয়মন্নাদি চ, যথাবৎ সম্প্রতিষ্ঠিতং ভবতি। দহনো বহ্নিঃ ॥৩০॥

ত্বমিতি। অশ্বিনৌ অশ্বিনীকুমারৌ। পাবকোঽগ্নিঃ। এনং মন্দপালম্ ॥৩১—৩২॥

ভারতভাবদীপঃ

॥২৬॥ পালনং সংহারশ্চ তবৈব কর্ম্মণী ইত্যাহ—ত্বামিতি ॥২৭॥ হেতয়ো জ্বালাঃ, জগৎসৃষ্টিঃ ত্বত্ত এব ইত্যাহ—জাতবেদ ইতি ॥২৮॥ তবৈবেতি কর্ম্মবিধায়কো বেদোঽপি তবৈব বাক্যম্, "নিঃশ্বসিতমেতদৃগ্বেদ" ইত্যাদিশ্রুতেঃ, আপ ইতি ভূতান্তরোপলক্ষণম্, ত্বয়ি

অগ্নি। তোমা হইতে শিখা নির্গত হইয়া সমস্ত বস্তুকে দগ্ধ করিয়া থাকে এবং তুমিই এই বিশ্ব-ব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়াছ ॥২৮॥

অগ্নি। স্থাবর-জঙ্গম সমস্ত প্রাণীই তোমার সৃষ্টি, তুমিই তোমাতে প্রথমে জল সৃষ্টি করিয়াছিলে এবং তোমাতেই এই সমস্ত জগৎ রহিয়াছে ॥২৯॥

আর দেব। তোমাতেই যথানিয়মে হব্য ও কব্য রহিয়াছে এবং তুমিই অগ্নি, তুমিই ধাতা এবং তুমিই বৃহস্পতি ॥৩০॥

তা'র পর তুমিই অশ্বিনীকুমার, তুমিই যম, তুমিই মিত্র, তুমিই চন্দ্র এবং

---

(৩১) ত্বমশ্বিনৌ যমৌ মিত্রঃ...।

তমব্রবীন্মন্দপালঃ প্রাঞ্জলির্হব্যবাহনম্ ।
প্রদহন্ খাণ্ডবং দাবং মম পুত্রান্ বিসর্জয় ॥৩৩॥
তথেতি তৎ প্রতিশ্রুত্য ভগবান্ হব্যবাহনঃ ।
খাণ্ডবে তেন কালেন প্রজজ্বাল দিধক্ষয়া ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি ময়দর্শনে শার্ঙ্গকোপাখ্যানে দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ভারতকৌমুদী

তমিতি। হব্যবাহনমগ্নিম্। কিমব্রবীদিত্যাহ প্রদহন্নিত্যাদি। দাবং বনম্ ॥৩৩॥

তথেতি। তথা ইত্যুক্ত্বা, তন্মন্দপালপ্রার্থিতং প্রতিশ্রুত্য ভগবান্ হব্যবাহনো বহ্নিঃ, তেনৈব কালেন, দিধক্ষয়া অপরান্ প্রাণিন এব দগ্ধুমিচ্ছয়া, খাণ্ডবে বনে, প্রজজ্বাল। প্রতিশ্রুত্যনুসারেণ শার্ঙ্গকাণাং পরিত্যাগেচ্ছা তু স্থিতৈবেতি ভাবঃ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি ময়দর্শনে দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

ভারতভাবদীপঃ

অধিষ্ঠানে ॥২৭॥ হব্যাদিপ্রতিষ্ঠা ভোক্তৃত্বেন ফলদাতৃত্বেন চ ত্বমেব ইত্যাহ—ত্বয়ীতি ॥৩০—৩৩॥ খাণ্ডবে বনে, তেন হেতুনা, কালে দাহবেলায়াম্, শার্ঙ্গকাণাং দিধক্ষয়া ন প্রজজ্বাল ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২২॥

—ঃ*ঃ—

তুমিই বায়ু”। বৈশম্পায়ন বলিলেন—মন্দপালমুনি এইরূপ স্তব করিলে, অগ্নিদেব সেই অমিততেজা মহর্ষির প্রতি সন্তুষ্ট হইলেন এবং সন্তুষ্টচিত্তে তাঁহাকে বলিলেন—“মহর্ষি! আপনার কোন্ অভীষ্ট সম্পাদন করিব?” ॥৩১—৩২॥

তখন মন্দপালমুনি কৃতাঞ্জলি হইয়া অগ্নিদেবকে বলিলেন—“দেব! আপনি খাণ্ডববন ত দগ্ধ করিবেন, কিন্তু আমার পুত্রকয়টীকে পরিত্যাগ করিবেন” ॥৩৩॥

‘তাহাই হইবে’ এইরূপ প্রতিজ্ঞা করিয়া ভগবান্ অগ্নি অন্যান্য প্রাণীকে দগ্ধ করিবার ইচ্ছায় সেই সময়েই খাণ্ডববনে জ্বলিয়া উঠিলেন ॥৩৪॥

—ঃ*ঃ—

* ‘…সপ্তবিংশত্যধিক…’, ‘…ঊনত্রিংশদধিক…’, ‘…দ্বাত্রিংশদধিক…’, ‘…পঞ্চপঞ্চাশদধিক…’ ইতি পাঠান্তরাণি।

ত্রয়োবিংশত্যধিদ্বিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ প্রজ্বলিতে বহ্নৌ শার্ঙ্গকাস্তে সুদুঃখিতাঃ।
ব্যথিতাঃ পরমোদ্বিগ্না নাধিজগ্মুঃ পরায়ণম্ ॥১॥
নিশম্য পুত্রকান্ বালান্ মাতা তেষাং তপস্বিনী।
জরিতা দুঃখশোকার্ত্তা বিললাপ সুদুঃখিতা ॥২॥

জরিতোবাচ।

অয়মগ্নির্দহন্ কক্ষমিত আযাতি ভীষণঃ।
জগৎ সন্দীপয়ন্ ভীমো মম দুঃখবিবর্দ্ধনঃ ॥৩॥
ইমে চ মাং কর্ষয়ন্তি শিশবো মন্দচেতসঃ।
অবর্হাশ্চরণৈর্হীনাঃ পূর্ব্বেষাং নঃ পরায়ণাঃ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ব্যথিতা অগ্নিকিরণপ্রসরণাৎ সন্তপ্তাঃ। পরায়ণং রক্ষকম্ ॥১॥

নিশম্যেতি। পুত্রকান্ বালান্, নিশম্য পর্য্যালোচ্য। তপস্বিনী দীনা ॥২॥

অয়মিতি। কক্ষং শুষ্কবনম্, "কক্ষো বীরুধি দোর্ম্মূলে কচ্ছে শুষ্কবনে তৃণে" ইতি হেমচন্দ্রঃ। জগৎ দৃশ্যমানং সর্ব্বং স্থানম্, সন্দীপয়ন্ আলোকয়ন্ ॥৩॥

ইম ইতি। মন্দচেতসঃ শিশুত্বাদেবাল্পজ্ঞানাঃ, অবর্হা অনুৎপন্নপুচ্ছাঃ, চরণৈর্হীনাঃ, নঃ অস্মাকম্, পূর্ব্বেষাং পুরুষাণাম্, পরায়ণা বংশরক্ষকত্বাৎ পরমাশ্রয়াঃ, ইমে চ শিশবঃ পুত্রাঃ, মাং কর্ষয়ন্তি স্নেহেনাকর্ষন্তি। অত এতান্ বিহায় গন্তুং ন শক্নোমীতি ভাবঃ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর অগ্নি প্রজ্বলিত হইলে, সেই খঞ্জনশাবক কয়টী দুঃখিত, সন্তপ্ত এবং অত্যন্ত উদ্বিগ্ন হইল, কিন্তু কাহাকেও রক্ষক পাইল না ॥১॥

তখন তাহাদের মাতা জরিতা বালক পুত্রকয়টীর বিষয় পর্য্যালোচনা করিয়া দুঃখে ও শোকে কাতর হইয়া বিলাপ করিতে লাগিল ॥২॥

জরিতা বলিল—"আমার দুঃখবর্দ্ধক এই ভয়ঙ্কর অগ্নি সমস্ত স্থান আলোকিত করিয়া শুষ্ক বন দগ্ধ করিতে করিতে এই দিকেই আসিতেছে ॥৩॥

এদিকে আমার এই শিশুপুত্রকয়টীর এখনি পর্য্যন্তও জ্ঞান অল্প, পুচ্ছ বা চরণ জন্মে নাই; অথচ ইহারাই আমাদের পূর্ব্বপুরুষগণের পরম অবলম্বন। সুতরাং ইহারাই আমাকে আকর্ষণ করিতেছে ॥৪॥

ত্রাসয়ংশ্চায়মায়াতি লেলিহানো মহীরুহান্।
অজাতপক্ষাশ্চ সুতা ন শক্তাঃ সরণে মম ॥৫॥
আদায় চ ন শক্নোমি পুত্রাংস্তরিতুমাত্মনা।
ন চ ত্যক্তুমহং শক্তা হৃদয়ং দূয়তীব মে ॥৬॥
কং তু জহ্যামহং পুত্রং কমাদায় ব্রজাম্যহম।
কিন্নু মে স্যাৎ কৃতং কৃত্বা মন্যধ্বং পুত্রকাঃ। কথম্ ॥৭॥
চিন্তয়ানা বিমোক্ষং বো নাধিগচ্ছামি কিঞ্চন।
ছাদয়িষ্যামি বো গাত্রৈঃ করিষ্যে মরণং সহ ॥৮॥
জরিতারৌ কুলং হ্যেতজ্জ্যেষ্ঠত্বেন প্রতিষ্ঠিতম্।
সারিসৃক্কঃ প্রজায়েত পিতৄনাং কুলবর্দ্ধনঃ ॥৯॥

ভারতকৌমুদী

ত্রাসয়ন্নিতি। লেলিহানঃ পুনঃ পুনর্লিহন্ গ্রসন্। সরণে গমনে ॥৫॥

আদায়েতি। তরিতুম্ এতদ্বনমতিক্রমিতুম্। দূয়তীব উপায়াভাবাদ্বিদীর্য্যত ইব ॥৬॥

তর্হি যং কঞ্চিদেকমাদায় গচ্ছেত্যাহ কমিতি। জহ্যাং ত্যজেয়ম্। কিং কার্য্যং কৃত্বা, মে কৃতং সাধু করণং নু স্যাৎ। হে পুত্রকাঃ। যূয়ং বা কথং কিং মন্যধ্বম্ ॥৭॥

চিন্তয়ানেতি। বিমোক্ষং বিমোক্ষোপায়ম্, বো যুষ্মাকম্। বো যুষ্মান্ ॥৮॥

ভারতভাবদীপঃ

তত ইতি। পরায়ণং ত্রাতারম্॥ ॥ নিশম্য আলোচ্য ॥২॥ কক্ষং বনম্ ॥৩॥ কর্ষয়ন্তি পীডয়ন্তি, অবর্হা অজাতপক্ষাঃ, পরায়ণাস্ত্রাতারঃ ॥৪॥ সরণে গমনে ॥৫॥ তরিতুং বনং লঙ্ঘিতুম্, "নিঃসারযিতুমন্ততঃ" ইতি পাঠে, অস্মতো নিরগ্নিদেশে ॥৬॥ কিং স্বিতি। কিং

কিন্তু এই ভয়ঙ্কর অগ্নি সমস্ত প্রাণীকেই উদ্বিগ্ন করিয়া বৃক্ষসকল গ্রাস করিতে করিতে এদিকেই আসিতেছে; অথচ আমার পুত্রকয়টীর এখনও পাখা উঠে নাই, সুতরাং উহারা নিজেরা চলিয়া যাইতে পারিবে না ॥৫॥

আমিও নিজে উহাদের সকলকে লইয়া এই বন অতিক্রম করিতে সমর্থ হইব না, কিংবা ত্যাগ করিয়া যাইতেও পারিব না। অতএব আমার হৃদয় যেন বিদীর্ণ হইয়া যাইতেছে ॥৬॥

তা'র পর, আমি কোন্ পুত্রটীকেই বা ত্যাগ করিয়া যাইব, কোন্ পুত্রটী-কেই বা লইয়া যাইব এবং কি করিলেই বা আমার ভাল করা হইবে (তাহা বুঝিতেছি না)। পুত্রগণ! তোমরাই বা কি ভাল মনে কর? ॥৭॥

আমি ত চিন্তা করিয়াও তোমাদের মুক্তির কোন উপায় দেখিতেছি না। সুতরাং আমি আপন অঙ্গে তোমাদিগকে আবৃত করিব, তাহার পর এক সঙ্গে মরিব ॥৮॥

স্তম্বমিত্রস্তপঃ কুর্য্যাদ্‌দ্রোণো ব্রহ্মবিদাং বরঃ।
ইত্যেবমুক্ত্বা প্রযযৌ পিতা বো নির্ঘৃণঃ পুরা ॥১০॥ (যুগ্মকম্)
কমুপাদায় শক্যেয়ং তর্ত্তুং কষ্টাপদুত্তমা।
কিন্নু কৃত্বা কৃতং কার্য্যং ভবেদিতি চ বিহ্বলা।
নাপশ্যৎ স্বধিয়া মোক্ষং স্বসুতানাং তদালয়াৎ ॥১১॥

বৈশম্পায়ন উবাচ।

এবং ব্রুবাণাং শার্ঙ্গাস্তে প্রত্যূচুরথ মাতরম্।
স্নেহমুৎসৃজ্য মাতস্ত্বং পত যত্র ন হব্যবাট্ ॥১২॥
অস্মাস্বিহ বিনষ্টেষু ভবিতারঃ সুতাস্তব।
ত্বয়ি মাতর্বিনষ্টায়াং ন নঃ স্যাৎ কুলসন্ততিঃ ॥১৩॥

ভাবতকৌমুদী

জরিতারাবিতি। জরিতারি-সারিসৃক্ক-স্তম্বমিত্র-দ্রোণাখ্যাশ্চত্বারস্তে শার্ঙ্গকাঃ। কুল-বর্দ্ধনঃ প্রজায়েত ভবেৎ। ব্রহ্মবিদাং বরো ভবেৎ। বো যুষ্মাকম্। নির্ঘৃণো নির্দ্দয়ঃ ॥৯—১০॥

কমিতি। কমুপায়ম্। কষ্টা কষ্টদায়িনী, উত্তমা প্রধানা, ইয়মাপৎ, তর্ত্তুং শক্যা। কিং কার্য্যং কৃত্বা, কার্য্যং কর্ত্তব্যং কৃতং ভবেৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

এবমিতি। যত্র হব্যবাট্ অগ্নির্নাস্তি, তত্র পত গচ্ছ ॥১২॥

অস্মাস্বিতি। নঃ অস্মাকম্, কুলস্য সন্ততিরবিচ্ছেদঃ। অস্মাকং বিনাশসম্ভবাৎ ॥১৩॥

'জ্যেষ্ঠ বলিয়া জরিতারির উপরে আমার বংশ প্রতিষ্ঠিত হইবে, সারিসৃক্ক পৈতৃককুলবর্দ্ধক হইবে, স্তম্বমিত্র তপস্যা করিবে এবং দ্রোণ ব্রহ্মজ্ঞশ্রেষ্ঠ হইবে' এই কথা বলিয়া তোমাদের নির্দ্দয় পিতা বহুকাল পূর্ব্বে চলিয়া গিয়াছেন" ॥৯—১০॥

আমি কোন্ উপায় অবলম্বন করিয়া ক্লেশদায়িনী এই গুরুতর বিপদ হইতে উদ্ধার পাইতে পারি এবং কি করিলেই বা কর্ত্তব্য করা হইবে ইত্যাদি ভাবিয়া জরিতা আকুল হইয়া আপন বুদ্ধিতে সে স্থান হইতে পুত্রদিগের মুক্তির কোন উপায় দেখিল না ॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—মাতা জরিতা এইরূপ বলিতে লাগিলে, পুত্রগণ তাহাকে বলিল—"মা! আপনি স্নেহ ত্যাগ করিয়া যেস্থানে অগ্নি নাই সেই স্থানে যান ॥১২॥

কারণ, আমরা এখানে বিনষ্ট হইলেও আপনার অপর পুত্র হইতে পারিবে, কিন্তু মা! আপনি বিনষ্ট হইলে, আমাদের বংশ না থাকিতেও পারে ॥১৩॥

---

(১১)…গন্তুং কষ্টাপদুত্তমা…।

অন্ববেক্ষ্যৈতদুভয়ং ক্ষেমং স্যাদ্‌যৎ কুলস্য নঃ।
তদ্বৈ কর্ত্তুং পরঃ কালো মাতরেষ ভবেত্তব ॥১৪॥
মা ত্বং সর্ব্ববিনাশায় স্নেহং কার্ষীঃ সুতে পুনঃ।
নহীদং কর্ম্ম মোঘং স্যাল্লোককামস্য নঃ পিতুঃ ॥১৫॥

জরিতোবাচ।

ইদমাখোর্বিলং ভূমৌ বৃক্ষস্যাস্য সমীপতঃ।
তদাবিশধ্বং ত্বরিতা বহ্নেরত্র ন বো ভয়ম্ ॥১৬॥
ততোঽহং পাংশুনা ছিদ্রমপিধাস্যামি পুত্রকাঃ!।
এবং প্রতিকৃতং মন্যে জ্বলতঃ কৃষ্ণবর্ত্মনঃ ॥১৭॥
তত এষ্যাম্যতীতেঽগ্নৌ বিহর্ত্তুং পাংশুসঞ্চয়ম্।
রোচতামেষ বো বাদো মোক্ষার্থঞ্চ হুতাশনাৎ ॥১৮॥

ভারতকৌমুদী

অন্বিতি। অন্ববেক্ষ্য পর্য্যালোচ্য। পর উত্তমঃ ॥১৪॥
মেতি। ইদমস্মদুৎপাদনরূপম্। মোঘং ব্যর্থম্। লোককামস্য লোকাখ্যস্বর্গেচ্ছোঃ ॥১৫॥
ইদমিতি। আখোর্মূষিকস্য, বিলং গর্ত্তঃ। বো যুষ্মাকম্ ॥১৬॥
তত ইতি। ছিদ্রং ছিদ্রমুখম্, অপিধাস্যামি আবরিষ্যামি। কৃষ্ণবর্ত্মনোঽগ্নেঃ ॥১৭॥
তত ইতি। বিহর্ত্তুম্ অপসারয়িতুম্। এষ বাদো মম বাক্যম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

কৃত্বা কৃতকৃত্যা স্যামিত্যর্থঃ ॥৭—৮॥ প্রজায়েত প্রজারূপেণোৎপদ্যেত ॥৯—১০॥ গন্তুং লঙ্ঘিতুম্ ॥১১॥ পত গচ্ছ ॥১২—১৪॥ নোঽস্মাকম্, সর্ব্ববিনাশায় সর্ব্বেষাং বিনাশায়, সুতেষু

মা! এই দুই দিক্ পর্য্যালোচনা করিয়া যাহাতে আমাদের বংশের মঙ্গল হয়, তাহা করিবার পক্ষে আপনার এ-ই উত্তম সময় ॥১৪॥

আপনি সর্ব্বনাশের জন্য পুত্রের উপরে স্নেহ করিবেন না; আমাদের স্বর্গকামী পিতার এই পুত্রোৎপাদনকার্য্য কখনও ব্যর্থ হইবে না” ॥১৫॥

জরিতা বলিল—“পুত্রগণ! এই গাছের নিকটে মাটীতে ইঁদুরের একটী গর্ত্ত আছে; তোমরা উহার ভিতরে সত্বর প্রবেশ কর; তাহা হইলে আর তোমাদের আগুনের ভয় হইবে না ॥১৬॥

কেন না, তোমরা প্রবেশ করিলে পর আমি মাটী দিয়া উহার মুখ আবৃত করিয়া ফেলিব। এইরূপ করিলেই প্রজ্বলিত অগ্নির প্রতীকার হইবে ইহা আমি মনে করি ॥১৭॥

তা’র পর আগুন চলিয়া গেলে ঐ মাটী সরাইয়া ফেলিবার জন্য আমি

শার্ঙ্গকা ঊচুঃ।

অবর্হান্ মাংসভূতান্ নঃ ক্রব্যাদাখুর্বিনাশয়েৎ।
পশ্যমানা ভয়মিদং প্রবেষ্টুং নাত্র শক্নুমঃ ॥১৯॥
কথমগ্নির্ন নো ধক্ষ্যেৎ কথমাখুর্ন নাশয়েৎ।
কথং ন স্যাৎ পিতা মোঘঃ কথং মাতা ধ্রিয়েত নঃ ॥২০॥
বিল আখোর্বিনাশঃ স্যাদগ্নেরাকাশচারিণঃ।
অন্ববেক্ষ্যৈতদুভয়ং শ্রেয়ান্ দাহো ন ভক্ষণম্ ॥২১॥
গর্হিতং মরণং নঃ স্যাদাখুনা ভক্ষিতে কিল।
শিষ্টাদিষ্টঃ পরিত্যাগঃ শরীরস্য হুতাশনাৎ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি ময়-দর্শনে জরিতাবিলাপে ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অবর্হানিতি। অবর্হান্ অনুৎপন্নপুচ্ছান্। ক্রব্যাৎ মাংসভোজী, আখুর্মূষিকঃ ॥১৯॥
কথমিতি। মোঘো ব্যর্থসন্তানোৎপাদনঃ। ধ্রিয়েত জীবেদিত্যর্থঃ ॥২০॥
বিল ইতি। বিলে স্থিতৌ আখোঃ, উপরিস্থিতৌ অগ্নেরিত্যাশয়ঃ ॥২১॥
গর্হিতমিতি। শিষ্টাদ্বিশিষ্টাৎ দেবত্বেনোৎকৃষ্টাদিত্যর্থঃ, ইষ্টঃ অভিলষিতঃ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি ময়দর্শনে ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

আবার আসিব। অগ্নি হইতে মুক্তিলাভের জন্য আমার এই কথায় তোমরা সম্মত হও" ॥১৮॥

শার্ঙ্গকগণ বলিল—"মা! আমাদের পাখা হয় নাই, সুতরাং আমরা এখনও মাংসপিণ্ডমাত্র, এ অবস্থায় মাংসভোজী ইঁদুর আমাদিগকে নষ্ট করিবে; এইরূপ আশঙ্কা করিয়া আমরা এ গর্ত্তে প্রবেশ করিতে পারিব না ॥১৯॥

উপরে থাকিলে অগ্নি আমাদিগকে কেন দগ্ধ করিবে না? আবার গর্ত্তে প্রবেশ করিলেই ইঁদুরই বা কেন খাইবে না? দুই প্রকারেই পিতার চেষ্টা কেন ব্যর্থ হইবে না? মাতা বা কি করিয়া বাঁচিবেন? ॥২০॥

গর্ত্তে ইঁদুর হইতে মৃত্যু এবং উপরে আকাশচারী অগ্নি হইতে মৃত্যু; এই দুই পক্ষ পর্য্যালোচনা করিয়া দেখিতেছি—আমাদের দগ্ধ হওয়াই ভাল, কিন্তু ভক্ষিত হওয়া নহে ॥২১॥

---

* '·অষ্টাবিংশত্যধিক···', '··ত্রিংশদধিক···', '···ত্রয়স্ত্রিংশদধিক···', '···ষট্পঞ্চাশদধিক ' ইতি পাঠভেদাঃ।

চতুর্ব্বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

জরিতোবাচ।

অস্মাদ্বিলান্নিষ্পতিতমাখুং শ্যেনো জহার তম্।
ক্ষুদ্রং পদ্ভ্যাং গৃহীত্বা চ যাতো নাত্র ভয়ং হি বঃ ॥১॥

শার্ঙ্গকা ঊচুঃ।

ন হৃতং তং বয়ং বিদ্মঃ শ্যেনেনাখুং কথঞ্চন।
অন্যেঽপি ভবিতারোঽত্র তেভ্যোঽপি ভয়মেব নঃ ॥২॥
সংশয়ো বহ্নিরাগচ্ছেদ্দৃষ্টং বায়োর্নিবর্ত্তনম্।
মৃত্যুর্নো বিলবাসিভ্যো বিলে স্যান্নাত্র সংশয়ঃ ॥৩॥

ভাবকৌমুদী

অস্মাদিতি। নিষ্পতিতং নির্গতম্, আখুং মূষিকম্, শ্যেনো হিংস্রঃ পক্ষী ॥১॥

নেতি। অন্যেঽপি আখবঃ, ভবিতারঃ স্থাতারঃ, অত্র বিলে ॥২॥

সংশয় ইতি। অত্র বহ্নিরাগচ্ছেদিত্যর্থে সংশয়ঃ। যেন হি এতদ্দিগ্‌গামিনো বায়োর্নিবর্ত্তনং পরিবর্ত্তনং দৃষ্টম্। বিলবাসিভ্যো মূষিকেভ্যঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

মেহং মা কার্ষীরিতি সম্বন্ধঃ ॥১৫—১৭॥ বিহন্তুং দূরীকর্ত্তুম্, বাদো বচনম্ ॥১৮॥ ক্রব্যাদাখুঃ মাংসাদ উন্দুরুঃ, পশ্যমানাঃ পশ্যন্তঃ ॥১৯॥ মোঘো নিষ্ফলাপত্যোৎপত্তিঃ, ম্রিয়েত জীবেত ॥২০—২১॥ শিষ্টাদিষ্টঃ শিষ্টৈরাদিষ্টঃ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২৩॥

—:*:—

কেন না, ইঁদুরে খাইলে আমাদের মৃত্যু গর্হিত হইবে। সুতরাং উৎকৃষ্ট অগ্নি হইতে মৃত্যুই আমাদের অভীষ্ট ॥২২॥

—:*:—

জরিতা বলিল—"সেই ক্ষুদ্র ইঁদুরটি যখন এই গর্ত্ত হইতে নির্গত হইয়াছিল, তখন একটা শ্যেনপাখী পা দু'খানা দিয়া তাহাকে ধরিয়া লইয়া চলিয়া গিয়াছে। সুতরাং এ গর্ত্তে তোমাদের কোন ভয় নাই" ॥১॥

শার্ঙ্গকগণ বলিল—"শ্যেনপক্ষী কখনও সে ইঁদুরটিকে নিয়া যায় নাই, ইহা আমরা জানি। তা'র পর, এই গর্ত্তে অন্য ইঁদুরও ত থাকিতে পারে। সুতরাং তাহা হইতে আমাদের ভয় ত হইবেই ॥২॥

তা'র পর, এদিকে আগুন আসিবে কি না সন্দেহ; কারণ, বায়ু ফিরিয়া

নিঃসংশয়াৎ সংশয়িতো মৃত্যুর্মাতর্বিশিষ্যতে।
চর খে ত্বং যথান্যায়ং পুত্রানাপ্স্যসি শোভনান্ ॥৪॥

জরিতোবাচ।

অহং বেগেন তং যান্তমদ্রাক্ষং পততাং বরম্।
বিলাদাখুং সমাদায় শ্যেনং পুত্রা মহাবলম্ ॥৫॥
তং পতন্তং মহাবেগাত্ত্বরিতা পৃষ্ঠতোঽন্বগাম্।
আশিষোঽস্য প্রযুঞ্জানা হরতো মূষিকং বিলাৎ ॥৬॥
যো নো দ্বেষ্টারমাদায় শ্যেনরাজ! প্রধাবসি।
ভব ত্বং দিবমাস্থায় নিরমিত্রো হিরণ্ময়ঃ ॥৭॥
স যদা ভক্ষিতস্তেন শ্যেনেনাখুঃ পতত্রিণা।
তদাহং তদনুজ্ঞাপ্য প্রত্যুপায়াং পুনর্গৃহম্ ॥৮॥

ভারতকৌমুদী

নিরিতি। নিঃসংশয়ান্মৃত্যুতঃ। বিশিষ্যতে শ্রেয়স্ত্বেন মন্যতে। খে আকাশে ॥৪॥
অহমিতি। পততাং পক্ষিণাম্। হে পুত্রাঃ। ॥৫॥
তমিতি। তং শ্যেনম্, পতন্তং গচ্ছন্তম্। প্রযুঞ্জানা, শত্রুনাশকত্বাদিত্যাশয়ঃ ॥৬॥
আশীঃপ্রকারমাহ য ইতি। নিরমিত্রঃ শত্রুশূন্যঃ, হিরণ্ময়ঃ স্বর্ণময়দেহঃ ॥৭॥
স ইতি। অনুজ্ঞাপ্য গমনানুজ্ঞাং কারয়িত্বা। প্রত্যুপায়াং প্রত্যাগচ্ছম্ ॥৮॥

ভারতভাবদীপঃ

অস্মাদিতি ॥১—২॥ বহ্নিরাগচ্ছেদিত্যত্র সংশয়ঃ যতো বায়োঃ সকাশাদ্বহ্নের্নিবর্ত্তনং

গিয়াছে। কিন্তু গর্ত্তে প্রবেশ করিলে, গর্ত্তবাসী জন্তু হইতে যে আমাদের মৃত্যু হইবে, সে বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩॥

অতএব মা! নিশ্চিত মৃত্যু হইতে সন্দিগ্ধ মৃত্যু ভাল। সুতরাং আপনি যথানিয়মে আকাশে চলিয়া যান; আবার সুন্দর পুত্র পাইবেন" ॥৪॥

জরিতা বলিল—"পুত্রগণ! পক্ষিশ্রেষ্ঠ মহাবল শ্যেনপক্ষী গর্ত্ত হইতে সেই ইন্দুরটিকে লইয়া যে বেগে চলিয়া গিয়াছে, তাহা আমি দেখিয়াছি ॥৫॥

সে যখন গর্ত্ত হইতে ইন্দুরটিকে লইয়া মহাবেগে যাইতেছিল, তখন আমি তাহাকে আশীর্ব্বাদ করিতে করিতে তাহার পিছনে পিছনে গিয়াছিলাম ॥৬॥

"শ্যেনরাজ! যে তুমি আমাদের শত্রুকে লইয়া চলিয়াছ, সেই তুমি স্বর্গে যাইয়া শত্রুশূন্য এবং স্বর্ণময়দেহ হইও" ॥৭॥

তা'র পর যখন সেই শ্যেনপক্ষী সেই ইন্দুরটিকে ভক্ষণ করিল, তখন আমি তাহার অনুমতি লইয়া পুনরায় গৃহে আসিলাম ॥৮॥

প্রবিশধ্বং বিলং পুত্রাঃ। বিশ্রব্ধা নাস্তি বো ভয়ম্।
শ্যেনেন মম পশ্যন্ত্যা হৃত আখুর্মহাত্মনা ॥৯॥

শার্ঙ্গকা ঊচুঃ।

ন বিদ্মহে হৃতং মাতঃ! শ্যেনেনাখুং কথঞ্চন।
অবিজ্ঞায় ন শক্যামঃ প্রবেষ্টুং বিবরং ভুবঃ ॥১০॥

জরিতোবাচ।

অহং তমভিজানামি হৃতং শ্যেনেন মূষিকম্।
নাস্তি বোঽত্র ভয়ং পুত্রাঃ। ক্রিয়তাং বচনং মম ॥১১॥

শার্ঙ্গকা ঊচুঃ।

ন ত্বং মিথ্যোপচারেণ মোক্ষয়েথা ভয়াদ্ধি নঃ।
সমাকুলেষু জ্ঞানেষু ন বুদ্ধিকৃতমেব তৎ ॥১২॥

ভারতকৌমুদী

প্রবিশধ্বমিতি। বিশ্রব্ধা বিশ্বস্তাঃ সন্তঃ। আখুর্মূষিকঃ ॥৯॥

নেতি। ন বিদ্মহে বয়ং ন জানীমঃ। অবিজ্ঞায় স্বয়মিতি ভাবঃ ॥১০॥

অহমিতি। বচনং বচনানুসারেণ কার্য্যম্ ॥১১॥

নেতি। হে মাতঃ! ত্বম্, মিথ্যোপচারেণ মিথ্যোপন্যাসেন, নোঽস্মান্, ভয়াৎ, ন মোক্ষয়েথা মোচয়িতুং প্রবর্ত্তেথাঃ। এতদ্বিষয়কেষু জ্ঞানেষু, সমাকুলেষু সন্দেহেন বিহ্বলেষু সৎসু, তদ্বিলপ্রবেশনম্, অস্মাকং বুদ্ধ্যা কৃতং নৈব উচিতমিতি শেষঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

